Sat kriyāsāra Dīpikā &
saṁskāra Dīpikā

by Gopal Bhatta Goswami

Translation by Bhaktivinode Thakur

Published by Caitanya Gaudiya Math
Mayapur

IN CARE OF
GOPAL JIU PUBLICATIONS
PLEASE RETURN

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

সৎক্রিয়াসার-দীপিকা

(শ্রীকৃষ্ণচৈতন্যসম্প্রদায়ানুমোদিতা বৈষ্ণবদশসংস্কারপদ্ধতিঃ)

IN CARE OF
GOPAL JIU PUBLICATIONS
PLEASE RETURN

শ্রীগৌরপার্ষদপ্রবরেণ

শ্রীমদ্‌গোপালভট্টগোস্বামিনা-কৃতা

ওঁ বিষ্ণুপাদ-শ্রীল-ভক্তিবিনোদ-ঠক্কুর-কৃত-বঙ্গভাষানুবাদসমলঙ্কৃতা,

শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায়-দশমাধস্তনপুরুষবর্য্যস্য পরমহংস কুলমুকুটমণি রূপানুগবরস্য, শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়সম্প্রদায়-বৈশিষ্ট্যপ্রদর্শকস্যা-চার্য্য ভাস্করস্য ওঁ বিষ্ণুপাদাষ্টোত্তর - শতশ্রী - শ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী-গোস্বামিঠক্কুরস্য ভূমিকা সহিতা

শ্রীচৈতন্যগৌড়ীয়মঠ-প্রতিষ্ঠানস্য প্রতিষ্ঠাতা ওঁ শ্রীমদ্ভক্তিদয়িতমাধব-গোস্বামি-মহারাজ-বিষ্ণুপাদস্য অধস্তনেন বর্ত্তমানাচার্য্যেন ত্রিদণ্ডি-স্বামিনা-শ্রীমদ্ভক্তিবল্লভতীর্থ-মহারাজেন সম্পাদিতা

প্রথম সংস্করণম্

৫১২ শ্রীগৌরাব্দাঃ

নদীয়া, শ্রীধামমায়াপুর, ঈশোদ্যানস্থিত "শ্রীচৈতন্যবাণী" ইত্যাখ্য মুদ্রাযন্ত্রে ত্রিদণ্ডিস্বামি-শ্রীমদ্ভক্তিবারিধি-পরিব্রাজক-মহারাজেন মুদ্রিতা প্রকাশিতাশ্চ

শ্রীশ্রীগৌরাবির্ভাব তিথি

৩০ গোবিন্দ, ৫১২ শ্রীগৌরাব্দ
১৭ ফাল্গুন, ১৪০৫ বঙ্গাব্দ
২ মার্চ্চ, ১৯৯৯ খৃষ্টাব্দ

প্রাপ্তিস্থান ঃ—

১। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
ঈশোদ্যান
পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া
পিন্-৭৪১৩১৩

২। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
৩৫, সতীশ মুখার্জ্জি রোড
কলিকাতা-৭০০০২৬

৩। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
মথুরা রোড
পোঃ বৃন্দাবন, মথুরা (উত্তরপ্রদেশ)

৪। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
গ্র্যাণ্ড রোড
পোঃ পুরী-৭৫২০০১ (ওড়িষ্যা)

৫। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
শ্রীজগন্নাথ মন্দির
পোঃ আগরতলা-৭৯৯০০১ (ত্রিপুরা)

৬। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
পল্টন বাজার
পোঃ গৌহাটী-৭৮১০০৮ (আসাম)

৭। শ্রীগৌড়ীয় মঠ
পোঃ তেজপুর-৭৮৪০০১ (আসাম)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নিবেদন

শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর প্রিয়পার্ষদ এবং ষড়্ গোস্বামীর অন্যতম শ্রীল গোপাল ভট্ট গোস্বামী 'সৎক্রিয়াসার-দীপিকা"—দশসংস্কার-পদ্ধতি, "সংস্কার-দীপিকা"—বেশাশ্রয় পদ্ধতি—গ্রন্থদ্বয় বৈষ্ণবস্মৃতির বিধানানুযায়ী বৈষ্ণবসদাচার পালনের জন্য রচনা করিয়াছেন। বর্ত্তমান যুগে শুদ্ধভক্তি মন্দাকিনী প্রবাহের মূল পুরুষ শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর 'সজ্জনতোষণী' পত্রিকায় (১৫-১৭শ খণ্ডে) গ্রন্থদ্বয় মুদ্রণ করেন এবং তদ্বিষয়ে বোধ সৌকর্য্যার্থে বঙ্গানুবাদও লিখিয়া বৈষ্ণবসদাচার-বিধিপালনে অভিলাষী ব্যক্তিগণের বহুদিনের অভাব দূর করতঃ তাঁহাদের প্রতি অপার করুণা প্রদর্শন করিয়াছেন।

বিশ্বব্যাপী শ্রীচৈতন্যমঠ ও শ্রীগৌড়ীয় মঠ সমূহের প্রতিষ্ঠাতা নিত্যলীলা প্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর ১৩৪২ বঙ্গাব্দে গ্রন্থের ভূমিকায় লিখিয়াছেন—'বহু দেবযাজন, প্রেতশ্রাদ্ধ, ও একাদশ্যাদি ব্রতবিষয়ক-বিচারে বৈষ্ণবস্মৃতির সহিত অবৈষ্ণব স্মৃতির মিল নাই।...বৈষ্ণবসংসারে অবৈষ্ণবাচার আদরের বস্তু নহে।'

ক্রমশঃ শুদ্ধভক্তি সদাচারসহ মঠের প্রচার বিস্তৃতি লাভ করায় বৈষ্ণবসদাচারবিধি জানিবার জন্য ভক্তগণের মধ্যে আগ্রহ বৃদ্ধি হওয়ায় 'সৎক্রিয়াসারদীপিকা' এবং সংস্কার-দীপিকা' গ্রন্থদ্বয় মুদ্রণ করা হইল।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবারিধি পরিব্রাজক মহারাজ প্রুফ-সংশোধনে ও গ্রন্থমুদ্রণে প্রযত্ন করিয়া এবং শ্রীপ্রাণপ্রিয় ব্রহ্মচারী এই গ্রন্থমুদ্রণে মুখ্যভাবে আনুকূল্য করিয়া পরমারাধ্য শ্রীল গুরুদেবের আশীর্ব্বাদ ভাজন হইয়াছেন।

বৈষ্ণবদাসানুদাস
ভক্তিবল্লভ তীর্থ

সৎক্রিয়াসারেরবিষয়-সূচী

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ

সৎক্রিয়াসার-দীপিকা

গ্রন্থতাৎপর্য্যশ্লোকা

বিষয়সম্বন্ধপ্রয়োজনাত্মকাঃ

প্রণম্য সচ্চিদানন্দং জগতাং সেব্যমীশ্বরম্ ।
শ্রীকৃষ্ণং পরমানন্দমনন্যাভীষ্টদায়কম্ ॥ ১ ॥
বক্তি গৃহিদ্বিজাদীনামনন্যানাং বিশেষতঃ ।
পদ্ধতিং তাং বিবাহাদেঃ সৎক্রিয়াসারদীপিকাম্ ॥ ২ ॥
শ্রীমদ্গোপালভট্টোঽয়ং সাধুনামাজ্ঞয়া ভৃশম্ ।
'ভগবদ্ধর্ম্মরক্ষার্থং' ভক্তানাং বৈদিকী তু যা ॥ ৩ ॥
কৃতা যাপ্যনিরুদ্ধেন ভীমভট্টেন যা কৃতা
শ্রীমদ্গোবিন্দানন্দেন কর্ম্মিণাং পদ্ধতিঃ কৃতা ॥ ৪ ॥

সর্ব্বজগতের সেব্য, সচ্চিদানন্দবিগ্রহ, ঐকান্তিকগণের অর্থাৎ একমাত্র শ্রীগোবিন্দোপাসকগণের অভীষ্টদায়ক, রসিকভক্তগণের নিত্যানন্দকন্দ ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রণামপূর্ব্বক শ্রীমদ্গোপালভট্ট-গোস্বামী সাধুদিগের আজ্ঞাক্রমে একান্তগোবিন্দোপাসক গৃহস্থ ব্রাহ্মণাদি ও অন্যান্য বর্ণসঙ্করাদি ভক্তগণের সর্ব্বতোভাবে ভগবদ্ধর্ম্মরক্ষার উদ্দেশ্যে ভগবদ্ধর্ম্মের উৎকর্ষ ও বৈশিষ্ট্যের প্রতি লক্ষ্য রাখিয়া তাঁহাদের জন্য সৎক্রিয়াসারদীপিকানাম্নী বৈদিকী বিবাহাদি সংস্কার-পদ্ধতি বলিতেছেন ॥ ১-৩ ॥

শ্রীঅনিরুদ্ধভট্ট, শ্রীভীমভট্ট ও শ্রীগোবিন্দানন্দভট্ট কর্ম্মিগণের জন্য বৈদিকীপদ্ধতিসমূহ রচনা করিয়াছেন। শ্রীনারায়ণভট্ট মহাকর্ম্ম-

শ্রীনারায়ণভট্টেন কর্ম্মঠানাস্তু বৈদিকী ।
ভট্টশ্রীভবদেবেন ছন্দোগানান্তু যা কৃতা ॥ ৫ ॥
বর্ণাশ্রমান্ত্যজাদীনাং বেদৈঃ পৌরাণিকাদিভিঃ ।
মন্বাদিধর্ম্মশাস্ত্রোক্তৈর্বচনৈঃ স প্রমাণকৈঃ ॥ ৬ ॥
শ্রীমদ্গোবিন্দভক্তানাং সেবা-নামাপরাধতঃ ।
কৃতেয়ং পদ্ধতিঃ কিন্তু পিতৃ-দেবার্চ্চনং বিনা ॥ ৭ ॥

তত্র সম্বন্ধশ্লোকার্থঃ

নন্বপরগ্রন্থকারবদ্ গ্রন্থকর্ত্তৃত্বেনাস্মদ্বিধস্য স্বনাম নিবদ্ধুমনুচিতং, "অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে" ইতি দোষ-শ্রবণভয়াৎ, তথাপি স্বযূথ্যানাং সাধূনামাজ্ঞয়া স্বনাম নিবদ্ধম্,—শ্রীমদ্গোপালভট্টনামায়ং কোঽপি জীবঃ। শ্রীমদ্গোপালভট্টত্বেন জ্ঞাপিত্বং (যদয়ং) শ্রীকৃষ্ণচৈতন্যচরণারবিন্দ-মকরন্দ-সততপায়িত্বেন সদৈব সাধুনিদেশবর্ত্তীতি ।

শালিগণের এবং শ্রীভবদেবভট্ট সামবেদীয় কর্ম্মিগণের জন্য বৈদিকী পদ্ধতি রচনা করিয়া গিয়াছেন। এই পদ্ধতিও তদ্রূপ বৈদিকীই ॥ ৪-৫ ॥

বর্ণাশ্রমান্তর্গত ও অন্ত্যবর্ণোৎপন্ন শ্রীগোবিন্দভক্তগণের জন্য বেদ, পুরাণ ও মন্বাদি-ধর্ম্মশাস্ত্রের সপ্রমাণ বাক্যসমূহের দ্বারা **সেবাপরাধ ও নামাপরাধবর্জ্জনে** লক্ষ্যপূর্ব্বক **পিতৃ-দেবার্চ্চন বর্জ্জন** করিয়া এই পদ্ধতিগ্রন্থ রচিত হইল ॥ ৬-৭ ॥

"অহঙ্কারবিমূঢ়াত্ম ব্যক্তি 'আমি—কর্ত্তা' এইরূপ মনে করে"—শ্রীগীতোক্ত এই বাক্য হইতে শ্রুত অপরাধের ভয়ে সাধারণ গ্রন্থকারের ন্যায় গ্রন্থকাররূপে আমাদিগের নিজ নাম উল্লেখ করা অনুচিত। তথাপি নিজসম্প্রদায়ী সাধুদিগের আজ্ঞাক্রমে নিজনাম প্রদত্ত হইল। এই ব্যক্তি শ্রীমান্ গোপালভট্ট-নামক কোন এক জীব। ইনি সতত শ্রীকৃষ্ণ-চৈতন্য-পাদপদ্মসুধাপানকারী বলিয়া সর্ব্বদাই সাধুদিগের

প্রণামশ্লোকার্থঃ

এবং বিশিষ্টোঽয়ং শ্রীকৃষ্ণং প্রণম্য। শ্রীকৃষ্ণশব্দার্থঃ পূর্ব্বেব (অন্যত্র) ব্যাখ্যাতঃ। কিং বিশিষ্টং ?—সচ্চিদানন্দং গুণাতীতানির্ব্বচনীয়পরমমনোহরলাবণ্যঘনং সুখস্বরূপমতএব জগতাং সেব্যম্। তত্রায়ং ভাবঃ,—জগৎসেব্যত্বেন নিত্যাণিমাদিসকলবৈভবসুখপরিপূর্ণতয়া ব্রহ্মাণ্ডান্তর্গতানাং ব্রহ্মাদীনাং সর্ব্বেষাং তথা শ্রীবিরাডাদিসর্ব্বাবতারাণাঞ্চ সেবনীয়ং, যত ঈশ্বরং জগদীশ্বরমিত্যর্থঃ। গুণাতীতত্বাৎ ষড়্গুণশালী শ্রীভগবান্ কৃষ্ণঃ সর্ব্বাবতারাণাং মৎস্যাদীনামপি সেব্যঃ। অপরং কিং বক্তব্যং—নিত্যং পরপদধাম্নঃ বৈকুণ্ঠস্যেশ্বরস্য শ্রীমহাবিষ্ণোরপি সেবনীয়ঃ, অন্যেষাং ব্রহ্মাদিদেবানাং কা বার্ত্তা। যতঃ, পরমানন্দং পরমাণাং জগন্নিবাসিনাং মধ্যেঽতিশয়োত্তমশ্লোক-

---

আজ্ঞার বশবর্ত্তী—এই ভাব শ্রীমদ্গোপালভট্টপাদের দ্বারা সূচিত হইতেছে।

এতাদৃশ এই ব্যক্তি শ্রীকৃষ্ণকে প্রণামপূর্ব্বক (বলিতেছেন)। শ্রীকৃষ্ণশব্দের অর্থ পূর্ব্বেই (অন্যত্র) ব্যাখ্যাত হইয়াছে। কিরূপ শ্রীকৃষ্ণ ?—সচ্চিদানন্দ ; গুণাতীত, অনির্ব্বচনীয়, পরমমনোহর লাবণ্যের মূর্ত্তি ; সুখস্বরূপ ;—অতএব জগতের সেব্য। ভাবার্থ এই :—'জগতের সেব্য' এই বিশেষণ হইতে তিনি নিত্য অনিমাদি সকল বৈভব-সুখে পরিপূর্ণ বলিয়া ব্রহ্মাণ্ডের অন্তর্গত ব্রহ্মাদি সকলের এবং শ্রীবিরাট্ প্রভৃতি সকল অবতারগণের সেবনীয়, যেহেতু তিনি ঈশ্বর অর্থাৎ জগদীশ্বর, ষড়ৈশ্বর্য্যশালী ভগবান্ শ্রীকৃষ্ণ গুণাতীত বলিয়া সকল অবতারগণের—মৎস্যাদি অবতারেরও সেব্য ; অধিক কি বলিব, তিনি পরপদধাম বৈকুণ্ঠের অধীশ্বর শ্রীনারায়ণ এবং কারণশায়ী মহাবিষ্ণুরও সেবনীয়,—ব্রহ্মাদি অপর দেবতাগণের কি কথা ? যেহেতু, তিনি পরমানন্দ—'পরম'-গণের অর্থাৎ জগদ্বাসিগণের মধ্যে একান্তরূপে উত্তমশ্লোকধামনিষ্ঠ রসিকভক্তগণের নিত্য সুখানুভব-

লোককাষ্ঠানাং রসিকভক্তানাং সততসুখানুভবস্বরূপ আনন্দো যস্মিন্ তৎ, অতঃ কারণাদনন্যাভীষ্টদায়কমনন্যানাং শ্রীকৃষ্ণৈকচিত্তানাং বাঞ্ছিতকৃষ্ণসুখবৈভবপ্রদং, ন ত্বন্যবৈষ্ণবানাং—কা কথাহপরেষাম্ ॥ ১ ॥

প্রয়োজনশ্লোকার্থঃ

শ্রীসৎক্রিয়াসারদীপিকায়ামনন্যানাং কেবলং শ্রীগোবিন্দোপাসকানাং গৃহিদ্বিজাদীনামিত্যনেন **গৃহস্থ-ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্র-সঙ্করান্ত্যজাদীনাং ভক্তানাং কেবল-সদ্গুরূপদিষ্ট-শ্রীভগবন্মন্ত্রদীক্ষিতানাং** ভৃশমত্যর্থং বিশেষতশ্চ(১) যথা স্যাত্তথা শ্রীভগবদ্ধর্ম্মরক্ষার্থং পদ্ধতিং বক্তি(২) অয়মর্থঃ, — নিত্য-নৈমিত্তিক-কাম্যকর্ম্ম-পিতৃদেবার্চ্চনকর্ম্মভ্যোহতিশয়ঃ শ্রীভগবদ্ধর্ম্মঃ। (স চ) **শ্রীসদ্গুরুশ্রীভগবন্নামমন্ত্র-দীক্ষিতবন্তং** বর্ণাশ্রমাদিলোকং যথা ন ত্যজতি তন্নিমিত্তং বিশেষত ইয়ং মতা। ননু সর্ব্বকর্ম্মিমতেভ্যঃ শ্রীভগবদ্ধর্ম্মনৈষ্ঠিকমতং শ্রেষ্ঠম্। অতঃ(১) শ্রীভগবদ্ধর্ম্মানুষ্ঠিতা বৈদিকী পদ্ধতিঃ কর্ম্মিপদ্ধতিভ্যোহতিশয়শ্রেষ্ঠতমা ॥ ২-৩ ॥

স্বরূপ 'আনন্দ' যাঁহাতে বর্ত্তমান তাদৃশ ; এই কারণে তিনি অনন্যাভীষ্টদায়ক--অনন্য অর্থাৎ শ্রীকৃষ্ণৈকতানগণের অভিলষিত কৃষ্ণসুখবৈভবপ্রদানকারী, জন্য বৈষ্ণবগণের নহেন—অবৈষ্ণবদিগের ত' কথাই নাই ॥ ১ ॥

সৎক্রিয়াসারদীপিকাগ্রন্থে অনন্যগণের অর্থাৎ একমাত্র শ্রীগোবিন্দের উপাসক গৃহিব্রাহ্মণাদির—[**গৃহিদ্বিজাদিপদের দ্বারা কেবল শ্রীসদ্গুরুকর্ত্তৃক উপদিষ্ট শ্রীভগবন্নাম-মন্ত্রে দীক্ষিত গৃহস্থ ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্র-সঙ্কর-অন্ত্যজাদি ভক্তগণকে বুঝিতে হইবে**]—ভৃশ অর্থাৎ সর্ব্বতোভাবে **শ্রীভগবদ্ধর্ম্ম-রক্ষার** জন্য উহার বিশেষ বা বৈশিষ্ট্যহেতু এই পদ্ধতি বলিতেছেন। তাৎপর্য্য এই—শ্রীভগবদ্ধর্ম্ম নিত্য-নৈমিত্তিক-কাম্য কর্ম্ম ও পিতৃদেবার্চ্চন কর্ম্মসকল হইতে বিলক্ষণ ; **শ্রীসদ্গুরুর নিকট শ্রীভগবন্নাম-মন্ত্রে দীক্ষিত** বর্ণাশ্রমাদি লোকগণকে সেই ভগবদ্ধর্ম্ম যাহাতে ত্যাগ না করে তদুদ্দেশ্যে ইহা বিশেষভাবে অভিপ্রেত ; সকলকর্ম্মিগণের মত অপেক্ষা শ্রীভগবদ্ধর্ম্মনিষ্ঠগণের মত শ্রেষ্ঠ, অতএব শ্রীভগবদ্ধর্ম্মে অনুষ্ঠিত বৈদিকী পদ্ধতি কর্ম্মিপদ্ধতিসমূহ হইতে অতিশয় শ্রেষ্ঠ ॥ ২-৩ ॥

(১) বিশেষতো বিশেষাৎ, ভগবদ্ধর্ম্মস্যাস্য অন্যেভ্য উৎকর্ষাদ্ধেতোঃ—ভগবদ্ধর্ম্মের বিশেষ অর্থাৎ অন্যান্য অপেক্ষা উৎকর্ষহেতু ; বিশেষ অর্থাৎ বৈশিষ্ট্যে লক্ষ্য রাখিয়া।

(২) ভগবদ্ধর্ম্মরক্ষার্থং তাং পদ্ধতিং বক্তি যা বৈদিকী তু বৈদিক্যেব ইত্যন্বয়ঃ।

বিষয়শ্লোকার্থঃ

শ্রীভগবদ্ধর্ম্মরক্ষা—তৎকথা বিশিষ্যতে। পূর্ব্বে ঋক্সামাথর্ব্বযজুর্বিদাং মতানুযায়িনী যা (বৈদিকী) পদ্ধতিঃ কর্ম্মিণা শ্রীমদনিরুদ্ধভট্টেন কৃতা ; অতঃপরং শ্রীভীমভট্টেন কর্ম্মিণা সদা মত্তবৎ কর্ম্মৈকান্তিনা যা পদ্ধতিঃ কৃতা ; তথা শ্রীমদ্গোবিন্দানন্দভট্টেন যা পদ্ধতিঃ কৃতা, কর্ম্মিণাং সর্ব্বকর্ম্মনিপুণানাং ; অতঃপরং শ্রীনারায়ণভট্টেন কর্ম্মঠানামতিশয়-বেদজ্ঞত্বেন মহাকর্ম্মশালিনাং যা পদ্ধতিঃ কৃতা ; শ্রীভবদেবভট্টেন ছন্দোগানাং সামবেদোক্তকর্ম্মনিপুণানাং যা পদ্ধতিঃ কৃতা ; অতঃপরং শ্রীদ্রাবিড়ীয়ৈঃ ঋক্সামযজুর্ব্বেদবিদ্ভিঃ পুরাণনানাশাস্ত্রজ্ঞৈ-

শ্রীভগবদ্ধর্ম্মরক্ষার বৈশিষ্ট্য বিবৃত হইতেছে। পূর্ব্বে কর্ম্মী শ্রীমদনিরুদ্ধ ভট্ট ঋক্-সাম-অথর্ব্ব-যজুর্বিদ্গণের মতানুসারে বৈদিকী পদ্ধতি রচনা করিয়াছেন ; তৎপরে উন্মত্তপ্রায় একান্ত কর্ম্মী শ্রীভীমভট্টও পদ্ধতি লিখিয়াছেন ; শ্রীগোবিন্দানন্দভট্টও সর্ব্বকর্ম্মনিপুণগণের জন্য পদ্ধতি করিয়া গিয়াছেন ; অতঃপর শ্রীনারায়ণভট্ট একান্ত বৈদিক মহাকর্ম্মিগণের জন্য পদ্ধতি বিধান করিয়াছেন ; শ্রীভবদেবভট্ট সামবেদীয় কর্ম্মনিপুণগণের জন্য পদ্ধতি প্রণয়ন করিয়াছেন ; তৎপরবর্ত্তি-

(১) যত ইতি পাঠান্তরম্।

র্ভট্টবৃন্দৈর্যা যা কর্ম্মিণাং পদ্ধতিঃ কৃতা। যথা বেদৈর্বেদোক্তপ্রমাণ-বচনৈঃ, পৌরাণিকাদিভিরিত্যনেন পুরাণোপপুরাণ-ভাগবতাগম-যামল-রামায়ণাপরশাস্ত্রাদিবচনৈস্তথা মন্বাদ্যষ্টাদশধর্ম্মশাস্ত্রোক্তবচনৈঃ সপ্রমাণকৈস্তথা তাভ্যঃ পদ্ধতিভ্যঃ শ্রীভগবদ্ধর্ম্মরক্ষানুরূপৈঃ সারাতি-সারৈঃ সপ্রমাণবচনৈর্ময়া শ্রীমদ্‌গোবিন্দভক্তানাং বর্ণাশ্রমান্ত্যজাদীনাং, —আদিপদেন কানীনগোলক-জারজাদীনাং গ্রহণং, শ্রীমদ্‌গোবিন্দ-ভক্তত্বেনানন্যশরণানাং গ্রহণং—সেবা-নামাপরাধতঃ(১) নিবৃত্তি-চতুর্থ্যর্থে তসি,—পদ্ধতিরিয়ং কৃতা,—কিন্তু **পিতৃ-দেবার্চ্চনং বিনা** ॥ ৪-৭ ॥

পিতৃদেবার্চ্চননিষেধপ্রমাণবাক্যেষু প্রথমং শ্রীনারায়ণোপনিষদ্বাক্যং

শ্রীবিষ্ণুমন্ত্রাদীক্ষিতবর্ণাশ্রমাদি-শৈব-শাক্ত-সৌর-গাণপত্যাদি-ব্যতি-রেকেণানন্যশরণবর্ণাশ্রম সঙ্করান্ত্যজাদীনাং গৃহস্থভক্তানাং পিতৃ-

---

সময়ে ঋক্-সাম-যজুর্ব্বেদবিদ্ পুরাণাদি নানাশাস্ত্রজ্ঞ দ্রাবিড়দেশীয় ভট্টবৃন্দ কর্ম্মিগণের জন্য পদ্ধতি করিয়াছেন। যেরূপ বেদোক্ত প্রমাণবাক্য, সপ্রমাণ পুরাণ-উপপুরাণ-ভাগবত-আগম-যামল-রামায়ণ-অপরশাস্ত্রাদি-বাক্য ও মন্বাদি-অষ্টাদশ-ধর্ম্মশাস্ত্রোক্ত বাক্যের দ্বারা, তদ্রূপ পূর্ব্বোক্ত পদ্ধতিসমূহ হইতেও ভগবদ্ধর্ম্মরক্ষানুরূপ সারাতিসার সপ্রমাণ বাক্যসমূহের দ্বারা বর্ণাশ্রমান্তর্গত ব্রাহ্মণাদি ও অন্ত্যজ-কানীন-গোলক-জারজাদি শ্রীগোবিন্দভক্তগণের অর্থাৎ অনন্যশরণ-গণের জন্য **সেবা-নামাপরাধ-নিবারণে** লক্ষ্য রাখিয়া—(সেবা-নামা-পরাধ-শব্দে নিবৃত্তিচতুর্থী-অর্থে তস্-প্রত্যয়)—এই পদ্ধতি বিহিত হইল,—কিন্তু **পিতৃ-দেবার্চ্চন বর্জ্জনপূর্ব্বক** ॥ ৪-৭ ॥

---

(১) সেবা-নামাপরাধতঃ সেবা-নামাপরাধেভ্যঃ সেবা-নামাপরাধনিবা-রণায়েত্যর্থঃ, মশকায় ধূম ইতিবচ্চতুর্থী। নিবৃত্তিচতুর্থী—তাদর্থ্যে চতুর্থীত্যর্থঃ। সেবা-নামাপরাধ নিবারণের নিমিত্ত। নিমিত্তচতুর্থীতি পাঠান্তরম্।

দেবার্চ্চনাদিকং ক্বাপি বেদে লোকে ধর্ম্মশাস্ত্রাগমস্মৃতিপুরাণাদৌ চ নাস্তি। এতেষামেতস্মিন্ কৃতে সত্যপি সেবা-নামাপরাধো জায়তে।

তত্র প্রথমমথর্ব্ববেদ-শ্রীনারায়ণোপনিষদ্ প্রমাণমাহ,—

"ওঁ অথ পুরুষো হ বৈ নারায়ণোঽকাময়ত প্রজাঃ সৃজেয়েতি প্রজাঃ সৃজেরন্। নারায়ণাদ্‌ব্রহ্মা জায়তে, নারায়ণাদিন্দ্রো জায়তে, নারায়ণাদ্দ্বাদশাদিত্যা রুদ্রাঃ, সর্ব্বা দেবতাঃ সর্ব্বে ঋষয়ঃ সর্ব্বাণি ভূতানি নারায়ণাদেব সমুৎপদ্যন্তে। নারায়ণে প্রলীয়ন্তে॥" "অথ নিত্যো দেব একো নারায়ণো ব্রহ্মা চ নারায়ণঃ শিবশ্চ নারায়ণঃ শক্রশ্চ নারায়ণো রুদ্রাশ্চ নারায়ণো বসবোঽশ্বিনৌ চ নারায়ণঃ সর্ব্বে ঋষয়শ্চ নারায়ণঃ কালশ্চ নারায়ণো দিশশ্চ নারায়ণোঽধশ্চ নারায়ণ উর্দ্ধঞ্চ নারায়ণো মূর্ত্তোঽমূর্ত্তশ্চ নারায়ণোঽন্তর্বহিশ্চ নারায়ণঃ।

শ্রীবিষ্ণুমন্ত্রে অদীক্ষিত বর্ণাশ্রমস্থিত শৈব-শাক্ত-সৌর-গাণপত্যাদি ব্যতীত **অনন্যশরণ (একান্ত গোবিন্দোপাসক)** বর্ণাশ্রমী, সঙ্কর ও অন্ত্যজাদি গৃহস্থ **ভক্তগণের পিতৃ-দেবার্চ্চনাদি কর্ম্ম** বেদশাস্ত্র, ধর্ম্ম-শাস্ত্র, আগম, স্মৃতি, পুরাণাদিতে ও লোকব্যবহারে (বা লৌকিক-শাস্ত্রে) **কোথাও বিহিত হয় নাই। বরং** পিতৃ-দেবার্চ্চনাদি অনুষ্ঠিত হইলে অনন্যশরণগণের **সেবা-নামাপরাধ** ঘটে।

(পিতৃ-দেবার্চ্চননিষেধে প্রথম প্রমাণ) এই বিষয়ে প্রথমে অথর্ব্ববেদীয় শ্রীনারায়ণোপনিষদের প্রমাণ কথিত হইতেছে—

"পরমপুরুষ শ্রীনারায়ণ কামনা করিয়াছিলেন—"প্রজা সৃষ্টি করিব", তাহাতে প্রজাসমূহ সৃষ্ট হইল। নারায়ণ হইতে ব্রহ্মা জন্মগ্রহণ করেন, নারায়ণ হইতে ইন্দ্র উৎপন্ন হন ; নারায়ণ হইতেই দ্বাদশ আদিত্য, রুদ্রগণ, সকল দেবতা, সকল ঋষি ও সকল প্রাণী উদ্ভূত হন এবং নারায়ণেই বিলীন হন। অতএব একমাত্র নারা-য়ণই নিত্য দেবতা, ব্রহ্মাও নারায়ণ, শিবও নারায়ণ ; ইন্দ্র, রুদ্রগণ, বসুগণ, অশ্বিনীদ্বয়, সকল ঋষি, কাল, সকল দিক্, অধঃ, ঊর্দ্ধ, মূর্ত্ত ও অমূর্ত্ত, অন্তঃ ও বাহ্য—সকলে নারায়ণ। এই সমগ্র বিশ্ব—যাহা

নারায়ণ এবেদং সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভাব্যম্। অথ নিত্যো নিষ্কলো নিরাখ্যাতো নির্ব্বিকল্পো নিরঞ্জনঃ শুদ্ধো দেব একো নারায়ণো ন দ্বিতীয়োঽস্তি কশ্চিৎ। য এবং বেদ,—

বোধঞ্চ সারথিং কৃত্বা মনঃপ্রগ্রহবান্ পুমান্।
প্রয়াতি পরমং পারং বিষ্ণ্বাখ্যং পদমব্যয়ম্ ॥
বিষ্ণ্বাখ্যং পদমব্যয়মিতি" ॥ ১ ॥ (ক)

নারায়ণোপনিষদ্বাক্যব্যাখ্যা

ননু সর্ব্বমূলভূতত্বেনানন্যতয়া সৃষ্টেঃ পূর্ব্বং স্থিতিসময়ে মহাপ্রলয়ে চ সদাস্থায়িতয়া শ্রীমন্নারায়ণো নিত্যঃ, শ্রীব্রহ্মাদীনাং সর্ব্বলোকানাং সেবনীয়ো নান্যোঽপরঃ। অত্র প্রমাণত্বেনাথর্ব্ববেদে শ্রীমদঙ্গিরসা যা শ্রীনারায়ণোপনিষৎ স্পষ্টীকৃতা তস্যা অর্থমাহ—ওঁ

হইয়াছে ও হইবে, তৎসমস্ত—নারায়ণ। এই নারায়ণ নিত্য, নিষ্কল, নিরাখ্যাত (অনির্ব্বচনীয়), নির্ব্বিকল্প, নিরঞ্জন, বিশুদ্ধসত্ত্বময় দেবতা, এক বা অদ্বিতীয়—অপর কেহ দ্বিতীয় নাই। যিনি এরূপ অবগত হন, তিনি বুদ্ধিকে সারথি এবং মনকে প্রগ্রহ করিয়া 'পরম', 'পার', 'অব্যয়', 'পদ' বিষ্ণুকেই সুনিশ্চিত প্রাপ্ত হন ॥" ১ ॥

সকলের মূলস্বরূপতা ও অনন্যতাহেতু সৃষ্টির পূর্ব্বে, স্থিতিকালে, মহাপ্রলয়েও নিত্যস্থায়ী বলিয়া শ্রীনারায়ণ নিত্য, এবং ব্রহ্মাদি সর্ব্বলোকের সেবনীয়, অপর কেহই নহে। এই বিষয়ে প্রমাণস্বরূপে

(ক) গ্রন্থান্তরে এই উপনিষদের ন্যূনাধিক পাঠভেদ দৃষ্ট হয়। তথা কঠোপনিষদি চ—

বিজ্ঞানসারথির্যস্তু মনঃপ্রগ্রহবান্নরঃ।
সোঽধ্বনঃ পারমাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥
ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনঃ।
মনসস্তু পরা বুদ্ধির্বুদ্ধেরাত্মা মহান্ পরঃ ॥
মহতঃ পরমব্যক্তমব্যক্তাৎ পুরুষঃ পরঃ।
পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ ॥ ১।৩।৯-১১ ॥

অথ পুরুষ ইতি। ইহ সংসারে, বৈ নিশ্চিতং ভূতভবিষ্যদ্বর্ত্তমান-কালত্রয়ে প্রণবশ্ছন্দসামহমিতি বচনাৎ "ওঁ" স্বয়মেব নারায়ণঃ। অয়মর্থঃ,—নরি ভবা যে পুত্রপৌত্রাদিরূপেণ তে নরাঃ, তেষাং নরাণাং মনুষ্যমাত্রাণাময়নমাশ্রয়ো যঃ পুরুষঃ স স্বামিতুল্যতয়া প্রভুঃ সেব্যঃ স্তুত্যঃ পূজ্যঃ স্মরণীয় ইত্যাদি, কোঽপ্যপরো নাস্তি প্রভুঃ, স নারায়ণঃ পুরুষোঽথ মহাপ্রলয়ানন্তরং যদাঽকাময়ত মনসা সিসৃক্ষা ক্রিয়তে। তৎ কিং?—প্রজাঃ সৃজেয় ইতি। এবং মনসি কৃতে সতি ততস্তদা তস্মান্নারায়ণাদ্ব্রহ্মা জায়তে ভবতি, তেন ব্রহ্মণা প্রজাঃ সৃজেরন্। প্রজা ইতি বহুবচনেনৈব ব্রহ্মণো মানস-দেহজাদ্যাঃ সর্ব্বাঃ প্রজাঃ

শ্রীমদঙ্গিরা অথর্ব্ববেদে যে নারায়ণোপনিষৎ প্রকাশ করিয়াছেন, তাহার অর্থ কথিত হইতেছে ঃ—'ছন্দোগণের মধ্যে আমিই প্রণব' এই বাক্যানুসারে এই সংসারে ভূতভবিষ্যৎবর্ত্তমান-কালত্রয়ে 'ওঙ্কার' স্বয়ংই সুনিশ্চিত নারায়ণ। নৃ অর্থাৎ পুরুষে পুত্রপৌত্রাদিরূপে জাতগণ 'নর', সেই নরগণের অর্থাৎ মনুষ্যমাত্রের 'অয়ন' বা আশ্রয় যে পুরুষ তিনিই স্বামিতুল্য বলিয়া প্রভু, সেব্য, স্তুত্য, পূজ্য, স্মরণীয় ইত্যাদি,—অপর কোন প্রভু নাই। সেই নারায়ণ-'পুরুষ' মহাপ্রলয়ের অন্তে কামনা করিলেন অর্থাৎ 'আমি প্রজা সৃষ্টি করিব' এইরূপ মনে সৃষ্টির ইচ্ছা করিলেন। এইরূপ ইচ্ছা হইলে তখন সেই

পুনস্তত্রৈব—

ইন্দ্রিয়েভ্যঃ পরং মনো মনসঃ সত্ত্বমুত্তমম্।
সত্ত্বাদধি মহানাত্মা মহতোঽব্যক্তমুত্তমম্ ॥
অব্যক্তাত্তু পরঃ পুরুষো ব্যাপকোঽলিঙ্গ এব চ।
যজ্জ্ঞাত্বা মুচ্যতে জন্তুরমৃতত্বং চ গচ্ছতি ॥ ২।৬।৭-৮ ॥

এবং গোপালপূর্ব্বতাপিন্যাং—

নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্।
তং পীঠগং যেঽনুভজন্তি ধীরাস্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্ ॥
এতদ্বিষ্ণোঃ পরমং পদং, যে নিত্যোদ্যুক্তাস্তং যজন্তি ন কামাৎ।
তেষামসৌ গোপরূপঃ প্রযত্নাৎ প্রকাশয়েদাত্মপদং তদেব ॥

সৃষ্টা ভবন্তীত্যর্থঃ। এবং নারায়ণাদিন্দ্রো জায়তে সগণস্তথা সপরিবারা দ্বাদশাদিত্যা জায়ন্তে, তথা রুদ্রাঃ স্বভূতগণসহিতা রুদ্রাণীভিঃ সমমেকাদশ রুদ্রা জায়ন্তে। অপরা গণেশাদিদেবতাস্ত্রয়স্ত্রিংশৎ-কোটয়ো নারায়ণাৎ ক্রমশো ভবন্তি। তথা সর্ব্বে ঋষয়ো দেবর্ষি-মহর্ষি-রাজর্ষ্যাদ্যাঃ শ্রীনারায়ণাৎ স্যুঃ। তথা স্থাবরজঙ্গমাদীনি ভূতানি সর্ব্বাণি শ্রীনারায়ণাদেব সমুৎপদ্যন্তে সম্যক্‌প্রকারেণোৎপন্নানি ভবন্তি। অতঃপরং শ্রীনারায়ণে প্রলীয়ন্তে। অয়ং ভাবঃ,—সৃষ্টে-রনন্তরং স্থিতয়ে তেন পরিপালিতা ভবন্তি; অথানন্তরং শ্রীনারায়ণে প্রলীয়ন্তে, মহাপ্রলয় একস্মিন্নেব শ্রীনারায়ণে শ্রীব্রহ্মাদয়ঃ সর্ব্বজীব-মাত্রা অক্ষয়ত্বেন প্রকর্ষেণ লীনা ভবন্তি পুনরাবৃত্তেঃ। অত্র প্রমাণমাহ শ্রীমহাভারতে,—

"যতঃ সর্ব্বাণি ভূতানি ভবন্ত্যাদিযুগাগমে।
যস্মিংশ্চ প্রলয়ং যান্তি পুনরেব যুগক্ষয়ে॥"

নারায়ণ হইতে ব্রহ্মার উৎপত্তি হয়, নারায়ণ সেই ব্রহ্মার দ্বারা লোক সৃষ্টি করেন। ব্রহ্মার মানস ও দেহজ সর্ব্বপ্রকার প্রজা সৃষ্ট হয়—ইহা বহুবচনান্ত প্রজা-শব্দ হইতে বুঝিতে হইবে। এইরূপে নারায়ণ হইতে সগণ ইন্দ্র, সপরিবার দ্বাদশ আদিত্য, স্বভূতগণ ও রুদ্রাণী সহিত একাদশ রুদ্র উৎপন্ন হন। গণেশাদি তেত্রিশকোটী অপর দেবতাগণ নারায়ণ হইতে ক্রমশঃ উৎপত্তি লাভ করেন। তদ্রূপ দেবর্ষি-মহর্ষি-রাজর্ষিবৃন্দ নারায়ণ হইতে সমুদ্ভূত হন। স্থাবর-জঙ্গমাদি প্রাণিসকল নারায়ণ হইতে সম্যক্‌প্রকারে উৎপত্তি লাভ করে। পরে সকলেই শ্রীনারায়ণে লয় প্রাপ্ত হয়। ভাবার্থ এই—সৃষ্টির পরে স্থিতিকালে নারায়ণ দ্বারা পালিত হইয়া মহাপ্রলয়ে একমাত্র নারায়ণেই ব্রহ্মাদি সকল জীবমাত্রই অক্ষয়ত্বহেতু পুনরাবৃত্তিকালপর্য্যন্ত প্রকৃষ্টরূপে বিলীন হইয়া থাকে।

এস্থলে শ্রীমহাভারতের প্রমাণ—'কল্পপ্রারম্ভে সত্যযুগে ভূতসকল যাঁহা হইতে জন্মগ্রহণ করে, পুনঃ কল্পশেষে প্রলয়ে যাঁহাতে লীন হয়

আদিযুগাগমে জগৎসৃষ্টেঃ প্রথমম্। যতঃ শ্রীনারায়ণাৎ সর্ব্বাণি ভূতানি ব্রহ্মাদ্যখিলজীবা ভবন্তি, যস্মিংশ্চ নারায়ণে—চকারাৎ স্থিতি-সময়ে ততঃ পরিপালিতাঃ সন্তস্তিষ্ঠন্তি, পুনরেব যুগক্ষয়ে মহাপ্রলয়ে যস্মিন্ শ্রীনারায়ণে প্রলয়ং যান্তি পুনরাবৃত্তয়ে প্রবিশন্তি।

নারায়ণস্য বিশ্বরূপত্বং

এবং বিশিষ্ট একো দেবঃ শ্রীনারায়ণঃ সর্ব্বলোকে সর্ব্বদা পূজ্য-ত্বেন বিরাজমানো, যতো নিত্যোঽবিনাশী মহাপ্রলয়েঽপি সদাস্থায়ীতি শেষঃ। অতো ব্রহ্মা চ নারায়ণঃ। অয়মর্থঃ,—শ্রীব্রহ্মাদিসর্ব্বা-রাধ্যত্বেন শ্রীনারায়ণাৎ **শ্রীব্রহ্মা,—চকারাৎ গণেশাদয়স্ত্রিংশৎকোটি-দেবতাগণাঃ,—অপরমানস-দেহজাদিপুত্রপৌত্রপ্রপৌত্রাদিসহিতঃ পৃথগী-শ্বরো ন ভবতি।** এবং সর্ব্বত্রান্বেষ্টব্যমিতি। শিবশ্চ নারায়ণঃ, শিবো মহাপ্রলয়কর্ত্তা, চকারাৎ স্বকীয়গণসহিতঃ। তথা শক্রশ্চ নারায়ণঃ, শক্রো মহেন্দ্রশ্চকারাৎ সর্ব্বপরিবারযুক্তঃ। তথা রুদ্রাশ্চ নারায়ণঃ, রুদ্রা—একাদশ রুদ্রাশ্চকারাৎ স্বভূতগণ-রুদ্রাণীবৃন্দ-

---

(তিনিই শ্রীনারায়ণ)।' আদিযুগাগমে অর্থাৎ জগৎসৃষ্টির প্রথমে যে শ্রীনারায়ণ হইতে ব্রহ্মাদি অখিল জীব জন্মগ্রহণ করে; চ-কার হইতে—স্থিতিকালে পরিপালিত হইয়া যে নারায়ণে অবস্থান করে; পুনরায় পুনরাবৃত্তির জন্য যুগক্ষয়ে মহাপ্রলয়ে যে নারায়ণে প্রবিষ্ট হয়।

এতাদৃশ একমাত্র দেবতা শ্রীনারায়ণ অখিল জগতে নিত্যপূজ্য-রূপে বিরাজমান; যেহেতু তিনি নিত্য, অবিনাশী, মহাপ্রলয়েও নিত্যস্থায়ী। অতএব ব্রহ্মাও নারায়ণ। তাৎপর্য্য এই—শ্রীনারায়ণ শ্রীব্রহ্মাদি-সকলের আরাধ্য বলিয়া, অন্যান্য মানস-দেহজ-পুত্রপৌত্রাদি-সহিত **ব্রহ্মা ও গণেশাদি তেত্রিশকোটি দেবতাগণ কেহই স্বতন্ত্র ঈশ্বর নহেন।** এইরূপ সর্ব্বত্র বুঝিতে হইবে। স্বকীয়গণ-সহিত মহা-প্রলয়কর্ত্তা শিব, সর্ব্বপরিবারসহিত ইন্দ্র, স্বভূতগণ ও রুদ্রাণীসহিত

সহিতাঃ। বসবোঽশ্বিনৌ চ নারায়ণঃ, বসবোঽষ্টবসবঃ সগণাঃ, অশ্বিনৌ চ অশ্বিনীকুমারৌ চকারাৎ সঙ্গিসহিতৌ। তথা সর্ব্বে ঋষয়শ্চ নারায়ণঃ, সর্ব্বর্ষিত্বেন দেবর্ষি-মহর্ষি-রাজর্ষ্যাদয়শ্চকারাৎ মুনি-তপস্বিবালখিল্যগণাঃ সিদ্ধসাধ্যচারণ-গন্ধর্ব্বদৈত্যযাতুধানকিন্নরাদয়শ্চ। তথা কালশ্চ নারায়ণঃ, কালস্বরূপপুরুষশ্চকারাৎ চতুর্দ্দশযম-চিত্রগুপ্তাদিসহিতঃ। এবং দিশশ্চ নারায়ণঃ, দিশঃ—পূর্ব্বাগ্নিযাম্যনৈর্ঋত-পশ্চিমবায়ব্যোত্তরেশানা অষ্টৌ দিশশ্চকারাৎ ইন্দ্রানলযমনৈর্ঋত-বরুণবায়ুকুবেরেশাস্তত্তদ্দিক্‌পালাঃ সগণাঃ। অধশ্চ নারায়ণঃ, অধোঽতল-বিতল-সুতল-তলাতল-মহীতল-রসাতল-পাতালানি সপ্ত ভুবনানি চকারাদতলাদিসপ্তভুবনবাসিলোকাঃ সগণাঃ, অপরে তত্র লোকেশ্বর-শ্রীমদনন্তকূর্ম্মাদি-ভগবন্মূর্ত্তি-বরুণ-নাগপুরুষ-নাগকন্যাদয়ঃ। তথোর্দ্ধ্বঞ্চ নারায়ণঃ, ঊর্দ্ধ্বং-ভূর্ল্লোক-ভুবর্ল্লোক-মহোর্ল্লোক-জনলোক-তপোলোক-সত্যালোকনামানি সপ্ত ভুবনানি, চকারাৎ সত্যলোকাদি-সপ্তভুবনেশ্বরাঃ স্বকীয়গণসহিতাঃ শ্রীব্রহ্মেন্দ্রাদয়ঃ। এবং মূর্ত্তামূর্ত্তৌ চ নারায়ণঃ, মূর্ত্তো—গণ্ডকীজ-শালগ্রামা অপরোঘটাদিস্তথাশৈলাদ্যষ্ট-

---

একাদশ রুদ্র, সগণ অষ্টবসু, সঙ্গিসহিত অশ্বিনীকুমারদ্বয়, সকল দেবর্ষি-মহর্ষি-রাজর্ষিগণ, মুনি-তপস্বি-বালখিল্যগণ, সিদ্ধ-সাধ্য-চারণ-গণ, গন্ধর্ব্ব-দৈত্য-যাতুধান-কিন্নর প্রভৃতি—নারায়ণ। সেইরূপ চতুর্দ্দশযম-চিত্রগুপ্তাদি-সহিত কালপুরুষ, পূর্ব্ব-অগ্নি-দক্ষিণ-নৈর্ঋত পশ্চিম-বায়ু-উত্তর-ঈশান অষ্ট দিক্‌, সগণ ইন্দ্রাদি দিক্‌পালগণ—নারায়ণ। অধঃ নারায়ণ,—অধঃ অর্থাৎ তল-অতল-বিতল-সুতল-তলাতল-রসাতল-পাতাল সপ্ত ভুবন, অতলাদি-সপ্তভুবনবাসী লোক-গণ সগণে, এবং সেই লোকের অধীশ্বর শ্রীঅনন্তদেব, কূর্ম্মাদি-ভগবন্মূর্ত্তি, বরুণ-নাগপুরুষ-নাগকন্যা-প্রভৃতি। ঊর্দ্ধ্ব নারায়ণ,—ঊর্দ্ধ্ব অর্থাৎ ভূঃ-ভুবঃ-স্বঃ-মহঃ-জন-তপঃ-সত্য এই সপ্ত ভুবন, স্বগণ-সহিত সপ্ত ভুবনের অধীশ্বর শ্রীব্রহ্মা ইন্দ্র প্রভৃতি। মূর্ত্ত এবং অমূর্ত্তও নারায়ণ; মূর্ত্ত—গণ্ডকীজাত শালগ্রাম, ঘটাদি, শৈলাদি অষ্টপ্রকার

প্রতিমাস্বরূপদেবতা-বৃন্দং চকারাদুপদেবতাগণসহিতম্। অমূর্ত্তঃ—পরলোকগত-শ্রাদ্ধার্হপিতৃলৌকিকী ক্রিয়া, চকারাৎ কব্যবালাদ্যর্চ্চা, তথা বলি-বৈশ্বদেবতর্পণাদিক্রিয়া। তথান্তর্বহিশ্চ নারায়ণঃ, অন্তঃ—ব্রহ্মাণ্ডান্তর্গতসপ্তলোক-পাতালস্থ-শ্রীব্রহ্মেন্দ্রাদিনানাদেবতাসুরর্ষি-মুনি-তপস্বিসিদ্ধচারণগন্ধর্ব্বকিন্নরাপ্সরোগণদানব-পুণ্যজন-প্রেতভূতপিশাচাদিগণ-নাগসর্পোরগস্থাবর-জঙ্গমজীবভূতমনুষ্য-গবাদিচতুষ্পদপশু-পঞ্চনখদ্বিশফৈকশফ-স্বেদজ-ক্রিমিশলভাদয়শ্চ পৃথিবীজলাদিসপ্তস্বপি লবণাদিসপ্তসমুদ্রজম্বাদিসপ্তদ্বীপস্থ-নদনদীচরা অপরলোকাদয়শ্চকারাৎ লোকালোকপর্ব্বত-কাঞ্চনভূমি-তিমিরভূম্যাদয়ঃ; বহিঃ,—ব্রহ্মাণ্ডাদ্বহিরন্ধকারসমূহ-মহত্তত্ত্বাহঙ্কার-বীজ-কারণরূপাকাশ-বায়ুতেজো-বারিভূম্যাদয়ঃ, চকারাচ্চতুর্বিংশতিতত্ত্ব-তত্তৎকারণপঞ্চভূতমাত্রাদয়ঃ; এতে শ্রীনারায়ণ এব।

সর্ব্বমিদং শ্রীনারায়ণ ইত্যস্যার্থঃ

শ্রীনারায়ণাৎ সর্ব্বমিদং বিশ্বং যদ্ভূতং যদভূৎ, চকারাৎ যদ্ ভবতি, যদ্ ভাব্যং যদ্ভবিষ্যতি। তথানন্তরং কিঞ্চিন্মাত্রমপি ভিন্নতরং

প্রতিমাস্বরূপ, দেবতাবৃন্দ ও উপদেবতাগণ; অমূর্ত্ত—পরলোকগত শ্রাদ্ধার্হ পিতৃগণের ক্রিয়া, কব্য-বালাদি-অর্চ্চা, বলি, বৈশ্বদেবতর্পণাদি ক্রিয়া। অন্তঃ, বহিঃ নারায়ণঃ; অন্তঃ—ব্রহ্মাণ্ডের অন্তর্গত সপ্ত ভুবনে ও সপ্ত পাতালে অবস্থিত ব্রহ্মা-ইন্দ্রাদি নানা দেবতা, অসুর, ঋষি, মুনি, তপস্বী, সিদ্ধ, চারণ, গন্ধর্ব্ব, কিন্নর, অপসরোগণ, দানব, পুণ্যজন, যক্ষ, প্রেত, ভূত, পিশাচ, নাগ, সর্প, উরগ, স্থাবর-জঙ্গম জীব, মনুষ্য, গবাদি চতুষ্পদ পশু, পঞ্চনখ, দ্বিশফ, একশফ, স্বেদজ, ক্রিমি, শলভাদি, জলে স্থলে লবণাদি সপ্তসমুদ্র ও জম্বু প্রভৃতি সপ্ত দ্বীপস্থ নদ-নদীবাসী অপর লোকসমূহ, লোকালোকপর্ব্বত, কাঞ্চন-ভূমি, তিমিরভূমি প্রভৃতি; বহিঃ—ব্রহ্মাণ্ডের বাহিরে অন্ধকারসমূহ, মহত্তত্ত্ব, অহঙ্কার, বীজ, কারণরূপ আকাশ-বায়ু-তেজ-বারি-ভূমি

বস্তু নাস্তি,—অতএব নারায়ণঃ, নারায়ণস্যায়ং নারায়ণো ব্রহ্মাদিঃ। অথ নিত্যঃ কোটি-কোটিমহাপ্রলয়েঽপি বিরাজমানত্বেন ; তথা নিষ্কলঃ, অয়মর্থঃ—সর্ব্বে ইমে শ্রীনারায়ণস্য কলাঃ, স্বয়ং তু পূর্ণস্বরূপঃ।

যথা শ্রীভাগবতে (১।৩।২৭)—

কলাঃ সর্ব্বে হরেরেব সপ্রজাপতয়ঃ সুরা ইত্যাদি।

তথা নিরাখ্যাতঃ সর্ব্বত্র বিরাজমানত্বেঽপি স্বমায়য়া লোকানাম-প্রকটঃ। তথা নির্ব্বিকল্পঃ কিঞ্চিন্মাত্রমপি বিকল্পভাবরহিতত্বাদদ্বৈতঃ সর্ব্বেশ্বরঃ। অতো নিরঞ্জনোঽঞ্জনশূন্যত্বাৎ ব্রহ্মস্বরূপঃ। তথা শুদ্ধঃ শুদ্ধসত্ত্বস্বরূপঃ।(১) অতো দেব একঃ শ্রীনারায়ণঃ। অত্রায়ং ভাবঃ, —**সর্ব্বজগন্নিবাসিনাং ব্রহ্মেন্দ্রাদিসকল-দেবতাসুর-মনুষ্যাদীনাং পূজ-নীয়াদিত্বেনেষ্টদেব একঃ শ্রীনারায়ণ এব, ন দ্বিতীয়ঃ কোঽপ্যপরোঽস্তীত্যর্থঃ।**

প্রভৃতি, চতুর্ব্বিংশতি তত্ত্ব, উহাদের কারণ, পঞ্চভূত ও মাত্রাদি ; ইহারা সকলেই নারায়ণ।

শ্রীনারায়ণ হইতে এই সমগ্র জগৎ—যাহা অতীত, যাহা বর্ত্ত-মান ও যাহা ভাবী। অতঃপর নারায়ণ হইতে ভিন্ন কিছুমাত্র বস্তু নাই, অতএব নারায়ণ অর্থাৎ এই ব্রহ্মাদি সমস্ত নারায়ণের বলিয়া—নারায়ণ। কোটি কোটি মহাপ্রলয়েও বিরাজমান বলিয়া নারায়ণ নিত্য ; তিনি নিষ্কল অর্থাৎ অপর সমস্ত নারায়ণের কলা, কিন্তু তিনি স্বয়ং পূর্ণস্বরূপ। যথা শ্রীভাগবতে (১।৩।২৭)—প্রজাপতিবৃন্দ-সহিত দেবগণ সকলে শ্রীহরির কলা, ইত্যাদি। তিনি নিরাখ্যাত অর্থাৎ সর্ব্বত্র বিরাজমান হইয়াও স্বমায়ায় লোকের নিকট অপ্রকট। তিনি নির্ব্বিকল্প—বিকল্পভাবের লেশমাত্র-রহিত বলিয়া সর্ব্বেশ্বর অদ্বৈত। তিনি নিরঞ্জন—অঞ্জনশূন্য ব্রহ্মস্বরূপ, শুদ্ধ—শুদ্ধসত্ত্বস্বরূপ। অতএব শ্রীনারায়ণ অদ্বয়দেবতা। ভাবার্থ এই—**সর্ব্বজগন্নিবাসী ব্রহ্মা-ইন্দ্রাদি**

(১) পাঠান্তরে সুখঃ—সর্ব্বদেবাসুরমনুষ্যাদিবৎ দুঃখী ন ভবতীতি সদেব পূর্ণানন্দময়ত্বেন সুখী। অর্শ-আদিত্বাদচ্-প্রত্যয়েন সুখ আনন্দময় ইত্যর্থঃ।

পরম-পার-অব্যয়-পদানি বিষ্ণুঃ

এবমনেন প্রকারেণ দেবাসুরমনুষ্যাদীনাং মধ্যে যঃ কশ্চিৎ দারপুত্রাদিকলিলো মহাগৃহস্থোঽপি পুমান্ যদি মনঃপ্রগ্রহবান্ সন্ বোধঞ্চ সারথিং কৃত্বা তং শ্রীনারায়ণং বোদ্ধুং শ্রীসদ্গুরুং করোতি, পশ্চাৎ সাধুসঙ্গতঃ সদ্ব্যবসায়ী ভবতি, তদা স পুমান্ শ্রীনারায়ণং তত্তত্ত্বাদিকঞ্চ বেদ জানাতি। পশ্চাদন্তকালে বিষ্ণ্বাখ্যং পরমং পারং অব্যয়ং পদং প্রয়াতি। অত্রায়মর্থঃ,—যদ্যনন্তস্য পুরুষস্য সাযুজ্যাদি-মুক্তিচতুষ্টয়েচ্ছা মনসি বর্ত্ততে তদা তত্তদাচরণং কুর্ব্বন্ তত্তন্মুক্তিরূপং পদং প্রাপ্নোতি। তদ্বিশেষাৎ—**সাযুজ্যাভিলাষী** যঃ কশ্চিদ্ যোগী স তু যোগাভ্যাসেন **বিষ্ণ্বাখ্যমব্যয়ং** প্রয়াতি,—অবিনাশিনি শ্রীমন্নারায়ণে (জ্যোতির্ব্রহ্মরূপে) প্রবিশতি নির্ব্বাণহেতুত্বাৎ ; তথা **সারূপ্যাভিলাষী** যঃ কশ্চিদ্ যোগী পুরুষঃ স তু তদ্‌যোগাভ্যাসেন বিষ্ণ্বাখ্যং

সকল দেবতা-অসুর-মনুষ্য প্রভৃতির পূজনীয়াদি বলিয়া শ্রীনারায়ণই একমাত্র অভীষ্টদেব—দ্বিতীয় অন্য কেহ নাই।

এই প্রকারে দেবতা-অসুর-মনুষ্যাদির মধ্যে যে-কোন স্ত্রী-পুত্রাদি-সম্বন্ধক্লিষ্ট (বা স্ত্রী-পুত্রাদিসমন্বিত) গৃহস্থ ব্যক্তিও যদি মনকে প্রগ্রহ ও বুদ্ধিকে সারথি করিয়া সেই শ্রীনারায়ণকে জানিবার জন্য **শ্রীসদ্গুরু-পদাশ্রয়** করেন এবং পরে সাধুসঙ্গে সাধু-অধ্যবসায়-বিশিষ্ট হন, তখন তিনি শ্রীনারায়ণ ও তাঁহার তত্ত্বাদি অবগত হইতে পারেন এবং পরে 'পরম', 'পার', 'অব্যয়', 'পদ' বিষ্ণুকে প্রাপ্ত হন।

ইহার অর্থ এই—যদি অনন্ত পুরুষের সহিত সাযুজ্যাদি মুক্তি-চতুষ্টয়ের ইচ্ছা মনে থাকে, তখন তদনুসারে আচরণ করিয়া সেই সেই মুক্তিরূপ পদ প্রাপ্ত হন। তাহার বিশেষ এই—যে যোগী **সাযুজ্যাভিলাষী**, তিনি যোগাভ্যাসদ্বারা **'অব্যয়'** বিষ্ণুকে প্রাপ্ত হন অর্থাৎ নির্ব্বাণহেতু অবিনাশী শ্রীনারায়ণে প্রবিষ্ট হন ; সেইরূপ **সারূপ্যাভিলাষী** যোগী পুরুষ তদনুরূপ যোগাভ্যাসদ্বারা **'পরম'** বিষ্ণুকে

পরমং প্রয়াতি,—সর্ব্বাবয়বালঙ্কারাদিভিঃ শ্রীনারায়ণমনোহরস্বরূপতাং প্রাপ্নোতি ; তথা **সালোক্যাভিলাষী** যঃ কশ্চিদ্ যোগী পুমান্ স তু তদ্‌যোগাভ্যাসেন বিষ্ণ্বাখ্যং **পদং** প্রয়াতি—শ্রীমন্নারায়ণলোকং শ্রী-বৈকুণ্ঠাখ্যং পরং পদং প্রাপ্নোতি, যথা—"যদ্‌গত্বা ন নিবর্ত্তন্তে তদেব পরমং পদমিতি" ; **সান্নিধ্যাভিলাষী** যঃ কশ্চিদ্ যোগী জনঃ স তু তদ্‌যোগাভ্যাসেন বিষ্ণ্বাখ্যং **পারং** প্রয়াতি,—শ্রীমন্নারায়ণসান্নিধ্য-পার্ষদতাং প্রাপ্নোতি।

অপরং বিষ্ণ্বাখ্যং পদমব্যয়মিত্যস্যায়মর্থঃ,—

যে কেচিৎ সদ্‌গুরুদীক্ষানন্তরং সৎসঙ্গ শ্রীভগবদ্ধর্ম্মশিক্ষাতিশয়-শুদ্ধান্তঃকরণা-শ্রীকৃষ্ণৈকতানাদিমহামহিমানন্যশরণাসক্তভাবুকা ইহ-লোকে শ্রীভগবচ্ছ্রবণাদিনানাবিধিভক্তিসাধনৈর্নৈষ্কর্ম্ম্যভাবেন তদ্দা-সানুদাসবদাচরণং **কুর্ব্বন্তঃ** পশ্চাদ্দেহে পঞ্চত্বং প্রাপ্তে সতি বিষ্ণ্বাখ্যং পদমব্যয়ং প্রয়ান্তীতি যৎ (তৎ) কিম্ ?—ইহৈবৈবংবিধাঃ শ্রীকৃষ্ণৈক-

---

প্রাপ্ত হন অর্থাৎ সর্ব্ব অঙ্গ ও অলঙ্কারাদির সহিত শ্রীনারায়ণের মনোহরস্বরূপ প্রাপ্ত হন ; যিনি **সালোক্যাভিলাষী** যোগী পুরুষ, তিনি তাদৃশ যোগাভ্যাসের দ্বারা **'পদ'** বিষ্ণুকে প্রাপ্ত হন অর্থাৎ বৈকুণ্ঠাখ্য পরমপদ শ্রীনারায়ণধামে গমন করেন, যথা "যথায় গমন করিয়া পুনরাবৃত্ত হইতে হয় না, তাহাই পরম **"পদ"** ; যে যোগী পুরুষ **সান্নিধ্যাভিলাষী**, তিনি সেই যোগাভ্যাসবলে **'পার'** বিষ্ণুকে প্রাপ্ত হন অর্থাৎ শ্রীনারায়ণের সান্নিধ্যে পার্ষদতা লাভ করেন।

'বিষ্ণ্বাখ্য অব্যয় পদ'—এই দ্বিতীয় বাক্যের অর্থ এই—যাঁহারা সদ্‌গুরুর নিকট দীক্ষাগ্রহণান্তর সাধুসঙ্গ ও শ্রীভগবদ্ধর্ম্মশিক্ষার দ্বারা অতিশয় শুদ্ধান্তঃকরণ, শ্রীকৃষ্ণৈকনিষ্ঠাদিহেতু মহামহিমা অনন্যশরণ আসক্ত ভাবুক, তাঁহারা ইহলোকে শ্রীভগবৎকথাশ্রবণাদি বিবিধ বিধিভক্তিসাধনের দ্বারা নৈষ্কর্ম্ম্য-ভাবে শ্রীভগবানের দাসানুদাসের ন্যায় আচরণপূর্ব্বক দেহের পঞ্চত্বপ্রাপ্তিতে যে 'অব্যয়পদ বিষ্ণু'কে প্রাপ্ত হন, তাহা কিরূপ ? এতাদৃশ শ্রীকৃষ্ণৈকনিষ্ঠ অনন্যভক্তগণ এই

তানাদয়োঽনন্যভক্তা জীবদ্দশায়াং শ্রবণাদিভক্তিনৈষ্ঠিকত্বেন যথো-চ্ছিষ্টভোজিনো দাসাস্তথা তত্তদুপাসনাপ্রভাবতস্তত্তদব্যয়মবিনাশি পদং শ্রীবৃন্দাবনাদি বৈষ্ণবং ধাম প্রাপ্য তত্র তত্র ধাম্নি দাসবদনিশং শ্রীভাগবৎসেবাং **কুর্ব্বন্তী**ত্যর্থঃ।

ভগবৎপূজনেন সর্ব্বেষাং পূজা তুষ্টিশ্চ

অতএব শ্রীনারায়ণে ব্রহ্মেন্দ্রাদিত্রয়স্ত্রিংশৎকোটিদেবতাবৃন্দার্চ্চনাদি-কন্তু নিরূপিতমতি নিশ্চিতং, যতোঽভ্যর্চ্চিতে শ্রীনারায়ণে সতি ব্রহ্মা-দয়ঃ সর্ব্বে দেবর্ষিভূতাদয়শ্চ সর্ব্বেঽপি পিতৃলোকাশ্চ পূজিতা **ভবন্তি**, **সর্ব্ব**তোভাবেন সন্তুষ্টাশ্চ স্যুঃ।

তত্র প্রথমং প্রমাণম্

তদাহ শ্রীবিষ্ণুযামলসংহিতায়াং—

যৎপূজনেন বিবুধাঃ পিতরোঽর্চ্চিতাশ্চ
তুষ্টা ভবন্তি ঋষিভূতসলোকপালাঃ।
সর্ব্বে গ্রহান্তরনিসোমকুজাদিমুখ্যা
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ক ॥

সংসারে জীবদ্দশায় যেরূপ শ্রবণাদিভক্তিসাধননিষ্ঠ হইয়া ভগবদুচ্ছিষ্ট-ভোজি-দাস রূপে অবস্থান করেন, সেইরূপ সেইসকল উপাসনাপ্রভাবে তাদৃশ অব্যয় অর্থাৎ অবিনাশী পদ অর্থাৎ শ্রীবৃন্দাবনাদি বৈষ্ণবধাম লাভ করিয়া তথায় দাসরূপে অহর্নিশ ভগবৎ-সেবা করিয়া থাকেন।

অতএব ব্রহ্মা-ইন্দ্রাদি তেত্রিশকোটি দেবতার অর্চ্চনাদি শ্রীনারা-য়ণের পূজারই সুনিশ্চিত অন্তর্গত, সুতরাং শ্রীনারায়ণ সম্যক্ অর্চ্চিত হইলে ব্রহ্মাদি সকল দেবতা, দেবর্ষি, ভূতগণ এবং পিতৃলোকও পূজিত ও সর্ব্বতোভাবে সন্তুষ্ট হইয়া থাকেন।

(উক্ত বিষয়ে অর্থাৎ ভগবৎপূজাতেই সকলের পূজা ও তুষ্টি-বিষয়ে এস্থলে চারিটী প্রমাণ (ক-ঘ) উল্লেখ করা হইতেছে)—

শ্রীবিষ্ণুযামল-সংহিতায় কথিত আছে,—'যাঁহারা পূজার দ্বারা দেবতাসকল, পিতৃসকল, ঋষিসকল, ভূতসকল, লোকপালসকল এবং

যস্য শ্রীভগবতঃ পূজনেন বিবুধাঃ পিতরশ্চেতি বহুবচনেনৈব সর্ব্বাঃ দেবতা সর্ব্বে পিতরোঽর্চ্চিতা ভবন্তি, শ্রীমদ্গোবিন্দপূজনতুষ্টাঃ সন্তুষ্টাশ্চ স্যুঃ। চকারাদসুরদানবযক্ষরাক্ষসপ্রেতভূতপিশাচোপদেবাদয়ঃ। এতে সর্ব্বে ঋষয়ো ভূতাঃ সর্ব্বপ্রাণিনঃ, সলোকপালা ইত্যনেন ইন্দ্রাদিলোকপালা এতেষাং গণাস্তথা সূর্য্যচন্দ্রমঙ্গলাদয়ো নবগ্রহাঃ স্বগণসহিতাঃ; অপরে যে বৈনায়ক-শকুনী-পূতনা-মুখমণ্ডিকা-ক্ষুরা-রেবতী-বৃদ্ধরেবতী-বৃদ্ধিকোগ্রা-মাতৃগ্রহ-বালগ্রহ-বৃদ্ধগ্রহাদয়ঃ সর্ব্বে গ্রহাঃ—কেবলমাত্রৈক-শ্রীমন্নারায়ণপূজনে সসন্তোষপূজিতাঃ স্যুস্তং গোবিন্দমহং ভজামি। কথম্ভূতং—আদিপুরুষং যৎপরঃ কোঽপি নাস্তীত্যর্থঃ।

দ্বিতীয়ং প্রমাণম্

কিঞ্চ, শ্রীভাগবতে (৪।৩১।১৪)—

যথা তরোর্মূলনিষেচনেন
তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখাঃ।

সূর্য্য-চন্দ্র-মঙ্গলপ্রমুখ গ্রহগণ পূজিত ও তুষ্ট হন, সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজন করি'। (ক)।

যে শ্রীভগবান্ গোবিন্দের পূজার দ্বারা বিবুধগণ, পিতৃগণ এবং সকলদেবতা অর্চ্চিত ও সন্তুষ্ট হন। চ-শব্দে—অসুর-দানব-যক্ষ-রাক্ষস-প্রেত-ভূত-পিশাচাদি উপদেবতাগণ। ইহারা সকলে, ঋষিগণ, ভূত অর্থাৎ সকলপ্রাণী, সলোকপাল-শব্দে ইন্দ্রাদি-লোকপাল—ইঁহাদের গণ, স্বগণসহিত সূর্য্যচন্দ্রমঙ্গলাদি নবগ্রহ, বৈনায়ক-শকুনী-পূতনা-মুখমণ্ডিকা-ক্ষুর-রেবতী-বৃদ্ধরেবতী-বৃদ্ধিকোগ্রা-মাতৃগ্রহ-বালগ্রহ-বৃদ্ধগ্রহাদি অন্য গ্রহ-সকল কেবলমাত্র শ্রীনারায়ণপূজায় পরমসন্তোষে পূজিত হন। সেই গোবিন্দকে আমি ভজন করি। গোবিন্দ কিরূপ?—যিনি আদিপুরুষ, যাঁহা অপেক্ষা শ্রেষ্ঠ আর কেহ নাই।

শ্রীমদ্ভাগবতেও (৪।৩১।১৪)—'মূলে জলসেকদ্বারা বৃক্ষের স্কন্ধ

প্রাণোপহারাচ্চ যথেন্দ্রিয়াণাং
তথাচ সর্ব্বার্হণমচ্যুতেজ্যা ॥ খ ॥

তরোর্বৃক্ষস্য মূলনিষেচনেন মূলে অতিশয়পূর্ণজলাভিষেকেন তৎস্কন্ধভুজোপশাখাস্তস্য বৃক্ষস্য স্কন্ধো বৃহচ্ছাখা তদুদ্ভবা ভুজা মহত্তরশাখা, উপশাখা ইত্যনেন বৃহত্তরশাখাভ্যঃ ক্রমতঃ কিঞ্চিন্ন্যূনাস্ততঃ কিঞ্চিন্ন্যূনতরাস্ততঃ কিঞ্চিন্ন্যূনতমাঃ পত্রান্তা উপশাখাঃ কথ্যন্তে; যথৈতাঃ সর্ব্বাস্তু তৃপ্যন্তি প্রাণোপহারাৎ দশপ্রাণানাং প্রাণাপানোদান-সমান-ব্যান-নাগ-কূর্ম্ম-কৃকর-দেবদত্ত-ধনঞ্জয়ানামুপহারাৎ ভোজন-প্রথমত একদ্বিত্রিচতুঃপঞ্চষটসপ্তধা সত্ত্বসম্পূর্ণভোজনসন্তোষাৎ(১) স্বান্তাদিসর্ব্বেন্দ্রিয়াণাং যথা চ সন্তৃপ্তির্ভবতি। তথৈব—এবশব্দস্যার্থোঽতিনিশ্চয়ং—অচ্যুতেজ্যা অচ্যুতঃ ক্বাপি চ্যুতো ন ভবতি কোটিকোটিমহাপ্রলয়েঽপি সদা নিত্যস্থায়ী আদিপুরুষত্বাৎ—তস্যেজ্যা

ভুজ ও উপশাখাসকল যেরূপ তৃপ্ত হয়, প্রাণে উপহার প্রদান দ্বারা ইন্দ্রিয়সকলের যেরূপ তৃপ্তি হয়। সেইরূপ ভগবান্ অচ্যুতের পূজাতে সকল দেবতারই পূজা হইয়া থাকে।' (খ)।

বৃক্ষের মূলে জল-নিষেক অর্থাৎ অতিপূর্ণভাবে জলাভিষেক দ্বারা বৃক্ষের স্কন্ধ বা বৃহচ্ছাখা, উহা হইতে বহির্গত ভুজ বা মহত্তর শাখা, উপশাখা অর্থাৎ বৃহত্তর শাখা হইতে ক্রমশঃ কিছু কিছু ন্যূন, ন্যূনতর, ন্যূনতম পত্র পর্য্যন্ত শাখাসকল—ইহারা সকলেই তৃপ্তি লাভ করে; প্রাণোপহার হইতে—প্রাণ-অপান-সমান-উদান-ব্যান-নাগ-কূর্ম-কৃকর-দেবদত্ত-ধনঞ্জয় এই দশ প্রাণে উপহার হইতে অর্থাৎ ভোজনের প্রথম হইতে এক, দুই, তিন, চারি, পাঁচ, ছয়, সাত ভাবের রসপরিপূর্ণ-ভোজন-জনিত সন্তোষ হইতে মন প্রভৃতি সকল ইন্দ্রিয়ের যেরূপ সম্যক্ তৃপ্তি হয়, সেইরূপই—এব-শব্দের অর্থ অতিনিশ্চয়—অচ্যুতে অর্থাৎ আদিপুরুষ বলিয়া যিনি কোটি কোটি মহাপ্রলয়েও নিত্যস্থায়ী এবং

---

(১) সত্ত্বং রসঃ, সত্ত্বসম্পূর্ণং রসপূর্ণম্।

পূজা সর্ব্বার্হণং ভবতি অয়মর্থঃ,—তস্মিন্নেকস্মিন্ শ্রীমদচ্যুতে সম্পূজিতে সতি দেবতা-পিত্রাদয়ঃ সর্ব্বেঽতিশয়সন্তুষ্টত্বপূজিতাঃ স্যুঃ—নাত্র সন্দেহঃ।

তৃতীয়ং প্রমাণম্

কিঞ্চ উত্তরগীতায়াং (মহাভারতে ভীষ্মপর্ব্বণি)—

দেবাদীনাঞ্চ পূজ্যোঽহং বর্ণাদীনাং ধনঞ্জয়।
মৎপূজনেন সর্ব্বার্চ্চা স্যাদ্ধ্রুবং নাত্র সংশয়ঃ॥ গ॥

দেবানাং ত্রয়স্ত্রিংশৎকোটীনাং বহুবচনত্বাৎ, আদিপদেন ঋষি-পিতৃদৈত্যাদীনাং গ্রহণম্। তথা বর্ণাদীনাঞ্চ বর্ণানাং ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বিট্-শূদ্রাণামাদিপদেনাশ্রমাণাং ব্রহ্মচারিগৃহস্থবানপ্রস্থসন্ন্যাসিনাং, চকারাৎ সঙ্করান্ত্যজাদীনাং সর্ব্বেষামহং পূজ্যো নাপরঃ কোঽপি। অতএব হে অর্জ্জুন! ধ্রুবমিতি নিশ্চয়ং মৎপূজনেন ময়ি পূজিতে সতি সর্ব্বার্চ্চা সকলদেবতর্ষিপিতৃবর্ণাশ্রমাদীনাং পূজা ভবত্যত্র সংশয়ো নাস্তীতি ভাবঃ।

কোথাও চ্যুত হন না, তাঁহার পূজাতে সকলের পূজা হয়। ভাবার্থ এই—সেই একমাত্র অচ্যুত সম্যক্ পূজিত হইলে সকল দেবতা ও পিতৃগণ নিঃসন্দেহে অতিশয় সন্তোষের সহিত পূজিত হন।

মহাভারতে ভীষ্মপর্বে উত্তরগীতায়—'আমি দেবাদির ও বর্ণাদির পূজ্য। আমার পূজাতে নিশ্চয় সকলের পূজা হয়, ইহাতে সন্দেহ নাই'। (গ)।

দেব-শব্দে বহুবচনহেতু তেত্রিশকোটি দেবতা, আদি-পদে ঋষি-পিতৃ-দৈত্য প্রভৃতি, বর্ণ অর্থাৎ ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্র, আদি-শব্দে ব্রহ্মচর্য্য-গার্হস্থ্য-বানপ্রস্থ-সন্ন্যাস চারি আশ্রম, চ-কার হইতে সঙ্কর-অন্ত্যজাদি,—সকলের আমিই পূজ্য, আর কেহই নহে। অতএব হে অর্জ্জুন! আমি পূজিত হইলে সকল দেবতা-ঋষি-পিতৃ-বর্ণাশ্রমাদির নিশ্চিত পূজা হয়—এই বিষয়ে সন্দেহ নাই।

চতুর্থং প্রমাণম্

কিঞ্চ, যথা ঋগ্বেদে কৃষ্ণোপনিষদি—

ওঁ কৃষ্ণো বৈ সচ্চিদানন্দঘনঃ, কৃষ্ণ আদিপুরুষঃ, কৃষ্ণঃ পুরুষোত্তমঃ, কৃষ্ণো হা উ কর্ম্মাদিমূলং, কৃষ্ণঃ স হ সর্ব্বৈকার্য্যঃ, কৃষ্ণঃ কাশংকৃদাদীশমুখপ্রভুপূজ্যঃ, কৃষ্ণোঽনাদিস্তস্মিন্নজাণ্ডান্তর্বাহ্যে যন্মঙ্গলং তল্লভতে কৃতীতি॥ ঘ॥

ইহ সংসারে, বৈ অতিসত্যঃ কৃষ্ণশব্দস্যার্থঃ পুরৈব ব্যাখ্যাতঃ; সচ্চিদানন্দঘনঃ স হি—শুদ্ধসত্ত্বং (সৎ), অদ্বয়জ্ঞানং (চিৎ), অনির্ব্বচনীয়সুখরসসন্দোহলাবণ্যাদি (আনন্দং) ইতি সর্ব্ববৈভবাঃ, —এতৈর্ঘনো নবীনমেঘপুঞ্জবৎ শ্রীমচ্ছ্যামসুন্দরবিগ্রহঃ। যতঃ শ্রীকৃষ্ণোঽনাদির্ন বিদ্যতে ব্রহ্মাণ্ডান্তর্বাহ্যে আদির্যস্মাৎ সঃ। অতএব স শ্রীকৃষ্ণ আদিপুরুষো যৎপরঃ সর্ব্বারাধ্য কোঽপি পুরুষো নাস্তি। অতঃ কারণাৎ স শ্রীকৃষ্ণঃ (এব) পুরুষোত্তমো নান্যঃ। যথা শ্রীপুরুষোত্তমত্বমাহ শ্রীভগবদ্গীতায়াং (১৫।১৮)—

ঋগ্বেদে কৃষ্ণোপনিষদেও এইরূপ—'ওঁ কৃষ্ণই সচ্চিদানন্দঘন, কৃষ্ণ আদিপুরুষ, কৃষ্ণ পুরুষোত্তম, কৃষ্ণ কর্ম্মাদিমূল, কৃষ্ণ সকলের একমাত্র প্রভু, কৃষ্ণ ব্রহ্মা-বিষ্ণু-শিবাদি ঈশ্বরপ্রমুখ দেবগণের প্রভু ও পূজ্য, কৃষ্ণ অনাদি, ব্রহ্মাণ্ডের অন্তরে বাহিরে যত মঙ্গল, কৃষ্ণসেবক কৃতী ব্যক্তি তৎসমস্ত মঙ্গল শ্রীকৃষ্ণেই লাভ করিয়া থাকেন।' (ঘ)।

এই সংসারে, কৃষ্ণশব্দের নিশ্চিত অতিসত্য অর্থ পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে। সচ্চিদানন্দঘন—কৃষ্ণ সৎ বা শুদ্ধসত্ত্ব, চিৎ বা অদ্বয়জ্ঞান, আনন্দ বা অনির্ব্বচনীয়-সুখরস-সন্দোহলাবণ্যাদি, এই সকল বৈভব ;—এই সকলের দ্বারা ঘন অর্থাৎ মূর্ত্তিমান্, নূতনমেঘ-পুঞ্জের ন্যায় শ্রীশ্যামসুন্দর-বিগ্রহ। যেহেতু শ্রীকৃষ্ণ অনাদি—ব্রহ্মাণ্ডের অন্তরে বাহিরে যাঁহারা আদি নাই ; অতএব তিনি আদিপুরুষ—যাঁহা অপেক্ষা শ্রেষ্ঠ সর্ব্বারাধ্য কোন পুরুষ নাই। এই কারণে শ্রীকৃষ্ণই পুরুষোত্তম—আর কেহ নহেন।

যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ।
অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ ॥

যস্মাৎ ব্রহ্মেন্দ্রাদীন্দ্রগোপপর্য্যন্তসর্ব্বভূতাত্মকঞ্চ কৃৎস্নং জগৎ ক্ষরং বিনাশি, অহং তদতীতো নিত্যত্বাত্তদ্ভিন্নো যতো নিত্যধামস্থায়ী সদৈব। তথা অক্ষরাদপি অবিনাশিনো মহাপ্রলয়েঽপি মদংকলা-স্বরূপ-শ্রীমদ্‌বিরাডাদি-সর্ব্বাবতারাদপ্যুত্তমোঽহং, যতঃ সর্ব্বাবতারী বিরাট্, তস্মাদহং শ্রেষ্ঠঃ ;—এতৎপ্রকটলীলয়োক্তম্। চকারাদন্ত-লীলয়া তু ভবদ্রথারোহান্মত্তোঽপি(১) মম পরমানন্দসন্দোহোঽ-বিরতাপরিমিতসৌর্য্য-নিষেবিত-রস - সুখস্বরূপানন্দমন্দির - সুখধামা। তত্রাহং বিশুদ্ধসত্ত্বত্বেন শ্রীমৎপরমানন্দময়ঃ সততং শ্রীমদঙ্গবিহারী ভূত্বা নিবসামি। তত্র (অহং) কৈশ্চিত্তত্তৎসুখভজননিষ্ঠৈর্মদ্রসিক-ভক্তৈর্জ্ঞেয়ো ন তু সর্ব্বৈঃ। অতঃ কারণাৎ লোকে চতুর্দ্দশভুবনে বেদে

যেমন শ্রীভগবদ্‌গীতায় (১৫।১৮) শ্রীকৃষ্ণের পুরুষোত্তমত্ব কথিত হইয়াছে—'যেহেতু আমি ক্ষরবস্তুর অতীত, অক্ষরবস্তু হইতেও উত্তম, অতএব বেদে ও লোকে আমি পুরুষোত্তম বলিয়া প্রসিদ্ধ'। যেহেতু ব্রহ্মা-ইন্দ্রাদি হইতে ইন্দ্রগোপকীট পর্য্যন্ত সর্ব্বভূতাত্মক সমগ্র জগৎ ক্ষর বা বিনাশশীল, আমি নিত্য বলিয়া উহার অতীত, সর্ব্বদা নিত্য-ধামস্থায়ী। সেইরূপ অক্ষর অর্থাৎ মহাপ্রলয়েও অবিনাশী আমার অংশকলাস্বরূপ শ্রীবিরাডাদি সকল অবতার হইতেও উত্তম, সর্ব্বাবতারী বিরাট্ হইতেও আমি শ্রেষ্ঠ। ইহা প্রকটলীলানুসারে কথিত হইল। কিন্তু চ-কারদ্বারা জ্ঞাপিত নিত্য অপ্রকট অন্তর্লীলানুসারে—তোমার (অর্জ্জুনের) রথারূঢ় আমার স্বরূপ অপেক্ষা আমার পরমানন্দরাশি অবিরাম অশেষ-সৌর্য্য-সম্বর্দ্ধিত রসময়, সুখস্বরূপ আনন্দনিকেতন, সুখের আধার। আমার বিশুদ্ধসত্ত্বতাহেতু আমি পরমসৌন্দর্য্যানন্দময়-স্বরূপে নিত্যবিগ্রহে উহাতে সর্ব্বদা অবস্থিত। নিত্যানন্দবিগ্রহস্বরূপে

---

(১) ভবদ্রথারূঢ়াদিতি পাঠান্তরম্।

ঋক্‌সামাথর্ব্বযজুঃসারে, চকারাৎ ভারতপুরাণোপপুরাণাগম-রামায়ণ-ধর্ম্মশাস্ত্র-বেদান্তাদিষট্‌সিদ্ধান্তশাস্ত্রাদিসারে চেত্যুক্তং যাথার্থ্যেন। কিং তৎ ?—মামৃতে চতুরশীতিলক্ষযোনিভ্রমণসংসৃতিবন্ধনাদুদ্ধর্ত্তা সেব্য-সেবকত্বেন ভজনমার্গে কোঽপ্যন্যঃ সেব্যো নাস্তীতি নিশ্চিত্য মদ্ভজন-নিষ্ঠোপাসকানামানন্যশ্যশরণানাং(১) প্রোৎসাহায় নাম্না শ্রীপুরুষোত্তমঃ প্রথিতঃ প্রকর্ষেণ খ্যাতোঽস্মি। অত্রায়ং ভাবঃ,—হে অর্জ্জুন! মদনন্যভক্তস্তু শ্রীকৃষ্ণ-গোবিন্দ-নারায়ণ-বাসুদেব-মুকুন্দানন্তাচ্যুতাদি-নামধেয়শ্রবণমাত্রেণ বাহ্যান্তঃপরমানন্দিতো ভবতি। অতএব তৎ-সেব্য-প্রভুত্বেনাহমেব শ্রীপুরুষোত্তমো নান্যঃ কোঽপ্যপর ইত্যর্থঃ।

অতএব শ্রীকৃষ্ণঃ কর্ম্মাদিমূলং, হা উ ইতি গানবিশেষেণ বেদ-বিদ্ভির্গীয়তে। কর্ম্মাণি,—নিত্যনৈমিত্তিককাম্যানি, কর্ম্মত্রয়ার্থঃ পূর্ব্বেব

আমি সুখস্বরূপে ভজননিষ্ঠ কোন কোন রসিকভক্তগণের মাত্র জ্ঞেয়—সকলের নহি। এই কারণে চতুর্দ্দশভুবনাত্মক ব্রহ্মাণ্ডে, ঋক্‌সামাথর্ব্ব-যজুঃসারে, ভারত-পুরাণ-উপপুরাণ-আগম-রামায়ণ-ধর্ম্মশাস্ত্র-বেদান্তাদি-ষট্‌-সিদ্ধান্তশাস্ত্রাদিসারে, বেদেও ইহা যথার্থরূপে উক্ত হইয়াছে যে, ভজনমার্গে আমি ভিন্ন অপর কেহ চৌরাশীলক্ষ যোনি ভ্রমণরূপ সংসারবন্ধন হইতে উদ্ধারকর্ত্তা নাই—ইহা নিশ্চয় করিয়া আমার ভজননিষ্ঠ অনন্যশরণ উপাসকগণের প্রকৃষ্ট উৎসাহের জন্য আমি শ্রীপুরুষোত্তম বলিয়া বিশেষ প্রসিদ্ধ। ভাবার্থ এই—হে অর্জ্জুন! আমার একান্ত ভক্ত শ্রীকৃষ্ণ-গোবিন্দ-নারায়ণ-বাসুদেব-মুকুন্দ-অনন্ত-অচ্যুতাদি নাম শ্রবণমাত্রে অন্তরে বাহিরে পরমানন্দিত হন। অতএব তাঁহার সেব্য প্রভুরূপে আমিই শ্রীপুরুষোত্তম—অপর কেহ নহেন।

অতএব শ্রীকৃষ্ণ কর্ম্মাদিমূল। হা উ প্রভৃতি শব্দ বেদগানে গীত হইয়া থাকে। কর্ম্মসকল—নিত্য-নৈমিত্তিক-কাম্য ; কর্ম্মত্রয়ের অর্থ পূর্ব্বে ব্যাখ্যাত হইয়াছে ; আদি-পদে—গণেশাদি নানা-দেবতা-

---

(১) সদ্ভজননিষ্ঠ..................

ব্যাখ্যাতঃ। আদিপদেন গণেশাদিনানাদেবতোপদেবতাদিপূজা, পিতৃলোকশ্রাদ্ধতর্পণাদিক্রিয়া, অপরযাগযজ্ঞদানব্রতহোমতপোযোগাদয়শ্চ। এতেষাং সৰ্ব্বকৰ্ম্মণাং মূলং মূলস্বরূপঃ। যথাবিধি শ্রীকৃষ্ণ একস্মিন্নভ্যর্চ্চিতে সতি নিত্যনৈমিত্তিক-কাম্য-বিবুধাদিপূজন-পিতৃশ্রাদ্ধাদি-যাগযজ্ঞদান-ব্রত-হোমতপোযোগাদি-সকলং পরিপূর্ণং স্যাৎ, তত্তৎ-কৰ্ম্ম-ফলোদয়শ্চ শ্রীকৃষ্ণার্চ্চনাৎ ভবতি, নাত্র সন্দেহঃ।

কৃষ্ণস্য সৰ্ব্বৈকপূজ্যত্বং

সৰ্ব্বৈকাৰ্য্যঃ সৰ্ব্বেষাং সকলদেবতর্ষিপিতৃমনুষ্যদৈত্যাদীনামেকঃ (আর্য্যঃ) স প্রভুঃ পূজনীয়ঃ। অন্যেষাং কা বার্ত্তা—স শ্রীকৃষ্ণঃ কাশংকৃদাদীশমুখপ্রভুপূজ্যঃ। কো ব্রহ্মা, অকারো বিষ্ণুঃ, শংকৃৎ মহাদেবো, গুণত্রয়-সৃষ্টিস্থিতিপ্রলয়াধিকারিণামেতেষাম্। আদিপদেন সনক-সনাতন-সনন্দন-সনৎকুমার-মরীচ্যঙ্গিরঃ-পুলস্ত্য-পুলহ-ক্রতু-ভৃগু-বশিষ্ঠ-দক্ষ-নারদ-স্বায়ম্ভুব-মন্বাদীনাং ব্রহ্মপুত্রাণাং, এতৎপুত্রপৌত্র-প্রপৌত্রবৃদ্ধপ্রপৌত্রাদ্যুদ্ভবানামখিল-প্রজাপতি-দেবতর্ষিমুনি-মনুষ্যাসুরাদি-তির্য্যগ্‌যোন্যাদিসম্ভবানাং ব্রহ্মাণ্ডান্তর্গতানাং স্থাবরজঙ্গমাদীনাং গ্রহণং, তেষামীশো বিরাট্‌স্বরাড়াদির্মুখঃ আদির্যেষাং তেষাং—বিরাড়াদীনাং, শ্রীমদনন্ত-কারণার্ণবশায়িক্ষীরোদশায়ি-গর্ভোদশায়ি-মৎস্য-কূৰ্ম্ম-বরাহ-নরসিংহ-বামন-রামত্রয় বুদ্ধ-কল্ক্যপরবিধাপরিমিতাবতারাণাং, তথা পরমপদস্থায়িনঃ শ্রীবৈকুণ্ঠনাথস্যাপি, তথা গোলোকধাম্ন ঈশ্বরস্য প্রভুঃ শ্রীকৃষ্ণঃ। অতো ব্রহ্মাণ্ডান্তর্বাহ্যস্থিতানাং সৰ্ব্বেষাং পূজ্যঃ। অতস্তস্মিন্ শ্রীকৃষ্ণ অভ্যর্চ্চনপ্রসন্নে সত্যজাণ্ডান্তৰ্ব্বাহ্যে যন্মঙ্গলং যদ্‌যৎ (তৎসৰ্ব্বমিত্যর্থঃ); **অন্যকর্ম্মাকরণেন প্রত্যবায়ো ন ভবতি তস্য কৃতিনঃ,**—কিন্তু স হি কৃতী মননশীলোঽনন্যশরণো(১) বিবেকী সৰ্ব্বার্থপরিপূর্ণং যন্মঙ্গলং সৰ্ব্বকল্যাণং তল্লভতে।

পিতৃদেবার্চ্চননিষেধে দ্বিতীয়ং প্রমাণং

কিঞ্চ স্কান্দে রেবাখণ্ডে—

সঙ্কল্পঞ্চ তদা দানং পিতৃ-দেবার্চ্চনাদিকম্।
বিষ্ণুমন্ত্রোপদিষ্টশ্চেন্ন কুর্য্যাৎ কুশধারণম্ ॥ ২ ॥

উপদেবতা-পূজা, পিতৃলোকের শ্রাদ্ধ-তর্পণাদি ক্রিয়া, অন্যান্য যাগ-যজ্ঞ-দান-ব্রত-হোম-তপো-যোগাদি; এই সকল কৰ্ম্মের মূলস্বরূপ। এক শ্রীকৃষ্ণ যথাবিধি অভ্যর্চ্চিত হইলে নিত্য-নৈমিত্তিক-কাম্য-দেবতাদিপূজা, পিতৃশ্রাদ্ধাদি-যাগ-যজ্ঞ-দান-ব্রত-হোম-তপো-যোগাদি সমস্তই পূর্ণতা লাভ করে, শ্রীকৃষ্ণার্চ্চন হইতেই সেই সেই কৰ্ম্মসকলের ফলোদয়ও হইয়া থাকে—সন্দেহ নাই। সৰ্ব্বৈকাৰ্য্য সকল দেবতা-ঋষি-পিতৃ-মনুষ্য-দৈত্যাদির একমাত্র আৰ্য্য বা পূজনীয় প্রভু।

অপরের কি কথা?—সেই শ্রীকৃষ্ণ কাংশকৃদাদীশপ্রমুখ প্রভুগণেরও পূজ্য। ক ব্রহ্মা, অ বিষ্ণু, শংকৃৎ মহাদেব—ত্রিগুণের অধিষ্ঠানে সৃষ্টিস্থিতিপ্রলয়কারী ইঁহাদের; আদি-পরে—সনক-সনাতন-সনন্দন-সনৎকুমার-মরীচি-অঙ্গিরা-পুলস্ত্য-পুলহ-ক্রতু-ভৃগু-বশিষ্ঠ-দক্ষ-নারদ-স্বায়ম্ভুব-মনু প্রভৃতি ব্রহ্মপুত্রগণ, ইঁহাদের পুত্র-পৌত্র-প্রপৌত্র-বৃদ্ধপ্রপৌত্র-তদ্বংশীয়গণ, সকল প্রজাপতি-দেবতা-ঋষি-মুনি-মনুষ্য-অসুরাদি-তির্য্যগ্‌-যোনি প্রভৃতি হইতে জাতগণ ও ব্রহ্মাণ্ডের অন্তর্গত স্থাবর-জঙ্গমাদি। ইহাদের ঈশ্বর বিরাট্‌ মুখ বা আদি যাঁহাদের, সেই বিরাড়াদি শ্রীঅনন্ত-কারণার্ণবশায়ি-ক্ষীরোদশায়ি-গর্ভোদশায়ী-মৎস্য-কূৰ্ম্ম-বরাহ-নরসিংহ-বামন-রামত্রয়-বুদ্ধ-কল্কি ও অপরাপর অসংখ্য অবতারগণের, তদ্রূপ পরমপদস্থায়ী শ্রীবৈকুণ্ঠনাথেরও, তদ্রূপ ভগবৎ-স্বরূপ গোলোকধামেরও প্রভু—শ্রীকৃষ্ণ। অতএব ব্রহ্মাণ্ডের অন্তরে বাহিরে অবস্থিত সকলের পূজ্য। সুতরাং সেই শ্রীকৃষ্ণ অনুকূল অর্চ্চনের দ্বারা প্রসন্ন হইলে ব্রহ্মাণ্ডের অন্তরে বাহিরে যাহা কিছু মঙ্গল, —[**অন্য কর্ম্মসকলের অকরণে কৃষ্ণসেবী কৃতীর কোন প্রত্যবায় হয়**

---

(১) মননলীলঃ।

চেদ্ যদি বিষ্ণুমন্ত্রোপদিষ্টো লোকমাত্রস্তদা পিতৃদেবার্চ্চনাদিকং ন কুর্য্যাৎ। পিতৃপদেন সকলপিতৃমাতৃলোকস্য গ্রহণং, তস্যার্চ্চনমিত্যেতেন শ্রাদ্ধতর্পণাদিকৃত্যং, দেবার্চ্চনমিত্যেতেন গণেশাদিসর্ব্বদেবানাং পূজনং, আদিপদেন নিত্যনৈমিত্তিককাম্যাদ্যপরং **নামাপরাধজনকং সমস্তং কর্ম্ম** ; তথা সঙ্কল্পং—তত্তৎকর্ম্মফলোদ্দেশকারকমনোঽনুসন্ধারণং ; তথা দানং—ফলাকাঙ্ক্ষত্বেন বাক্যরচনয়া যদ্দানং ; তথা **কুশধারণং**,—চকারাদপরাণি **শ্রীভগবদ্ধর্ম্মনিষিদ্ধানি** যানি যানি কর্ম্মাণি তান্যপি ন কুর্য্যাদিত্যন্বয়ঃ।

অত্র পূর্ব্বপক্ষঃ

ননু মন্বাদিধর্ম্মশাস্ত্রোক্তবচনপ্রমাণতয়া বর্ণাদিমনুষ্যমাত্রস্য ঋণানি ষট্ ত্বদধীনতঞ্চ ভবতি। যথা বিষ্ণুঃ,—

দেবতাপিতৃবন্ধূনামৃষিভূতনৃণাস্তথা।
ঋণী স্যাত্তদধীনশ্চ বর্ণাদির্জন্মমাত্রতঃ ॥

না] সেই সমস্ত সর্ব্বাভীষ্টপরিপূর্ণ কল্যাণ অনন্য-শরণ মননশীল বিবেকী কৃতী জন লাভ করিয়া থাকেন।

(পিতৃদেবার্চ্চননিষেধে দ্বিতীয় প্রমাণ) স্কন্দপুরাণে রেবাখণ্ডে—'যদি মানব বিষ্ণুমন্ত্রোপদিষ্ট হন, তাহা হইলে তিনি সঙ্কল্প, দান, পিতৃদেবার্চ্চনাদি ও কুশধারণ করিবেন না' ॥ ২ ॥

লোকমাত্রই যদি বিষ্ণুমন্ত্রোপদিষ্ট হন, তখন তিনি পিতৃদেবার্চ্চনাদি করিবেন না। পিতৃশব্দে—সকল পিতৃমাতৃলোকের গ্রহণ, তাহার অর্চ্চন—অর্থাৎ শ্রাদ্ধতর্পণাদি কৃত্য ; দেবার্চ্চন-পদে গণেশাদি সকল দেবতার পূজা ; আদি শব্দে—নিত্য-নৈমিত্তিক-কাম্যাদি **নামাপরাধ-জনক অপর যাবতীয় কর্ম্ম** ; সঙ্কল্প—বিবিধ কর্ম্মফলের উদ্দেশ্যে মনঃস্থাপন ; দান—ফলাকাঙ্ক্ষিরূপে বাক্যরচনাপূর্ব্বক দান ; **কুশধারণ**, এবং চ-কার হইতে ভগবদ্ধর্ম্মে নিষিদ্ধ যে-সকল কর্ম্ম, তৎসমস্তও করিবেন না।

উত্তরপক্ষে মুকুন্দসেবয়া সর্ব্বানৃণ্যং

তত্তু **শ্রীভগবন্নামমন্ত্রোপদিষ্টানন্যশরণগৃহস্থাদি-নরমাত্রস্য** ন স্যাদিত্যাহ শ্রীভাগবতে (১১।৫।৪১)—

দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৃণাং ন কিঙ্করো নায়মৃণী চ রাজন্।
সর্ব্বাত্মনা যঃ শরণং শরণ্যং গতো মুকুন্দং পরিহৃত্য কর্ত্তম্ ॥

যঃ কশ্চিদ্ বর্ণাশ্রমাদিস্থো মানুষমাত্রঃ, সর্ব্বাত্মনা (ইত্যস্য) অয়মর্থঃ, —**শ্রীসদ্গুরু- পঞ্চসংস্কারপূর্ব্বক- শ্রীভগবন্নামমন্ত্রোপদিষ্টানন্যশরণত্ব**-শ্রীভগবদ্ধর্ম্ম-শিক্ষাদৃঢ়তর-নিষ্ঠা-বিবেকত্ব-সদা-ভজনপ্রতাপ-নির্ভয়তে(১) বেদস্মৃতিপুরাণাদ্যুক্ত-সাংসারিক-নিত্যনৈমিত্তিককামাদ্য-পরসর্ব্বকর্ম্মসু তত্তৎসর্ব্বকর্ম্মকর্ত্তৃত্বং বিহায়, যত অকর্ত্তা—অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে ইতি ন্যায়াৎ কেবলং শ্রীভগবান্

(এস্থলে আপত্তি)—কিন্তু মন্বাদিধর্ম্মশাস্ত্রোক্ত বচন-প্রমাণে চতুর্ব্বর্ণাদি মনুষ্যমাত্রের ছয়প্রকার ঋণ ও তাহার দায়িত্ব আছে। যথা, বিষ্ণুসংহিতায়—'বর্ণাদি জীব জন্মমাত্রই দেবতা-পিতৃ-বন্ধু-ঋষি-প্রাণি-মনুষ্যের নিকট ঋণী ও তাহাদের অধীন হয়।'

(আপত্তি খণ্ডন)—কিন্তু **শ্রীভগবানের নাম-মন্ত্রে দীক্ষিত অনন্যশরণ গৃহস্থাদি মনুষ্যমাত্রের তাহা হয় না।** শ্রীমদ্ভাগবত (১১।৫। ৪১) এই কথা বলেন,—'হে রাজন্! যিনি অপর কর্ম্ম পরিহার করিয়া শরণ্য মুকুন্দের সর্ব্বতোভাবে শরণাগত হন, তিনি দেবতা, ঋষি, ভূত, আপ্ত, মনুষ্য ও পিতৃগণের নিকট ঋণী ও কিঙ্কর হন না।'

বর্ণাশ্রমাদিতে অবস্থিত যে-কোন মনুষ্য, সর্ব্বতোভাবে অর্থাৎ **শ্রীসদ্গুরুর নিকট পঞ্চসংস্কারে শ্রীভগন্নাম-মন্ত্রে দীক্ষালাভপূর্ব্বক অনন্যশরণতাদ্বারা,** শ্রীভগবদ্ধর্ম্মশিক্ষাফলে দৃঢ়তর নিষ্ঠাবিবেকদ্বারা ও নিত্যভজন-প্রভাবে নির্ভয় হইয়া বেদ-স্মৃতি-পুরাণাদিতে উপদিষ্ট সাংসারিক নিত্য-নৈমিত্তিক-কাম্য প্রভৃতি সকল কর্ম্মে সেই সেই কর্ম্মের

---

(১) নির্ভয়তা (?), নির্ভয়ত্বাৎ, নির্ভরতঃ।

মুকুন্দ এব পূজ্যতয়া শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যঃ সেব্যো বন্দনীয় ইত্যাদি, এতদ্ব্যতিরেকেণ তু সর্ব্বংকর্ম্ম ব্যর্থং নশ্বরত্বাদিতি শুদ্ধান্তঃকরণত্বমিতি বিচারেণ(১) কর্ত্তং সেবানামাপরাধজনকং নিত্যাদি সমস্তং কর্ম্ম, পরিহায় সর্ব্বতোভাবেন ত্যক্ত্বা, অস্মিন্ ব্রহ্মাণ্ডান্তর্বাহ্যে শ্রীমুকুন্দং বিনা কোঽপি শরণ্যো নাস্তি ব্রহ্মেন্দ্রাদীনাং সর্ব্বলোকানামতঃ শরণ্যং শরণযোগ্যং, শ্রীমদ্‌গুরুদীক্ষাসময়তঃ স্বয়ং বিক্রীতভৃত্যত্ব আত্মস্যাৎ-কৃন্মহিমং(২) কৈবল্যৈকং শ্রীমন্মুকুন্দং,—মুকুন্দশব্দস্যার্থঃ পুরা ব্যাখ্যাতো যথাবসরং,—শরণং গতো ভববন্ধনান্মুক্তো ভবন্ ভৃত্যবৎ সেবাং কর্ত্তুং তদ্দাসত্বেনোপস্থিতঃ, স দেবর্ষিভূতাপ্তনৃণাং—দেবত্বেন ব্রহ্মেন্দ্রাদি-ত্রয়স্ত্রিংশৎকোটিনাং, ঋষিত্বেন দেবর্ষি-মহর্ষি-রাজর্ষ্যাদীনাং, ভূতত্বেন স্থাবরজঙ্গমাদীনাং জীবানামাপ্তত্বেন দারকন্যাপুত্রপৌত্রাদি-

---

কর্ত্তৃত্ব পরিহার করিয়া, —কারণ, 'অহঙ্কারবিমূঢ় ব্যক্তি আপনাকে কর্তা মনে করে'—এই বিচারে স্বয়ং অকর্তা। একমাত্র পূজ্য বলিয়া শ্রীভগবান্ মুকুন্দই শ্রবণ-কীর্ত্তন-সেবা-বন্দনাদির একমাত্র বিষয় এবং এতদ্ব্যতীত নশ্বরতাহেতু সমস্ত কর্ম্মই ব্যর্থ, ইহাই শুদ্ধান্তঃকরণতা—এই বিচারে সেবা-নামাপরাধজনক নিত্যাদি সমস্ত কর্ম্ম সর্ব্বতোভাবে পরিত্যাগ করিয়া ; এই ব্রহ্মাণ্ডের অন্তরে বাহিরে শ্রীমুকুন্দ বিনা ব্রহ্মা, ইন্দ্র প্রভৃতি অপর কেহ সর্ব্বজীবের শরণ্য নাই—অতএব শরণার্হ ; সদ্‌গুরুর নিকট দীক্ষালাভের সময় হইতে দীক্ষিতজনকে বিক্রীত-ভৃত্যরূপে স্বয়ং আত্মসাৎকারি-মহিমময়, কৈবল্যের একমাত্র বিষয় শ্রীমুকুন্দের (মুকুন্দ-শব্দের অর্থ যথাস্থানে ব্যাখ্যাত হইয়াছে) শরণলাভ-পূর্ব্বক ভববন্ধন হইতে মুক্ত হইয়া শ্রীভগবানের দাসরূপে সেবা করিতে উপস্থিত ; তিনি ব্রহ্মা ইন্দ্রাদি তেত্রিশকোটি দেবগণের, দেবর্ষি-মহর্ষি রাজর্ষিগণের, স্থাবর-জঙ্গমাদি ভূতগণের, স্ত্রী-কন্যা-পুত্র

---

(১) শুদ্ধান্তঃকরণমিতি বিচারেণ (?), শুদ্ধান্তঃকরণমতি বিচারেণ।
(২) বিক্রীতভৃত্যত্বাত্মসাৎকৃন্মহিমং (?)

সহোদর-সগোত্রাদীনাং, নৃণামিত্যনেন মনুষ্যমাত্রাণাং, পিতৄণামিত্যনেন সকলপিতৃলোকানাং, চকারাদুপদেবতাদীনাং ন ঋণী নাধমর্ণো, ন কিঙ্করো ন সেবক ইত্যতিনিশ্চয়তঃ।

ঋণিকিঙ্করশব্দতাৎপর্য্যম্

হে রাজন্ পরীক্ষিৎ ! ঋণিকিঙ্করয়োর্নির্গলিতার্থঃ কথ্যতে তৎ শৃণু,—দেবতানাং তর্পণপূজাদিকে কৃতে সতি লোকস্তেষাং কিঙ্করো ভবতি, এবং সর্ব্বত্র ; তথা ঋষীণাং তর্পণপূজনে, তথা ভূতানাং সর্ব্ব-জীবমাত্রাণাং অন্নজলাদিভিঃ সন্তর্পণমাপ্তানাং স্বকীয়জনানাং দারপুত্র-কন্যাদীনাং পরিপোষণপূর্ব্বকপুত্রকন্যা-জাত-কর্ম্মাদি সর্ব্বসংস্কারা-দিকং কর্ম্ম, নৃণাং মনুষ্যমাত্রাণামতিথ্যভ্যাগতস্বরূপেণ যথাবিধি সেবনং, তথা পিতৄণাং জীবতঃ পিতুঃ সেবাদিপূর্ব্বকং পশ্চাৎ তৎপঞ্চত্বে সতি শ্রাদ্ধতর্পণাদিকম্ ; সকলৈতৎ কর্ম্মণ্যকৃতে ঋণী, কৃতে, তু কিঙ্কর ইত্যর্থঃ।

নন্বনন্যশরণাচরণং কেবলশ্রীভগবৎপূজাদিকং বিনা কর্ম্ম-

পৌত্রাদি-সহোদর-সগোত্রাদিগণের, মনুষ্যমাত্রের, সকল পিতৃপুরুষের ও উপদেবতাদির সুনিশ্চিতই ঋণী ও সেবক হন না।

হে রাজন্ ! ঋণি-কিঙ্কর-শব্দের তাৎপর্য্য বলিতেছি, শ্রবণ কর। লোক দেবতাদির তর্পণ-পূজাদি করিলে তাঁহাদের কিঙ্কর হয়, তদ্রূপ সকলের। ঋষিগণের তর্পণ-পূজা, অন্ন-জলাদির দ্বারা সকল জীব-মাত্রের তৃপ্তি-বিধান, স্ত্রী-পুত্র-কন্যাদি নিজ-জনের পরিপোষণ-পূর্ব্বক পুত্র-কন্যাদির জাতকর্ম্মাদি সংস্কার-কার্য্য, অতিথি-অভ্যাগতরূপে সমাগত জীবমাত্রের যথাবিধি সেবা, পিতার জীবনকালে সেবাদি বিধান ও তাঁহার পঞ্চত্ব-প্রাপ্তিতে শ্রাদ্ধ-তর্পণাদি,—এই সকল কর্ম্ম অনুষ্ঠিত না হইলে ঋণী, অনুষ্ঠিত হইলে কিঙ্কর হয়।

কিন্তু অনন্যশরণগণের আচরণীয় কেবল শ্রীভগবৎপূজাদি ব্যতীত পিতৃদেবার্চ্চনাদিদ্বারা কর্ম্মলোলুপ কর্ম্মিগণের মৃত্যুর পরে স্বর্গাদিলোক-

লোলুপকর্ম্মঠানাং পিতৃ-দেবার্চ্চনাদিভিরবশ্যমেব পশ্চাৎ পঞ্চত্বে সতি তত্তদ্দেবতা-পিতৃলোকাদিগমনং ততঃ পুনরাবর্ত্তনং নশ্বরত্বাৎ। অত্র শ্রীভগবদ্বচনেনৈব প্রমাণয়তি, যথা শ্রীভগবদ্‌গীতায়াং (৯।২৫)—

অন্যার্চ্চনস্য নশ্বরফলকত্বং

যান্তি দেবব্রতা দেবান্ পিতৄন্ যান্তি পিতৃব্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্‌যাজিনোঽপি মাম্ ॥

ব্রহ্মেন্দ্রাদিসর্ব্বদেবেষু ব্রতং পূজা-জপ-যজ্ঞ-হোম-তর্পণাদিনৈকান্তভাবো যেষাং তে পশ্চাদন্তকালে দেবান্ তত্তদ্দেবলোকান্ যান্তি, পুনরাবর্ত্তনং প্রাপ্নুবন্তি (চ)। এবং বিশিষ্টানাং মম সেবাবহির্ম্মুখানাং মহাপ্রলয়কালপর্য্যন্তম্। তত্তদ্দেবতোপাসকানামপি (তান্) বিহায় অপরোপদেবতাদি-সেবনাপরানেক-শতশতনিন্দ্যকর্ম্ম-কর্ত্তৃত্বেন মন্মায়ামোহিতধিয়াং তেষাং চতুরশীতিলক্ষযোনিভ্রমণমবশ্যমেব ভবতি, নাত্র সন্দেহঃ। তথা মহাগুরৌ পিতরি জীবতি সতি ভক্ত্যা তৎসেবনাদিকং বিনা, তস্মিন্ যথাকালে যথাতথা পঞ্চত্বমাপন্নে সতি তন্মৃতাহং প্রাপ্য বর্ণাশ্রমাদিষু সর্ব্বজীবেষু ভূরিভোজনাচরণব্যতিরেকেণ,—যদি তু মদ্ভক্তাস্তদা ব্রাহ্মণাদিজীবমাত্রেষু বিশেষতো বৈষ্ণবেষু চ সহজেনান্নজলাদি-নিবেদনং বিনা, **তেভ্যঃ পিতৃভ্যঃ শ্রীমন্মহাপ্রসাদচরণোদকাদিনিবেদনবাক্যং বিনা** চ —মদ্বহির্ম্মুখভাবতস্তর্পণশ্রাদ্ধাদিক্রিয়াপরত্বেন বাক্যরচনাসংঘাতব্রতং যেষাং তর্পণশ্রাদ্ধাদি-বাক্যরচনাসংঘাতক্রিয়াপরাণাং কর্ম্মিণাং তে তথা পিতৄলোকান্ যান্তি তৎকর্ম্মবশাৎ। তথা ভূতেষু ভূতপ্রেতপিশাচ-বিনায়ক-মাতৃগণ-ডাকিনী-যোগিনীগণ-ক্ষেত্রপালাদিগণ-কবন্ধপগণ-ভৈরবগণাদ্যুপদেবতাবৃন্দেষু নানামূর্ত্তিবিবিধপ্রকারেষু ইজ্যা পূজা যেষাং তে ভূতেজ্যা ভূতানি ভূতাদীনাং যানি যানি স্থানানি তানি যান্তি। তথাঽনন্যশরণত্বেন কেবলমেকং মাং যষ্টুং শীলং যেষাং তে মদ্‌যাজিনো মদ্দাসভক্তাঃ, তে তু মাং নিত্যমব্যয়ং নিজধামবিরাজমানং পরমানন্দসন্দোহার্ণবঘনশ্যামসুন্দরস্বরূপবিগ্রহং যান্তি। অয়মর্থঃ—যতোঽনন্যশরণানাং সেব্যোঽহং ন ত

(২৪) ততঃ **সূত্রেণ**—ওঁ সুত্রামাণং পৃথিবীং দ্যাং অনেহসং সুশর্ম্মাণং অদিতিং সুপ্রণীতিং দৈবীং নারং সুরিদ্রাং অনাগসং অস্মরতীং আরুহে মাস্ম স্যয়ে॥ অনেন মন্ত্রেণ, 'ওঁ তদ্বিষ্ণোরিতি' মন্ত্রেণ চ, 'ওঁ কৃষ্ণো বৈ সচ্চিদানন্দঘন' ইতি মন্ত্রেণ চ বরস্য নবগুণপরিমিতং বৈষ্ণবব্রাহ্মণেন, কন্যায়াঃ সপ্তগুণপরিমিতং বৈষ্ণবীভিঃ সধবাঙ্গনাভিশ্চ শ্রীকৃষ্ণস্মরণপূর্ব্বকং কুঙ্কুমচন্দনহরিদ্রাক্তসূত্রবন্ধনং কার্য্যম্।

(২৫) ততশ্চামরেণ—ওঁ বাতো বা মনো বা গন্ধর্ব্বাঃ সপ্তবিংশতিঃ তে ত্বগ্রে সমযুঞ্জন্ তে অস্মিন্ যবং আদধুঃ॥

(২৬) **ততশ্চন্দনেন**—ওঁ কোহসি কতমোহসি কস্মৈ ত্বা কায় ত্বা সুশ্লোক সুমঙ্গল সত্য রাজন্।

(২৭) ততঃ সর্ব্বদ্রব্যাণ্যেকীকৃত্য বন্দাপনং কুর্য্যাৎ—ওঁ প্রতিপনসি প্রতিপদে ত্বা, অনুপদসি অনুপদে ত্বা, সম্পদসি সম্পদে ত্বা, তেজোহসি তেজসে ত্বা॥ ইত্যনেন সর্ব্বাঙ্গং স্পষ্ট্বা,

(২৮) চতুঃপ্রদীপং পঞ্চপ্রদীপং সপ্তপ্রদীপং বা প্রজ্বাল্য নির্ম্মঞ্ছনং কুর্য্যাৎ।

এবংবিধিনা বরকন্যয়োরধিবাসঃ॥

নামাপরাধভয়াৎ নান্দীমুখশ্রাদ্ধমত্র ন কর্ত্তব্যম্। কিন্তু তেষাং পিতৃ্ণাং পরমসুখার্থং শ্রীগুরুপরম্পরাপূজনং কুর্য্যাৎ, তেভ্যো মহা-

---

আচমনের পর মূলে লিখিত মন্ত্র সকল পাঠপূর্ব্বক **শ্রীবিষ্ণুস্মরণ করিবে**। তদনন্তর স্বস্তিবাচন, যথা—কুঙ্কুমাক্ত অথবা হরিদ্রাক্ত তণ্ডুল হস্তে লইয়া 'ওঁ স্বস্তি নো গোবিন্দ' ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া তণ্ডুল ছড়াইয়া দিয়া পুনঃ জোড়হস্তে 'করোতু স্বস্তি মে কৃষ্ণঃ' ইত্যাদি পদ্যদ্বয় পাঠ করিবে। তৎপর পাদ্যাদির দ্বারা শ্রীবিষ্ণুর অর্চ্চন করিবে।

তৎপর এক একটী দ্রব্য লইয়া মন্ত্রপাঠপূর্ব্বক প্রথমে শ্রীবিষ্ণু-

প্রসাদঞ্চ দদ্যাৎ, বৈষ্ণবব্রাহ্মণেভ্যোঽন্নবস্ত্রাদিকং যথাশক্তি সহজেনৈব দেয়ং বিষ্ণুপ্রীতয়ে বিষ্ণুস্মরণপূর্ব্বকম্ ।(১) অতঃপরং কুড্যোপরি ঘৃতেন পঞ্চ সপ্ত বা পরিমিতা বসুধারা দেয়া। তত্র মহাভাগবতং শ্রীচেদিনং রাজানং শ্রীবিষ্ণু-মহাপ্রসাদ-পুষ্পজলনৈবেদ্যাদিভিঃ প্রপূজয়েৎ।

অথ শ্রীবাসুদেবার্চ্চনম্ (৩)

অথ বিবাহদিবসে শ্রীগোবিন্দভক্তোঽনন্যশরণো দীক্ষিতো বর্ণাদিঃ প্রাতঃ কৃতাহ্নিকঃ কৃতস্নানঃ কৃতনিত্যকৃত্যস্তত্র ছায়ামণ্ডপে

পাদপদ্মে স্পর্শ করাইবে। পরে বরকন্যার মস্তকে স্পর্শ করাইবে। বিবাহ-কার্য্যে সূত্রের দ্বারা অধিবাস করাইবার পর, সেইস্থলে লিখিত মন্ত্রসকল উচ্চারণ ও শ্রীকৃষ্ণ-স্মরণ-পূর্ব্বক কোন বৈষ্ণব ব্রাহ্মণ বরের হস্তে কুঙ্কুম-চন্দন-হরিদ্রা-রঞ্জিত নয়গুণ সূত্র এবং বৈষ্ণবী সধবাঙ্গনা কন্যার হস্তে সাতগুণ সূত্র বন্ধন করিয়া দিবেন।

নামাপরাধভয়ে নান্দীমুখ-শ্রাদ্ধ কর্ত্তব্য নহে। কিন্তু পিতৃপুরুষগণের পরম-সুখ-সম্পাদনের নিমিত্ত **শ্রীগুরু-পরম্পরার পূজা করিবে এবং পিতৃগণকে মহাপ্রসাদ দিবে।** বৈষ্ণব ও ব্রাহ্মণগণকে যথাশক্তি অক্লেশে অন্নবস্ত্রাদি বিষ্ণুপ্রীত্যর্থ বিষ্ণুস্মরণ-পূর্ব্বক দান করিবে। তৎপর দেওয়ালে ঘৃতের দ্বারা পাঁচটী বা সাতটী বসুধারা দিবে। সেইস্থানে মহাভাগবত চেদিরাজকে মহাপ্রসাদ-জল-নৈবেদ্যাদিদ্বারা পূজা করিবে।

(৩) অথ শ্রীবাসুদেবার্চ্চন। সদ্গুরুর নিকট পঞ্চসংস্কারে দীক্ষিত, অনন্যশরণ, গোবিন্দভক্ত যে-কোন বর্ণের ব্যক্তি বিবাহদিবসে

---

(১) প্রথমে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের অর্চ্চন তদনন্তর শ্রীবাসুদেবের অর্চ্চন, অতঃপর ভগবৎপ্রসাদনির্ম্মাল্যাদিদ্বারা যথাবিধি শ্রীগুরুপরম্পরার অর্চ্চন, তৎপরে শ্রীবিষ্ণুবৈষ্ণবসেবার্থ দানাদি, অনন্তর শ্রীভগবানের ভোগ ও আরাত্রিক, তৎপরে শ্রীগুরু-বৈষ্ণবে মহাপ্রসাদ নিবেদন, তৎপরে বসুধারা—এই ক্রম অনুসরণীয়।

মণ্ডিতে (শ্রীবিষ্ণুমন্দিরে বা) কৃতকুশাদ্যাসন আচান্তঃ শ্রীবিষ্ণুস্মরণং কৃত্বা (অর্চ্চনপদ্ধতৌ দ্রষ্টব্যং) পরমমনোহর-বিচিত্রমণ্ডলে ঘটং সংস্থাপ্য তদ্‌ঘটোপরি তাম্রপাত্রে সংস্থাপ্য শ্রীশালগ্রামং পুরুষসূক্তমন্ত্রৈঃ পূজয়েৎ। তত্রাপি শ্রীশালগ্রামস্থ-শ্রীমন্নারায়ণপূজনে বিবাহদিসর্ব্ব-কর্ম্মণি নামাপরাধ-সেবাপরাধ-ভয়াৎ গণেশাদিপঞ্চদেবান্ আদিত্যাদি-নবগ্রহান্ ইন্দ্রাদিলোকপালান্ গৌর্য্যাদিমাতৃগণাদীনি চ ন পূজয়েৎ, কিন্তু বৈষ্ণবাদীন্ পূজয়েৎ।

যথা, প্রমাণং হি পাদ্মে,—শুদ্ধসত্ত্বময়ো বিষ্ণুঃ কল্যাণগুণসাগরঃ। নারায়ণঃ পরংব্রহ্ম বিপ্রাণাং দৈবতং হরিঃ॥ ব্রহ্মণ্যঃ শ্রীপতির্বিষ্ণুর্বাসুদেবো জনার্দ্দনঃ। ব্রহ্মণ্যঃ পুণ্ডরীকাক্ষো গোবিন্দো হরিরচ্যুতঃ॥ স এব পূজ্যো বিপ্রাণাং নেতরে পুরুষর্ষভাঃ। মোহাদ্ যঃ পূজয়েদন্যং স পাষণ্ডী ভবেদ্ধ্রুবম্॥ স্মরণাদেব কৃষ্ণস্য বিমুক্তিঃ পাপি-

---

প্রাতঃকালে স্নান, আহ্নিক ও নিত্যকৃত্য সমাপন করিয়া সুসজ্জিত ছায়ামণ্ডপে অথবা শ্রীবিষ্ণুগৃহে প্রবেশপূর্ব্বক কুশাদি-আসনে উপবিষ্ট হইয়া আচমন ও শ্রীবিষ্ণুস্মরণ করিবে (মঙ্গলাচরণ দ্রষ্টব্য)। অতঃপর পরম মনোহর বিচিত্র মণ্ডলে ঘট স্থাপন করিয়া তদুপরি তাম্রপাত্রে শ্রীশালগ্রাম স্থাপনপূর্ব্বক পুরুষসূক্তমন্ত্রে শ্রীশালগ্রামের অর্চ্চন করিবে। বিবাহাদি সর্ব্বকার্য্যেই শ্রীশালগ্রামস্থ শ্রীনারায়ণের পূজায় **নামাপরাধ ও সেবাপরাধের ভয়ে গণেশাদি পঞ্চ দেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদিলোকপাল, গৌরী প্রভৃতি মাতৃগণের পূজা করিবে না, কিন্তু বৈষ্ণবাদির পূজা করিবে।**

এই বিষয়ে প্রমাণ, যথা পদ্মপুরাণে—শ্রীবিষ্ণু শুদ্ধসত্ত্বময়, কল্যাণগুণসাগর, তিনি নারায়ণ, পরব্রহ্ম, বিপ্রগণের (আরাধ্য) দেবতা, হরি। বিষ্ণু—শ্রীপতি, বাসুদেব, জনার্দ্দন, ব্রাহ্মণগণের উপাস্য ব্রহ্মণ্যদেব, পুণ্ডরীকাক্ষ, গোবিন্দ, হরি, অচ্যুত। হে পুরুষশ্রেষ্ঠগণ! তিনিই বিপ্রগণের পূজ্য—অপরে নহেন। যিনি মোহবশতঃ অন্য দেবতার পূজা করেন, তিনি নিশ্চয়ই পাষণ্ডী। কৃষ্ণের শরণমাত্রেই পাপিগণেরও

নামপি। তস্য পাদোদকং সেব্যং ভুক্তোচ্ছিষ্টঞ্চ পাবনম্ ॥ স্বর্গাপবর্গদং নৃণাং ব্রাহ্মণানাং বিশেষতঃ। বিষ্ণোর্নিবেদিতং নিতং দেবেভ্যো জুহুয়াদ্ধবিঃ ॥ পিতৃভ্যশ্চৈব তদ্দদ্যাৎ সর্ব্বমানন্ত্যমশ্নুতে ॥ যো ন দদ্যাদ্ধরের্ভুক্তং পিতৃণাং শ্রাদ্ধকর্ম্মণি। অশ্নন্তি পিতরস্তস্য বিন্মূত্রং সততং দ্বিজাঃ ॥ তস্মাদ্বিষ্ণোঃ প্রসাদো বৈ সেবিতব্যো দ্বিজন্মনা। ইতরেষাং তু দেবানাং নির্ম্মাল্যং গর্হিতং ভবেৎ ॥ সকৃদেব হি যোঽশ্নাতি ব্রাহ্মণো জ্ঞানপূর্ব্বতঃ। নির্ম্মাল্যং শঙ্করাদীনাং স চাণ্ডালো ভবেদ্ধ্রুবম্। কল্পকোটিসহস্রাণি পচ্যতে নরকাগ্নিনা ॥ নির্ম্মাল্যং তু দ্বিজশ্রেষ্ঠা রুদ্রাদীনাং দিবৌকসাম্। রক্ষোযক্ষপিশাচানাং মদ্যমাংসসুরাসমম্ ॥ তদ্‌ব্রাহ্মণৈর্ন ভোক্তব্যং দেবানাং ভুজিতং হবিঃ। তস্মাদন্যং পরিত্যজ্য বিষ্ণুমেব সনাতনম্। পূজয়ধ্বং দ্বিজশ্রেষ্ঠা যাবজ্জীবমতন্দ্রিতাঃ ॥ অর্চ্চয়েন্মন্ত্ররত্নেন বিধিনা পুরুষো-

---

মুক্তি হয়। তাঁহার পাদোদক ও ভুক্তোচ্ছিষ্ট পাবন ও স্বর্গাপবর্গপ্রদ—অতএব জীবের, বিশেষতঃ ব্রাহ্মণগণের সেব্য। বিষ্ণুকে নিবেদিত হবি-দ্বারা (ঘৃত-দ্বারা) দেবগণের নিত্য হোম করিবে, পিতৃগণকেও তাহাই (বিষ্ণুনৈবেদ্য) অর্পণ করিবে—তৎসমস্ত আনন্ত্য অর্থাৎ অনন্তসফলতা লাভ করে। হে দ্বিজগণ! যে ব্যক্তি পিতৃপুরুষের শ্রাদ্ধকার্য্যে হরির উচ্ছিষ্ট প্রদান করে না, তাহার পিতৃপুরুষগণ সর্ব্বদা বিষ্ঠা ও মূত্র ভক্ষণ করিয়া থাকে। অতএব দ্বিজ ব্যক্তির বিষ্ণুপ্রসাদ সেবা করাই কর্ত্তব্য; পক্ষান্তরে অপর দেবতার নির্ম্মাল্য তাঁহাদের পক্ষে গর্হিত। যে ব্রাহ্মণ শঙ্করাদি অপর দেবতার নির্ম্মাল্য জ্ঞানপূর্ব্বক একবারও ভক্ষণ করে, সে নিশ্চয়ই চণ্ডাল হয় এবং সহস্রকোটি কল্পকাল নরকাগ্নিতে দগ্ধ হয়। হে দ্বিজশ্রেষ্ঠগণ! রুদ্রাদি দেবতাগণের, যক্ষ-রক্ষঃ-পিশাচগণের নির্ম্মাল্য—মদ্য-মাংস সুরাতুল্য। অতএব ব্রাহ্মণগণ দেবতাগণের ভুক্ত হবিঃ (প্রসাদ) ভক্ষণ করিবেন না। সুতরাং হে দ্বিজশ্রেষ্ঠগণ! অন্য দেবতাকে পরিত্যাগ করিয়া সনাতন বিষ্ণুকেই যাবজ্জীবন অনলসভাবে পূজা কর। বিধি-

ত্তমম্। প্রসাদায় বৈ কুর্য্যান্নিত্যং ভক্তিমতন্দ্রিতঃ। তস্যাবরণপূজায়াং ত্রিদশান্নার্চ্চয়েৎ সুধীঃ। শ্রীবিষ্ণোঃ পূজয়েৎ সদা নিত্যপার্ষদবৈষ্ণবান্ ॥ অনন্যশরণো ভক্তো-নাম-মন্ত্রেষু দীক্ষিতঃ। কদাচিন্নার্চ্চয়েদ্দেবান্ গণেশাদীংস্তু বৈষ্ণবঃ ॥ যত্র যত্র সুরাঃ পূজ্যা গণেশাদ্যাস্তু কর্ম্মিণাম্। বিষ্ণ্বর্চ্চনে তত্র তত্র বৈষ্ণবানাং হি বৈষ্ণবাঃ ॥ বিষ্বক্‌সেনং সসনকং সনাতনমতঃপরম্। সনন্দনসনৎকুমারৌ পঞ্চৈতান্ পূজয়েত্ততঃ ॥ যস্মিন্নবগ্রহা অর্চ্চ্যাস্তত্র কব্যাদয়ো নব। যত্র যজন্তি বিধিনা দিক্‌পালাদীংস্তু কর্ম্মিণঃ। তত্র প্রপূজয়েদেতান্ বিধিং ভাগবতং শুকম্ ॥ সদাশিবং বৈনতেয়ং নারদং কপিলং বলিম্। ততো ভাগবতং ভীষ্মং প্রহলাদমঞ্জনাসুতম্ ॥ অম্বরীষঞ্চ জনকং মহাভাগবতং যমম্ ॥ মনুং স্বায়ম্ভুবং ব্যাসাদিকঞ্চ বৈষ্ণবোত্তমম্। যুগে যুগে চ বিখ্যাতানপরান্ বৈষ্ণবানপি ॥ হর্য্যর্চ্চনে

অনুসারে মন্ত্ররত্নের দ্বারা পুরুষোত্তমের অর্চ্চন করিবে, তাঁহার প্রসাদ বা কৃপালাভের জন্য সর্ব্বদা অতন্দ্রিত হইয়া তাঁহার সেবা করিবে। শ্রীবিষ্ণুর আবরণ-দেবতা-পূজায় (অপর) দেবতাগণের অর্চ্চন করিবে না; সর্ব্বদা তাঁহার নিত্যপার্ষদ বৈষ্ণবগণের পূজা করিবে। (পঞ্চসংস্কারে) নাম-মন্ত্রে দীক্ষিত অনন্যশরণ ভক্ত বৈষ্ণব কখনও গণেশাদি দেবতার অর্চ্চন করিবে না; যে যে স্থলে গণেশাদি দেবতা কর্ম্মিগণের পূজ্য, বিষ্ণুপূজায় সেই সেই স্থলে বিষ্বক্‌সেন, সনক, সনাতন, সনন্দন, সনৎকুমার—এই পঞ্চ মহাভাগবতের পূজা বৈষ্ণবগণের কর্ত্তব্য। যেস্থলে নবগ্রহ কর্ম্মিগণের অর্চ্চনীয়, সেই স্থলে কবিপ্রমুখ নবযোগেন্দ্র বৈষ্ণবগণের পূজনীয়। কর্ম্মিগণ যেস্থলে বিধিপূর্ব্বক দিক্‌পালগণের পূজা করিয়া থাকেন, বৈষ্ণবগণ সেই স্থলে ব্রহ্মা, মহাভাগবত শুকদেব, সদাশিব, গরুড়, নারদ, কপিল, বলি, ভীষ্মদেব, প্রহলাদ, হনুমান্, অম্বরীষ, জনক, মহাভাগবত যমদেব, স্বয়ম্ভুব মনু এবং বৈষ্ণবোত্তম ব্যাসাদির পূজা করিবেন। শ্রীবিষ্ণুর অর্চ্চনে যুগে যুগে প্রসিদ্ধ অপর বৈষ্ণবগণও পূজনীয়, কিন্তু কদাচ

যজেন্নিত্যং ন তু দেবান্ কদাচন। যত্র মাতৃগণাঃ পূজ্যাস্তত্র হ্যেতাঃ প্রপূজয়েৎ ॥ সদা ভগবতী পৌর্ণমাসী পদ্মান্তরঙ্গিকা। গঙ্গা কলিন্দ-তনয়া গোপী চন্দ্রাবলী তথা ॥ গায়ত্রী তুলসী বাণী পৃথিবী গৌশ্চ বৈষ্ণবী। শ্রীযশোদা দেবহূতিঃ দেবকী রোহিণীমুখা ॥ শ্রীসীতা দ্রৌপদী কুন্তী অপরা যা মহর্ষয়ঃ। রুক্মিণ্যাদ্যাস্তথা চাষ্ট মহিষ্যো যাশ্চ তা অপি ॥ গোপালোপাসকশ্চৈব শ্রীদামাদীন্ বিশেষতঃ এত-স্যাবরণত্বেন গোপালান্ পরিপূজয়েৎ ॥ শ্রীকৃষ্ণোপাসকস্তু তদৰ্চ্চনে সর্ব্বকর্ম্মণি ললিতাদ্যাঃ সহচরীঃ সসখীরঙ্গিণীযুতাঃ ॥ পূজয়েদ্বিধিনা কার্ষ্ণো যতো বৈষ্ণবদৈবতঃ। নান্যান্ কদাচিদ্বিবুধানুপদেবাংশ্চ শুদ্ধধীঃ ॥ বৈষ্ণবানাঞ্চ কার্য্যাণাং ক্রিয়ৈষা সাত্ত্বিকী যতঃ। ন রাজসী ন তামসী পাষণ্ডধর্ম্মভীতিতঃ ॥

পুনরত্রৈব শ্রীভগবন্তং প্রতি ভৃগুবচনং,—অহো রূপমহো শীল-মহো শান্তিরহো দয়া। অহো সুনির্ম্মলা ক্ষান্তিরহো সত্ত্বং গুণা হরে ॥ নৈসর্গিকং শুভং সত্ত্বং তবৈব গুণ-বারিধে। নান্যেষাং বিদ্যতে কিঞ্চিৎ

দেবগণের পূজা কর্ত্তব্য নহে। হে মহর্ষিগণ! যে-স্থলে মাতৃগণের পূজা কর্ম্মিগণের কর্ত্তব্য, সেই স্থলে বৈষ্ণবগণ সর্ব্বদা ইহাদিগকে পূজা করিবেন—ভগবতী পৌর্ণমাসী, পদ্মা, অন্তরঙ্গিকা, গঙ্গা, যমুনা, চন্দ্রা-বলী, গায়ত্রী, তুলসী, সরস্বতী, পৃথিবী, বৈষ্ণবী, গো, যশোদা, দেব-হূতি, দেবকী, রোহিণী, সীতা, দ্রৌপদী, কুন্তী, রুক্মিণী প্রভৃতি অপর সকল এবং যে যে অষ্ট মহিষী তাঁহারা। শ্রীগোপালোপাসক শ্রীগোপালের আবরণরূপে শ্রীদামাদি গোপালগণের বিশেষভাবে পূজা করিবেন। শ্রীকৃষ্ণোপাসক কৃষ্ণার্চ্চনে ও সকলকর্ম্মে সখী ও রঙ্গিনী-গণসহিত ললিতাদি সহচরীর বিধিপূর্ব্বক পূজা করিবেন। শুদ্ধবুদ্ধি কৃষ্ণভক্ত বৈষ্ণবদেবতাপরায়ণ বলিয়া কখনও অন্য দেবতা ও উপ-দেবতার পূজা করিবেন না। বৈষ্ণব-ক্রিয়াকলাপের ইহাই ক্রিয়া-পদ্ধতি—যেহেতু ইহা সাত্ত্বিকী। পাষণ্ডধর্ম্মভয়ে রাজসী ও তামসী ক্রিয়া বৈষ্ণবের অবিধেয়।

সর্ব্বেষাং ত্রিদিবৌকসাম্ ॥ ব্রহ্মণ্যশ্চ শরণ্যশ্চ ত্বমেব পুরুষোত্তম। ব্রাহ্মণানাং ত্বমেবেশো নান্যঃ পূজ্যঃ সুরঃ কৃচিৎ ॥ যেঽর্চ্চয়ন্তি সুরা-নন্যান্ ত্বাং বিনা পুরুষোত্তম। তে পাষণ্ডত্বমাপন্নাঃ সর্ব্বলোকবিগ-র্হিতাঃ ॥ বিপ্রাণাং বেদবিদুষাং ত্বমেবেজ্যো জনার্দ্দন। নান্যঃ কশ্চিৎ সুরাণান্তু পূজনীয়ঃ কদাচন ॥ অশুদ্ধা ব্রহ্মরুদ্রাদ্যা রজস্তমো-বিমিশ্রিতাঃ। ত্বং শুদ্ধসত্ত্বগুণবান্ পূজনীয়োঽগ্রজন্মনাম্ ॥ ত্বৎপাদ-সলিলং সেব্যং পিতৄণাঞ্চ দিবৌকসাম্। সর্ব্বেষাং ভূসুরাণাং চ মুক্তিদং কল্মষাপহম্ ॥ ত্বদ্ভুক্তোচ্ছিষ্টশেষং বৈ পিতৄণাং চ দিবৌ-কসাম্ ॥ ভূসুরাণাং চ সেব্যং স্যাৎ নান্যেষাং তু কদাচন ॥ ইত-রেষাং তু দেবানাং অন্নং পুষ্পং জলাদিকম্। অস্পৃশ্যং তু ভবেৎ সর্ব্বং নির্ম্মাল্যং সুরয়া সমম্ ॥ তস্মাদ্বৈ ব্রাহ্মণো নিত্যং পূজয়িত্বা সনাতনম্। তত্তীর্থং ভুক্তমন্নঞ্চ ভজতৈবানিশং বুধঃ ॥ নান্যদেবং

পুনঃ পদ্মপুরাণেই ভৃগু শ্রীভগবান্‌কে বলিতেছেন,—হে হরি! তোমার রূপ, শীল, শান্তি দয়া, সুনির্ম্মল ক্ষান্তি, সত্ত্ব ও গুণ—অপূর্ব্ব। হে গুণবারিধি! স্বাভাবিক মঙ্গলময় সত্ত্ব তোমারই আছে, সমস্ত দেবতার মধ্যে অপর কাহারও কিছুই নাই। হে পুরুষোত্তম! তুমিই ব্রহ্মণ্যদেব ও শরণ্য, তুমিই ব্রাহ্মণগণের প্রভু, কদাচ অন্য কোন দেবতা (তাঁহাদের) পূজ্য নহেন। হে পুরুষোত্তম! যাহারা তোমাকে ব্যতীত অপর দেবতাকে অর্চ্চন করে, তাহারা পাষণ্ডত্ব প্রাপ্ত হইয়া সর্ব্বজন-নিন্দিত হয়। হে জনার্দ্দন! বেদবিজ্ঞ বিপ্রগণের তুমিই পূজ্য, দেবগণের মধ্যে অপর কেহই কদাচ পূজনীয় নহেন। ব্রহ্ম-রুদ্রাদি দেবগণ রজস্তমোগুণমিশ্রিত, অতএব অশুদ্ধ; তুমি শুদ্ধ-সত্ত্বময় ও ব্রাহ্মণগণের পূজনীয়। তোমার পাদোদক ও ভুক্তাবশেষ পাপনাশক ও মুক্তিপ্রদ, তাহাই সকল পিতৃপুরুষের, দেবগণের ও ব্রাহ্মণগণের সেব্য; অপর কাহারও পাদোদক ও ভুক্তাবশেষ কদাচ সেব্য নহে। কিন্তু অপর দেবতার অন্ন, পুষ্প, জলাদি সমস্ত নির্ম্মাল্য সুরাসদৃশ ও অস্পৃশ্য। অতএব বিজ্ঞ ব্রাহ্মণ সর্ব্বদা সনাতন-দেবকে পূজা করিয়া

নিরীক্ষেত ব্রাহ্মণো ন চ পূজয়েৎ। নান্যপ্রসাদং ভুঞ্জীত নান্যদায়তনং বিশেৎ ॥ তদ্দদাতি হি যো বিপ্র পিতৃণাং শ্রাদ্ধকর্ম্মণি। তত্তুক্তমন্নং তীর্থঞ্চ তৎ সর্ব্বং বিফলং ভবেৎ ॥ কল্পকোটিসহস্রাণি কল্পকোটি-শতানি চ। পতন্তি পিতরস্তস্য নরকে পূয়শোণিতে ॥ নিবেদিতং তব বিভো যো জুহোতি দদাতি বা। দেবতানাঞ্চ পিতৃণামানন্ত্যং ধ্রুবমশ্নুতে ॥ তস্মাত্ত্বমেব বিপ্রাণাং পূজ্যো নান্যোঽস্তি কশ্চন। মোহাদ্যঃ পূজয়েদন্যং স পাষণ্ডী ভবেদ্ধ্রুবম্ ॥ ত্বং হি নারায়ণঃ শ্রীমান্ বাসুদেবঃ সনাতনঃ। বিষ্ণুঃ সর্ব্বগতো নিত্যঃ পরমাত্মা মহেশ্বরঃ। ত্বমেব সেব্যো বিপ্রাণাং ব্রহ্মণ্যঃ শুদ্ধসত্ত্ববান্ ॥ পূজ্য-ত্বাদ্ব্রাহ্মণানাং বৈ শুদ্ধসত্ত্বগুণাদপি। সর্ব্বেষামেব দেবানাং ব্রাহ্মণ-ত্বমবাপ্যতে ॥ ত্বামেব হি সদা বিপ্রা ভজন্তি পুরুষোত্তম। ব্রাহ্মণত্বে বভূবুস্তে নান্যে তত্র ন সংশয়ঃ ॥

কিঞ্চ, যথা স্কান্দে সেতুখণ্ডে,—ব্রহ্মজ্ঞো ব্রাহ্মণঃ প্রোক্তঃ শুদ্ধ-সত্ত্বাশয়ং সদা। দেবাদিদেবং গোবিন্দমৃতে নান্যৎ প্রপূজয়েৎ ॥ নিত্যে নৈমিত্তিকে কাম্যে সর্ব্বমাঙ্গল্যকর্ম্মণি। যদি মোহাৎ তু বিবুধান্ স চাণ্ডালো ভবেদ্ ধ্রুবম্ ॥

তথা ব্রহ্মবৈবর্ত্তে,—মোহাদ্ যো ব্রাহ্মণো ভূত্বা হ্যজ্ঞানাজ্ জ্ঞান-পূর্ব্বতঃ। অর্চ্চয়েদ্বিবুধাংশ্চেত্ত বিনা বিষ্ণুমধোগতিঃ।

তথা শ্রীউত্তরগীতায়াম্,—বৈষ্ণবান্ ভজ কৌন্তেয় মা ভজস্বান্য-দেবতাঃ! উপদেবাং স্তথা যক্ষরক্ষোভূতগণানপি ॥ বৃহদ্বিষ্ণুপুরাণে,—মামৃতেঽন্যাংস্তু বিবুধান্ বৈষ্ণবো ব্রাহ্মণোঽথবা। যদ্যর্চ্চয়েদ-বৈষ্ণবাংশ্চাণ্ডালত্বমবাপ্নুয়াৎ ॥ এতানি প্রমাণানি সুগমত্বান্ন ব্যাখ্যা-তানি। অপরাণি প্রমাণানি বহুতরাণি গ্রন্থ-বাহুল্যান্ন লিখিতানি। শ্রীমদ্ভাগবত প্রমাণং—মুমুক্ষবো ঘোররূপান্ হিত্বা ভূতপতীনথ।

তাঁহার পাদোদক ও ভুক্তান্ন সর্ব্বদা সেবা করিবেন। ব্রাহ্মণ অন্য দেবতাকে দর্শন ও পূজা করিবেন না, অন্য দেবতার প্রসাদ সেবা করিবেন না, অন্য দেবতার মন্দিরে প্রবেশ করিবেন না। অতএব যে বিপ্র পিতৃগণের শ্রাদ্ধকার্য্যে অপর দেবতার উচ্ছিষ্ট ও পাদোদক অর্পণ করেন, তৎসমস্ত বিফল হয়; তাঁহার পিতৃগণ পূয়শোণিতময় নরকে শতসহস্রকোটিকল্প পতিত হইয়া থাকেন। যে ব্যক্তি তোমায় নিবেদিত দ্রব্যে দেবগণের হোম করে এবং তাহা পিতৃগণকে অর্পণ করে, সে নিশ্চয়ই আনন্ত্য লাভ করে। সুতরাং তুমিই বিপ্রগণের পূজ্য—অপর কেহ নহে। যে ব্যক্তি মোহবশতঃ অপরের পূজা করে, সে নিশ্চয়ই পাষণ্ড হয়। তুমিই লক্ষ্মীপতি নারায়ণ, সনাতন বাসুদেব সর্ব্বব্যাপী বিষ্ণু, নিত্য মহেশ্বর পরমাত্মা। শুদ্ধসত্ত্বময় ব্রহ্মণ্যদেব তুমিই ব্রাহ্মণগণের সেব্য। তুমি (ব্রহ্মণ্যদেব) সকল ব্রাহ্মণের ও দেবগণের পূজ্য বলিয়া (তোমার পূজার দ্বারা) এবং শুদ্ধসত্ত্বগুণের দ্বারা ব্রাহ্মণত্ব লভ্য হইয়া থাকে। হে পুরুষোত্তম! যেহেতু ব্রাহ্মণগণ সর্ব্বদা তোমার ভজন করেন, তাহাতেই তাঁহারা ব্রাহ্মণত্ব লাভ করেন—অন্যেরা নহে, তাহাতে সংশয় নাই।

আরও স্কন্দপুরাণে সেতুখণ্ডে—নিত্য শুদ্ধসত্ত্বময়চিত্ত ব্রহ্মজ্ঞ ব্যক্তি ব্রাহ্মণ বলিয়া কথিত। নিত্য, নৈমিত্তিক, কাম্য, সর্ব্বমঙ্গলকর্ম্মে দেবাদিদেব গোবিন্দ ভিন্ন অন্যকে পূজা করিবে না। যদি কেহ মোহ-বশতঃ অন্য দেবতার পূজা করে, তাহা হইলে সে নিশ্চয়ই চাণ্ডাল হয়। ব্রহ্মবৈবর্ত্তে—যে ব্যক্তি ব্রাহ্মণ হইয়াও মোহবশতঃ জ্ঞানে বা অজ্ঞানে বিষ্ণু ব্যতীত অন্য দেবতার অর্চ্চন করে, তাহার অধোগতি হয় ॥ উত্তরগীতায়—হে কৌন্তেয়! বৈষ্ণবদেবগণের সেবা কর, অন্য দেবতা, উপদেবতা, যক্ষ-রক্ষঃ-ভূতগণকে পূজা করিও না ॥ বৃহদ্-বিষ্ণুপুরাণে—যদি বৈষ্ণব অথবা ব্রাহ্মণ আমা ভিন্ন অপর অবৈষ্ণব দেবতার অর্চ্চন করেন, তাহা হইলে তিনি চাণ্ডালত্ব প্রাপ্ত হন॥

এই সকল প্রমাণ সুবোধ্য বলিয়া ব্যাখ্যাত হইল না। গ্রন্থ-বাহুল্যভয়ে অন্যান্য বহুতর প্রমাণও লিখিত হইল না। শ্রীমদ্ভাগবতেও—অসূয়াহীন অর্থাৎ অপর দেবতার অনিন্দক, শান্তস্বভাব মুমুক্ষুগণ ভীষণ-স্বরূপ পিতৃ-ভূতপতিগণকে পরিত্যাগ করিয়া নারায়ণাবতার-

নারায়ণকলাঃ শান্তা ভজন্তি হ্যনসূয়বঃ ॥ রজস্তমঃপ্রকৃতয়ঃ সমশীলা ভজন্তি বৈ। পিতৃভূতপ্রজেশাদীন্ শ্রিয়ৈশ্বর্য্যপ্রজেপ্সবঃ ॥ (ভাঃ ১।২।২৬-২৭) ॥

তস্মাৎ শ্রীবিষ্ণুপূজায়াং তদাবরণপূজ্যত্বেন প্রথমং গণেশাদি-পূজাঽকরণপ্রত্যবায়পরিহারার্থং শ্রীবিষ্বক্সেন-সনক-সনাতন-সনন্দন-সনৎকুমারানেতান্ **পঞ্চমহাভাগবতান্** পূজয়েৎ। তত্র নবগ্রহপূজাদ্য-করণে প্রত্যবায়পরিহারার্থং শ্রীকবিহব্যন্তরীক্ষাদীন্ **নবযোগেন্দ্রান্** প্রপূজয়েৎ। তত্রেন্দ্রাদিদিক্পালাদিপূজাঽকরণপ্রত্যবায়পরিহারার্থং মহাভাগবতশ্রীপিতামহ- শুকদেব-সদাশিব- গরুড়- নারদ-কপিল-বলি-ভীষ্মপ্রহলাদহনূমদম্বরীষ-জনক-শমন-স্বায়ম্ভুবমনূদ্ধব-ব্যাসাদয়, এতান্ **শ্রীভাগবতোত্তমান্** সত্য-ত্রেতা-দ্বাপর-কলিযুগেষু যে যে মহাভাগবতোত্তমাস্তানপি পূজয়েৎ। তত্র গৌর্য্যাদিমাতৃগণপূজাঽকরণপ্রত্যবায়পরি-হারার্থং পৌর্ণমাসী-লক্ষ্ম্যন্তরঙ্গা-গঙ্গা-যমুনা-গোপী-বৃন্দাবতী-গায়ত্রী-

গণের ভজন করেন। কিন্তু পিতৃ-ভূত-প্রজাপতিগণের তুল্যপ্রকৃতি-বিশিষ্ট রজস্তমঃ-স্বভাব ব্যক্তিগণ শ্রী-ঐশ্বর্য্য পুত্রাদিকামনায় পিতৃ-ভূত-প্রজাপতির ভজন করে।

অতএব **শ্রীবিষ্ণুপূজায়** গণেশাদি দেবতার অপূজন-জনিত প্রত্যবায়-পরিহারার্থ প্রথমতঃ শ্রীবিষ্ণুর আবরণ-দেবতারূপে শ্রীবিষ্বক্সেন-সনক-সনাতন-সনন্দন-সনৎকুমার এই **পঞ্চ মহাভাগবতের** পূজা করিবে। নবগ্রহপূজার অকরণ-জনিত প্রত্যবায়-পরিহারার্থ শ্রীকবি-হবি-অন্তরীক্ষাদি **নবযোগেন্দ্রের** পূজা করিবে। ইন্দ্রাদি দিক্পালগণের অপূজনদোষ-পরিহারার্থ মহাভাগবত ব্রহ্মা, শুকদেব, সদাশিব, গরুড়, নারদ, কপিল, বলি, ভীষ্ম, প্রহলাদ, হনূমান্, অম্বরীষ, জনক, যমদেব, স্বায়ম্ভুবমনু, উদ্ধব, ব্যাস প্রভৃতি **ভাগবতোত্তমগণের** এবং সত্য-ত্রেতা দ্বাপর-কলিযুগের যে-সকল মহাভাগবত, তাঁহাদেরও পূজা করিবে। গৌরী প্রভৃতি মাতৃগণের পূজা-অকরণ-দোষ পরিহারের নিমিত্ত পৌর্ণমাসী, লক্ষ্মী, অন্তরঙ্গা, গঙ্গা, যমুনা, গোপী,

তুলসী-সরস্বতী-পৃথিবী-গাবস্তথা, শ্রীযশোদা-দেবহূতি-দেবকী-রোহিণী-সীতা-দ্রৌপদী-কুন্তী-রুক্মিণী-সত্যভামা-জাম্ববতী-নাগ্নজিতী-লক্ষ্মণা-কালিন্দী-ভদ্রা-মিত্রবিন্দা এতা অপরা **যা বৈষ্ণব্যস্তা** অপি পরি-পূজয়েৎ। শ্রীগোপালোপাসকঃ শ্রীদামাদীন্ গোপালান্ অস্য পার্ষদ-ত্বেন পূজয়েৎ। অপরঃ **শ্রীরাধাকৃষ্ণোপাসকো** ভক্তঃ **শ্রীললিতাদ্যাঃ** সখীসহচরী-রঙ্গিনীগণযুতা অনয়োঃ শ্রীযুগলয়োঃ পার্ষদত্বেনাবশ্যমেব পরিপূজয়েৎ। ততোঽপরে শ্রীমন্নারায়ণস্য শ্রীমৎস্যাদিবিবিধাবতারো-পাসকাস্ত তত্তন্নিজসেবকপার্ষদত্বেন তেষাং তেষাং তান্ তান্ পার্ষদ-ভক্তান্ প্রপূজয়েয়ুঃ। অয়ং ভাবার্থঃ। এবং বিধিনা **শ্রীমদ্বাসুদেবং** ষোড়শোপচারৈর্দ্বাদশোপচারৈর্দশোপচারৈঃ পঞ্চোপচারৈর্বা(১) পার্ষদৈঃ সহ পূজয়িত্বা **পুরুষসূক্তমন্ত্রৈরপরসত্ত্বগুণসম্বলিতসদ্বেদমন্ত্রৈর্বা আগমো-**

বৃন্দাবতী, গায়ত্রী, তুলসী, সরস্বতী, পৃথিবী, গো, যশোদা, দেবহূতি, দেবকী, রোহিণী, সীতা, দ্রৌপদী, কুন্তী, রুক্মিণী, সত্যভামা, জাম্ববতী, নাগ্নজিতী, লক্ষ্মণা, কালিন্দী, ভদ্রা, মিত্রবিন্দা—এই সকল এবং অপর **বৈষ্ণবীগণের** পূজা করিবে। শ্রীশ্রীরাধাকৃষ্ণের উপাসক ভক্ত সখী-সহচরী-রঙ্গিনীগণসহিত **শ্রীললিতাদিকে শ্রীযুগলের পার্ষদরূপে** অবশ্য পূজা করিবেন। শ্রীনারায়ণের মৎস্যাদি বিবিধ অবতারের উপাসক ভক্তগণ তাঁহাদের নিজ-নিজ সেবক-পার্ষদরূপে অবতারগণের পার্ষদ-বর্গের পূজা করিবে। এইরূপ বিধিতে পার্ষদসহ ভগবান্ শ্রীবাসু-দেবের ষোড়শ, দ্বাদশ, দশ বা পঞ্চ উপচারে পুরুষসূক্তমন্ত্রে বা অপর

(১) ষোড়শোপচার—আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমন, মধুপর্ক, স্নান, বস্ত্র, উপবীত, ভূষণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, নমস্কার। (হঃ ভঃ বিঃ ৬ষ্ঠ বিঃ আসনাদ্যর্পণ)

দ্বাদশোপচার—আসন, পাদ্য, অর্ঘ্য, আচমন, মধুপর্ক, স্নান, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, নমস্কার।

দশোপচার—আসন, পাদ্য, অর্ঘ্য, আচমন, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, নমস্কার।

পঞ্চোপচার—আসন, পাদ্য, অর্ঘ্য, গন্ধ, পুষ্প।

ক্তৈর্ম্মন্ত্রৈর্বা, ততোঽধিবাসং বিধানোক্তং কুর্য্যাৎ। কেবলং শ্রীভগবন্তং বিনা, তথা শ্রীকার্ষ্ণাদিসকলবৈষ্ণবান্ শ্রীবিষ্বক্সেনাদীন্ বিনা নিত্যনৈমিত্তিককাম্যাপরসকলমাঙ্গল্যাদিষু সর্ব্বকর্ম্মসু স্বপ্নেঽপি প্রাণান্তে নৈব গণেশাদিবিবুধান্ সর্ব্বান্ পূজয়েৎ গৃহী বৈষ্ণবো যঃ কোঽপি ব্রাহ্মণাদিঃ।

অথ বিবাহকর্ম্ম (৪)

অথ বিবাহকর্ম্মাভিধীয়তে

তত্র [জ্ঞাতিকর্ম্ম (৪ক), যথা]—যথা—বিবাহদিবসে মুদ্গ-যব-মাষ-মসূরাণাং শ্লক্ষ্ণচূর্ণান্যেকীকৃত্য কন্যায়াঃ শরীরে ম্রক্ষয়িত্বা—(১) 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা, জ্ঞাতিকর্ম্মণি কন্যায়াঃ শরীরপ্লাবনে বিনিয়োগঃ,—ওঁ বিষ্ণুদেব শ্রীবিষ্ণুনামাসি, সমানয় অমুং (অত্র পতিনাম বক্তব্যং), প্রহ্বা তে অভবৎ, পরমত্র জন্মাগ্নেঃ তপসো নির্ম্মিতোঽস্তি স্বাহা'—অনেন অমুমিতি স্থানে পতিনাম লিখিত্বা উদকপূর্ণকুম্ভে নিঃক্ষিপ্য, কুম্ভস্থবারিণা

সত্ত্বগুণসম্বলিত সদ্বেদমন্ত্রে অথবা আগমোক্তমন্ত্রে পূজা করিয়া বিধানানুসারে অধিবাস করিবে। যে-কোন ব্রাহ্মণাদি গৃহী বৈষ্ণব নিত্য-নৈমিত্তিক-কাম্য ও অন্যান্য সকল মঙ্গলকর্ম্মে কেবল শ্রীভগবান্, কার্ষ্ণাদি সকল বৈষ্ণব ও শ্রীবিষ্বকসেনাদি ব্যতীত গণেশাদি দেবগণকে প্রাণান্তে স্বপ্নেও পূজা করিবে না।

(৪) অনন্তর বিবাহকর্ম্ম অভিহিত হইতেছে। তদন্তর্গত জ্ঞাতিকর্ম্ম (ক) যথা—বিবাহদিবসে মুদ্গ, যব, মাষকলাই মসূরের সূক্ষ্ম চূর্ণ একত্র করিয়া কন্যার শরীরে মাখাইবে। তৎপরে একটি পত্রে পতির নাম লিখিয়া উহা জলপূর্ণ কলসীর মধ্যে নিঃক্ষেপ করিয়া

শিরঃ প্রভৃতি কন্যাং স্নাপয়েৎ। ততঃ (২) 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ মধ্যেজ্যোতির্জগতী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা জ্ঞাতিকর্ম্মণি কন্যায়া নাভেরধোদেশপ্রক্ষালনে বিনিয়োগঃ, ওঁ ইমং অধোদেশং নাভেঃ মধুনা প্রক্ষালয়ামি, প্রজাপতেঃ মুখমেতৎ দ্বিতীয়ং, তেন পুংসোঽভিভবাসি সর্ব্বান্ অবশান্, বশিনী অসি রাজ্ঞী স্বাহা'—অনেন কিঞ্চিৎ শিরসি দত্ত্বা ক্রোড়ে বহুতরং জলং দদ্যাৎ। (৩) 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ উপরিষ্টাজ্জ্যোতিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা জ্ঞাতিকর্ম্মণি কন্যায়াঃ শির-আদিপাদ-পর্য্যন্ত-সর্ব্বশরীরপ্লাবনে বিনিয়োগঃ,—ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততং স্বাহা' —অনেনাপি পূর্ব্ববদেব শিরসি কিঞ্চিদুদকং দত্ত্বা তদিতরদেশে বহুজলং দদ্যাৎ, যতঃ সর্ব্বদেহঃ প্লাবিতো ভবতি। ইতি জ্ঞাতিকর্ম্ম ॥

সম্প্রদানম্ (৪খ)

অথ সম্প্রদাতা লগ্নসময়ে সম্প্রদানশালায়াম্ উত্তরতো ধেনুং বদ্ধা বিষ্টরাদিকং সজ্জীকৃত্য আচম্য উত্তরাভিমুখ উপবিষ্টতিষ্ঠেৎ। ততঃ সম্মুখোপস্থিতে বরে শ্রীবিষ্ণুস্মরণং স্বস্তিবাচনঞ্চ কৃত্বা (অর্চ্চন-পদ্ধত্যাং দ্রষ্টব্যং) বরং বৃণুয়াৎ। যথা—সম্প্রদাতা কৃতাঞ্জলির্বরং

মূলস্থ ১ সংখ্যক মন্ত্র পাঠপূর্ব্বক কুম্ভস্থ জলদ্বারা মস্তক হইতে আরম্ভ করিয়া কন্যাকে স্নান করাইবে। অতঃপর মূলস্থ ২ সংখ্যক মন্ত্র পাঠপূর্ব্বক কন্যার মস্তকে কিঞ্চিৎ জল দিয়া ক্রোড়দেশে প্রচুর জল ঢালিয়া দিবে। অনন্তর মূলস্থ ৩ সংখ্যক মন্ত্র পাঠ করিয়া মস্তকে কিঞ্চিৎ জল দিয়া অন্য সর্ব্বাঙ্গে প্রচুর জল দিবে—যাহাতে সমস্তদেহ প্লাবিত হয় ॥ ইতি জ্ঞাতিকর্ম্ম ॥

(খ) সম্প্রদান—অনন্তর সম্প্রদাতা লগ্নসময়ে সম্প্রদানগৃহে উত্তরদিকে একটি গাভী বন্ধন করিয়া, বিষ্টরাদি সজ্জিত করিয়া আচমনপূর্ব্বক উত্তরমুখী হইয়া উপবেশন করিবে। বর সম্মুখে

বদেৎ—'ওঁ সাধু ভবান্ আস্তাম্'। জামাতা বদেৎ—'ওঁ সাধু অহম্ আসে'। সম্প্রদাতা বদেৎ—'ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্'। জামাতা বদেৎ—'ওঁ অর্চ্চয়'। ততঃ সম্প্রদাতা গন্ধ-মাল্য-যথাশক্ত্যঙ্গুরীয়-যজ্ঞোপবীত-বাসোযুগানি জামাত্রে সমর্প্য কৃতাঞ্জলির্বদেৎ—'ওঁ বিষ্ণুঃ ওঁ তৎ সৎ অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকপক্ষে অমুকতিথৌ কন্যাদানার্থং এভিঃ গন্ধাদিভিঃ অভ্যর্চ্চ ভবন্তং অহং বরত্বেন বৃণে'। জামাতা বদেৎ—ওঁ বৃতোঽস্মি'। ততঃ সম্প্রদাতা ইমং মন্ত্রং পঠেৎ—ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ অর্হণীয়া গৌঃ বিষ্ণুঃ দেবতা গবোপস্থাপনে বিনিয়োগঃ—ওঁ অর্হণা পুত্রবাসসা ধেনুরভবৎ যমে, সা নঃ পয়স্বতী দুহাম্ উত্তরামুত্তরাং সমাম্'। ততো জামাতা পঠতি—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দো বিরাড় বিষ্ণুঃ দেবতা উপবিশদ্-অর্হণীয়জপে বিনিয়োগঃ—ওঁ ইদমহমিমাং পাদ্যাং বিরাজম্ অন্নাদ্যায়াধিতিষ্ঠামি' —ইমং মন্ত্রং জপন্ আসনে প্রাঙমুখ উপবিশতি। ততঃ সম্প্রদাতা সাগ্রপঞ্চবিংশতিকুশপত্রৈঃ সার্দ্ধদ্বির্বামাবর্ত্তগ্রন্থিরচিতম্ অধোমুখং বিষ্টরমুত্তরাগ্রম্ উত্তানহস্তাভ্যাং গৃহীত্বা, 'ওঁ বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাম্', ইত্যভিদধানো জামাত্রে বিষ্টরমর্পয়তি।

উপস্থিত হইলে সম্প্রদাতা শ্রীবিষ্ণুস্মরণ ও স্বস্তিবাচন করিয়া (অর্চ্চন-পদ্ধতিতে দ্রষ্টব্য) বরকে বরণ করিবে। যথা, সম্প্রদাতা করজোড়ে বরকে বলিবে—'ওঁ সাধু' ইত্যাদি। জামাতা বলিবে—'ওঁ সাধু' ইত্যাদি। সম্প্রদাতা—'ওঁ অর্চ্চয়িষ্যামঃ' ইত্যাদি। জামাতা—'ওঁ অর্চ্চয়'। অনন্তর সম্প্রদাতা গন্ধ-মাল্য যথাশক্তি-অঙ্গুরীয়ক-যজ্ঞোপবীত-বস্ত্রযুগল জামাতাকে অর্পণ করিয়া করজোড়ে বলিবে—'ওঁ বিষ্ণুঃ' ইত্যাদি। জামাতা—ওঁ বৃত, ইত্যাদি। তৎপরে সম্প্রদাতা মন্ত্র পাঠ করিবেন—'ওঁ প্রজাপতি' ইত্যাদি। অতঃপর—জামাতা —'ওঁ প্রজাপতিঃ........অধিতিষ্ঠামি' মন্ত্র পাঠ করিয়া আসনে পূর্ব্বমুখ হইয়া বসিবে। তৎপরে সম্প্রদাতা পঁচিশটী অগ্রভাগ-সহিত

জামাতা, 'ওঁ বিষ্টরং প্রতিগৃহ্ণামি', ইতি বিষ্টরং প্রতিগৃহ্ণাতি। 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ অনুষ্টুপ্ছন্দ ওষধ্যো বিষ্ণুঃ দেবতা বিষ্টরস্য আসনদানে বিনিয়োগঃ—ওঁ যা ওষধীঃ সোমরাজ্ঞীঃ বহ্বীঃ শতবিচক্ষণাঃ, তা মহ্যমস্মিন্ আসনে অচ্ছিদ্রাঃ শর্ম্ম যচ্ছত'—ইত্যাসনে বিষ্টরমুত্তরাগ্রং দত্ত্বোপবিশতি। ততঃ পুনরপি সম্প্রদাতা তাদৃশমেব বিষ্টরং গৃহীত্বা, 'ওঁ বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাম্', ইত্যভিদধানস্তথৈব বিষ্টরমর্পয়তি। জামাতা, 'ওঁ বিষ্টরং প্রতিগৃহ্ণামি', ইতি তথৈব বিষ্টরং গৃহীত্বা পঠেৎ—ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দ ওষধ্যো বিষ্ণুঃ দেবতাঃ বিষ্টরস্য পাদয়োরধস্তাদ্দানে বিনিয়োগঃ—ওঁ যা ওষধীঃ সোমরাজ্ঞীঃ বিষ্ঠিতাঃ পৃথিবীম্ অনু, তা মহ্যমস্মিন্ পাদয়োঃ অচ্ছিদ্রাঃ শর্ম্ম যচ্ছত'—ইতি পাদয়োরধস্তাদ্ উত্তরাগ্রং বিষ্টরং স্থাপয়েৎ। অথ সম্প্রদাতা পানীয়পাত্রং গৃহীত্বা, 'ওঁ পাদ্যাঃ পাদ্যাঃ পাদ্যাঃ প্রতিগৃহ্যন্তাম্', ইত্যভিদধানঃ পাদ্যা অর্পয়তি। জামাতা চ, 'ওঁ পাদ্যাঃ প্রতিগৃহ্ণামি', ইতি গৃহীত্বা—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ বিরাড়গায়ত্রী ছন্দঃ আপো বিষ্ণুঃ দেবতাঃ পাদপ্রক্ষালনার্থোদকবীক্ষণে বিনিয়োগঃ, ওঁ যতো দেবীঃ প্রতিপশ্যামি আপঃ ততো মা ঋদ্ধিরাগচ্ছতু'—ইত্যনেন উদকং বীক্ষেত। ততো জামাতা তস্মাদেব পাত্রাদুদকাঞ্জলিং গৃহীত্বা, 'ওঁ

কুশপত্রকে আড়াইটী কুশপত্রের দ্বারা বামাবর্ত্তে গ্রন্থিবদ্ধ করিয়া ঐ কুশগ্রন্থিকে অধোমুখ ও উত্তরাগ্রভাবে উত্তান হস্তদ্বয়ে গ্রহণ করিয়া 'ওঁ বিষ্টরঃ' ইত্যাদি মন্ত্রে জামাতাকে অর্পণ করিবে। জামাতা 'ওঁ বিষ্টর' ইত্যাদি মন্ত্রে উহা গ্রহণ করিয়া, 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্র-পাঠপূর্ব্বক আসনে উত্তরাগ্র বিষ্টর স্থাপন করিয়া উপবেশন করিবে। সম্প্রদাতা পুনরায় ঐরূপ বিষ্টর গ্রহণ করিয়া ঐরূপ মন্ত্রে ঐরূপভাবে জামাতাকে দিবে। জামাতা পূর্ব্ববৎ উহা গ্রহণ করিয়া 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্র পাঠ করতঃ পদদ্বয়ের নীচে উত্তরাগ্র বিষ্টর স্থাপন করিবে। অনন্তর সম্প্রদাতা পানীয় পাত্র গ্রহণ করিয়া 'ওঁ পাদ্যাঃ'

প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ বিরাড়গায়ত্রী ছন্দঃ আপো বিষ্ণুঃ দেবতা সব্য-পাদপ্রক্ষালনে বিনিয়োগঃ, ওঁ সব্যং পাদম্ অবনেনিজে, অস্মিন্ রাষ্ট্রে শ্রিয়ং দধে'—ইত্যনেন বামপাদে উদকাঞ্জলিং দদ্যাৎ। ততঃ পুনরপি উদকাঞ্জলিং গৃহীত্বা, 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ বিরাড়গায়ত্রী ছন্দঃ আপো বিষ্ণুঃ দেবতা দক্ষিণপাদপ্রক্ষালনে বিনিয়োগঃ, ওঁ দক্ষিণং পাদম্ অবনেনিজে, অস্মিন্ রাষ্ট্রে শ্রিয়মাবেশয়ামি'—অনেন দক্ষিণ-পাদে উদকাঞ্জলিং দদ্যাৎ। ততঃ পুনরুদকাঞ্জলিং গৃহীত্বা, 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ বিরাড়গায়ত্রী ছন্দঃ আপো বিষ্ণুঃ দেবতা উভয়পাদপ্রক্ষালনে বিনিয়োগঃ, ওঁ পূর্ব্বম্ অন্যং পরম্ অন্যম্ উভয়-পাদৌ অবনেনিজে, রাষ্ট্রস্যর্দ্ধ্যা অভয়স্যাবরুদ্ধ্যৈ' —অনেন পাদদ্বয়-মধ্যে উদকাঞ্জলিং দদ্যাৎ। ততঃ সম্প্রদাতা সাক্ষতদূর্ব্বাপল্লবান্ শঙ্খাদিপাত্রে নিধায়, 'ওঁ অর্ঘ্যম্ অর্ঘ্যম্ অর্ঘ্যং প্রতিগৃহ্যতাং', ইতি জামাত্রে অর্ঘ্যম্ অর্পয়তি। জামাতা, 'ওঁ অর্ঘ্যং প্রতিগৃহ্নামি', ইতি গৃহীত্বা—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ অর্ঘ্যরূপো বিষ্ণুঃ দেবতা অর্ঘ্য-প্রতিগ্রহণে বিনিয়োগঃ, ওঁ অন্নস্য রাষ্ট্রিরসি রাষ্ট্রিস্তে ভূয়াসং'—অনেনার্ঘ্যং শিরসি দদ্যাৎ। ততঃ সম্প্রদাতা পুনরুদকপাত্রং গৃহীত্বা, 'ওঁ আচমনীয়ম্ আচমনীয়ম্ আচমনীয়ং প্রতিগৃহ্যতাং', ইতি জামাত্রে সমর্পয়তি। জামাতা, 'ওঁ আচমনীয়ং প্রতিগৃহ্নামি', ইত্যুদকপাত্রং

ইত্যাদি মন্ত্রে পাদ্য অর্পণ করিবে। জামাতা 'ওঁ পাদ্যাঃ' ইত্যাদি মন্ত্রে উহা গ্রহণ করিয়া 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্রে ঐ জল দর্শন করিবে। অতঃপর জামাতা সেই পাত্র হইতে এক অঞ্জলি জল লইয়া 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্রে উহা বাম পদে দিবে। পুনরায় আর এক অঞ্জলি গ্রহণ করিয়া 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্রে দক্ষিণ পদে দিবে। পুনঃ অপর অঞ্জলি গ্রহণ-পূর্ব্বক 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্রে উভয় পদে দিবে। অতঃপর সম্প্রদাতা অক্ষত ও দূর্ব্বাপল্লব শঙ্খাদি পাত্রে স্থাপন করিয়া 'ওঁ অর্ঘ্যং' ইত্যাদি মন্ত্রে জামাতাকে অর্পণ করিবে। জামাতা 'ওঁ অর্ঘ্যং' ইত্যাদি মন্ত্রে উহা গ্রহণ করিয়া 'ওঁ

গৃহীত্বা পঠেৎ—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষি আচমনীয়ং বিষ্ণুঃ দেবতা আচমনীয়াচমনে বিনিয়োগঃ, ওঁ যশোহসি যশোময়ি ধেহি'—অনেনোত্তরাভিমুখীভূয় আচামেৎ। ততঃ সম্প্রদাতা ঘৃতদধিমধুযুক্তং মধুপর্কং পবিত্রপাত্রে নিধায় পাত্রান্তরেণ পিহিতং গৃহীত্বা পঠেৎ, 'ওঁ মধুপর্কো মধুপর্কো মধুপর্কঃ প্রতিগৃহ্যতাং', ইতি মধুপর্কমর্পয়তি। জামাতা, 'ওঁ মধুপর্কং প্রতিগৃহ্নামি', ইতি গৃহীত্বা—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঃ ঋষিঃ মধুপর্কো বিষ্ণুঃ দেবতা অর্হণীয়মধুপর্কগ্রহণে বিনি-য়োগঃ, ওঁ যশসো যশোহসি'—অনেন মধুপর্কং গৃহীত্বা ভূমৌ সং-স্থাপ্য,—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ মধুপর্কো বিষ্ণুঃ দেবতা অর্হণীয়-মধুপর্কপ্রাশনে বিনিয়োগঃ, ওঁ যশসো ভক্ষোহসি, মহসো ভক্ষোহসি শ্রীর্ভক্ষোহসি, শ্রিয়ং ময়ি ধেহি'—অনেন মন্ত্রেণ বারত্রয়ং ভক্ষয়িত্বা পুনঃ সকৃৎ তুষ্ণীং ভক্ষয়েৎ।

ততঃ পূর্ব্বাভিমুখং বরং সম্প্রদাতা উত্তরাভিমুখঃ অথবা পশ্চি-মাভিমুখো ভূত্বা কন্যাসম্প্রদানং কুর্য্যাৎ।

অন্নস্য' ইত্যাদি মন্ত্রে উক্ত অর্ঘ্য মস্তকে দিবে। অতঃপর সম্প্রদাতা পুনঃ উদকপাত্র লইয়া—'ওঁ আচমনীয়ং' ইত্যাদি মন্ত্রে উহা জামাতাকে অর্পণ করিবে। জামাতা 'ওঁ আচমনীয়ং' ইত্যাদি মন্ত্রে উহা গ্রহণ করিয়া 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক উত্তরমুখী হইয়া আচমন করিবে। অতঃপর সম্প্রদাতা ঘৃত-দধি-মধুযুক্ত মধুপর্ক পবিত্র পাত্রে স্থাপন করিয়া অন্য পাত্রের দ্বারা উহা আচ্ছাদনপূর্ব্বক হস্তে হইয়া 'ওঁ মধুপর্কঃ' ইত্যাদি মন্ত্রে জামাতাকে দিবে। জামাতা তখন 'ওঁ মধুপর্কং' ইত্যাদি মন্ত্রে গ্রহণ করিয়া, 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্রে মধুপর্ক মাটিতে স্থাপন করিয়া, 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্র উচ্চারণ-পূর্ব্বক উহা তিনবার ভক্ষণ করিবে। পুনরায় অমন্ত্রক একবার ভক্ষণ করিবে।

অতঃপর সম্প্রদাতা উত্তরমুখী বা পশ্চিমমুখী হইয়া পূর্ব্বাভিমুখে উপবিষ্ট বরকে কন্যা সম্প্রদান করিবে।

যথা মনুঃ,—সর্ব্বত্র প্রাঙমুখো দাতা গ্রহীতা চ উদঙমুখঃ। অয়মুক্তো বিধির্দানে বিবাহে তু বিপর্য্যয়ঃ ॥ সর্ব্বত্র দানে অন্নজলাদিবিবিধসকলদানবিষয়ে দাতা প্রাঙমুখঃ পূর্ব্বমুখো ভবেৎ, গ্রহীতা উদঙমুখ উত্তরমুখো ভবেৎ। অয়ং বিধিঃ সর্ব্বমুনিভিরুক্তঃ কথিতো, নাত্র সন্দেহঃ। কিন্তু বিবাহে স এব ব্যতিক্রমো ভবতি। ব্যতিক্রমমাহ—কন্যাসম্প্রদানকর্ত্তুরুদঙমুখত্বং কন্যাগ্রহণকর্ত্তুঃ প্রাঙমুখত্বমেবেতিনির্গলিতার্থঃ। তথা হারীতঃ—দানং পূর্ব্বমুখঃ কুর্য্যাৎ সর্ব্বমন্নজলাদিকম্। আর্য্যাবর্ত্তে সম্প্রদাতা কন্যাদানমুদঙমুখঃ ॥ কিঞ্চ বিষ্ণুঃ—প্রাঙমুখঃ সর্ব্বদানেষু দাতা ভবতি সর্ব্বদা। কন্যাপ্রদস্তু সর্ব্বত্র বৈ ভবেদুত্তরামুখঃ ॥ তথা হয়শীর্ষপঞ্চরাত্রে—বরায় প্রাঙমুখায়েহ পূতায় হ্যুত্তরামুখঃ। পশ্চিমাভিমুখীং কন্যাং পিতা দদ্যাৎ সুলক্ষণাম্ ॥

ততো জামাতা আচান্তো মঙ্গলৌষধিলিপ্তেন দক্ষিণহস্তেন তাদৃশমেব কন্যায়া দক্ষিণহস্তং গৃহীত্বা স্বদক্ষিণহস্তোপরি নিদধ্যাৎ। ততঃ সৌভাগ্যবতী পতিপুত্রবতী নারী মঙ্গলপূর্ব্বকং কুশেন (মাল্যযুক্তেন) হস্তদ্বয়ং বধ্নাতি। ততঃ সম্প্রদাতা গন্ধ-পুষ্প-তুলসী-ফলসহিত-

---

যথা মনুসংহিতায়—দাতা সর্ব্বত্র পূর্ব্বমুখ, গ্রহীতা উত্তরমুখ—ইহা দানবিধি। কিন্তু বিবাহে ইহার বিপর্য্যয়। অন্নজলাদি নানাবিধ দ্রব্যের সর্ব্বপ্রকার দান-বিষয়ে দাতা পূর্ব্বমুখ হইবেন, গ্রহীতা উত্তরমুখ হইবেন—এই বিধি মুনিগণ বলিয়াছেন, সন্দেহ নাই। কিন্তু বিবাহে তাহার ব্যতিক্রম হয়। ব্যতিক্রম এই—কন্যা-সম্প্রদানকর্ত্তার উত্তরমুখতা, কন্যাগ্রহীতার পূর্ব্বমুখতা—ইহাই ফলিতার্থ। হারীতসংহিতায়—আর্য্যাবর্ত্তে দাতাপূর্ব্বমুখ হইয়া অন্নজলাদি সমস্ত দান করিবে, উত্তরমুখ হইয়া কন্যাদান করিবে। বিষ্ণুসংহিতায়—সর্ব্বপ্রকার দানে দাতা পূর্ব্বমুখী হইয়া থাকে, কন্যাদাতা সর্ব্বত্র উত্তরমুখী হইবে। হয়শীর্ষপঞ্চরাত্রে—উত্তরমুখী পিতা পূর্ব্বমুখী বরকে পশ্চিমাভি মুখী সুলক্ষণা কন্যা দান করিবে ॥

মুদকপাত্রং গৃহীত্বা শ্রীবিষ্ণুস্মরণং কুর্য্যাৎ। ততঃ—'ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসৎ অদ্য ব্রহ্মণো দ্বিতীয়পরার্দ্ধে, শ্বেতবরাহকল্পে (বা পাদ্মকল্পে) বৈবস্বতাখ্যমন্বন্তরে, অষ্টাবিংশতিকলিযুগস্য প্রথমসন্ধ্যায়াং ব্রহ্মবিংশতৌ বর্ত্তমানায়াং, যথানাম শুভসম্বৎসরে, যথায়নে, অমুক-ঋতৌ, অমুক-মাসি, অমুক-পক্ষে, অমুক-রাশিস্থিতে ভাস্করে, অমুকতিথৌ অমুকবারান্বিতায়াম্ অমুকনক্ষত্রসংযুতায়াং, শ্রীচন্দ্রমসি যথাস্থানাবস্থিতে ভৌমাদিগ্রহযোগ-করণ-মুহূর্ত্তশকাদিষু, জম্বুদ্বীপে ভারতখণ্ডে মেধীভূতস্য সুমেরোঃ দক্ষিণে লবণার্ণবস্যোত্তরে কোণে গঙ্গায়াঃ পশ্চিমে (বা অন্যস্মিন্) ভাগে পুরাণভূমৌ শ্রীশালগ্রামশিলা-গো-ব্রাহ্মণ-বৈষ্ণব-বহ্নি-সন্নিধৌ অস্মিন্ বিশিষ্টে ভারতবর্ষাখ্যপুণ্যভূপ্রদেশে অমুক-গোত্রস্য অমুকপ্রবরস্য অমুকবেদান্তর্গতস্য অমুকশাখৈকদেশাধ্যায়িনঃ অমুকদেবশর্ম্মণঃ(১) প্রপৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকবেদান্তর্গতস্য অমুকশাখৈকদেশাধ্যায়িনঃ অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকবেদান্তর্গতস্য অমুকশাখৈকদেশাধ্যায়িনঃ অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় অমুকবেদান্তর্গতায় অমুকশাখৈকদেশাধ্যায়িনে শ্রীঅমুকদেবশর্ম্মণে বিশিষ্টবরায়,—অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকবেদান্তর্গতস্য অমুকশাখৈকদেশাধ্যায়িনঃ অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং,

---

তৎপরে জামাতা আচমনপূর্ব্বক মঙ্গলৌষধিলিপ্ত নিজ দক্ষিণহস্তে কন্যার তাদৃশ দক্ষিণহস্ত স্থাপন করিবে। অনন্তর পতিপুত্রবতী সৌভাগ্যবতী নারী মাল্যযুক্ত কুশের দ্বারা মঙ্গলাচারপূর্ব্বক হস্তদ্বয় বন্ধন করিয়া দিবে। অতঃপর সম্প্রদাতা তিল-তুলসী-কুশ-কুসুম-ফলসহিত জলপাত্র গ্রহণ করিয়া শ্রীবিষ্ণুস্মরণ করিবে। (অর্চ্চন-পদ্ধতি দ্রষ্টব্য)। অনন্তর 'ওঁ বিষ্ণুঃ ওঁ তৎ সৎ' ইত্যাদি সম্প্রদান-

---

(১) পাঞ্চরাত্রিক শুদ্ধ বৈষ্ণবগণ অমুকদেবশর্ম্ম-স্থলে শ্রীগুরুদেবের নিকট প্রাপ্ত নাম উল্লেখ করিবেন। যথা—গোপালদাসাধিকারী, অথবা গোপালদাসশর্ম্মা।

—৮

অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকবেদান্তর্গতস্য অমুকশাখৈকদেশাধ্যায়িনঃ অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকবেদান্তর্গতস্য অমুকশাখৈকদেশাধ্যায়িনঃ অমুকদেবশর্ম্মণঃ পুত্রীম্, অমুকগোত্রাম্ অমুকপ্রবরাম্ অমুকবেদান্তর্গতাম্ অমুকশাখৈকদেশাধ্যায়িনীম্ শ্রীমতীম্ অমুকাভিধানাং এতাং কন্যাং সবস্ত্রাং যথাশক্ত্যলঙ্কৃতাম্ অরোগিণীম্ অপ্রবাসিনীং যথাকালোপস্থাপিনীং ওঁ প্রজাপতিবিষ্ণুদেবতাকাং শ্রীশ্রীরাধাকৃষ্ণস্মারণপূর্ব্বকং শ্রীঅমুকদেবশর্ম্মদ্বারা স্বয়ং শ্রীশ্রীরাধাকৃষ্ণৌ দত্তাম্'—ইতি বরকন্যয়োর্হস্তোপরি তত্তুলসীজলং গন্ধপুষ্পাদিসংযুক্তম্ অর্পয়েৎ। ততো জামাতা. 'ওঁ স্বস্তি', ইতি ব্রূয়াৎ, ততঃ শ্রীমতীং বৈষ্ণবীং গায়ত্রীং জপেৎ—'ওঁ নারায়ণায় বিদ্মমে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ'; অথবা 'ওঁ ত্রৈলোক্যমোহনায় বিদ্মহে কামদেবায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ।' ততঃ শ্রীশ্রীরাধাকৃষ্ণস্মরণং কুর্য্যাৎ—'ওঁ হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥'

ততঃ,—'ওঁ কন্যেয়ং ওঁ প্রজাপতিবিষ্ণুদেবতাকা', ইত্যুক্ত্বা (কামস্তুতিং) পঠেৎ—'ওঁ ক ইদং কস্মা অদাৎ, কামঃ কামায় অদাৎ, কামো দাতা কামঃ প্রতিগ্রহীতা, কামঃ সমুদ্রম্ আবিশৎ, কামেন ত্বা প্রতিগৃহ্ণামি, কাম এতৎ তে'—ইতি জপ্ত্বা কন্যায়া হৃদয়ং সংস্পৃশেৎ। ততঃ সম্প্রদাতা চ,—'ওঁ বিষ্ণুঃ ওঁ

মন্ত্র পাঠ করিয়া সম্প্রদাতা বরকন্যার হস্তোপরি তিলকুসুমাদিসহিত ঐ তুলসীজল দিবে। অতঃপর জামাতা 'ওঁ স্বস্তি' বলিয়া 'ওঁ নারায়ণায় বিদ্মহে' ইত্যাদি বৈষ্ণব-গায়ত্রী জপ করিবে; তৎপরে ষোল-অক্ষর মহামন্ত্রে শ্রীশ্রীরাধাকৃষ্ণ স্মরণ করিবে। অতঃপর 'ওঁ কন্যেয়ং' ইত্যাদি পাঠপূর্ব্বক 'ওঁ ক ইদং' ইত্যাদি কামস্তুতি পাঠ করিয়া কন্যার হৃদয় স্পর্শ করিবে। তদনন্তর সম্প্রদাতা মূলোক্ত মন্ত্র পাঠ করিয়া ও শ্রীরাধাকৃষ্ণ স্মরণ করিয়া তুলসী-জল-তিলাদি সহিত

তৎ সৎ অদ্যেত্যাদি অমুকগোত্রায় অমুকপ্রবরায় অমুকবেদান্তর্গতায় অমুকশাখৈকদেশাধ্যায়িনে শ্রীমতে অমুকদেবশর্ম্মণে বরায় কৃতৈতৎ-কন্যাসম্প্রদানসুপ্রতিষ্ঠার্থং দক্ষিণাং সুবর্ণমূল্যোপকল্পিতাং শ্রীশ্রীরাধাকৃষ্ণস্মারণপূর্ব্বকং শ্রীঅমুকদেবশর্ম্মদ্বারা শ্রীশ্রীরাধাকৃষ্ণৌ দত্তাম্'—ইতি পঠিত্বা শ্রীশ্রীরাধাকৃষ্ণৌ স্মৃত্বা চ গন্ধপুষ্পতুলসীজলাদিসংযুক্তাং দক্ষিণাং বরহস্তে দদ্যাৎ। (বরো দক্ষিণাং গৃহ্ণীয়াৎ) জামাতা পূর্ব্ববৎ, 'ওঁ স্বস্তি', ইতি—ব্রূয়াৎ, ততঃ পঠেৎ—'ওঁ ক ইদং কস্মা অদাৎ, কামঃ কামায় অদাৎ, কামো দাতা, কামঃ প্রতিগ্রহীতা, কামঃ সমুদ্রম্ আবিশৎ কামেন ত্বা প্রতিগৃহ্ণামি, কাম এতৎ তে'—ইতি পঠিত্বা শ্রীমতীং বৈষ্ণবীং গায়ত্রীং জপেৎ, ততঃ শ্রীশ্রীরাধাকৃষ্ণস্মরণং কুর্য্যাদনেকশঃ। অথবা, যস্য য ইষ্টস্তন্নামধেয়ং বা, শ্রীনারায়ণবিষ্ণু-রামনৃসিংহ-হরিবামনাদিকং বা স্মরেৎ। (অস্মিন্ অবকাশে সম্প্রদাতা যৌতুকাদিকং শ্রীবিষ্ণুবৈষ্ণবসেবার্থদানাদিকঞ্চ দদ্যাৎ। ততো বস্ত্রেণ হরিতকীগুবাকাদিসংযুক্তেন তুলসী-গন্ধপুষ্প-কুঙ্কুম-হরিদ্রা-চন্দনাদিমাঙ্গল্যদ্রব্যসংযুক্তেন চ শ্রীকন্যাবরয়োর্গ্রন্থিবন্ধনং কুর্য্যাৎ। তদ্ যথা—'শ্রীলক্ষ্মীপীতাম্বরয়োঃ রেবতীবলরাময়োঃ। তথা সীতারাময়োশ্চ শ্রীদুর্গাশিবয়োর্যথা ॥ দেবহূতিকর্দ্দময়োঃ শচী-মঘবতোর্যথা। শতরূপাস্বয়ম্ভুবয়োঃ রেণুকাজামদগ্ন্যোঃ ॥ যথাঽহ-

---

দক্ষিণা বরের হস্তে দিবে। বর দক্ষিণা গ্রহণ-পূর্ব্বক 'ওঁ স্বস্তি' বলিয়া, কামস্তুতি পাঠ করিয়া, বৈষ্ণবী গায়ত্রী জপ করিবে এবং বহুবার শ্রীশ্রীরাধাকৃষ্ণ স্মরণ করিবে। অথবা স্বীয় ইষ্টদেবতার নাম, কিংবা নারায়ণ-বিষ্ণু-রাম-নৃসিংহ-হরি-বামনাদি নাম স্মরণ করিবে। (এই সময়ে সম্প্রদাতা বরকে যৌতুকাদি এবং বিষ্ণু-বৈষ্ণব-সেবার্থ দানাদি দিবে)। তারপর হরীতকী-গুবাকাদিসহিত ও তুলসী-গন্ধ-পুষ্প-কুঙ্কুম-হরিদ্রা-চন্দনাদি মাঙ্গল্যদ্রব্যসহিত বস্ত্রের দ্বারা বরকন্যার গ্রন্থিবন্ধন করিতে করিতে 'শ্রীলক্ষ্মীপীতাম্বরয়ো' ইত্যাদি শ্লোক পাঠ করিবে। অতঃপর নাপিত 'গৌঃ গৌঃ' বলিবার

ল্যাগৌতময়োর্দেবকীবসুদেবয়োঃ। মন্দোদরীরাবণয়োর্যশোদানন্দয়োর্যথা॥ শ্রীদ্রোপদীপাণ্ডবয়োঃ শ্রীতারাবালিভূভুজোঃ। দময়ন্তীনলকয়োঃ শ্রীরাধাকৃষ্ণয়োর্যথা॥ অনয়োঃ কন্যাবরয়োস্তথা স্যাদ্ গ্রন্থিবন্ধনম্॥'—অনেন শ্রীকন্যাবরয়োগ্রন্থিবন্ধনং কুর্য্যাৎ। ততো নাপিতেন,—'গৌঃ গৌঃ', ইত্যুক্তে জামাতা পঠেৎ—ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ বৃহতী ছন্দো গোরূপো বিষ্ণুঃ দেবতা পূর্ব্ববদ্ধগবীমোক্ষণে বিনিয়োগঃ, ওঁ মুঞ্চ গাং বরুণপাশাদ্ দ্বিষন্তং মে অভিধেহি। তং জহি অমুষ্য (অর্থাৎ অমুক দেবশর্ম্মণঃ)(১) চোভয়োঃ, উৎসৃজ গাম্ অত্তু তৃণানি পিবতূদকম্—ইতি পঠিত্বা নাপিতেন মুক্তায়াং গবি জামাতা (পুনঃ) পঠেৎ—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ ত্রিষ্টুপ্ ছন্দো গোরূপো বিষ্ণুঃ দেবতা গবানুমন্ত্রণে বিনিয়োগঃ, ওঁ মাতা রুদ্রাণাং দুহিতা বসূনাং স্বসা আদিত্যানাম্ অমৃতস্য নাভিঃ। প্র নু বোচং চিকিতুষে জনায় মা গাম্ অনাগাম্ অদিতিং বধিষ্ট'—অনেন মন্ত্রেণ গাং বিসর্জ্জয়েৎ। ততঃ সম্প্রদাতা অচ্ছিদ্রবাচনং কুর্য্যাৎ।

সম্প্রদাতা কৃতাঞ্জলিঃ ব্রূয়াৎ—'ওঁ অস্মিন্ কন্যাসম্প্রদানকর্ম্মণি অঙ্গহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ ভবেৎ। অস্তু তৎ সর্ব্বং অচ্ছিদ্রং কৃষ্ণকার্ষ্ণপ্রসাদতঃ॥' ততোহর্ঘ্যহ্যহস্তঃ পুনঃ পঠেৎ—'ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসৎ ওঁ অদ্যেতাদি কৃতেহস্মিন্ কন্যা সম্প্রদানকর্ম্মণি যৎকিঞ্চিৎ

পর জামাতা 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্রপাঠ করিলে নাপিত গাভীকে বন্ধনমুক্ত করিবে এবং জামাতা পুনঃ 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া গাভীকে ছাড়িয়া দিবে। তৎপরে অচ্ছিদ্রবাচন—সম্প্রদাতা বলিবে 'ওঁ অস্মিন্' ইত্যাদি। অতঃপর বৈগুণ্য-সমাধান—সম্প্রদাতা 'ওঁ অদ্য' ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক শ্রীবিষ্ণুস্মরণ করিবে এবং শ্রীশ্রীগুরু-বৈষ্ণব-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীকে দণ্ডবৎ প্রণাম করিবে। **ইতি সম্প্রদান।**

(১) অর্থাৎ সম্প্রদাতার নাম উল্লেখ করিবে।

বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করোমি'—ইতি শ্রীবিষ্ণুস্মরণ-মহামন্ত্রকীর্ত্তনপূর্ব্বকং শ্রীগুরু-বৈষ্ণব-গৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারীন্ নমস্কুর্য্যাৎ।

ইতি সম্প্রদানম্।

কুশণ্ডিকা (৪গ)

ততো জামাতা সম্প্রদানশালায়াং প্রধানগৃহাগতো বা কুশণ্ডিকোক্তবিধানেন শ্রীবিষ্ণুরূপং যোজক-নামানমগ্নিং সংস্থাপ্য কুশণ্ডিকা-বিধানং কুর্য্যাৎ।(১)

তত্র পূর্ব্বকৃতাং উভয়তশ্চতুর্হস্তচতুর্মুষ্টি-পরিমিতাং বেদিকাং (ভূমিং বা) কেশতুষাঙ্গারাস্থিশর্করাদিরহিতাং পূর্ব্বোত্তরপ্লবাং সমানাং বা ছায়ামণ্ডপসহিতাং গোময়েনালিপ্য, বিধিনা স্নাতঃ শুচিরাচান্তঃ দ্বিবাসাঃ প্রাঙ্মুখঃ কুশসহিতাসনোপবিষ্টঃ কুশণ্ডিকাকর্ম্মকর্ত্তা উত্তরস্যাং দিশি অভ্যুক্ষণার্থং গন্ধপুষ্পতুলসীযব-গুবাক-হরিতকী-দূর্বা-চন্দনাক্ষত-হরিদ্রা-সিদ্ধার্থসহিতং সজলং তাম্রপাত্রং মৃৎপাত্রং (ঘটং) বা নিধায়, ততো দক্ষিণজানু ভূমৌপাতয়িত্বা সব্যহস্তস্য প্রাদেশমাত্রং ভূমৌ নিধায়, উভয়তো হস্ত-প্রমাণে চতুরস্রে যথাবিধিনির্ম্মিতে কুণ্ডে অঙ্গুষ্ঠমাত্রোচ্চে বালুকাময়ে স্থণ্ডিলে বা মধ্যভাগে সর্ব্বরেখাসু অগ্নি-স্থাপনং কুর্য্যাৎ।

কুশণ্ডিকা—অতঃপর জামাতা সম্প্রদান-শালাতে অথবা প্রধান গৃহে আসিয়া কুশণ্ডিকোক্ত-বিধানে শ্রীবিষ্ণুরূপ যোজক-নামক অগ্নি স্থাপন করিয়া কুশণ্ডিকা-অনুষ্ঠান করিবে।

(১) জামাতা স্বয়ং কুশণ্ডিকা-সম্পাদনে অসমর্থ হইলে কোন যোগ্য বৈষ্ণব-ব্রাহ্মণকে হোতা এবং অপর বৈষ্ণব ব্রাহ্মণকে ব্রহ্মা বরণ করিবে।

তদনুষ্ঠানং বিধীয়তে, যথা—দক্ষিণহস্তগৃহীতকুশমূলেন (১) পঞ্চরেখাঃ কুর্য্যাৎ। তত্র প্রথমরেখা দ্বাদশাঙ্গুলপ্রমাণা প্রাঙমুখী পীতবর্ণা লেখ্যা,—(ক) 'ওঁ রেখে ত্বং পৃথ্বীরূপা পীতবর্ণাসি। তন্মূল-লগ্না উদঙমুখ্যেকবিংশত্যঙ্গুলপ্রমাণা লোহিতবর্ণা লেখ্যা, গোরূপা বৈষ্ণবী ধ্যেয়া—(খ) 'ওঁ রেখে ত্বং গোরূপা লোহিতবর্ণাসি।' ততঃ প্রথমরেখাতঃ সপ্তাঙ্গুলান্তরিতা উত্তরাগ্ররেখা-লগ্না প্রাঙমুখী প্রাদেশ-প্রমাণা কৃষ্ণবর্ণা লেখ্যা, কালিন্দীরূপা বৈষ্ণবী ধ্যেয়া—(গ) 'ওঁ রেখে ত্বং কালিন্দীরূপা কৃষ্ণবর্ণাসি'। ততোঽপি সপ্তাঙ্গুলান্তরিতা উত্তরাগ্র-রেখালগ্না প্রাঙমুখী প্রাদেশপ্রমাণা স্বর্ণবর্ণা লেখ্যা, শ্রীরূপা বৈষ্ণবী ধ্যেয়া—(ঘ) 'ওঁ রেখে ত্বং শ্রীরূপা স্বর্ণবর্ণাসি'। ততোঽপি সপ্তাঙ্গুলা-ন্তরিতা উত্তরাগ্ররেখালগ্না প্রাঙমুখী প্রাদেশপ্রমাণা শুক্লবর্ণা লেখ্যা, সরস্বতীরূপা বৈষ্ণবী ধ্যেয়া—(ঙ) 'ওঁ রেখে ত্বং সরস্বতীরূপা শুক্লবর্ণাসি'।

ততো দক্ষিণহস্তানামিকাঙ্গুষ্ঠাভ্যাং প্রদক্ষিণক্রমেণ সর্ব্বরেখাসু (২) উৎকরং গৃহীত্বা, 'ওঁ প্রজাপতি বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উৎকর নিরসনে বিনিয়োগঃ, ওঁ নিরস্তঃ পরাবসুঃ'—ইত্যনেন ঐশান্যাং স্থণ্ডিলাদরত্নিমাত্রান্তরিতে দেশে প্রক্ষিপেৎ। ততঃ পূর্ব্বস্থা-পিতজলেন (৩) রেখাভ্যুক্ষণং কুর্য্যাৎ।

কুশণ্ডিকা (৪গ)—উভয়দিকে চারিহস্ত-চারিমুষ্টি-পরিমিত পূর্ব্বনির্ম্মিত বেদিকা অথবা ভূমি কেশ-তুষ-অঙ্গার-অস্থি-শর্করা প্রভৃতি-রহিত, পূর্ব্বোত্তর দিকে ক্রমশঃ নীচ অথবা সমান করিয়া, উহাও ছায়ামণ্ডপ গোময়লিপ্ত করিবে। কুশণ্ডিকা-কর্ত্তা যথাবিধি স্নান করিয়া শুচি হইয়া আচমন-পূর্ব্বক বস্ত্রদ্বয় ধারণ করিবে এবং কুশাসনে পূর্ব্বমুখে উপবিষ্ট হইয়া স্থণ্ডিলের উত্তরদিকে অভ্যুক্ষণের নিমিত্ত কুশ-কুসুম-যব-তিল-তুলসী-গুবাক-হরীতকী-দূর্ব্বা-চন্দন-তণ্ডুল-হরিদ্রা-শ্বেতসর্ষপ-সহিত জলপূর্ণ তাম্র-পাত্র বা মৃৎপাত্র স্থাপন করিবে। তৎপরে দক্ষিণজানু ভূমিতে পাতিয়া বামহস্তের প্রাদেশমাত্র ভূমিতে

সন্নিধাপিতাগ্নের্জ্জলদিন্ধনং গৃহীত্বা 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ ত্রিষ্টুপ্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা (৪) অগ্নিসংস্কারে বিনিয়োগঃ, ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং, যমরাজ্যং গচ্ছতু বিপ্রবাহঃ'—ইত্যনেন নৈর্ঋত্যাং প্রক্ষিপেৎ।

ততোঽপরজ্বলদিন্ধনং গৃহীত্বা, 'ও প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ বৃহতী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা (৫) অগ্নিস্থাপনে বিনেয়োগঃ, ওঁ ভূর্ভুবঃ স্বঃ ওঁ' ইত্যনেন আত্মাভিমুখং কুর্বন্ অগ্নিং তৃতীয়-রেখোপরি (কৃষ্ণবর্ণা) স্থাপয়েৎ। অত্রৈব যস্মিন্ কর্ম্মণি যোঽগ্নি বিহিতস্তন্নাম্না তমাবাহয়েৎ। অত্র বিবাহে তু যোজকনামা এব। ততঃ—'ওঁ যোজকনামাগ্নে ইহাগচ্ছ, অগ্নে ত্বং যোজকনামাসি'—ইত্যাবাহ্য, 'শ্রীবিষ্ণোস্তেজ এবায়ম্'—ইতি বিচিন্ত্য অগ্নিং পাদ্যাদিভিঃ বিষ্ণুধ্যানেন চ পূজয়েৎ। ততো (বদ্ধাঞ্জলিঃ) জপেৎ—'ওঁ কৃষ্ণানন্ত মুকুন্দ মাধব হরে গোবিন্দ বংশীমুখ। শ্রীগোপীজনবল্লভ ব্রজসুহৃৎ ভক্তপ্রিয়েড্যাচ্যুত॥ ভক্ত-প্রেমবশক্রিয়াফলরসানন্দৈক দীনার্ত্তিহৃৎ। রাধাকান্ত দুরন্তসংসৃতি-হরেত্যাখ্যাহি জিহ্বে সদা॥ 'ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্॥ ওঁ কৃষ্ণো বৈ সচ্চিদানন্দঘনঃ, কৃষ্ণঃ

স্থাপন করিয়া, যথাবিধি নির্ম্মিত উভয়দিকে একহস্ত-প্রমাণ চতুষ্কোণ যজ্ঞকুণ্ডে অথবা অঙ্গুষ্ঠমাত্র উচ্চ বালুকাময় স্থণ্ডিলে মধ্যভাগে সর্ব্ব-রেখায় অগ্নি স্থাপন করিবে। অগ্নিস্থাপনবিধি, যথা—দক্ষিণহস্তে কুশমূল গ্রহণ করিয়া (১) **পঞ্চরেখা** করিবে। প্রথম রেখা দ্বাদশাঙ্গুল-প্রমাণ পূর্ব্বমুখী ও **পীতবর্ণ** অঙ্কিত করিবে এবং 'ওঁ রেখে' (ক) ইত্যাদি মন্ত্রে উহাকে পৃথিবীরূপিণী বৈষ্ণবী ধ্যান করিবে। প্রথম রেখার মূল হইতে উত্তরদিকে একবিংশতি আঙ্গুলপ্রমাণ **লোহিতবর্ণ** রেখা লিখিবে এবং 'ওঁ রেখে' (খ) ইত্যাদি মন্ত্রে উহাকে গোরূপা বৈষ্ণবী ধ্যান করিবে। তারপর প্রথম রেখা হইতে সাত আঙ্গুল ব্যবধানে ও উত্তরমুখী রেখা হইতে পূর্ব্বদিকে প্রাদেশপ্রমাণ **কৃষ্ণবর্ণ** রেখা অঙ্কিত করিয়া উহাকে 'ওঁ রেখে' (গ) ইত্যাদি মন্ত্রে কালিন্দী-

আদিপুরুষঃ, কৃষ্ণঃ পুরুষোত্তমঃ, কৃষ্ণো হা উ কর্ম্মাদিমূলং, কৃষ্ণঃ স হ সর্ব্বৈকার্য্যঃ, কৃষ্ণঃ কাশংকৃদাদীশমুখপ্রভুপূজ্যঃ, কৃষ্ণোহনাদিস্তাস্মিন্নজাণ্ডান্তর্বাহ্যে যন্মঙ্গলং তল্লভতে কৃতী।' ততো বদ্ধাঞ্জলিঃ পঠেৎ—'ওঁ অগ্নিং দূরং পুরোদধে, হব্যবাহমুপব্রুবে, দেবা আশদয়াদিহ। 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ ত্রিষ্টুপ্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ, ওঁ ইহৈবায়ম্ ইতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্।' ততো ঘৃতাক্তাং প্রাদেশপ্রমাণাং সমিধং তুষ্ণীমগ্নৌদদ্যাৎ।

ততো (৬) ব্রহ্মস্থাপনম্। বৈষ্ণববাহ্মণং তদভাবে কুশময়-ব্রাহ্মণং বৃণুয়াৎ। জামাতা বৈষ্ণবব্রাহ্মণং ব্রূয়াৎ—'ওঁ সাধু ভবান্ আস্তাম্'। বৈষ্ণবব্রাহ্মণঃ—'ওঁ সাধু অহম্ আসে।' জামাতা—'ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্।' বৈষ্ণবব্রাহ্মণঃ—'ওঁ 'অর্চ্চয়।' জামাতা গন্ধ-পুষ্প-তুলসী-বস্ত্রাদিভির্ব্রাহ্মণস্য জানু স্পৃষ্ট্বা—'ওঁ বিষ্ণুঃ ওঁ তৎসৎ অদ্য ইত্যাদি অস্য বিবাহকর্ম্মণো হোমকর্ম্মণি কৃতাকৃতাবেক্ষণরূপব্রহ্মকর্ম্ম করণায় ভবন্তমহং বৃণে।' ব্রাহ্মণঃ—'ওঁ বৃতোঽস্মি।' জামাতা—ওঁ যথাযথং ব্রহ্মকর্ম্ম কুরু।' 'ওঁ যথাজ্ঞানং

রূপা বৈষ্ণবী ধ্যান করিবে। অনন্তর এই রেখা হইতে সপ্তাঙ্গুল ব্যবধানে ও উত্তরমুখী রেখা হইতে পূর্ব্বমুখে প্রাদেশপ্রমাণ **স্বর্ণবর্ণ** রেখা অঙ্কনপূর্ব্বক উহাকে 'ওঁ রেখে' (ঘ) ইত্যাদি মন্ত্রে শ্রীরূপা, বৈষ্ণবী ধ্যান করিবে। ইহা হইতেও সপ্তাঙ্গুল ব্যবধানে ও উত্তরমুখী রেখা হইতে পূর্ব্বদিকে প্রাদেশ-প্রমাণ **শুক্লবর্ণ** রেখা লিখিয়া উহাকে 'ওঁ রেখে' (ঙ) ইত্যাদি মন্ত্রে সরস্বতীরূপা বৈষ্ণবী ধ্যান করিবে। (২) **উৎকরনিরসন**—দক্ষিণহস্তের অনামিকা-অঙ্গুষ্ঠের দ্বারা সকল-রেখা হইতে প্রদক্ষিণক্রমে **উৎকর** লইয়া 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্রে ঈশান (পূর্ব্বোত্তর) কোণে স্থণ্ডিল হইতে অরত্নিমাত্র দূরে নিক্ষেপ করিবে। (৩) **রেখাভ্যুক্ষণ**—অতঃপর পূর্ব্বস্থাপিত পঞ্চপাত্রের জল-দ্বারা রেখাসকলের অভ্যুক্ষণ করিবে। (৪) **অগ্নিসংস্কার**—নিকটে স্থাপিত অগ্নি হইতে প্রজ্জ্বলিত ইন্ধন গ্রহণ করিয়া 'ওঁ প্রজাপতিঃ'

করবাণি'—ইতি তেন বৈষ্ণবব্রাহ্মণেন বক্তব্যম্। হোতা (জামাতা) ধারাসহিতমুদকপাত্রং গৃহীত্বা, প্রদক্ষিণক্রমেণ দক্ষিণাং দিশং গত্বা, অরত্নিমাত্রান্তরিতে দেশে প্রাঙমুখীং বারিধারাং দত্ত্বা, তদুপরি বৈষ্ণব-ব্রহ্মাসনে প্রাগগ্রান্ কুশানাস্তীর্য্য, তেষাং পুরস্তাৎ প্রত্যঙমুখ উর্দ্ধংতিষ্ঠন্ বামহস্তানামিকাঙ্গুষ্ঠাভ্যাম্ আস্তীর্ণকুশমেকমাদায় 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা তৃণনিরসনে বিনিয়োগঃ, ওঁ নিরস্তঃ পরাবসুঃ'—ইত্যনেন নৈর্ঋত্যাং নিক্ষিপেৎ। ততো জলং স্পৃষ্ট্বা দক্ষিণেন পাদেন সব্যপাদমণ্টভ্য উত্তরাভিমুখীভূয় আস্তৃত-কুশান্ জলেনাভ্যুক্ষ্য, বৈষ্ণবব্রহ্মাণং উদঙমুখং কুশাসনে উপবেশয়েৎ। ততো জলং স্পৃষ্ট্বা পঠেৎ—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ ত্রিষ্টুপ্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা বৈষ্ণবব্রহ্মোপবেশনে বিনিয়োগঃ, ওঁ আ বসোঃ সদনে সীদ।' 'সীদামি'—ইতি বৈষ্ণবব্রহ্মণা, কুশময়ব্রহ্মপক্ষে তু জামাত্রা (হোত্রা) স্বয়মেব বক্তব্যম্। ততঃ কুশময়ব্রহ্মপক্ষে পূর্ব্বাগ্রং, বৈষ্ণবব্রহ্মপক্ষে তূত্তরাগ্রং কুশং দত্ত্বা শ্রীকৃষ্ণ-মহাপ্রসাদ-চন্দন-কুসুম-নৈবেদ্য-ফলমূলমিষ্টান্নাদিকং চরণোদকঞ্চ দত্ত্বা তমর্চ্চয়েৎ। ততস্তে-নৈব পথা প্রত্যাবৃত্য জামাতা (হোতা) নিজাসনে প্রাঙমুখ উপবিশেৎ।

ইত্যাদি মন্ত্রে উহাকে নৈর্ঋত (দক্ষিণপশ্চিম) কোণে নিক্ষেপ করিবে। (৫) **অগ্নিস্থাপন**—তৎপরে আর একটী প্রজ্জ্বলিত ইন্ধন গ্রহণ করিয়া 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্রে উহাকে নিজের অভিমুখে তৃতীয়-রেখার (কৃষ্ণবর্ণা) উপর স্থাপন করিবে। এই সময়ে যে কার্য্যের যে অগ্নি বিহিত, সেই নামে অগ্নির আবাহন করিবে। বিবাহে যোজক-নামক অগ্নি। অতঃপর তত্তৎ মন্ত্রে যোজক-অগ্নিকে আবাহন, বিষ্ণুতেজরূপে চিন্তা, পাদ্যাদি ও বিষ্ণুধ্যানের দ্বারা অর্চ্চন করিবে। তৎপরে 'ওঁ কৃষ্ণানন্ত' ইত্যাদি মন্ত্রসকল পাঠ করিবে। পুনঃ কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে—'ওঁ অগ্নিং' ইত্যাদি' 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি। অতঃ-পর প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে অমন্ত্রক দিবে। (৬) **ব্রহ্ম-স্থাপন**—বৈষ্ণবব্রাহ্মণ, অভাবে **কুশময় ব্রাহ্মণকে** যথাবিধি বরণ

যদি ব্রহ্মত্বারোপিতো ব্রাহ্মণোঽযজ্ঞিয়বাগ্‌চনং ব্রূয়াৎ তদা মন্ত্রমিমং জপেৎ—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা অযজ্ঞিয়বাগ্‌বচননিমিত্তজপে বিনিয়োগঃ, ওঁ ইদং বিষ্ণুঃ বিচক্রমে, ত্রেধা নিদধে পদং, সমূঢ়ম্ অস্য পাংশুলে।' কুশময়ব্রহ্মপক্ষে তু কর্ম্ম-কর্ত্তুরেব কৃতাকৃতাবেক্ষণাদিকর্ম্মকর্ত্তৃত্বাদযজ্ঞিয়বাগ্‌বচননিমিত্তজপং স এব কুর্য্যাৎ।

অথ প্রকৃতে কর্ম্মণি চরুহোমোঽস্তি চেদত্রৈব চরুং শ্রপয়েৎ, অগ্নেরুত্তরতশ্চরুং স্থাপয়িত্বা (৭) ভূমিজপং কুর্য্যাৎ। যথা—অধোমুখৌ হস্তৌ ভূমৌ নিধায়, 'ওঁ পরমেষ্ঠী বিষ্ণুঃ ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা ভূমিজপে বিনিয়োগঃ, 'ওঁ ইদং ভূমেঃ ভজামহে ইদং ভদ্রং সুমঙ্গলং, পরা সপত্নান্ বাধস্ব, অন্যেষাং বিন্দতে ধনম্'—ইতি সকৃজ্জপেৎ। রাত্রৌ চেৎ 'বিন্দতে বসুম্' ইতি পঠেৎ।

ততোঽগ্নিসম্মুখীকরণম্ (৮)—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঃ ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা অগ্নিসম্মুখীকরণে বিনিয়োগঃ, ওঁ একো হ দেবঃ প্রদিশো নু সর্ব্বাঃ পূর্ব্বো হ জাতঃ স উ গর্ভে অন্তঃ, স এব জাতঃ স জনিষ্যমাণঃ প্রত্যঙ্‌ জনাস্তিষ্ঠতি সর্ব্বতোমুখঃ।'

করিবে। তৎপরে হোতা (জামাতা) ধারাসহিত উদকপাত্র গ্রহণ করিয়া, প্রদক্ষিণক্রমে দক্ষিণদিকে গিয়া, অরত্নিমাত্র দূরস্থানে পূর্ব্বমুখী জলধারা দিয়া, তাহার উপর বৈষ্ণব-ব্রহ্মার আসনে পূর্ব্বদিকে অগ্রভাগ করিয়া কুশ বিছাইয়া দিয়া, উহার সম্মুখে পশ্চিমমুখে দণ্ডায়মান হইয়া, বামহস্তের অনামিকা-অঙ্গুষ্ঠের দ্বারা একগাছি আস্তীর্ণ কুশ লইয়া 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি নৈর্ঋত কোণে ত্যাগ করিবে। তৎপরে জল স্পর্শ করিয়া, দক্ষিণ পদের দ্বারা বামপদ চাপিয়া ধরিয়া, বিস্তারিত কুশগুলি জলের দ্বারা অভ্যুক্ষণ করিয়া, বৈষ্ণব-ব্রহ্মাকে উত্তরমুখ করিয়া কুশাসনে বসাইবে। অতঃপর জল স্পর্শ করিয়া 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। বৈষ্ণব-ব্রহ্মা 'ওঁ সীদামি' বলিবে। কুশময়-ব্রহ্মপক্ষে হোতা নিজেই তাহা বলিবে। তৎপরে

ততো দক্ষিণহস্তেন কুশান্ গৃহীত্বা অগ্নেরুত্তরতঃ প্রভৃতি তৃণাদিকং অনেন মন্ত্রত্রয়েণ ত্রিঃ শোধয়েৎ (৯)। মন্ত্রত্রয়স্য ঋষ্যাদয়ঃ সাধারণাঃ।—'ওঁ কৌৎস ঋষিঃ জগতী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা পৃষ্ঠ্যস্য ষড়হস্য ষষ্ঠেঽহনি আগ্নিমারুতে শস্ত্রে পরিসমূহনে বিনিয়োগঃ, —(ক) ওঁ ইমং স্তোমম্ অর্হতে জাতবেদসে, রথমিব সম্মহেমা মনীষয়া, ভদ্রা হি নঃ প্রমতিঃ অস্য সংসদি, অগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব ; (খ) ওঁ ভরাম ইধ্মং কৃণবামা হবীংষি তে, চিতয়ন্তঃ পর্ব্বণা পর্ব্বণা বয়ম্, জীবাতবে প্রতরাং সাধয়া ধিয়ঃ, অগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব ; (গ) ওঁ শকেম ত্বা সমিধং সাধয়া ধিয়ঃ, ত্বে দেব হবিঃ অদন্ত্যাহুতং, ত্বমাদিত্যান্ আ বহ তান্ হ্যুস্মসি, অগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব।' ততঃ পরিসমূহনকুশান্ ঐশান্যাং ক্ষিপেৎ। ততোঽগ্নেঃ পূর্ব্বতঃ উত্তরান্তাৎ দক্ষিণান্তং যাবদুপমূললূনান্ একপত্রীকৃতান্ প্রাগগ্রান্ কুশান্ অগ্রেণ মূলমাচ্ছাদয়ন্ বারত্রয়মাস্তরেৎ। এবং দক্ষিণস্যাং

কুশময়-ব্রহ্মাকে পূর্ব্বাগ্র কুশ, বৈষ্ণব-ব্রহ্মাকে উত্তরাগ্র কুশ অর্পণ পূর্ব্বক শ্রীকৃষ্ণের মহাপ্রসাদ-চন্দন-কুসুম-নৈবেদ্য-ফল-মূল-মিষ্টান্নাদি ও চরণোদকের দ্বারা ব্রহ্মার অর্চ্চন করিবে। তৎপরে সেই পথে ফিরিয়া আসিয়া হোতা (জামাতা) নিজাসনে পূর্ব্বমুখ হইয়া বসিবে। ব্রহ্মত্বে আরোপিত ব্রাহ্মণ অযজ্ঞিয় বাগ্-বচন প্রয়োগ করিবার আশঙ্কায় 'ওঁ প্রজাপতিঃ' ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। কুশময়-ব্রহ্মপক্ষে হোতা স্বয়ংই উহা জপ করিবে। অনন্তর অনুষ্ঠেয় কর্ম্মে চরুহোমের ব্যবস্থা থাকিলে এই সময়ে চরু পাক করিবে এবং উহা অগ্নির উত্তরদিকে স্থাপন করিয়া ভূমিজপ করিবে। (৭) ভূমিজপ—দুইহস্ত উপুড় করিয়া ভূমিতে স্থাপন-পূর্ব্বক 'ওঁ পরমেষ্ঠী বিষ্ণুঃ' ইত্যাদি মন্ত্র একবার জপ করিবে। রাত্রিতে হইলে 'ধন' স্থানে 'বসু' পাঠ করিবে। (৮) অগ্নির সম্মুখীকরণ—'ওঁ প্রজাপতিঃ......সর্ব্বতোমুখঃ' এই মন্ত্র পাঠ করিবে। (৯) **তৃণাদি-শোধন**—অতঃপর দক্ষিণহস্তে কুশ লইয়া অগ্নির উত্তর দিক্ হইতে আরম্ভ করিয়া বক্ষ্য-

পূর্ব্বান্তাৎ পশ্চিমান্তং যাবৎ, উত্তরস্যাং পশ্চিমান্তাৎ পূর্ব্বান্তং যাবৎ, প্রতীচ্যাঞ্চ দক্ষিণান্তাদুত্তরান্তং যাবৎ ক্রমেণাস্তরেৎ।

ততো দশদিক্ষু পূর্ব্বাদিক্রমেণ ব্রহ্মাদিবৈষ্ণবেভ্যঃ শ্রীবিষ্ণুপ্রসাদ-চন্দনপুষ্পনৈবেদ্যাদিভিঃ (১০) স্বস্তিকান্ নিবেদয়েৎ। যথা—"ওঁ এতন্মহাপ্রসাদ-নৈবেদ্যাদি পূর্ব্বস্যাং শ্রীনারদায় স্বাহা, আগ্নেয্যাং শ্রীকপিলদেবায়, যাম্যে শ্রীযমভাগবতায়, নৈর্ঋত্যাং শ্রীভীষ্মদেবায়, প্রতীচ্যাং শ্রীশুকদেবায়, বায়ব্যাং শ্রীজনকায়, উদীচ্যাং শ্রীসদাশিবায়, ঐশান্যাং শ্রীপ্রহলাদায়, উর্দ্ধং শ্রীব্রহ্মণে, অধঃ শ্রীবলিরাজায়।" ততঃ (১১) প্রাদেশদ্বয়প্রমাণাং খদিরপলাশোড়ুম্বরাণাং অন্যতমস্য বিংশতি-কাষ্ঠিকাং গৃহীত্বা, মধ্যে ঘৃতস্রুবং দত্ত্বা, শ্রীবিষ্ণুং মনসা ধ্যাত্বা তূষ্ণীং অগ্নৌ জুহুয়াৎ। ততঃ (১২) আজ্যসংস্কারঃ।—আস্তরণকুশাদেব সাগ্রকুশপত্রদ্বয়ং গৃহীত্বা কুশান্তরেণ বেষ্টয়িত্বা, (ক) 'ওঁ প্রজাপতিঃ বিষ্ণুঃ ঋষিঃ গায়ত্রী ছন্দঃ পবিত্রে বিষ্ণুঃ দেবতে পবিত্রচ্ছেদনে বিনি-

---

তত আচার্য্যো দক্ষিণপাণিনা মাণবকস্য সাঙ্গুষ্ঠং দক্ষিণং পাণি-মনেন মন্ত্রেণ গৃহ্ণাতি,—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণু-নারায়ণ-বাসুদেব-সঙ্কর্ষণা দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবকহস্তগ্রহণে বিনিয়োগঃ, ওঁ দেবস্য তে বিষ্ণোঃ প্রসবে, নারায়ণ-বাসুদেবয়োঃ বাহুভ্যাং সঙ্কর্ষণস্য হস্তাভ্যাং হস্তং গৃভ্ণামি অমুক ॥' ১০ ॥ অত্র অমুকস্থানে অমুকদেবশর্মন্(২) ইতি মাণবক-নাম প্রয়োক্তব্যম্। ততো গৃহীত-মাণবকহস্ত আচার্য্যো জপতি,—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণ্বাদয়ো দেবতা উপনয়নে গৃহীতমাণবকহস্তস্য আচার্য্যস্য জপে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণু তে হস্তম্ অগ্রহীৎ, নারায়ণো মহাবিষ্ণুঃ হস্তম্ অগ্রহীৎ, মুকুন্দো প্রভবিষ্ণু হস্তম্ অগ্রহীৎ, মিত্রঃ ত্বম্ অসি কর্ম্মণা, বিষ্ণুঃ আচার্য্যঃ তব ॥ ১১॥ ততো মাণবকম্ আচার্য্যোঽনেন মন্ত্রেণ প্রদক্ষিণেন ভ্রাময়িত্বা

পাঠ করাইবে। তারপর আচার্য্য ৮-সংখ্যক মন্ত্রে মাণবকের নাম জিজ্ঞাসা করিবে। তদুত্তরে মাণবক ৯-সংখ্যক মন্ত্রে আচার্য্যকে স্বীয় নাম বলিবে। অনন্তর উভয়ে হস্তস্থিত জলাঞ্জলি ত্যাগ করিবে।

তারপর আচার্য্য মূলোক্ত ১০-সংখ্যক মন্ত্র পাঠপূর্ব্বক নিজ দক্ষিণহস্তদ্বারা মাণবকের অঙ্গুষ্ঠসহিত দক্ষিণহস্ত গ্রহণ করিবে এবং তৎপরে ১১-সংখ্যক মন্ত্র জপ করিবে। অনন্তর আচার্য্য মূলোক্ত ১২-সংখ্যক মন্ত্রে মাণবককে প্রদক্ষিণভাবে ঘুরাইয়া পূর্ব্বমুখ করিবে।

---

(১) "অমুকনামা কৃষ্ণদাসোঽহং"—ইহা বক্তব্য।

(২) "অমুক কৃষ্ণদাস"—ইহা বক্তব্য।

প্রাঙ্‌মুখং করোতি—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা মাণবকস্য আবর্ত্তনে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণোঃ বিক্রমণম্ অন্বাবর্ত্তস্ব শ্রীঅমুকদেবশর্ম্মন্ ॥' ১২ ॥ ততো মাণবকস্য দক্ষিণস্কন্ধং স্পৃষ্ট্বাবতীর্ণেন দক্ষিণপাণিনা অব্যবহিতং (বস্ত্রাব্যবহিতং) নাভিদেশম্ অনেন মন্ত্রেণাচার্য্যঃ স্পৃশতি,—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীঅচ্যুতো দেবতা উপনয়নে ব্রহ্মচারী-নাভিদেশস্পর্শনে বিনিয়োগঃ, ওঁ প্রাণানাং গ্রন্থিঃ অসি মা বিস্রসঃ, অচ্যুত তুভ্যম্ ইদং পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মাণম্ ॥' ১৩ ॥ ততো মাণবকস্য নাভেরুপরিদেশমনেন মন্ত্রেণাচার্য্যঃ স্পৃশতি—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীনারায়ণো দেবতা উপনয়নে ব্রহ্মচারিনাভ্যুপরিদেশস্পর্শনে বিনিয়োগঃ, ওঁ নারায়ণ, তুভ্যম্ ইদং পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মাণম্ ॥' ১৪ ॥ ততো মাণবকস্য হৃদয়দেশমনেন মন্ত্রেণাচার্য্য স্পৃশতি,—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীজনার্দ্দনো দেবতা উপনয়নে ব্রহ্মচারি-হৃদয়স্পর্শনে বিনিয়োগঃ, ওঁ জনার্দ্দন, তুভ্যম্ ইদং পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মাণম্ ॥' ১৫ ॥ তত আচার্য্যো দক্ষিণপাণিনা মাণবকস্য দক্ষিণস্কন্ধং স্পৃশন্ জপতি—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ উপনয়নে ব্রহ্মচারিদক্ষিণস্কন্ধস্পর্শনে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণবে প্রজাপতয়ে ত্বা পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মন্ ॥' ১৬ ॥ ততো বামেন পাণিনা মাণবকস্য বামস্কন্ধং স্পৃশন্ জপতি,—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপ-

---

তারপর আচার্য্য স্বীয় দক্ষিণহস্ত মাণবকের দক্ষিণ স্কন্ধ স্পর্শপূর্ব্বক নামাইয়া মূলোক্ত ১৩-সংখ্যক মন্ত্রে মাণবকের অনাচ্ছাদিত নাভিদেশ স্পর্শ করিবে। তদনন্তর আচার্য্য মূলোক্ত ১৪-সংখ্যক মন্ত্রে মাণবকের নাভির উপরিস্থান স্পর্শ করিবে, তারপর মাণবকের হৃদয়স্থান মূলোক্ত ১৫-সংখ্যক মন্ত্রে স্পর্শ করিবে, ১৬-সংখ্যক মন্ত্রে মাণবকের দক্ষিণস্কন্ধ স্পর্শ করিবে। অতঃপর বামহস্তে মাণবকের বাম স্কন্ধ স্পর্শ

নয়নে ব্রহ্মচারীবামস্কন্ধ-স্পর্শনে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণবে দামোদরায় ত্বা পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মন্ ॥' ১৭ ॥

তত আচার্য্যো মাণবকমনেন মন্ত্রেণ সম্বোধয়তি—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে ব্রহ্মচারিসম্বোধনে বিনিয়োগঃ, ওঁ ব্রহ্মচারী অসি শ্রীঅমুকদেবশর্ম্মন্ ॥' ১৮ ॥ ততঃ সম্বোধিতং মাণবকমাচার্য্যঃ প্রেষয়তি,—ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে ব্রহ্মচারি-প্রেষণে বিনিয়োগঃ, ওঁ সমিধম্ আধেহি, [ব্রহ্মচারী—ওঁ বাঢ়ম্] ; ওঁ অপঃ অশান, [ব্রহ্মচারী—ওঁ বাঢ়ম্] ; ওঁ কর্ম্ম কুরু, [ব্রহ্মচারী—ওঁ বাঢ়ম্] ; ওঁ মা দিবা স্বাপ্সীঃ, [ব্রহ্মচারী—ওঁ বাঢ়ম্] ॥' ব্রহ্মচারী সর্ব্বত্র 'ওঁ বাঢ়ম্' ইতি ব্রূয়াৎ।

ততোঽগ্নেরুত্তরতঃ গত্বা আচার্য্য উদগগ্রেষু কুশেষু প্রাঙ্মুখ উপবিশতি। মাণবকোঽপি পাতিতদক্ষিণজানুঃ উদগগ্রেষু আচার্য্যাভিমুখ উপবিশতি। অথৈনং মাণবকম্ আচার্য্যস্ত্রিঃ প্রদক্ষিণাং ত্রিবৃতাং মৌঞ্জমেখলাং পরিধাপয়ন্ মন্ত্রদ্বয়ং বাচয়তি—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ ত্রিষ্টুপ্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে মেখলাপরিধানে বিনিয়োগঃ, ওঁ ইয়ং দুরুক্তাৎ পরিবাধমানা, বর্ণং পবিত্রং পুনতী মে আগাৎ ; প্রাণাপানাভ্যাং বলম্ আবহন্তী, স্বসা দেবী সুভগা

করিয়া আচার্য্য মূলোক্ত ১৭-সংখ্যক মন্ত্র জপ করিবে। তদনন্তর আচার্য্য মূলোক্ত ১৮-সংখ্যক মন্ত্রে মাণবকের সম্বোধন করিবে। তারপর আচার্য্য মাণবককে মূলোক্ত বাক্যে প্রেরণা বা আদেশ করিবে। মাণবক সর্ব্বত্র 'ওঁ বাঢ়ং' বলিয়া আদেশ গ্রহণ করিবে।

অতঃপর আচার্য্য অগ্নির উত্তর দিকে গিয়া উত্তরাগ্র কুশাসনে পূর্ব্বমুখ হইয়া বসিবে। মাণবকও উত্তরাগ্র কুশাসনে দক্ষিণজানু পাতিয়া আচার্য্যাভিমুখ (পশ্চিমমুখ) হইয়া বসিবে। অনন্তর আচার্য্য মাণবককে ত্রিগুণ মুঞ্জমেখলা তিনবার প্রদক্ষিণক্রমে (অর্থাৎ ডানদিক্ হইতে ঘুরাইয়া তিন ফেরে) পরাইতে পরাইতে মূলোক্ত

মেখলা ইয়ম্ ॥ ১৯ ॥ ওঁ ঋতস্য গোপ্ত্রী তপসঃ পরস্বী, ঘ্নতী রক্ষঃ, সহমানা অরাতীঃ ; সা মা সমন্তম্ অভিপর্য্যেহি ভদ্রে, ধর্ত্তারঃ তে মেখলে মা রিষাম' ॥ ২০ ॥ তত আচার্য্যো যজ্ঞোপবীতং কৃষ্ণসারাজিনসহিতং মাণবকং পরিধাপয়েৎ। তত্র প্রথমং যজ্ঞোপবীতাদানং, —'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে যজ্ঞোপবীতাদানে বিনিয়োগঃ, ওঁ যজ্ঞোপবীতম্ অসি, যজ্ঞস্য ত্বা যজ্ঞোপবীতেন উপনহ্যামি' ॥ ২১ ॥ ইত্যনেন মন্ত্রেণ যজ্ঞোপবীতমাদায় আচার্য্যস্ততঃ,—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে মাণবকস্য যজ্ঞোপবীত-পরিধাপনে বিনিয়োগঃ, ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতেঃ যৎ সহজং পুরস্তাৎ ; আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং, বলমস্তু তেজঃ' ॥ ২২ ॥ ইতি (জপ্ত্বা মাণবকং) যজ্ঞোপবীতং (স্বয়ং) পরিধাপয়েৎ। ততঃ (আচার্য্যঃ মাণবকহস্তে অজিনং দত্ত্বা)—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ ত্রিষ্টুপ্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে মাণবকস্য অজিন-পরিধাপনে বিনিয়োগঃ, ওঁ মিত্রস্য চক্ষুঃ বরুণং বলীয়স তেজোযশস্বি স্থবিরং সমিদ্ধম্ ; অনাহনস্যং বসনং জরিষ্ণু পরি ইদং বাজি অজিনং দধে অহম্' ॥ ২৩ ॥ ইতি (মন্ত্রং মাণবকং বাচয়িত্বা) অজিনং পরিধাপয়েৎ।

ততো মাণবক আচার্য্যস্য উপসন্নো ব্রবীতি—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা আচার্য্যামন্ত্রণে বিনিয়োগঃ,

---

১৯-২০-সংখ্যক মন্ত্রদ্বয় পড়াইবে। তারপর আচার্য্য মাণবককে কৃষ্ণসার অজিত-সহিত যজ্ঞোপবীত পরাইবে। প্রথমে আচার্য্য মূলোক্ত ২১-সংখ্যক মন্ত্রে যজ্ঞোপবীত গ্রহণ করিবে, পরে ২২-সংখ্যক মন্ত্র জপপূর্ব্বক মাণবককে স্বয়ং ঐ যজ্ঞোপবীত পরাইবে। অতঃপর আচার্য্য মাণবকের হস্তে অজিন দিয়া মূলোক্ত ২৩-সংখ্যক মন্ত্র মাণবককে পাঠ করাইয়া অজিন পরিধান করাইবে।

তারপর মাণবক আচার্য্যের উপসন্ন (কৃতাঞ্জলিপুটে সম্মুখস্থ)

ওঁ অধীহি ভোঃ, সাবিত্রীং মে ভবান্ অনুব্রবীতু' ॥ ২৪ ॥ ততস্তমুপসন্ন মাণবকমাচার্য্যঃ প্রথমং পাদং পাদং ততোঽর্দ্ধমর্দ্ধং, ততঃ কৃৎস্নাং সাবিত্রীমধ্যাপয়েৎ। যথা—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ, ওঁ তৎ সবিতুঃ বরেণ্যং' ইতি প্রথমং পাদং বারত্রয়ম্ ॥ ঋষ্যাদয়ঃ সাধারণাঃ (প্রতিবারং প্রতিমন্ত্রং বাচ্যাঃ)। 'ওঁ ভর্গোদেবস্য ধীমহি' ইতি দ্বিতীয়ং পাদং বারত্রয়ম্। ওঁ ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ' ইতি তৃতীয়ং পাদং বারত্রয়ম্। 'ওঁ তৎ সবিতুঃ বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি' ইতি পূর্ব্বার্দ্ধং বারত্রয়ম্। 'ওঁ ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ' ইত্যুত্তরার্দ্ধং বারত্রয়ম্। 'ওঁ তৎ সবিতুঃ বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ' ইতি সর্ব্বামেব গায়ত্রীং বারত্রয়ং পাঠয়েৎ। ততো মাণবকমাচার্য্যো মহাব্যাহৃতীঃ পৃথক্ পৃথক্ কৃত্বা ওঁ কারপূর্ব্বিকা ওঁকারান্তাশ্চ (ওঁকারপুটিতাঃ) অধ্যাপয়েৎ। যথা,—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা মহাব্যাহৃতিপাঠে বিনিয়োগঃ, ওঁ ভূঃ ওঁ ॥ ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ উষ্ণিক্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা মহাব্যাহৃতিপাঠে বিনিয়োগঃ, ওঁ ভুবঃ ওঁ ॥ ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ

হইয়া মূলোক্ত ২৪-সংখ্যক মন্ত্র পাঠ করিবে। আচার্য্য উপসন্ন মাণবককে প্রথমে এক চরণ করিয়া, তারপর অর্দ্ধেক করিয়া, পরিশেষে সম্পূর্ণ সাবিত্রীমন্ত্র অধ্যয়ন করাইবে। যথা—মূলোক্ত বিধিতে প্রথম পাদ তিনবার, দ্বিতীয় পাদ তিনবার, তৃতীয়পাদ তিনবার, পুনঃ পূর্ব্বার্দ্ধ তিনবার, শেষার্দ্ধ তিনবার, তারপর সম্পূর্ণ গায়ত্রী তিনবার পাঠ করাইবে। তদনন্তর আচার্য্য মাণবককে মহাব্যাহৃতি পৃথক্ পৃথক্ ও ওঁকারপুটিত (অর্থাৎ আগে পরে ওঙ্কারযুক্ত) করিয়া পাঠ করাইবে। ব্যাহৃতি-পাঠক্রম মূলে দ্রষ্টব্য। ব্যাহৃতি পাঠ করাইবার পর—আচার্য্য মাণবককে সপ্রণবব্যাহৃতিসহ প্রণবন্ত-গায়ত্রী তিনবার পাঠ করাইবে। তারপর আচার্য্য মাণবকের

দেবতা মহাব্যাহৃতিপাঠে বিনিয়োগঃ, ওঁ স্বঃ ওঁ ॥ ততঃ সপ্রণব-ব্যাহৃতিকাং প্রণবান্তাং গায়ত্রীমধ্যাপয়েৎ বারত্রয়ং—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ, ওঁ ভূঃ ভুবঃ স্বঃ তৎ সবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥ ততো বৈল্বং পালাশং বা মাণবকপরিমাণং দণ্ডং মানবকায় প্রযচ্ছন্নাচার্য্যো মাণবকং বাচয়তি—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ পঙ্‌ক্তিঃ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা উপনয়নে মাণবকদণ্ডার্পণে বিনিয়োগঃ, ওঁ সুশ্রবঃ সুশ্রবসং মা কুরু, যথা ত্বং সুশ্রবঃ সুশ্রবা দেবেষু এবম্ অহং সুশ্রবঃ সুশ্রবা ব্রাহ্মণেষু ভূয়াসম্' ॥ ২৫ ॥ (ইতি দণ্ডং গ্রাহয়েৎ)। অথ গৃহীতদণ্ডো ব্রহ্মচারী ভিক্ষাং প্রার্থয়তি। তত্র প্রথমং মাতরং—'ওঁ ভবতি ভিক্ষাং দেহি' ইতি। ততো লব্ধভিক্ষো মাণবকঃ—'ওঁ স্বস্তি,' ইতি ব্রূয়াৎ; এবং সর্ব্বত্র। ততো মাতৃবন্ধুস্ত্রিয়ঃ। ততঃ পিতরং—'ওঁ ভবন্ ভিক্ষাং দেহি' ইতি প্রার্থয়েৎ। ততোহন্যাংশ্চ প্রার্থয়েৎ। সর্ব্বং ভিক্ষালব্ধমাচার্য্যায় নিবেদয়েৎ।

ততঃ পূর্ব্ববদাচার্য্যো ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমং কৃত্বা, প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা, প্রকৃতং কর্ম্ম সমাপ্য সর্ব্বকর্ম্মসাধারণং শাট্যায়নহোমাদি-বামদেব্যগানান্তমুদীচ্যং কর্ম্ম

হস্তে বিল্ বা পলাশের দণ্ড প্রদানকালে মাণবককে মূলোক্ত ২৫-সংখ্যক মন্ত্র পাঠ করাইয়া দণ্ড গ্রহণ করাইবে। দণ্ডগ্রহণ পূর্ব্বক ব্রহ্মচারী ভিক্ষা প্রার্থনা করিবে। ভিক্ষা প্রার্থনার বাক্য মূলে দ্রষ্টব্য। সর্ব্বাগ্রে মাতার নিকট, তারপর মাতৃবন্ধু স্ত্রীগণের নিকট, তারপর ক্রমে পিতা ও পিতৃবন্ধুগণের নিকট ভিক্ষা করিবে। ভিক্ষালব্ধ সমস্ত দ্রব্য আচার্য্য অর্থাৎ শ্রীগুরুদেবকে নিবেদন করিবে।

অতঃপর আচার্য্য পূর্ব্ববৎ ব্যস্তসমস্তমহাব্যাহৃতি-হোম করিয়া প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক হোম করিয়া প্রকৃতকর্ম্ম সমাপন-পূর্ব্বক সর্ব্বকর্ম্ম সাধারণ শাট্যায়ন-হোমাদি বামদেব্যগানান্ত

নির্ব্বর্ত্ত্য দক্ষিণাং কারয়েৎ। তত্র যদি পিতৈবাচার্য্যস্তদা কর্ম্মকারয়িতৃ-পাঞ্চরাত্রিকবৈষ্ণবায় দক্ষিণাং দদ্যাৎ। অপরবৈষ্ণবব্রাহ্মণেভ্যশ্চ দক্ষিণাং দদ্যাৎ। তথা কার্ষ্ণাদিবৈষ্ণবসেবাঞ্চ কুর্য্যাৎ। ব্রহ্মচারী তু তত্রৈব স্থানে দিনান্তং যাবৎ বাগ্‌যতস্তিষ্ঠেৎ। ততঃ প্রাপ্তায়াং সন্ধ্যায়াং তাং উপাস্য কুশণ্ডিকোক্তবিধিনা সমুদ্ভবনামানমগ্নিং সংস্থাপ্য,—'ওঁ ইহ এব অয়ম্ ইতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্ ইতি জপ্ত্বা দক্ষিণং জানু ভূমৌ পাতয়িত্বা দক্ষিণপশ্চিমোত্তরক্রমেণ উদকাঞ্জলিসেকং অগ্নিপর্য্যুক্ষণঞ্চ কৃত্বা (কুশণ্ডিকায়াং দ্রষ্টব্যং) সমিদ্ধোমং(১) কুর্য্যাৎ। তত্র প্রাদেশপ্রমাণং ঘৃতাক্তং সমিত্রয়ং গৃহীত্বা প্রথমমেকাং তূষ্ণীমগ্নৌ জুহুয়াৎ। ততঃ—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা অগ্নৌ সমিদাধানে বিনিয়োগঃ, ওঁ বিষ্ণো অগ্নয়ে সমিধং আহার্য্যং বৃহতে জাতবেদসে যথা অগ্নিঃ সমিধা সমিধ্যতি এবমহমায়ুষা মেধয়া বর্চ্চসা প্রজয়া পশুভিঃ ব্রহ্মবর্চ্চসেন ধনেন অন্নাদ্যেন সমেধিষীয় স্বাহা' ॥২৬॥

উদীচ্যকর্ম্ম সমাপ্ত করিয়া দক্ষিণা গ্রহণ করাইবে। যদি পিতা স্বয়ং আচার্য্য হন, তাহা হইলে কর্ম্মকারক পাঞ্চরাত্রিক বৈষ্ণবকে দক্ষিণা দিবে। অন্যান্য বৈষ্ণবব্রাহ্মণকেও দক্ষিণা দিবে এবং কৃষ্ণভক্ত বৈষ্ণবগণের সেবা করিবে। ব্রহ্মচারী সেই স্থানেই সন্ধ্যা না হওয়া পর্য্যন্ত মৌনী হইয়া দাঁড়াইয়া থাকিবে। সন্ধ্যা হইলে সায়ংসন্ধ্যা সমাপন করিয়া কুশণ্ডিকোক্ত বিধানে সমুদ্ভব-নামক অগ্নি স্থাপনপূর্ব্বক 'ওঁ ইহৈবায়ং' ইত্যাদি মূলোক্ত মন্ত্র জপ করিবে এবং দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া দক্ষিণ-পশ্চিম-উত্তরদিকক্রমে উদকাঞ্জলিসেক ও অগ্নিপর্য্যুক্ষণ করিয়া সমিধ্ হোম করিবে। ব্রহ্মচারী প্রাদেশপ্রমাণ তিনটী ঘৃতাক্ত সমিধ্ লইয়া তাহা হইতে প্রথমে একটি সমিধ্ অমন্ত্রক করিবে, তারপর মূলোক্ত ২৬-সংখ্যক মন্ত্রে দ্বিতীয় সমিধ্ হোম

---

(১) কার্য্যতঃ,—ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোম ও অমন্ত্রক সমিধ্ হোমের পর ব্রহ্মচারিদ্বারা সমিদ্ধোম করাইয়া যথাবিধি উদীচ্য কর্ম্ম করিবে।

ইত্যনেন দ্বিতীয়াং জুহুয়াৎ। ততস্তৃতীয়াং তূষ্ণীং জুহুয়াৎ। ততঃ কর্ম্মশেষোক্তবিধিনা পুনরগ্নিপর্য্যুক্ষণং, দক্ষিণ-পশ্চিমোত্তরক্রমেণ উদকাঞ্জলিসেকঞ্চ কুর্য্যাৎ। ততঃ—'ওঁ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মাহং ভোঽভিবাদয়ে'—ইত্যগ্নিমভিবাদ্য—'ওঁ ক্ষমস্ব' ইত্যগ্নিং বিসৃজেৎ।

ততঃ অতীতায়াং সন্ধ্যায়াং ভিক্ষালব্ধমন্নং ক্ষারলবণবর্জ্জিতং সঘৃতং (চরুশেষং) উদকেনাভ্যুক্ষ্য,—'ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা' ইত্যাপোঽশনং কৃত্বা মধ্যমানামিকাঙ্গুষ্ঠ ত্রিপর্ব্ব-গৃহীতে-নান্নেন—ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা'—ইতি পঞ্চাহুতীরভ্যবহৃত্য, সর্ব্বত্র প্রাণাহুতিশেষং ভূমৌ নিক্ষিপ্য, বামহস্তবিধৃত-ভোজনপাত্রো বাগ্‌যতো ভুঞ্জীত। ভোজনানন্তরং—'ওঁ অমৃতপিধানমসি স্বাহা'—ইতি পুনরাপোঽশনং কৃত্বা আচামেৎ। এতচ্চাগ্নিকার্য্যং ব্রহ্মচারিণা সমাবর্ত্তনপর্য্যন্তং প্রত্যহং সায়ং প্রাতঃ কর্ত্তব্যম্। ভোজনং চান্নেন ক্রমেণ যাবজ্জীবং কর্ত্তব্যম্ ॥ ইতি উপনয়নকর্ম্ম ॥

করিয়া তৃতীয় সমিধ্‌টি অমন্ত্রক হোম করিবে। তারপর উদীচ্য-কর্ম্মোক্ত বিধিতে পুনরায় অগ্নিপর্য্যুক্ষণ ও উদকাঞ্জলিসেক করিয়া মূলোক্ত বিধানে অগ্নিকে নমস্কারপূর্ব্বক বিসর্জ্জন করিবে।

সন্ধ্যা অতীত হইলে ক্ষার-লবণবর্জ্জিত সঘৃত-ভিক্ষান্ন জলের দ্বারা অভ্যুক্ষণ করিয়া, মূলোক্ত মন্ত্রে অপোঽশন (গণ্ডূষ) করিয়া, মধ্যমা-অনামিকা-অঙ্গুষ্ঠ অঙ্গুলির অগ্রভাগদ্বারা অন্ন গ্রহণ করিয়া 'ওঁ প্রাণায়' ইত্যাদি পাঁচটি মন্ত্রে পঞ্চগ্রাস ভক্ষণ করিবে এবং প্রত্যেক গ্রাসের অবশেষ কিছু অন্ন ভূমিতে ত্যাগ করিবে। তারপর বামহস্তে ভোজনপাত্রে ধরিয়া নীরবে ভোজন করিবে। ভোজনান্তে অমৃতাপধান-মন্ত্রে পুনঃ গণ্ডূষ করিয়া আচমন করিবে। সমাবর্ত্তন পর্য্যন্ত প্রত্যহ প্রাতে ও সন্ধ্যায় এইরূপ অগ্নিকার্য্য করিতে হইবে এবং উক্ত নিয়মে যাবজ্জীবন ভোজন করিতে হইবে। ইতি উপনয়ন ॥

অথ চতুর্থেঽহনি সাবিত্রীচরুহোমঃ। তত্র প্রথমং কৃতস্নানঃ পিতা, পিতৃব্রতো ব্রহ্মচারিব্রতো বা অন্যো বাচার্য্যঃ সমুদ্ভব-নামানমগ্নিং সংস্থাপ্য ব্রহ্মস্থাপনানন্তরং প্রাঙ্‌মুখ উপবিষ্টস্তস্মিন্নেবাগ্নৌ চরু শ্রপয়েৎ।

তস্যানুষ্ঠানং যথা—অগ্নেঃ পশ্চিমায়াং দিশি প্রাগগ্রান্ কুশান্ আস্তীর্য্য তদুপরি প্রক্ষালিতানীতং বারুণমুদূখলমূষলং, বৈণবঞ্চ সূর্পং বারুণচমসস্থজলপ্রোক্ষিতং সংস্থাপ্য, ব্রীহিন্ যবান্ বা সূর্পে নিধায়,—'ওঁ সবিত্রে ত্বা যুষ্টং নির্ব্বপামি' ইতি কাংস্যপাত্রে চরুস্থাল্যাং বা গৃহীত্বা উদূখলে স্থাপয়েৎ। দ্বিস্তূষ্ণীং। ততো দক্ষিণহস্তমুপরি কৃত্বা মূষলেনাবহত্য সূর্পেণ প্রস্ফোটয়েৎ। ইত্থমেব বারত্রয়ং কৃত্বা ত্রিঃ প্রক্ষাল্য চরুস্থাল্যামমন্ত্রকং কৃতোত্তরাগ্রং পবিত্রং নিক্ষিপ্য, তদুপরি প্রক্ষালিততণ্ডুলান্ নিধায়, দুগ্ধং নিক্ষিপ্য স্তোকং স্তোকমুদকং দত্ত্বা, তন্মধ্যে খদিরপলাশোড়ুম্বরাণামন্যতমস্য প্রাদেশপ্রমাণামগ্রে উভয়তঃ

অথ চতুর্থ দিবসে সাবিত্রীচরুহোম—স্নাত পিতা, অথবা পিতৃকর্তৃক বৃত, বা ব্রহ্মচারিকর্ত্তৃক বৃত আচার্য্য সমুদ্ভব-নামক অগ্নি স্থাপনানন্তর ব্রহ্মস্থাপন পর্য্যন্ত করিয়া পূর্ব্বমুখে বসিয়া সেই অগ্নিতে চরু পাক করিবে।

তদনুষ্ঠান যথা—অগ্নির পশ্চিম দিকে পূর্ব্বাগ্রভাবে কুশ বিছাইয়া তাহার উপর ধৌত বরুণকাষ্ঠনির্ম্মিত উদূখল ও মূষল এবং বরুণ-কাষ্ঠনির্ম্মিত চমসের (কোশার) জলে প্রোক্ষিত বংশনির্ম্মিত সূর্প (কুলা) স্থাপন করিবে, ঐ কুলায় ব্রীহি বা যব রাখিয়া, 'ওঁ সবিত্রে' ইত্যাদি মন্ত্রে উহার কিয়দংশ কাংস্যপাত্র বা চরুস্থালীতে গ্রহণপূর্ব্বক উদূখলে স্থাপন করিবে। অবশিষ্টাংশ বিনামন্ত্রে দুইবার উদূখলে রাখিবে। তারপর উপরে দক্ষিণহস্তে ধৃত মূষলের দ্বারা উহা আঘাত করিয়া কুলাদ্বারা প্রস্ফোটন করিবে অর্থাৎ ঝাড়িয়া লইবে। এইরূপ তিনবার করিবার পর উহা তিনবার প্রক্ষালন করিবে। চরুস্থালীতে অমন্ত্রক পবিত্র (প্রাদেশপ্রমাণ দুইগাছা কুশ) উত্তরাগ্র-

সার্দ্ধাঙ্গুষ্ঠপর্ব্বপ্রমাণাং চতুষ্কোণপুষ্করং মেক্ষনং দক্ষিণাবর্ত্তেন ভ্রাময়িত্বা তথা পচেৎ যথা অন্তরুষ্মপা পাকো ভবতি সম্যক্, মণ্ডগালনং দাহশ্চ ন ভবতি। সম্যক্ পাকো ভূতো মধ্যে ঘৃতস্রুবদ্বয়ং দত্ত্বা প্রাগাদি-দিক্‌চিহ্নিতাং চরুস্থালীমবতার্য্য অগ্নেরুত্তরতঃ কুশোপরি স্থাপয়িত্বা পুনর্মধ্যে ঘৃতস্রুবং দদ্যাৎ।

ততো ভূমিজপাদি-স্রুবসংস্কারপর্য্যন্তং কর্ম্ম কৃত্বা, অগ্নেঃ পশ্চিমত আস্তরণকুশোপরি পূর্ব্বমাজ্যং পশ্চাচ্চরুং নিধায়, উদকাঞ্জলিসেকং কৃত্বা, বিরূপাক্ষজপান্তাং কুশাণ্ডিকাং সমাপ্য, প্রকৃত-কর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ প্রক্ষিপেৎ। আজ্যহোমোপক্রমবিহিতস্তু মহাব্যাহৃতিহোমশ্চরুহোমত্বাদস্য প্রথমং ন কর্ত্তব্যঃ, অন্তে তু কর্ত্তব্য এব বিহিতত্বাৎ। যদি সংক্ষেপোহ-

---

ভাবে স্থাপন করিয়া তাহাদের উপর প্রক্ষালিত তণ্ডুল স্থাপনপূর্ব্বক দুগ্ধ ঢালিয়া দিবে এবং (পাককালে) অল্প অল্প করিয়া জল দিয়া মেক্ষণদ্বারা দক্ষিণাবর্ত্তে ঘাঁটিয়া এইরূপভাবে পাক করিবে যাহাতে মধ্যস্থ তাপে (অর্থাৎ ভাপে) সম্যক্ পাক হইয়া যায় অথচ মণ্ড গালিতে হয় না ও পোড়া লাগে না। ঐ মেক্ষণ (হাতা) খদির, পলাশ বা উড়ুম্বর কাষ্ঠের হইবে, উহা প্রাদেশপ্রমাণ দীর্ঘ হইবে, উহার অগ্রভাগে পুষ্করটা (মুখটা) উভয়দিকে দেড় অঙ্গুষ্ঠ প্রমাণ ও চতুষ্কোণ হইবে। সম্যক্ পাক হইলে তাহাতে দুইস্রুব ঘৃত প্রক্ষেপ করিয়া পূর্ব্বাদিদিক্‌চিহ্নযুক্ত চরু (চরুস্থালী) নামাইয়া অগ্নির উত্তরদিকে কুশের উপর রাখিয়া তন্মধ্যে পুনঃ একস্রুব ঘৃত দিবে।

তদনন্তর কুশণ্ডিকান্তর্গত ভূমিজপ হইতে স্রুবসংস্কার পর্য্যন্ত কর্ম্ম অনুষ্ঠান করিয়া, অগ্নির পশ্চিম দিকে বিস্তৃত কুশের উপর আগে আজ্য, পরে চরু স্থাপন করিবে এবং উদকাঞ্জলিসেক করিয়া বিরূপা-ক্ষজপান্ত কুশণ্ডিকা সমাপনপূর্ব্বক প্রকৃতকর্ম্মের আরম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক হোম করিবে। আজ্যহোমের প্রারম্ভে মহা-ব্যাহৃতিহোম বিহিত বলিয়া, এই চরুহোমের প্রথমে উহা কর্ত্তব্য নহে,

পেক্ষিতঃ জুহুর্ব্বা ন প্রাপ্যতে, তদা চরুমধ্যে ঘৃতস্রুবং দত্ত্বা, তত্রৈব মেক্ষণেন সকৃদন্নং গৃহীত্বা, অগ্নিমধ্যে—'ওঁ বিষ্ণবে সবিত্রে স্বাহা' ইতি জুহুয়াৎ। অথ প্রবরসংখ্যয়া পঞ্চ বা ত্রয়ো মেখলাগ্রন্থয়ঃ কর্ত্তব্যাঃ। অথ চেৎ ফলভূয়স্ত্বম্ অপেক্ষিতং, জুহুশ্চ প্রাপ্যতে, তদা ভার্গবাদিপ্রবরাণাং জুহ্বাং পঞ্চ ঘৃতস্রুবান্ দত্ত্বা, ইতরপ্রবরাণাং ঘৃতস্রুবচতুষ্টয়ং দত্ত্বা, অগ্নেরুত্তরে প্রাগ্‌গামিনীং আজ্যধারাং—'ওঁ বিষ্ণবে স্বাহা'—ইত্যনেন হুত্বা, তথৈবাগ্নের্দক্ষিণভাগে—'ওঁ অনন্তায় স্বাহা'—ইতি জুহুয়াৎ। অথ যদি ভৃগুগোত্রো ভার্গবপ্রবরো (বা) ব্রহ্মচারী, তদা জুহ্বাং ঘৃতস্রুবমেকং চরুমধ্যে ঘৃতস্রুবমেকং দত্ত্বা তত্রৈব মেক্ষণেনাবদায় অন্নং পুনরপি জুহ্বাং স্থাপয়েৎ ; অবদানস্থানে চ চরৌ ঘৃতস্রুবং দদ্যাৎ। ততশ্চরোঃ পূর্ব্বভাগে ঘৃতস্রুবং দত্ত্বা তত্রৈব মেক্ষণেনাবদায় অন্নং পুনরপি জুহ্বাং স্থাপয়েৎ ; অবদানস্থানে চ চরৌ ঘৃতস্রুবং দদ্যাৎ। ততশ্চরোঃ পশ্চিমে ভাগে ঘৃতস্রুবং দত্ত্বা তত্রৈব মেক্ষণেনাবদায় অন্নং পুনরপি জুহ্বাং স্থাপয়েৎ ; অবদানস্থানে

কিন্তু পরে উহা করিতে হইবে। যদি কার্য্যসংক্ষেপ অভিপ্রেত হয়, কিম্বা জুহু না পাওয়া যায়, তাহা হইলে চরুমধ্যে একস্রুব ঘৃত প্রক্ষেপ করিয়া, সেখানে হইতেই মেক্ষণদ্বারা একবার অন্ন লইয়া, উহা 'ওঁ সবিত্রে স্বাহা' মন্ত্রে অগ্নিতে হোম করিবে।

অনন্তর প্রবরসংখ্যানুসারে পাঁচটী বা তিনটী মেখলাগ্রন্থি করিবে। যদি ফলাধিক্য অভিপ্রেত হয় এবং জুহুও পাওয়া যায়, তাহা হইলে ভৃগুগোত্র বা ভার্গবপ্রবর ব্রহ্মচারী জুহুতে পাঁচ স্রুব ঘৃত দিয়া, অন্য-গোত্র প্রবর ব্রহ্মচারী চারী স্রুব ঘৃত দিয়া, 'ওঁ বিষ্ণবে স্বাহা' মন্ত্রে অগ্নির উত্তরাংশে পূর্ব্বাগ্র ঘৃতধারা দিবে। 'ওঁ অনন্তায় স্বাহা' মন্ত্রে অগ্নির দক্ষিণাংশে পূর্ব্বোক্তপ্রকারের ঘৃতধারা দিবে। অতঃপর ভৃগুগোত্র বা ভার্গবপ্রবর ব্রহ্মচারী জুহুতে একস্রুব ও চরুমধ্যে একস্রুব ঘৃত দিয়া, চরুর সেই স্থান হইতে মেক্ষণদ্বারা অন্ন (অবদান) গ্রহণ করিয়া জুহুতে স্থাপন করিবে এবং চরুর অবদানস্থানেও একস্রুব ঘৃত দিবে।

চ চরৌ ঘৃতস্রুবং দদ্যাৎ। ততো জুহ্বাং সর্ব্বোপরি ঘৃতস্রুবং দত্ত্বা অগ্নিমধ্যে—'ওঁ বিষ্ণবে সবিত্রে স্বাহা'—ইতি জুহুয়াৎ। যদি অন্যগোত্রোঽন্যপ্রবরো বা তদাচরোঃ পশ্চিমভাগে ঘৃতস্রুবং দত্ত্বা অবদানং ন কর্ত্তব্যম্। কিন্তু জুহ্বাং ঘৃতস্রুবং দত্ত্বা, চরুমধ্যে প্রাগাবর্ত্তনমেব, চরোরুপরি ঘৃতস্রুবং দত্ত্বা হোতব্যম্। ততো ভার্গবাদিপ্রবরো যদি ব্রহ্মচারী, তদা জুহ্বাং ঘৃতস্রুবদ্বয়ং দত্ত্বা, চরোঃ পূর্ব্বোত্তরভাগে ঘৃতস্রুবং দত্ত্বা, মেক্ষণেন চরোঃ বহুতরমন্নং গৃহীত্বা জুহ্বাং স্থাপয়েৎ ; অবদানস্থানে চরৌ ঘৃতস্রুবং ন দদ্যাৎ। ততো জুহুস্থচরোরুপরি ঘৃতস্রুবদ্বয়ং দত্ত্বাগ্নেঃ পূর্ব্বোত্তরভাগে—'ওঁ স্বস্তিকৃতে শ্রীঅচ্যুতায় স্বাহা'—ইতি জুহুয়াৎ। যদ্যন্যগোত্রঽন্যপ্রবরস্তদা প্রথমমেক এব ঘৃতস্রুবো জুহ্বাং দাতব্যঃ (অন্যৎ সর্ব্বং সমানম্)।

তারপর চরুর পূর্ব্বভাগে একস্রুব ঘৃত দিয়া ঐ স্থান হইতে মেক্ষণদ্বারা অন্ন অবদান করিয়া উহা জুহুতে স্থাপনানন্তর চরুর অবদানস্থানে একস্রুব ঘৃত দিবে। পুনরায় চরুর পশ্চিমভাগে ঐরূপে একস্রুব ঘৃত দিয়া ঐ স্থান হইতে অন্ন অবদান করিয়া জুহুতে স্থাপনপূর্ব্বক চরুর অবদানস্থানে ঘৃতস্রুব দিবে। তারপর জুহুতে সমস্ত অন্নের উপর একস্রুব ঘৃত দিয়া 'ওঁ বিষ্ণবে সবিত্রে স্বাহা' মন্ত্রে অগ্নিতে হোম করিবে। ব্রহ্মচারী অন্যগোত্র-প্রবর হইলে চরুর পশ্চিমভাগে অবদান করিবে না। কিন্তু জুহুমধ্যে একস্রুব ঘৃত দিয়া স্থালীস্থ চরুমধ্যে (পশ্চিমভাগ ব্যতীত) পূর্ব্ব প্রক্রিয়ার পুনরাবৃত্তি করিয়া জুহুস্থ চরুর উপরে একস্রুব ঘৃত দিয়া পূর্ব্ববৎ হোম করিবে। অতঃপর ভৃগুগোত্র বা ভার্গবপ্রবর ব্রহ্মচারী জুহুতে দুইস্রুব ঘৃত দিয়া, চরুর পূর্ব্বোত্তর ভাগে (ঈশান কোণে) একস্রুব ঘৃত দিয়া মেক্ষণদ্বারা ঐ স্থান হইতে অনেক অন্ন উঠাইয়া লইয়া জুহুতে স্থাপন করিবে, কিন্তু চরুর অবদান-স্থানে আর ঘৃতস্রুব দিতে হইবে না। তারপর জুহুস্থ চরুর উপর দুইস্রুব ঘৃত দিয়া অগ্নির পূর্ব্বোত্তর ভাগে 'ওঁ স্বস্তিকৃতে অচ্যুতায় স্বাহা' মন্ত্রে হোম করিবে। অন্যগোত্র-প্রবর

ততস্তূষ্ণীমগ্নৌ মেক্ষণং হুত্বা মহাব্যাহৃতিহোমং কৃত্বা তূষ্ণীং প্রাদেশপ্রমাণসমিৎপ্রক্ষেপান্তং প্রকৃতং কর্ম্ম সমাপ্য সর্ব্বকর্ম্মসাধারণং শাট্যায়নহোমাদি-বামদেব্যগানান্তমুদীচ্যং কর্ম্ম সমাপ্য আচার্য্যায় দক্ষিণাং দদ্যাৎ। পিতৈবাচার্য্যশ্চেৎ কর্ম্মকারয়িতৃ-পাঞ্চরাত্রিক-বৈষ্ণবায় ব্রাহ্মণায় দক্ষিণাং দদ্যাৎ ॥ ইতি সাবিত্রীচরুহোমঃ ॥

অথ সমাবর্ত্তনম্

অথ কৃতবেদাধ্যয়নমাচার্য্যানুমতং মাণবকং সমাবর্ত্তয়েৎ। তত্র প্রাতঃ কৃতস্নানঃ কৃতবিষ্ণুপূজনঃ কৃতসাত্ত্বিকবৃদ্ধিশ্রাদ্ধঃ পিতা, কৃতবৃদ্ধিশ্রাদ্ধেন পিত্রা বৃতো, ব্রহ্মচারিবৃতো বাঽন্যঃ এবাচার্য্যস্তেজোনামানমগ্নিং সংস্থাপ্য, বিরূপাক্ষজপান্তাং কুশণ্ডিকাং সমাপ্য মাণবকং দক্ষিণে নিধায়, প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধমগ্নৌ তূষ্ণীং হুত্বা মহাব্যাহৃতিহোমং কুর্য্যাৎ। তত আচার্য্য পঞ্চাহুতীর্জুহুয়াৎ যথা—'ওঁ প্রজাপতিঃ বিষ্ণু ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীঅনন্তো দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ, ওঁ অনন্ত ব্রতপতে ব্রতং আচারিষং তৎ তে প্রব্রবীমি, তৎ অশকং তেন অরাৎসম্, ইদম্, অহম্

হইলে, জুহুতে প্রথমে একস্রুব ঘৃত দিবে। (অপর সমস্ত কার্য্য একরূপ)।

অনন্তর মেক্ষণটী অগ্নিতে অমন্ত্রক হোম করিয়া, মহাব্যাহৃতি হোম করিয়া, অমন্ত্রক প্রাদেশপ্রমাণ সমিধ্ নিক্ষেপ করিয়া প্রকৃত কর্ম্ম সমাপন-পূর্ব্বক সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়নহোমাদি-বামদেব্যগানান্ত উদীচ্য কর্ম্ম শেষ করিবে এবং আচার্য্যকে দক্ষিণা দিবে। পিতাই আচার্য্য হইলে কর্ম্মকারক পাঞ্চরাত্রিক বৈষ্ণবকে দক্ষিণা দিবে। ইতি সাবিত্রীচরুহোম ॥

(১৭) অথ সমাবর্ত্তন—আচার্য্যের অনুমতিক্রমে অধীতবেদ মানবকের সমাবর্ত্তন কর্ত্তব্য। সমাবর্ত্তন দিনে পিতা স্নানানন্তর বিষ্ণুপূজা ও সাত্ত্বিক বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া, অথবা বৃদ্ধিশ্রাদ্ধ করিবার পর

অনৃতাৎ সত্যমুপাগায়ং স্বাহা ॥ ১ ॥ ওঁ পরমেশ্বর ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবাসুদেবো দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ, ওঁ বাসুদেব ব্রতপতে ব্রতং অচারিষং, তৎ তে প্রব্রবীমি, তৎ অশকং, তে অরাৎসং, ইদম্-অহমনৃতাৎ সত্যং উপাগাং স্বাহা ॥ ২ ॥ ওঁ সনক ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীচতুর্ভুজো দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ, ওঁ চতুর্ভুজ ব্রতপতে ব্রতং অচারিষং, তৎ তে প্রব্রবীমি, তৎ অশকং, তেন অরাৎসং, ইদম্ অহমনৃতাৎ সত্য উপাগাং স্বাহা ॥ ৩ ॥ ওঁ সনৎকুমার ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীসর্ব্বেশ্বরো দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ, ওঁ সর্ব্বেশ্বর ব্রতপতে ব্রতমচারিষং, তৎ তে প্রব্রবীমি, তৎ অশকং, অরাৎসং ইদমহমনৃতাৎ সত্যা উপাগাং স্বাহা ॥ ৪ ॥ ওঁ আয়ুষ্মান্ ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীঅচ্যুতো দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ, ওঁ অচ্যুত ব্রতপতে ব্রতমচারিষং তৎ তে প্রব্রবীমি, তৎ অশকং, তেন অরাৎসং, ইদমহম অনৃতাৎ সত্যং উপাগাং স্বাহা ॥ ৫ ॥'

ততঃ আচার্য্য উদগ্রগ্রেষু কুশেষু উত্তরাভিমুখ উপবিশতি। ব্রহ্মচারী তু আচার্য্যস্য পশ্চিমোত্তরকোণে উদগগ্রেষু কুশেষু প্রাঙ্‌মুখ উপবিশতি। ততঃ শীতোষ্ণমিশ্রিতাভিরদ্ভির্ব্রীহিযবমাষমুদ্‌গাদ্যোষধি-দ্রব্যযুক্তাভিশ্চন্দনাদিগন্ধবাসিতাভিঃ পাত্রান্তরস্থিতাভিঃ স্বাঞ্জলিং পূরয়িত্বা

পিতা-কর্ত্তৃক বৃত অন্য আচার্য্য, অথবা ব্রহ্মচারী-কর্ত্তৃক বৃত অন্য আচার্য্য তেজো-নামক অগ্নি সংস্থাপন-পূর্ব্বক বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা সমাপ্ত করিয়া মাণবককে নিজ দক্ষিণে বসাইয়া, প্রকৃত-কর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক হোম করিয়া, মহাব্যাহৃতি হোম করিবে। তারপর আচার্য্য মূলোক্ত পাঁচটী মন্ত্রে পাঁচটী আজ্যহোম করিবে।

অনন্তর আচার্য্য উত্তরাগ্র কুশাসনে উত্তরমুখ হইয়া বসিবে। ব্রহ্মচারী আচার্য্যের পশ্চিমোত্তর কোণে উত্তরাগ্র কুশাসনে পূর্ব্বমুখ হইয়া বসিবে। তারপর ব্রহ্মচারী ব্রীহি-যব-মাষ-মুদ্‌গ প্রভৃতি ঔষধি-সহিত ও চন্দনাদিদ্বারা সুবাসিত, কোন পাত্রস্থিত শীতোষ্ণমিশ্রিত জলে

ব্রহ্মচারী আচার্য্যপ্রেরিতোঽনেন মন্ত্রেণ ভূমৌ উদকাঞ্জলিং ত্যজেৎ,—'ওঁ শৌনক ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীনারায়ণানন্তাদয়ো দেবতাঃ সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলিত্যাগে বিনিয়োগঃ, ওঁ অপ্সু অন্তঃ নারায়ণা-নন্তাদয়ঃ প্রবিষ্টাঃ, গোহ্য উপগোহ্য ময়ূখো মনোহাঃ খলো বিরুজঃ তনূদূষিঃ ইন্দ্রিয়হা অতি তানৎ অগ্নীন্ সৃজামি ॥'১॥ ততঃ পুনস্তাভি-রঞ্জলিং পূরয়িত্বা অনেন মন্ত্রেণ ভূমৌ ত্যজেৎ,—'ওঁ ব্যাসদেব ঋষিঃ বিরাট্ ছন্দঃ শ্রীমহাবিষ্ণুঃ দেবতা সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলিত্যাগে বিনিয়োগঃ ওঁ যদপাং ঘোরং, যদপাং ক্রূরং, যদপাং অশান্তং, অতি তৎ সৃজামি ॥২॥' ততো ব্রহ্মচারী আচার্য্যপ্রেরিতস্তাভিরদ্ভিঃ স্বাঞ্জলিং পূর-য়িত্বা অনেন মন্ত্রেণ আত্মানমভিষিঞ্চেৎ—'ওঁ সনাতন ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবরাহো দেবতা সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদাকাঞ্জলিসেকে বিনিয়োগঃ, ওঁ বরাহ ত্বমিহ ভব, তেনাহমাত্মানমভিষিঞ্চামি ॥৩॥ ততঃ পুনরপি পূর্ব্ববৎ স্বাঞ্জলিং পূরয়িত্বা অনেন মন্ত্রেণাত্মানমভিষিঞ্চেৎ,—'ওঁ শ্রীনারদ ঋষিঃ বৃহতী ছন্দঃ শ্রীমদনন্তো দেবতা সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলি-সেকে বিনিয়োগঃ, ওঁ যশসে তেজসে ব্রহ্মবর্চ্চসায় বলায় ইন্দ্রিয়ায় বীর্য্যায় অন্নাদ্যায় রায়স্পোষায় ত্বিষ্ট্যৈ অপচিত্যৈ ॥'৪॥ ততঃ পুনরপি পূর্ব্ববদঞ্জলিং গৃহীত্বা অনেন মন্ত্রেণাত্মানমভিষিঞ্চেৎ—'ওঁ পরমেশ্বর ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীঅনন্তো দেবতা সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলি-সেকে বিনিয়োগঃ, ওঁ যেন কৃষ্ণযশোগানং যেন শয্যা, যেন আসনং যেন উপানৎ যেন ছত্রং ব্যজনং সূত্রং বসনং, যৎ যৎ সেবা যশঃ তে

নিজের অঞ্জলি পূর্ণ করিয়া আচার্য্যের আদেশক্রমে মূলোক্ত ১-সংখ্যক মন্ত্রে ঐ জলাঞ্জলি ভূমিতে ত্যাগ করিবে। পুনরায় ঐরূপ জলে অঞ্জলি পূর্ণ করিয়া মূলোক্ত ২-সংখ্যক মন্ত্রে উহা ভূমিতে ত্যাগ করিবে। অতঃপর ব্রহ্মচারী আচার্য্যদেশে ঐ জলে নিজ অঞ্জলি পূর্ণ করিয়া মূলোক্ত ৩-সংখ্যক মন্ত্রে নিজকে অভিষিক্ত করিবে। পুনরায় ঐভাবে অঞ্জলি পূরণ-পূর্ব্বক মূলোক্ত ৪-সংখ্যক মন্ত্রে নিজকে অভিষিক্ত করিবে। পুনরায় ৫-সংখ্যক মন্ত্রে নিজকে পূর্ব্ববৎ

সর্ব্বং, তেন মাং অভিষিঞ্চতম্' ॥ ৫ ॥ ততঃ পুনরপি ব্রহ্মচারী তাদৃশেনাঞ্জলিনা তূষ্ণীমাত্মানমভিষিঞ্চেৎ।

ততোঽভিষেকানন্তরং ব্রহ্মচারী উত্থায় প্রাঙ্মুখো শ্রীনারায়ণং পশ্যন্ চতুর্ভির্মন্ত্রৈরুপতিষ্ঠেত—'ওঁ বেদব্যাস ঋষিঃ বিরাট্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা শ্রীনারায়ণোপস্থানে বিনিয়োগঃ, ওঁ নারায়ণঃ বিরাজন্ ভ্রাজভৃষ্ণুঃ ইন্দ্রো মরুদ্ভিঃ অস্থাৎ প্রাতঃ যাবভিঃ পার্ষদৈঃ দশসনিং অসি, দশসনিং মা কুরু, আ ত্বা বিশামি, আ মা বিশ ॥ ৬ ॥ 'ওঁ বৈশম্পায়ন ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ শ্রীসহস্রশীর্ষা পুরুষো দেবতা শ্রীনারায়ণোপস্থানে বিনিয়োগঃ, ওঁ নারায়ণো, বিরাজন্ ভ্রাজভৃষ্ণুঃ ইন্দ্রো মরুদ্ভিঃ অস্থাৎ দিবা যাবভিঃ আবরণৈঃ, শতসনিং অসি, শতসনিং মা কুরু, আ ত্বা বিশামি আ মা বিশ ॥ ৭ ॥ ওঁ শ্রীসনন্দন ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ শ্রীহৃষীকেশো দেবতা শ্রীনারায়ণোপস্থানে বিনিয়োগঃ, ওঁ নারায়ণো বিরাজন্ ভ্রাজভৃষ্ণুঃ ইন্দ্রো মরুদ্ভিঃ অস্থাৎ সায়ং যাবভিঃ সখিভিঃ, সহস্রসনিং অসি, সহস্র সনিং মা কুরু, আ ত্বা বিশামি, আ মা বিশ ॥ ৮ ॥ ওঁ সনাতন ঋষিঃ ত্রিষ্টুপ্ ছন্দঃ শ্রীবিশ্বম্ভরো দেবতা, শ্রীনারায়ণোপস্থানে বিনিয়োগঃ, ওঁ একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ ॥ ওঁ নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানাং একো বহূনাং যো বিদধাতি কামান্। তং পীঠগং যে অনুভজন্তি ধীরা তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্ ॥ ওঁ নমো নমস্তুভ্যং নারায়ণায় ॥' ৯ ॥

ততো ব্রহ্মচারী মেখলামনেন মন্ত্রেণ অধস্তান্মোচয়েৎ—'ওঁ হরি

অভিষিক্ত করিবে। তারপর আর একবার বিনা মন্ত্রে ঐরূপ অঞ্জলি-দ্বারা নিজেকে অভিষিক্ত করিবে।

অনন্তর ব্রহ্মচারী পূর্ব্বমুখে দাঁড়াইয়া শ্রীনারায়ণ-বিগ্রহ দর্শন-পূর্ব্বক মূলোক্ত ৬-৯-সংখ্যক চারিটী মন্ত্রে উপাসনা করিবে। তারপর ব্রহ্মচারী মূলোক্ত ১০-সংখ্যক মন্ত্রে মেখলা নীচের দিক্ দিয়া খুলিবে।

ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ শ্রীবসুদেবাত্মজো দেবতা মেখলামোচনে বিনিয়োগঃ, ওঁ উদুত্তমং বরুণ পাশমস্মৎ অব অধমং বি মধ্যমং শ্রথায়। অথঃ বয়ং বিষ্ণো ব্রতে তব অনাগসঃ শ্রিয়ৈ স্যাম ॥' ১০ ॥ তত আচার্য্যো বৈল্বং পালাশং বা দণ্ডমগ্নৌ ক্ষিপ্ত্বা, মহাব্যাহৃতিহোমং কৃত্বা, প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা প্রকৃতং কর্ম্ম সমাপ্য, সর্ব্বকর্ম্মসাধারণং শাট্যায়নহোমাদি-বামদেব্যগানান্তমুদীচ্যং কর্ম্ম সমাপয়েৎ। ততো ব্রহ্মচারী কার্ষ্ণাদিবৈষ্ণবান্ ব্রাহ্মণান্ ভোজয়িত্বা স্বয়ঞ্চ ভুক্ত্বা শিখাবর্জ্জং কেশ-শমশ্রু-নখানাং স্ফোটনং কারয়িত্বা স্নাত্বা অহতে বাসসী পরিধায় কৃতালঙ্কার অনেন মন্ত্রেণ যজ্ঞোপবীতদ্বয়ং পরিদধ্যাৎ,—'ওঁ সনন্দন ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীহরিঃ দেবতা সমাবর্ত্তনে যজ্ঞোপবীতধারণে বিনিয়োগঃ, ওঁ যজ্ঞোপবীতমসি, যজস্য ত্বা যজ্ঞোপবীতেন উপনহ্যামি' ॥ ১১ ॥ [কালান্তরেঽপি ছিন্নং যজ্ঞোপবীতং জলে ত্যক্ত্বা অপরম্ এতন্মন্ত্রাভিমন্ত্রিতং গৃহ্ণীয়াৎ।] ততঃ স্নাতকোঽনেন মন্ত্রেণ মূর্দ্ধ্নি স্রজং বধ্নীয়াৎ,—'ওঁ করভাজন ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীভাগবতী দেবতা, স্রগ্‌বন্ধনে বিনিয়োগঃ, ওঁ শ্রীঃ অসি, ময়ি ভাগবতী রমস্ব' ॥ ১২ ॥ ততঃ স্নাতকোঽনেন মন্ত্রেণ চর্ম্ম-

---

তারপর আচার্য্য বিল্ব বা পলাশের দণ্ড অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতি হোম করিয়া, প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক হোম করিয়া প্রকৃতকর্ম্ম সমাপন-পূর্ব্বক সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়নাদি বামদেব্যগানান্ত উদীচ্যকর্ম্ম শেষ করিবে।

অতঃপর ব্রহ্মচারী কৃষ্ণভক্ত বৈষ্ণব ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া এবং স্বয়ং ভোজন করিয়া, শিখা ব্যতীত কেশ-শমশ্রু-লোম-নখ কাটাইয়া স্নান করিবে, নূতন বস্ত্রদ্বয় ও অলঙ্কার পরিধান এবং মূলোক্ত ১১-সংখ্যক মন্ত্রে দুইটী যজ্ঞোপবীত ধারণ করিবে। [অপর সময়েও ছিন্ন যজ্ঞোপবীত জলে ফেলিয়া দিয়া উক্ত মন্ত্রে নূতন উপবীত ধারণ করিবে।] তারপর স্নাতক মূলোক্ত ২২-সংখ্যক মন্ত্রে মস্তকে মালা ধারণ করিবে। তদনন্তর স্নাতক মূলোক্ত ১২-সংখ্যক মন্ত্রে

পাদুকাযুগলে চরণৌ নিদধ্যাৎ—'ওঁ জমদগ্নি ঋষিঃ বিরাড়্ গায়ত্রী ছন্দঃ শ্রীউপেন্দ্রাচ্যুতৌ দেবতে উপানৎ-পরিধানে বিনিয়োগঃ, ওঁ নেত্র্যৌ স্থো, নয়তং মাম্' ॥ ১৩ ॥ ততঃ স্নাতক আত্মপরিমিতং বৈণবং দণ্ডমনেন মন্ত্রেণ গৃহ্ণাতি—'ওঁ পরমেশ্বর ঋষিঃ, গায়ত্রী ছন্দঃ, শ্রীকেশবো দেবতা দণ্ডগ্রহণে বিনিয়োগঃ, 'ওঁ নারায়ণস্য ত্বং বিহিতো, গন্ধর্বোঽসি, উপ মা অব' ॥ ১৪ ॥ ততস্ত্যক্তং কৃষ্ণসারাজিনং যজ্ঞোপবীতঞ্চ দণ্ডোপরি নিদধ্যাৎ। ততঃ স্নাতক আচার্য্যসমীপং গত্বা সপরিষদমাচার্য্যমনেন মন্ত্রেণ পশ্যেৎ—'ওঁ সনন্দন ঋষিঃ ত্রিষ্টুপ্ ছন্দঃ শ্রীঈশ্বরাচার্য্যো দেবতা, আচার্য্যপরিষদ্বীক্ষণে বিনিয়োগঃ, ওঁ যক্ষমিব চক্ষুষঃ প্রিয়ো বো ভূয়াসম্' ॥ ১৫ ॥ অথ স্নাতক আচার্য্যসমীপং গত্বা উপবিশ্য প্রসারিতাঙ্গুলিনা দক্ষিণহস্তেন মুখমাচ্ছাদ্য মুখভবং প্রাণবায়ুং সংস্পৃশন্ ইমং মন্ত্রং পঠেৎ—'ওঁ করভাজন ঋষিঃ সাবিত্রী ছন্দঃ সনাতনো দেবতা, মুখ্যপ্রাণস্পর্শনে বিনিয়োগঃ, 'ওঁ ওষ্ঠাপিধানা নকুলী, দন্তপরিমিতঃ পরিঃ, জিহ্বে মা বিহ্বলো বাচং, চারু মাদ্যেহ বাদয়' ॥ ১৬ ॥ আচার্য্যস্তং পাদ্যাদিভিরর্চ্চয়েৎ। ততঃ স্নাতকো গোযুগসহিতস্য রথস্য সমীপং গত্বা, পক্ষস্-শব্দবাচ্যং কূবরবাহুশব্দবাচ্যং বা রথাবয়বদ্বয়ং স্পৃশন্ অনেন

চর্ম্ম পাদুকাতে নিজ চরণদ্বয় স্থাপন করিবে। অতঃপর স্নাতক স্বপ্রমাণ দীর্ঘ বংশদণ্ড ১৪-সংখ্যক মন্ত্রে গ্রহণ করিবে। পরিত্যক্ত কৃষ্ণসারাজিন ও যজ্ঞোপবীত দণ্ডোপরি স্থাপন করিবে। তারপর স্নাতক আচার্য্যসমীপে গিয়া সগোষ্ঠী আচার্য্যকে মূলোক্ত ১৫-সংখ্যক মন্ত্রে দর্শন করিবে। তদনন্তর স্নাতক আচার্য্যের নিকট বসিয়া, দক্ষিণহস্তের অঙ্গুলীসকল প্রসারণ পূর্ব্বক ঐ দক্ষিণহস্তে মুখ আচ্ছাদন করিয়া, মুখোদ্গত প্রাণবায়ু স্পর্শ করিয়া মূলোক্ত ১৬-সংখ্যক মন্ত্র পাঠ করিবে। আচার্য্য তখন পাদ্যাদিদ্বারা স্নাতকের অর্চ্চন করিবে। অনন্তর স্নাতক গো-যুগল-সহিত রথের নিকট গিয়া পক্ষ ও কূবর নামক রথের অবয়বদ্বয় স্পর্শ করিয়া মূলোক্ত ১৭-সংখ্যক ত্রিপাদ-

মন্ত্রেণ পাদত্রয়েণ রথমারোহেৎ—'ওঁ নারদ ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা, রথাভিমর্ষণে বিনিয়োগঃ, ওঁ বনস্পতে বীড়্বঙ্গো হি ভূয়াঃ, অস্মৎসখা প্রতরণঃ সুবীরঃ, গোভিঃ সন্নদ্ধোঽসি বীড়য়স্ব' ॥ ১৭ ॥ ততোঽনেন মন্ত্রেণ চতুর্থপাদেনোপবিশতি—'ওঁ পরমেশ্বর ঋষিঃ গায়ত্রী ছন্দঃ শ্রীবিষ্ণুঃ দেবতা রথোপবেশনে বিনিয়োগঃ, 'ওঁ আস্থাতা তে জয়তু জেত্বানি' ॥ ১৮ ॥ ততঃ প্রাঙ্মুখ উদঙ্মুখো বা স্নাতকো রথেন গত্বা দক্ষিণেন পরাবৃত্যাচার্য্যসমীপমাগচ্ছতি। আচার্য্যঃ পুনস্তস্মৈ পাদ্যাদিকং দদ্যাৎ। ততো যদি পিতৈবাচার্য্যস্তদা কর্ম্মকারয়িতৃ-পাঞ্চরাত্রিক-বৈষ্ণবায়, যদি অন্য এব আচার্য্যঃ কৃতস্তদা তস্মৈ, অন্যেভ্যো বৈষ্ণবব্রাহ্মণেভ্যশ্চ দক্ষিণাং দদ্যাৎ। ততঃ কার্ষ্ণাদি-বৈষ্ণব-ব্রাহ্মণসেবাং, জীবসন্তর্পণঞ্চ কুর্য্যাৎ। বৈগুণ্যপ্রশমনায় শ্রীকৃষ্ণ-নাম যথাশক্তি জপেৎ। দণ্ডবৎপ্রণতিঞ্চ কুর্য্যাৎ। ইতি সমাবর্ত্তনম্।

ইতি শ্রীসৎক্রিয়াসারদীপিকা সমাপ্তা।

বিশিষ্ট মন্ত্রে রথে আরোহণ করিবে এবং মূলোক্ত ১৮-সংখ্যক একপাদবিশিষ্ট মন্ত্রে রথে উপবেশন করিবে। তারপর স্নাতক রথে চড়িয়া পূর্ব্বমুখে বা উত্তরমুখে কিছুদূরে গিয়া দক্ষিণাবর্ত্তে ফিরিয়া আচার্য্যের নিকটে আসিবে। আচার্য্য পুনরায় তাহাকে পাদ্যাদি অর্পণ করিবে। তারপর পিতা আচার্য্য হইলে কর্ম্মকারক পাঞ্চরাত্রিক বৈষ্ণবকে, অন্য আচার্য্য হইলে সেই আচার্য্যকে এবং অপর বৈষ্ণব-ব্রাহ্মণগণকেও দক্ষিণা দিবে। অনন্তর কৃষ্ণভক্ত বৈষ্ণব-ব্রাহ্মণের সেবা ও জীব-সন্তর্পণ করিবে। বৈগুণ্যপ্রশমনার্থ শ্রীকৃষ্ণ-নাম যথাশক্তি জপ করিবে। শ্রীশ্রীহরি-গুরু-বৈষ্ণবকে দণ্ডবৎ প্রমাণ করিবে। ইতি সমাবর্ত্তন ॥

ইতি শ্রীসৎক্রিয়াসার-দীপিকার বঙ্গানুবাদ সমাপ্ত।

শ্রীভাগবতী বাণী

নেহ যৎ কর্ম্ম ধর্ম্মায় ন বিরাগায় কল্পতে।
ন তীর্থপদসেবায়ৈ জীবন্নপি মৃতো হি সঃ ॥ (ভাঃ ৩।২৩।৫৬)

ইহসংসারে যে ব্যক্তির কর্ম্ম ধর্ম্মার্থকামরূপ ত্রৈবর্গিক ধর্ম্মের উদ্দেশে অনুষ্ঠিত না হয়, যাহার সেই ধর্ম্ম নিষ্কাম হইয়া কৃষ্ণেতর-বিষয়ে বৈরাগ্য উৎপাদন না করে, আবার সেই বৈরাগ্য যাহার তীর্থ-পদ শ্রীহরির সেবাতেই পর্য্যবসিত না হয়, সেই ব্যক্তি জীবিত হইলেও মৃত অর্থাৎ তাহার প্রাণধারণ বৃথা।

ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্‌সেন-কথাসু যঃ।
নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম এব হি কেবলম্ ॥ (ভাঃ ১।২।৮)

যদি মাণবগণের বর্ণাশ্রম-পালনরূপ স্বধর্ম অনুষ্ঠিত হইয়াও, তাহা শ্রীভগবান্ ও ভাগবতের মহিমা-শ্রবণ-কীর্ত্তনে আসক্তিরূপা রুচি উৎপাদন না করে, তবে ঐরূপ ধর্ম্মানুষ্ঠান নিশ্চয়ই বৃথা শ্রম-মাত্র।

ধর্ম্মস্য হ্যপবর্গস্য নার্থোঽর্থায়োপকল্পতে।
নার্থস্য ধর্ম্মৈকান্তস্য কামো লাভায় হি স্মৃতঃ ॥ (ভাঃ ১।২।৯)

বৈরাগ্য বা আত্মজ্ঞান পর্য্যন্ত যে নৈষ্কর্ম্ম ধর্ম্ম, তাহার ফল ত্রৈবর্গিক অর্থ নহে। আপবর্গিক ধর্ম্মের যে অব্যভিচারী অর্থ তাহার ফলে বিষয়ভোগ বিহিত হয় নাই।

কামস্য নেন্দ্রিয়প্রীতির্লাভো জীবেত যাবতা।
জীবস্য তত্ত্বজিজ্ঞাসা নার্থো যশ্চেহ কর্ম্মভিঃ ॥ (ভাঃ ১।২।১০)

বিষয়ভোগের ফল ইন্দ্রিয়তর্পণ নহে। যতদিনই জীবন থাকে, থাকে, ততদিন কামের ফল অর্থাৎ কামের সেবা করা যায়। অতএব ভগবত্তত্ত্বজিজ্ঞাসাই জীবনের মুখ্য প্রয়োজন। নিত্য-নৈমিত্তিক ধর্ম্মানুষ্ঠান-দ্বারা এই জগতে যে স্বর্গাদি লাভ প্রসিদ্ধ আছে, তাহা প্রয়োজন নহে।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

সংস্কার-দীপিকা

(শ্রীকৃষ্ণচৈতন্যসম্প্রদায়ানুমোদিতা বৈষ্ণবদশসংস্কারপদ্ধতিঃ)

শ্রীগৌরপার্ষদপ্রবরেণ

শ্রীমদ্‌গোপালভট্টগোস্বামিনা-কৃতা

ওঁ বিষ্ণুপাদ-শ্রীল-ভক্তিবিনোদ-ঠক্কুর-কৃত-বঙ্গভাষানুবাদসমলঙ্কৃতা,

শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায়-দশমাধস্তনপুরুষবর্য্যস্য পরমহংস কুলমুকুটমণি রূপানুগবরস্য, শ্রীব্রহ্মমাধবগৌড়ীয়সম্প্রদায়-বৈশিষ্ট্যপ্রদর্শকস্যা-চার্য্য ভাস্করস্য ওঁ বিষ্ণুপাদাষ্টোত্তর - শতশ্রী - শ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী-গোস্বামিঠক্কুরস্য ভূমিকা সহিতা

শ্রীচৈতন্যগৌড়ীয়মঠ-প্রতিষ্ঠানস্য প্রতিষ্ঠাতা ওঁ শ্রীমদ্ভক্তিদয়িতমাধব-গোস্বামি-মহারাজ-বিষ্ণুপাদস্য অধস্তনেন বর্ত্তমানাচার্য্যেন ত্রিদণ্ডি-স্বামিনা-শ্রীমদ্ভক্তিবল্লভতীর্থ-মহারাজেন সম্পাদিতা

নদীয়া, শ্রীধামমায়াপুর, ঈশোদ্যানস্থিত "শ্রীচৈতন্যবাণী" ইত্যাখ্য মুদ্রাযন্ত্রে ত্রিদণ্ডিস্বামিনা-শ্রীমদ্ভক্তিবারিধি-পরিব্রাজক-মহারাজেন মুদ্রিতা প্রকাশিতাশ্চ

সংস্কার-দীপিকার বিষয়-সূচী

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ

সৎক্রিয়াসারদীপিকা-পরিশিষ্টে

সংস্কার-দীপিকা

গার্হস্থ্যকৃত্যসংপ্রাপ্তৌ নরমাত্রাধিকারিতা।
ব্রহ্মচর্য্যাদিকৃত্যে তু ত্রৈবর্ণিকমপেক্ষ্যতে ॥ ১ ॥
ব্রাহ্মণক্ষত্রিয়বিশামাশ্রমো বিধিবোধিতঃ।
স্ত্রী-শূদ্র-দ্বিজবন্ধূনামাশ্রমঃ প্রতিষেধিতঃ ॥ ২ ॥

বৈরাগ্যবিদ্যানিজভক্তিযোগশিক্ষার্থমেকঃ পুরুষঃ পুরাণঃ।
শ্রীকৃষ্ণচৈতন্যশরীরধারী কৃপাম্বুধির্যস্তমহং প্রপদ্যে ॥
তস্য পাদাব্জমধুপং গোপালভট্টদেশিকম্।
সংস্কারদীপিকাগ্রন্থকর্ত্তারং প্রণমাম্যহম্ ॥

শ্রীমন্মহাপ্রভুর সাক্ষাৎ কৃপা-পাত্র শ্রীব্যেঙ্কটভট্টের পুত্র গোস্বামী শ্রীমদ্‌গোপালভট্ট মহোদয় স্বীয় প্রভুবরের আজ্ঞাক্রমে সৎক্রিয়াসার-দীপিকা নাম্নী পুস্তিকা রচনা করিয়া গৌড়ীয়-বৈষ্ণবদিগকে প্রদান করিয়াছেন। এই দীপিকার প্রথমাংশে গৃহস্থ-বৈষ্ণবের যাবতীয় স্মার্ত্ত-পদ্ধতি অর্থাৎ সংস্কারাদির পদ্ধতি লিপিবদ্ধ করিয়াছেন। দ্বিতীয়াংশে অর্থাৎ পরিশিষ্টে সংস্কার-দীপিকা-নামক গ্রন্থে গৃহত্যাগী বৈষ্ণবের ভিক্ষ্বাশ্রম-সম্বন্ধে যাহা কিছু জ্ঞাতব্য, তৎসমস্তই সংক্ষেপে লিখিয়া রাখিয়াছেন। শ্রীমন্মহাপ্রভুর সময় হইতে এই পর্য্যন্ত ভিক্ষ্বাশ্রমগত মহাপুরুষগণ এই গ্রন্থ-সম্মত সমস্ত কার্য্য করিয়া আসিতেছেন, আচার্য্যবর ভট্টগোস্বামীর এই গ্রন্থ প্রকাশিত হইলে আর কোনপ্রকার অজ্ঞানজনিত উৎপাত ঘটিবে না, আশা করি।

গৃহস্থ-কৃত্য-লাভে অর্থাৎ গৃহস্থাশ্রমে মনুষ্যমাত্রেরই অধিকার

সংস্কারাদিবিহীনত্বাৎ শুচনাৎ শূদ্র উচ্যতে ।
স কস্মাদ্ ব্রহ্মচর্য্যাদি-সংস্কারাদিকমর্হতি ॥ ৩ ॥ (ইতি)
নিষেধবচনং যদ্‌যৎ পুরাণে শ্রূয়তে স্ফুটম্ ।
অবৈষ্ণবপরং তত্তদ্বিজ্ঞেয়ং তত্ত্ববাদিভিঃ ॥ ৪ ॥

আছে। কিন্তু ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও সন্ন্যাস এই তিন আশ্রমের কর্ত্তব্য-বিষয়ে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য—এই তিন বর্ণের অপেক্ষা আছে, অর্থাৎ উক্ত তিন আশ্রমে এই তিন বর্ণের অধিকার ॥ ১ ॥

ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্যের আশ্রমাধিকার শাস্ত্রবিহিত। স্ত্রী, শূদ্র ও দ্বিজবন্ধু অর্থাৎ পতিত ব্রাহ্মণের আশ্রমাধিকার শাস্ত্রে নিষিদ্ধ ॥ ২ ॥

শূদ্র সংস্কারাদিবিহীন এবং জ্ঞানাভাবে শোকের বশীভূত হয় বলিয়া শূদ্র-নামে অভিহিত হয়। তাদৃশ শূদ্র কিরূপে ব্রহ্মচর্য্যাদি ও সংস্কারাদির অধিকার পাইবার যোগ্য হইবে ? ৩ ॥ (১ম-৩য় শ্লোক পর্য্যন্ত পূর্বপক্ষ)।

(উক্ত পূর্বপক্ষের উত্তরে বলা হইতেছে—শূদ্রের আশ্রমাধিকারাদি) সম্বন্ধে যে-সমস্ত নিষেধ-বাক্য পুরাণ প্রভৃতি শাস্ত্রে শুনিতে পাওয়া যায়, তত্ত্ববাদিগণ (অর্থাৎ তাৎপর্য্যবিচারপরায়ণগণ) সেই সমস্তকে স্পষ্টই অবৈষ্ণবপর বলিয়া জানিবেন। অর্থাৎ ঐ সকল যাবতীয় নিষেধ-বাক্য অবৈষ্ণব শূদ্রদিগের সম্বন্ধেই উক্ত হইয়াছে। শূদ্রকুলে উৎপন্ন পুরুষ বা স্ত্রী যদি কোন ভাগ্যক্রমে শুদ্ধা অনন্যা ভক্তি প্রাপ্ত হন, তাঁহার সম্বন্ধে সে সমস্ত নিষেধ-বাক্য প্রযোজ্য নহে। শূদ্র স্বভাবতঃ মূর্খ, অতত্ত্বজ্ঞ ও শোকাবিষ্ট। যদি কোন শূদ্র কোন ভাগ্যক্রমে প্রকৃত সাধুসঙ্গে ব্রহ্ম-ধর্ম্মস্বভাব লাভ করেন, তখন তিনি আর শূদ্র নহেন। এই সিদ্ধান্ত পুরাণাদি শাস্ত্রের 'ন শূদ্রা ভগবদ্ভক্তা' ইত্যাদি সহস্র বচনে এবং সত্যকাম-জাবালি প্রভৃতির বৈদিক আখ্যায়িকা হইতে স্থিরীকৃত হইয়াছে(১)। সৎক্রিয়া-সারদীপিকায়,—

(১) এই বিষয়ের বিস্তৃত বিচার 'গৌড়ীয়-কণ্ঠহার-গ্রন্থের ১৪শ রত্ন 'বর্ণধর্ম-তত্ত্বে' দ্রষ্টব্য।

বৈষ্ণবস্তু দ্বিধা প্রোক্তঃ,—সামান্যঃ, সাম্প্রদায়িকঃ ।
সামান্যস্তান্ত্রিকো জ্ঞেয়ো, বৈদিকঃ সাম্প্রদায়িকঃ ।
সম্প্রদায়ী দ্বিভেদঃ স্যাৎ—গৃহি-ন্যাসি-প্রভেদতঃ ।
তাপাদি-পঞ্চসংস্কারগ্রহণাদ্ গৃহী সংজ্ঞিতঃ ।
তাপাদি-দশসংস্কারসম্পন্নো ন্যাসী সম্মতঃ ॥ ৬ ॥
সন্ন্যাসী চ দ্বিধৈবাদৌ—ব্রহ্ম-বিষ্ণু-পুরঃসরঃ ।
ব্রহ্মসন্ন্যাসী ব্রহ্মজ্ঞো দশনামা(১) প্রসিধ্যতি ।
বৈষ্ণবো ভক্তিমান্ন্যাসী সদা বিষ্ণুপরায়ণঃ ॥ ৭ ॥

গৃহস্থাশ্রম হইতে সন্ন্যাসপর্য্যন্ত যে উর্দ্ধোর্দ্ধ্বক্রম প্রদত্ত হইয়াছে, তাহাতে কেবল অনন্যভক্তেরই সন্ন্যাস-লাভের সম্পূর্ণ অধিকার প্রদর্শিত হইয়াছে। সুতরাং ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র বা অন্ত্যজকুলে জাত পুরুষ যখন সন্ন্যাসধর্ম্মের যোগ্যতা প্রাপ্ত হন, তখন তিনি গৃহ ত্যাগ করিতে পারেন। সেই যোগ্যতা না পাওয়া পর্য্যন্ত সকলেরই গৃহস্থাশ্রমে বৈষ্ণব হওয়া কর্ত্তব্য ॥ ৪ ॥

জগতে বৈষ্ণব দুইপ্রকার—'সামান্য' ও 'সাম্প্রদায়িক'। 'সামান্য'-বৈষ্ণব উত্তমগুরু অর্থাৎ সদ্‌গুরুর অভাবে 'তান্ত্রিক' বলিয়া পরিচিত। 'সাম্প্রদায়িক'-বৈষ্ণবগণ সদ্‌গুরুপরম্পরার আশ্রয়ে আচার্য্যের বলে 'বৈদিক'। অর্থাৎ তাঁহারা সাত্বত-তন্ত্রমতে শ্রীশ্রীরাধাকৃষ্ণের উপাসনা করিলেও বেদতত্ত্বজ্ঞান-বলে বৈদিক বলিয়া আখ্যাত হন ॥৫॥

সৎ-সম্প্রদায়ী বৈষ্ণব গৃহী ও সন্ন্যাসী ভেদে দুই প্রকার। যাঁহারা দৈব-বর্ণাশ্রমে তাপাদি পঞ্চ সংস্কারে দীক্ষিত হইয়া অনন্য কৃষ্ণোপাসক, তাঁহারাই গৃহি। আর যাঁহারা দৈব-বর্ণাশ্রমে তাপাদি দশ-সংস্কার-সম্পন্ন হইয়া অনন্য কৃষ্ণোপাসক চতুর্থাশ্রমী, তাঁহারাই সন্ন্যাসী বলিয়া স্বীকৃত ॥ ৬ ॥

(১) তীর্থাশ্রম-বনারণ্যগিরি-পর্বত-সাগরাঃ ।
সরস্বতী ভারতী চ পুরী নামানি বৈ দশ ॥

অবিদ্যো বা সবিদ্যো বা ব্রাহ্মণো মামকী তনুঃ।
বৈষ্ণবোঽহং গুরুরহমনন্যো মৎপরায়ণঃ।
ত্যক্তবর্ণাশ্রমোঽনন্যস্ত্যাক্তস্তদ্ধর্ম্ম এব সঃ ॥ ৮ ॥(১)

সন্ন্যাসী প্রথমতঃ দুই প্রকার—ব্রহ্ম-সন্ন্যাসী ও বিষ্ণু-সন্ন্যাসী। মায়াবাদ আশ্রয়পূর্বক নির্ব্বিশেষ-ব্রহ্মজ্ঞানপরায়ণ দশনামী সন্ন্যাসীগণ—ব্রহ্ম-সন্ন্যাসী। ভক্তিমার্গ আশ্রয়পূর্বক সর্ব্বদা বিষ্ণুসেবাপরায়ণ সন্ন্যাসীগণ—বৈষ্ণব বা বিষ্ণু-সন্ন্যাসী ॥ ৭ ॥

ভগবান্ বলিয়াছেন,—"বিদ্যাযুক্তই হউন, আর বিদ্যাহীনই হউন, ব্রাহ্মণ আমার দেহস্বরূপ; অনন্য মৎপরায়ণ বৈষ্ণব-গুরু—আমি, অর্থাৎ আমার আত্মস্বরূপ। যিনি আমারই জন্য বর্ণাশ্রম ও বর্ণাশ্রমধর্ম ত্যাগ করিয়াছেন, তিনি অনন্য।"

এস্থলে ব্রাহ্মণ ও বৈষ্ণবের প্রভেদ জানা আবশ্যক। অবিদ্যা-হেতুই জীবের সংসার, বিদ্যাদ্বারাই জীবের সংসারমুক্তি। সংসারী ব্রাহ্মণ বেদজ্ঞানালঙ্কৃত হইয়া সংসারী জগতে গুরুরূপে বর্ত্তমান। সন্ন্যাস করিলেও বর্ণাভিমানের কিছু কিছু অবশেষে থাকে বলিয়া তিনি শুদ্ধ আত্মস্বরূপে অবস্থিত হইতে অক্ষম। সুতরাং ব্রাহ্মণ ভগবানের শরীররূপে গ্রাহ্য হইলেও অনেক স্থলে বৈষ্ণব হইতে পারেন না। কিন্তু অনন্যভাবে ভগবৎপরায়ণ ভগবদ্ভক্ত যে-কোন বর্ণ হইতে উদ্ভূত হইলেও সকল জীবের গুরু এবং ভগবানের আত্মস্বরূপ। কারণ, তাদৃশ ভগবদ্ভক্ত বর্ণাশ্রম ও বর্ণাশ্রমধর্ম্মকে অর্থাৎ সকল মায়িক অভিমানকে ভগবানেরই জন্য সর্ব্বতোভাবে ত্যাগ করিয়াছেন। ব্রাহ্মণতার সহিত সদ্ধর্ম্মের সংযোগ হইলে ব্রাহ্মণের শ্রেষ্ঠতা বা উচ্চতা হয়। আর, ব্রাহ্মণত্বাভিমান পরিত্যাগপূর্ব্বক সদ্ধর্ম্ম গ্রহণ করিলে বৈষ্ণবতা লাভ হয়। সুতরাং সকল বর্ণ হইতেই পারমার্থিক ব্রাহ্মণতা বা বৈষ্ণবতা লাভ করা যাইতে পারে ॥ ৮ ॥

(১) আদিপুরাণে যথা—অহমেব দ্বিজশ্রেষ্ঠ নিত্যং প্রচ্ছন্নবিগ্রহঃ। ভগবদ্ভক্ত-রূপেণ লোকান্ রক্ষামি সর্ব্বদা॥ অর্জ্জুনের প্রতি শ্রীকৃষ্ণবাক্য—জগতাং গুরবো ভক্তানাঃ গুরবো বয়ম। সর্ব্বত্র গুরবো ভক্তা বয়ঞ্চ গুরুবো যথা॥

অত্র ব্রাহ্মণমাত্রস্য শরীরত্বেন নির্দ্দেশাৎ গুরুবৈষ্ণবয়োস্ত্যক্ত-বর্ণাশ্রময়োরুদাসীনসন্ন্যাসি-পরমহংসাবধূতয়োরাত্মস্বরূপত্বেন নির্দ্দেশো মহত্ত্বমর্য্যাদয়া স্বয়ং ভগবতৈব কৃত ইত্যতো গৃহিবৈষ্ণবাদপ্যনয়োর্বর্ণ-চিহ্নধর্ম্মত্যাগেন, সন্ন্যাসগতচিহ্নাদিত্যাগেনাবধূতপরমহংসস্য চ মহন্মাহাত্ম্যং সূচিতম্ ॥ ৯ ॥

যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ।
তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাম্ ॥ ১০ ॥

এস্থলে ব্রাহ্মণমাত্রকে ভগবানের শরীররূপে নির্দ্দেশহেতু বর্ণা-শ্রমধর্ম্ম ত্যাগপূর্ব্বক উদাসীন-সন্ন্যাসী ও পরমহংস অবধূত গুরু-বৈষ্ণবকে স্বয়ং ভগবান্ই (গুরু-বৈষ্ণবের মহত্ত্বের মর্য্যাদা প্রদান-পূর্ব্বক নিজের আত্মস্বরূপে নির্দ্দেশ করিয়াছেন। সুতরাং বর্ণচিহ্ন ত্যাগহেতু ইহাদের গৃহিবৈষ্ণব অপেক্ষা এবং সন্ন্যাসচিহ্ন ত্যাগহেতু অবধূত-পরমহংসের (সন্ন্যাসী অপেক্ষা) পরম মাহাত্ম্য সূচিত হইল ॥ ৯ ॥

সৎক্রিয়াসার-দীপিকোক্ত-লক্ষণান্বিত বৈষ্ণব-ব্রাহ্মণাদি মানব-জাতির মধ্যে শ্রেষ্ঠ। তন্মধ্যে বৈষ্ণব ভগবানের দেহবিশেষ—ইহা নিশ্চিত আছে। শরীর বলিলে বাহ্য সম্মান বুঝিতে হইবে। যে গৃহস্থ-বৈষ্ণব অধিকারী হইয়া বর্ণচিহ্ন ত্যাগপূর্ব্বক সন্ন্যাসী হইবেন, তিনি বর্ণী ব্রাহ্মণ হইতে অনন্তগুণে শ্রেষ্ঠ, যেহেতু তিনি ভগবানের আত্মস্বরূপ, প্রিয়। আবার যিনি সন্ন্যাস-ধর্ম্ম আচরণ করিতে করিতে অধিকার লাভকরতঃ সন্ন্যাস-চিহ্ন পরিত্যাগ করিয়া পরম-হংস-অবধূত হইবেন, তাহাকে ভগবানের অতীব প্রিয় জানিতে হইবে। সর্ব্ববর্ণের মধ্যে ব্রাহ্মণ শ্রেষ্ঠ, সবিদ্য বৈষ্ণব-ব্রাহ্মণ সামান্য বিপ্র হইতে শ্রেষ্ঠ, প্রাপ্তাধিকার সন্ন্যাসী গৃহী বৈষ্ণব-ব্রাহ্মণ হইতে শ্রেষ্ঠ এবং পরমহংস অবধূত সর্বাপেক্ষা শ্রেষ্ঠ। কৃষ্ণভক্তির পরিমাণই শ্রেষ্ঠতার হেতু।

যেরূপ কাঁসা রসবিধান অর্থাৎ রসায়নিক প্রক্রিয়াবিশেষের দ্বারা

অন্ত্যজা অপি তদ্রাষ্ট্রে শঙ্খচক্রাদিধারিণঃ।
সংপ্রাপ্য বৈষ্ণবীং দীক্ষাং দীক্ষিতা ইব সংবভুঃ ॥ ১১ ॥
তপঃ শ্রুতিশ্চ যোনিশ্চ ত্রয়ং ব্রাহ্মণকারণম্ ॥ ১২ ॥
ন শূদ্রা ভগবদ্ভক্তাস্তেঽপি ভাগবতোত্তমাঃ।
সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে ॥ ১৩ ॥

স্বর্ণত্ব প্রাপ্ত হয়, তদ্রূপ (সদ্‌গুরুর নিকট পাঞ্চরাত্রিকী) দীক্ষা-বিধানের দ্বারা (যে-কোন বর্ণের) নরমমাত্রেরই বিপ্রত্ব সাধিত হয় ॥ ১০ ॥

তাঁহার (সেই ভক্ত রাজার) রাজ্যে অন্ত্যজগণও শঙ্খ-চক্রচিহ্নাদি ধারণপূর্ব্বক বৈষ্ণবী দীক্ষা প্রাপ্ত হইয়া দীক্ষিত ব্রাহ্মণদিগের ন্যায় শোভাশালী হইয়াছিলেন ॥ ১১ ॥

এই পুরাণবাক্যে প্রমাণিত হয় যে, যে-কোন বর্ণোৎপন্ন বা অন্ত্যজ ব্যক্তি ব্রহ্মস্বভাব লাভ করতঃ বৈষ্ণব-সদ্‌গুরুর নিকট পঞ্চ-সংস্কারে দীক্ষিত হইলে সন্ন্যাসগ্রহণে দীক্ষিত ব্রাহ্মণের সহিত সমান অধিকার লাভ করেন।

তপস্যা, শ্রুতি অর্থাৎ বেদজ্ঞান এবং যোনি অর্থাৎ ব্রাহ্মণকুলে জন্ম—এই তিনটী ব্রাহ্মণত্বের সাধারণ হেতু। অর্থাৎ যাঁহারা এই লক্ষণত্রয়যুক্ত, তাঁহারা সামান্যতঃ ব্রাহ্মণ ॥ ১২ ॥

এই সামান্য ব্রাহ্মণ চতুর্ব্বর্ণের গুরু। সেই ব্রাহ্মণ বৈষ্ণবী-দীক্ষা প্রাপ্ত হইলে দ্বিজত্ব লাভ করেন। দ্বিজত্বে যদি বৈরাগ্যধর্ম্মের উদয় হয়, তবে তিনি সন্ন্যাসের অধিকারী হন। ব্রাহ্মণকুলে জন্ম না হইলেও যিনি ভাগ্যক্রমে ব্রাহ্মণস্বভাব লাভ করিবেন, তিনিও পরমার্থ বিচারে ব্রাহ্মণ। মহাভারতের বনপর্ব, ভাগবতের সপ্তম স্কন্ধ, মনু, জাবালোপনিষৎ ও বজ্রসূচিকোপনিষদের বাক্যসকল বিচার করিয়া দেখিলে ইহা প্রমাণিত হইবে। বিশেষতঃ কলিকালে যোনি-লক্ষণটীর সম্ভাবনা নাই। সুতরাং তপঃ ও শ্রুতি ব্রাহ্মণের প্রধান লক্ষণ বলিয়া গৃহীত না হইলে শাস্ত্রীয় ধর্ম্ম আর থাকে না।

চণ্ডালোঽপি মুনিশ্রেষ্ঠো হরিভক্তিপরায়ণঃ।
হরিভক্তিবিহীনশ্চ দ্বিজোঽপি শ্বপচাধমঃ ॥ ১৪ ॥(১)
অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যক্ ব্যবসিতো হি সঃ ॥ ১৫ ॥

অতএব শূদ্রগৃহে জাত ব্যক্তি অকপট ও উত্তম ভগবদ্ভক্তি লাভ করিলে ভাগবতোত্তম হইতে পারেন। সকল বর্ণমধ্যেই যাঁহারা ভগবদ্ভক্ত নহেন, তাঁহারাও শূদ্র ॥ ১৩ ॥

হরিভক্তিপরায়ণ চণ্ডালও মুনিশ্রেষ্ঠ, কিন্তু ব্রাহ্মণও হরিভক্তি-বিহীন হইলে চণ্ডালেরও অধম হন ॥ ১৪ ॥

এস্থলে এরূপ পূর্ব্বপক্ষের সম্ভাবনা আছে,—কেবল জন্মদ্বারা ব্রাহ্মণাদি নিরূপণ এবং সন্ন্যাসাদির অধিকার বিচার করিবার প্রথা বহু প্রাচীন কাল হইতে চলিয়া আসিতেছে। অন্যথা সদ্বংশে জন্ম-লাভহেতু যে-সকল সদাচার বংশানুক্রমে লাভ করিবার সম্ভাবনা থাকে, হঠাৎ উৎপন্ন ব্রাহ্মণ ও সন্ন্যাসী ব্যক্তিতে কিরূপে তাহার সম্ভাবনা হইতে পারে? তদুত্তরে স্বয়ং ভগবান্ বলিতেছেন যে,—সর্বত্রই প্রকৃত সাধুর মাহাত্ম্যাধিক্য, বংশগত সদাচার লাভ করিয়াও যদি হৃদয়ে ভগবদ্ভক্তিলেশ না থাকে, তাহা হইলে উহাতে কি ফল? ভগবদ্ভক্তিই জীবের সাধুত্বের একমাত্র লক্ষণ। যাঁহার অনন্য ভগবদ্ভক্তি আছে, তিনিই সাধু। সদাচার শিক্ষা করিয়াও অনেকে কপটতাপূর্ব্বক ভক্তি-শূন্য হইতে পারেন। সুতরাং সমস্ত সদাচার থাকা-সত্ত্বেও যদি কোন ব্যক্তির হৃদয় ভগবদ্ভক্তিশূন্য হয়, তাহা হইলে তাঁহাকে কোন প্রকারেই সাধু বলা যাইতে পারে না।

পক্ষান্তরে, অসদ্বংশে জন্মহেতু অতি দুরাচার ব্যক্তিও (অর্থাৎ সদ্বংশ-সুলভ সামাজিক ও শারীরিক আচার-বিষয়ে অতি হীন ব্যক্তিও) যদি অনন্যচিত্ত হইয়া আমাকে ভজন করেন, তাহা হইলে

---

(১) "বিপ্রাদ্দ্বিষড়্‌গুণযুতাৎ...ত্বুরিমানঃ"—(ভাঃ ৭।৯।১০)

মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ ।
(স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিম্) ॥ ১৬॥ (১)
শূদ্রজাতি-বিদুরস্যাশ্রমান্তরং হি দৃশ্যতে ॥ ১৭ ॥
অহো বত শ্বপচোঽতো গরীয়ান্ যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্ ।
তেপুস্তপস্তে জুহুবুঃ সস্নুরার্য্যা ব্রহ্মানূচুর্নাম গৃণন্তি যে তে ॥ ১৮ ॥
স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ ।
সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ ॥ ১৯ ॥

তাঁহাকে সাধুই মনে করিতে হইবে। কারণ, তিনি সর্বতোভাবে ব্যবসিত অর্থাৎ সুবিচারিত ও সুনিশ্চিত সিদ্ধান্তে প্রতিষ্ঠিত হইয়াছেন ॥ ১৫ ॥

যিনি অনন্যভক্তিক্রমে সর্ব্বদা ভগবদ্দাস্য করিতেছেন, তাঁহার কোন প্রকারের স্মার্ত্ত অসদাচার থাকিলেও তিনি ভক্তিহীন কপট সদাচারী অপেক্ষা বহু গুণে শ্রেষ্ঠ ও সাধু। তাঁহার ব্যবসায় সমস্তই সম্যগ্ বলিয়া জানিতে হইবে।

অতএব ভগবান্ বলিয়াছেন,—হে অর্জ্জুন! যে-সকল পাপ-জাতি (এবং স্ত্রী, বৈশ্য, শূদ্রও) আমাকে অনন্যরূপে আশ্রয় করে, তাহারাও পরমা গতি প্রাপ্ত হয় ॥ ১৬ ॥

শূদ্রকুলে জাত বিদুরেরও আশ্রমান্তরগ্রহণ অর্থাৎ গৃহস্থাশ্রম হইতে অবধূতাশ্রমপ্রাপ্তি—দেখা যায় ॥ ১৭ ॥

আহা! যে চণ্ডালের জিহ্বাগ্রে তোমারই প্রীতির উদ্দেশ্যে তোমার নাম নিরন্তর বিরাজ করে, তিনি এই কারণে অতি শ্রেষ্ঠ। যাহারা তোমার নাম কীর্ত্তন করেন, সেই সকল আর্য্য—সকল তপস্যা, সকল যজ্ঞ, সকল তীর্থস্নান, সমগ্র বেদাধ্যয়ন বহু পূর্ব্বে পূর্ব্বেই নিঃশেষ করিয়া রাখিয়াছেন ॥ ১৮ ॥

সর্ব্বক্ষণ শ্রীবিষ্ণুর স্মরণ করিবে, কখনও বিষ্ণুকে বিস্মৃত

(১) ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ শ্রদ্ধয়াত্মা প্রিয়ঃ সতাম্ ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপাকানপি সম্ভবাৎ ॥—(ভাঃ ১১।১৪।২১)

সর্ব্বত্রাস্খলিতাদেশঃ সপ্তদ্বীপৈকদণ্ডধৃক্ ।
অন্যত্র ব্রাহ্মণকুলাদন্যত্রাচ্যুতগোত্রতঃ ॥ ২০ ॥

হইবে না। শাস্ত্রের যাবতীয় বিধি-নিষেধ এই দুই মুখ্য বিধি-নিষেধেরই কৈঙ্কর্য্য করিবে ॥ ১৯ ॥

শাস্ত্রের বাহ্যার্থ এক প্রকার এবং নিগূঢ়ার্থ অন্য প্রকার। যিনি নিগূঢ় তাৎপর্য্য-গ্রহণে সক্ষম, তিনি সারগ্রাহী এবং যিনি কেবল বাহ্যার্থ লইয়াই ব্যস্ত, তিনি ভারবাহী। কৃষ্ণভক্তিই সকল শাস্ত্রের নিগূঢ় তাৎপর্য্য এবং বর্ণাশ্রমাদি-বোধক সমস্ত অর্থই বাহ্য। জগতে ভারবাহী লোকই অধিক। সুতরাং সাধারণের নিকট বাহ্যার্থই প্রবল এবং তদ্ব্যতীত উহাদের গত্যন্তরও নাই। নিষ্ঠার সহিত বাহ্যার্থের অনুসরণ করিলে ক্রমে সারগ্রাহি-গ্রাহ্য তাৎপর্য্য গ্রহণের যোগ্যতা উদিত হয়। সুতরাং বাহ্যার্থের প্রাধান্য আশ্রয়-পূর্ব্বক যে সকল দান, ব্রত, ধর্ম্ম, হোম ইত্যাদি ভারবাহীদের জন্য ব্যবস্থিত হইয়াছে, তৎসমস্ত সেই সকল অধিকারীর পক্ষে প্রয়োজনীয় ও আদরণীয়; তথাপি সারগ্রাহি-প্রবৃত্তির উদয়কালে উহাদের আদর স্বতঃই খর্ব্ব হইয়া পড়ে। ভারবাহিগণের জন্য ধর্ম্মশাস্ত্রের যে-সকল বিধি-নিষেধ ব্যবস্থিত হইয়াছে, তৎসমস্তের মূল তাৎপর্য্য—একমাত্র কৃষ্ণভক্তি। উহাদের গূঢ় তাৎপর্য্য এই যে,—নিরন্তর কৃষ্ণস্মৃতি হউক্ এবং কৃষ্ণবিস্মৃতি যেন কখনও হয় না। সারগ্রাহী ব্যক্তি এই নিগূঢ় তাৎপর্য্য সর্ব্বক্ষণ অবশ্য স্মরণ করিবেন। ভারবাহী-দিগের উত্তেজনায় কখনই উহা বিস্মৃত হইবেন না। অতএব যে বর্ণেই জন্ম হউক না কেন, যদি কাহারও সুকৃতিফলে সারগ্রাহীর প্রবৃত্তির উদয়ে কৃষ্ণভক্তি উদিত হয়, তবেই শাস্ত্রতত্ত্বের বিদ্বৎপ্রতীতি হইল বলিয়া জানিবে। তখন বিদ্বৎব্রাহ্মণতা, বিদ্বৎসন্ন্যাস, বিদ্বৎ-পরমহংসতা প্রভৃতি অবস্থা স্বয়ং উপস্থিত হয়।

সপ্তদ্বীপা পৃথিবীর একমাত্র শাসনদণ্ডধারী বৈষ্ণব-মহারাজের

অতএব শ্রীভগবদ্দীক্ষাদিনা স্বরূপতো দ্বিজত্বাদিসম্ভবাৎ গেহাদৌ বৈরাগ্যেণ বিষ্ণুসন্ন্যাসাচ্যুতগোত্রাদিকং সিদ্ধমেব। তত্তচ্চিহ্নত্যাগেনা-বধূতপরমহংসাদিত্বমপি সিদ্ধমিত্যবিরুদ্ধম্। এবং প্রকারেণ শ্রীহরিভক্তিবিলাসকৃদ্ভিঃ শ্রীশালগ্রামসেবনাদৌ দত্তাধিকারাণাং মধ্যে স্ত্রীণামপি কোপীনং বিনা সম্প্রদায়ি-বৈষ্ণবকরণসুবিজ্ঞেন গুরুণা দত্তবহির্বাসবদ্-ভেকাঙ্গভূতচীরখণ্ডযুগ্মবসনাদিধারণেন ব্রহ্মচর্য্যাদ্যা-শ্রমাদিকমপ্যবিরোধসিদ্ধমিতি ॥ ২১ ॥

যথা শ্রীমহাপ্রভোঃ পার্ষদস্য শ্রীদামোদরস্য শিখাসূত্রত্যাগেন কৌপীনধারণেন চ (কিন্তু) যোগপটং বিনা সন্ন্যাসেন স্বরূপাখ্যা অভূৎ। যথা শ্রীমাধবী-বৈষ্ণবী অপীতি। এবং শ্রীমন্নিত্যানন্দেন প্রভুণা স্বয়মেব শ্রীরঘুনাথদাসগোস্বামিনে কৌপীনাদিকং দত্তমিতি ॥ ২২ ॥ কিঞ্চ,—

আদেশ ব্রাহ্মণকুল ও অচ্যুতগোত্রীয় পুরুষে ব্যতীত অপর সকল স্থানেই সর্ব্বদা অস্খলিত ছিল ॥ ২০ ॥

অতএব পাঞ্চরাত্রিকদীক্ষা-বিধানে সদ্‌গুরুকর্ত্তৃক শ্রীভগবন্নাম-মন্ত্রে দীক্ষাদির দ্বারা স্বরূপতঃ বিপ্রত্বাদি সম্ভব বলিয়া তাদৃশ দৈক্ষ-ব্রাহ্মণের গৃহাদিতে বৈরাগ্যফলে বিষ্ণুসন্ন্যাস ও অচ্যুতগোত্রাদি সিদ্ধ হইয়া থাকে। পরে সেই সকল সন্ন্যাস-চিহ্নাদি পরিত্যাগ-পূর্ব্বক অবধূত-পরমহংসত্বাদি অবস্থা লভ্য হয়। ইহা সর্বতোভাবে অবি-রুদ্ধ। এই প্রকারে 'শ্রীহরিভক্তিবিলাস'কার কর্ত্তৃক যাঁহাদিগকে শ্রীশালগ্রাম-সেবাদির অধিকার প্রদত্ত হইয়াছে, তাহাদিগের মধ্যে স্ত্রীলোকগণকেও সম্প্রদায়ি-বৈষ্ণবতা-সম্পাদনে সুবিজ্ঞ গুরুদেব বহির্বাসের ন্যায় ভেকের অঙ্গীভূত দুই খণ্ড চীর-বস্ত্র প্রদান করিয়া থাকেন। ঐরূপ চীরখণ্ডদ্বয় ধারণ-দ্বারা স্ত্রীলোকেরও ব্রহ্মচর্য্যাদি আশ্রম অবিরোধ সিদ্ধ হয় বলিয়া জানিবে ॥ ২১ ॥

যেমন, শ্রীমহাপ্রভুর পার্ষদ শ্রীদামোদরের যোগপট্ট ব্যতীত শিখাসূত্র-ত্যাগ ও কৌপীন-ধারণের দ্বারা সন্ন্যাস-গ্রহণে 'স্বরূপ' আখ্যা

এতাং সমাস্থায় পরাত্মনিষ্ঠামুপাসিতাং পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ।
অহং তরিষ্যামি দুরন্তপারং তমো মুকুন্দাঙ্ঘ্রিনিষেবয়ৈব ॥ ২৩ ॥

জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বাহনপেক্ষকঃ।
সলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ ॥ ২৪ ॥

হইয়াছিল। যেমন, শ্রীমাধবী বৈষ্ণবীও—ইনি গৃহে থাকিয়া চীর-খণ্ডদ্বয় গ্রহণপূর্ব্বক সন্ন্যাস লাভ করিয়াছিলেন। এই প্রকারে শ্রীনিত্যানন্দ-প্রভু শ্রীরঘুনাথ দাস গোস্বামীকে স্বয়ং কৌপীনাদি প্রদান করিয়াছিলেন ॥ ২২ ॥

শ্রীচরিতামৃতে শ্রীস্বরূপদামোদর সম্বন্ধে,—

সন্ন্যাস করিলা শিখাসূত্র-ত্যাগরূপ।
যোগপট্ট না নিল, নাম হইল 'স্বরূপ' ॥

মাধবীদেবী-সম্বন্ধে,—

মাহিতির ভগিনীর নাম—মাধবী-দেবী।
বৃদ্ধা তপস্বিনী আর পরমা বৈষ্ণবী ॥
প্রভু লেখা করে যাঁরে রাধিকার গণ।
জগতের মধ্যে 'পাত্র'—সাড়ে তিন জন ॥
স্বরূপ গোসাঞি, আর রায় রামানন্দ।
শিখি-মাহিতি—তিন, তাঁর ভগিনী—অর্দ্ধজন ॥

এই সকল দৃষ্টান্ত হইতে ইহাই জানিতে হইবে যে, অধিকারী ব্রাহ্মণ, স্ত্রীলোক ও কায়স্থ প্রভৃতি সকলেই ভিক্ষাশ্রমের অধিকারী হইয়া সন্ন্যাস গ্রহণ করিতে পারেন।

"আমি প্রাচীন মহর্ষিগণের উপাসিত পরাত্মনিষ্ঠারূপ সন্ন্যাসধর্ম্ম অবলম্বন-পূর্ব্বক কৃষ্ণ-পাদপদ্ম সেবা-দ্বারাই এই দুরন্তপার তমঃ অর্থাৎ সংসার-সমুদ্র উত্তীর্ণ হইব ॥ ২৩ ॥

জ্ঞাননিষ্ঠ বিরক্ত পুরুষ হউন, অথবা নিরপেক্ষ আমার ভক্ত হউন, তিনি আশ্রমচিহ্ন-সহিত সকল আশ্রম পরিত্যাগ করিয়া অবি-ধিগোচর অর্থাৎ বিধির অতীত হইয়া বিচরণ করিবেন ॥ ২৪ ॥

এতামিতি কৌপীনকন্থাদিরূপাম্।

শ্রীশঙ্করাচার্য্যং প্রতি যথোক্তমুদয়নাচার্য্যেণ—

কন্থাং বহসি দুর্ব্বুদ্ধে গদ্দভৈরপি দুর্ব্বহাম্।
শিখা যজ্ঞোপবীতং তে কস্মাদ্ ভারায়তে বদ ॥ ২৫ ॥

কিঞ্চেত্যাদিবচনাৎ শ্রীহরিদাসাদীনাং বিধিপূর্ব্বক-ব্রহ্মচর্য্যাদি-গ্রহণং লোকসংগ্রহমাত্রং, বস্তুতস্তু মুকুন্দাঙিঘ্রনিষেবয়ৈবেতি। সংসার-তরণাবধারণাৎ যথাকথঞ্চিৎপ্রকারেণ তত্তচ্চিহ্নাদিধারণেন তত্তদ্বর্ণাশ্রমাভিমানত্যাগেন চ শ্রীভগবদ্ভজনমেব বিধেয়মিতি তত্ত্বং সূচিতম্ ॥২৬

ভাগবতে এই কৃষ্ণাজ্ঞা সন্ন্যাসাধিকারী ব্যক্তির পক্ষে পরমহংস-অবধূত হইবার জন্য বিধি-বাক্য। জ্ঞাননিষ্ঠ বিরক্তগণ মায়াবাদ-বিচারে ব্রহ্ম-সন্ন্যাস এবং নিরপেক্ষ ভগবদ্ভক্তগণ বিষ্ণু-সন্ন্যাস গ্রহণ-পূর্ব্বক চরমে পরমহংস-অবধূতাবস্থা লাভের জন্য সাধন করিবেন। পারমহংসীসংহিতা শ্রীমদ্ভাগবতের বিচারে বাস্তব সুনির্ম্মল পারম-হংস্য-পদ কেবল ঐকান্তিকী শুদ্ধা হরিভক্তিক্রমেই লভ্য হইয়া থাকে।

'এতাং সমাস্থায়' ইত্যাদি শ্লোকে 'এতাং'-শব্দে কৌপীন-কন্থাদি-রূপ সন্ন্যাস-চিহ্নসকলকে বুঝিতে হইবে। ব্রহ্ম-সন্ন্যাসী ও বিষ্ণু-সন্ন্যাসী উভয়েরই সন্ন্যাস-চিহ্ন—কৌপীন-কন্থাদি। কর্ম্মী উদয়না-চার্য্য সন্ন্যাসের প্রতি স্বাভাবিক দ্বেষবশতঃ শ্রীশঙ্করাচার্য্যকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন,—হে দুর্বুদ্ধে! গদ্দর্ভেরও দুর্ব্বহ কন্থা তুমি বহন করিতেছ। শিখা ও যজ্ঞোপবীত তোমার নিকট ভার বলিয়া বোধ হইতেছে কেন বল দেখি? ২৫ ॥

'কিঞ্চ' ইত্যাদি বাক্য হইতে প্রতিপন্ন হয় যে, 'শ্রীহরিদাস প্রভৃতির বিধিপূর্ব্বক ব্রহ্মচর্য্যাদিগ্রহণ—কেবল লোকশিক্ষার জন্য। কিন্তু মুকুন্দপাদপদ্ম সেবাদ্বারাই বাস্তব ব্রহ্মচর্য্য-সন্ন্যাস প্রভৃতি সিদ্ধ হয়। সংসার উত্তীর্ণ হওয়া অবধারিত হইলে, বিবিধ আশ্রমচিহ্ন ধারণ, অথচ যাবতীয় বর্ণাশ্রমাভিমান পরিত্যাগ করিয়া যে কোন প্রকারে একমাত্র ভগবদ্ভজনই কর্ত্তব্য—এই তত্ত্ব সূচিত হইয়াছে ॥২৬॥

তস্মাদেব তত্তৎপুত্রপ্রভৃতীনাং তাংস্তানুদ্দিশ্য বৈদিক-পৈত্রাদি-কৃত্যমপ্যনুচিতং তৎকৃত্যেন পুনঃ সংসারপ্রাপ্তিসম্ভবাদিতি দিক্ ॥২৭॥

শ্রীমদ্ভাগবতং পুরাণমমলং যদ্বৈষ্ণবানাং প্রিয়ং
যস্মিন্ পারমহংস্যমেকমমলং জ্ঞানং পরং গীয়তে।
যত্র জ্ঞানবিরাগভক্তিসহিতং নৈষ্কর্ম্ম্যমাবিষ্কৃতং(১)
তচ্ছৃণ্বন্ সুপঠন্ বিচারণপরো ভক্ত্যা বিমুচ্যেন্নরঃ ॥২৮॥

এবমাদি শ্রীমদ্ভাগবতবাক্যৈর্বৈষ্ণবানামেবাচ্যুতগোত্রত্বং পরম-হংসত্বঞ্চ বিহিতং, যতো বৈষ্ণবানাং ভাগবতপ্রিয়ত্বম্। তস্মাৎ পারমহংস্য-জ্ঞানত্বেন পরমহংসত্বমপি তেষামেব নান্যেষাম্।

ততঃ পূর্ব্ববদাচার্য্যো ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমং কৃত্বা, যতশ্চতুর্বর্ণানাং মধ্যে ব্রাহ্মণাদ্যেকতরোঽপি কশ্চিদচ্যুতগোত্রো-

একান্তভাবে হরিভজন করার নামই সন্ন্যাস। তবে লোক-সংগ্রহের জন্য কৌপীনাদি-ধারণপূর্ব্বক সংসারী-অভিমান পরিত্যাগ করা—সেই মহৎকার্য্যের দৃঢ়তা প্রদর্শন-মাত্র। অতএব সন্ন্যাসের বাহ্যচিহ্নসকল সংসারবন্ধন ছেদনের প্রধান উপায়রূপে বিধেয়।

সেই কারণেই তাদৃশ ঐকান্তিক ভগবদ্ভক্তগণের পুত্রপ্রভৃতিকর্তৃক তাঁহাদের উদ্দেশ্যে বৈদিক-পৈত্রাদি কর্ম্মানুষ্ঠানও অনুচিত। কারণ, সেই সকল অনুষ্ঠানের দ্বারা পুনঃ সংসারবন্ধন প্রাপ্তির সম্ভাবনা হয়। উক্ত বিচারের ইহাই দিগ্দর্শন ॥ ২৭ ॥

শ্রীমদ্ভাগবত—অমল পুরাণ। ইহা বৈষ্ণবগণের অতিপ্রিয়। ইহাতে একমাত্র অমল পরম পারমহংস্যজ্ঞান গীত হইয়াছে। ইহাতে জ্ঞান-বিরাগ-ভক্তি-সহিত নৈষ্কর্ম্ম্য আবিষ্কৃত হইয়াছে। সেই ভাগ-বতের শ্রবণ, সুষ্ঠু পঠন ও বিচারপরায়ণ হইয়া ভক্তিদ্বারা লোক মায়ামুক্ত হইবে ॥ ২৮ ॥

উক্তপ্রকার অনেক ভাগবত-বচনের দ্বারা বৈষ্ণবদিগেরই অচ্যুত-

১। গোপালপূর্ব্বতাপন্যাং—ভক্তিরস্য ভজনম্ তদিহামুত্রোপাধিনৈরাস্যেনামুস্মিন্ মনঃকল্পনম্ এতদেব নৈষ্কর্ম্ম্যম্।

হহমিতি ন ব্রূতে। চত্বারঃ সাম্প্রদায়িকা ভেকধারিণস্তু সর্ব্বেঽপ্য-
চ্যুতগোত্রোঽহমিতি বদন্তি (ইতি) লৌকিক-শাস্ত্রীয়ব্যবহার-নিষ্পত্তৌ
ন কিঞ্চিদনুপপন্নমিতিস্থিতম্। তস্মাদেব শ্রীরামানুজাচার্য্যাদীনাং
মতাবলম্বিনো বৈষ্ণবাঃ প্রথমং যাগাদিস্থানং বিধায় যান্ কান্ শূদ্রাদি-
বালকানপি সংগৃহ্য ক্ষৌরাদিকং কারয়িত্বা, স্বয়ং বিষ্ণুহোমাদিকং
কৃত্বা, পূর্ব্বাচার্য্যাদীন্ বিধিবৎ সম্পূজ্য চ, তান্ বালকাদিকান্ পঞ্চ
সংস্কারান্ ধারয়িত্বা দ্বিজত্বমাসাদ্য, পশ্চাৎ যাজ্ঞবল্ক্যাদিকৃত-পদ্ধতি-
মতানুসারেণ গর্ভাধানাদ্যুপনয়নান্তান্ সংস্কারান্ কারয়িত্বা, বেদমাতরং
সাবিত্রীমপি দীক্ষয়িত্বা, পশ্চাৎ স্ব-সম্প্রদায়ি-মন্ত্রঞ্চ দীক্ষয়িত্বা,—
শ্রীগুর্ব্বাদীন্ শ্রীশালগ্রামাদীনপ্যর্চ্চয়িত্বা, পশ্চাৎ ভিক্ষুপযোগী-কৌপীন-
বহির্ব্বাস-ঝুলি-কন্থা-সন্ন্যাসমন্ত্রানপি দত্ত্বা পুনঃ সন্ন্যাসিনঃ কুর্ব্বন্তীতি
প্রসিদ্ধং সর্ব্বৈঃ দৃষ্টং শ্রুতঞ্চেতি ॥ ২৯ ॥

গোত্রত্ব ও পরমহংসত্ব বিহিত হইয়াছে। কারণ, ভাগবত-প্রীতি
বৈষ্ণবদিগেরই আছে। সেই ভাগবত-কথিত পারমহংস্য-জ্ঞানদ্বারা
পরমহংসত্ব-লাভও বৈষ্ণবেরই, অপর কাহারও নহে। যেহেতু, চতু-
র্বর্ণের মধ্যে ব্রাহ্মণাদি কোন বর্ণের কেহই 'আমি অচ্যুতগোত্র'—এই
কথা বলেন না। পক্ষান্তরে, চারিটি শুদ্ধভক্তিসম্প্রদায়ে ভেকধারী
সকলেই 'আমি অচ্যুতগোত্র'—ইহা বলিয়া থাকেন। ইহাতে
লৌকিক ও শাস্ত্রীয় ব্যবহার-সম্পাদনে কিছুমাত্র অযৌক্তিকতা হয় না,
ইহাই ব্যবস্থা। এই বিচারে শ্রীরামানুজাচার্য্য প্রভৃতির মতাবলম্বী
বৈষ্ণবগণ প্রথমে যাগাদির স্থানের ব্যবস্থা করেন ; পরে শূদ্রাদি যে-
কোন বর্ণ হইতে প্রাপ্ত বালকদিগকে ক্ষৌরাদি করাইয়া, স্বয়ং বিষ্ণু-
হোমাদি সম্পাদন করিয়া এবং পূর্ব্বাচার্য্যগণকে যথাবিধি পূজা
করিয়া সেই বালকগণের পঞ্চসংস্কার প্রদানপূর্ব্বক দ্বিজত্ব বিধান
করেন। পরে যাজ্ঞবল্ক্যাদিকৃত পদ্ধতি-অনুসারে গর্ভাধান হইতে
উপনয়ন পর্য্যন্ত সংস্কার করাইয়া বেদমাতা সাবিত্রীমন্ত্রে দীক্ষিত
করেন। পরে নিজনিজ সাম্প্রদায়িক মন্ত্রে দীক্ষিত করিয়া শ্রীগুরু-

অস্মাকন্তু শ্রীমন্মহাপ্রভোরনুমতেন শ্রীগোস্বামিচরণাদয়ঃ (১)
প্রথমতঃ শ্রীভগবদালয়াদিষু গৃহাদিস্থানানি সংশোধ্য, তত্র শ্রীবিষ্ণুহোমং
কৃত্বা, বিধিবদাচার্য্যাদীন্ সম্পূজ্য চ শূদ্রাদিকান্ যথাবৎ দীক্ষিতাংশ্চ-
ক্রিরে। কিম্বা (২) তত্র কেবলমাসনাদীন্ সংস্থাপ্য শ্রীমধ্বাচার্য্যা-
দীন্ সপার্ষদ-শ্রীকৃষ্ণচৈতন্যাদীংশ্চ পঞ্চোপচারৈঃ পূজয়িত্বা, কিম্বা (৩)
তত্র শ্রীকৃষ্ণচৈতন্য-শ্রীমন্নিত্যানন্দ-শ্রীঅদ্বৈত-শ্রীগদাধর-শ্রীবাসান্ পঞ্চ-
তত্ত্বাত্মকান্ পাদ্যাদিভিঃ পঞ্চোপচারৈর্বিধিবৎ সম্পূজ্য, স্ত্রী-শূদ্রাদি-
বালকাদিকান্ যান্ কানপি সংগৃহ্য ক্ষৌর-স্নানাদিকং কারয়িত্বা,
তাপ-পুণ্ড্রাদিকঞ্চ ধারয়িত্বা শ্রীহরের্নামোপদিশ্য চ, পশ্চাৎ ষড়ক্ষরা-
দ্যষ্টাদশাক্ষরান্তেষু মন্ত্রেষু মধ্যে কমপি ভগবন্মন্ত্রমুপদিশ্য, তান্ বৈষ্ণ-

---

পরম্পরা ও শ্রীশালগ্রামাদির অর্চ্চন করেন। পরে ভিক্ষুর উপযোগী
বহির্ব্বাস-ঝুলি-কন্থাসন্ন্যাসমন্ত্রও প্রদান করিয়া সন্ন্যাসী করেন। এই
প্রসিদ্ধ প্রথা সকলে দেখিতেছেন ও শুনিতেছেন ॥ ২৯ ॥

আমাদের শ্রীগৌড়েশ্বর-সম্প্রদায়ের প্রথা এই,—শ্রীগোস্বামিবর্গ
শ্রীমন্মহাপ্রভুর অনুমতি-ক্রমে (১) প্রথমতঃ শ্রীভগবন্মন্দিরাদিতে
গৃহাদিস্থান শোধনপূর্ব্বক তথায় শ্রীবিষ্ণুহোম ও যথাবিধি আচার্য্য-
পরম্পরার পূজা করিয়া শূদ্রাদি সকলকেই (অধিকার-বিচারপূর্ব্বক)
দীক্ষিত করিয়া আসিতেছেন। (২) অথবা তথায় (শ্রীভগবদ্-
গৃহাদিতে) আসনাদি স্থাপন-পূর্ব্বক শ্রীমধ্বপ্রভৃতি আচার্য্যগণ ও
সপার্ষদ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু প্রভৃতির পঞ্চোপচারে পূজা করিয়া,
(৩) অথবা তথায় পঞ্চতত্ত্বস্বরূপ শ্রীকৃষ্ণচৈতন্য-শ্রীমন্নিত্যানন্দ-
শ্রীঅদ্বৈত-শ্রীগদাধর-শ্রীবাস প্রভুগণকে পাদ্যাদি পঞ্চোপাচারে যথা-
বিধানে পূজা করিয়া,—স্ত্রী-শূদ্র-বালক প্রভৃতি যে-কোন ব্যক্তিকে
(অধিকারী বিবেচনায়) গ্রহণপূর্ব্বক তাহাকে ক্ষৌর-স্নানাদি এবং
(শীতল) তাপ ও ঊর্দ্ধ্ব পুণ্ড্রাদি ধারণ করাইয়া শ্রীহরির নাম উপদেশ
করিয়া থাকেন। পরে ষড়ক্ষর হইতে অষ্টাদশাক্ষর পর্য্যন্ত মন্ত্র-
সকলের মধ্যে কোন একটী উপদেশকরতঃ তাহাদিগকে বৈষ্ণব

বান্ বিধায়, তৎপূর্ব্বকালীন বৈষ্ণবত্ব-প্রাপ্তান্ বা, বৈষ্ণবত্বেন দ্বিজত্ব-সিদ্ধেঃ পুনস্তাংস্তান্ শ্রীভবদেবাদ্যনুমতেন বিধিনা গর্ভধানাদ্যুপনয়নান্ত-সংস্কারান্ কারয়িত্বৈব ভিক্ষূপযোগি-সন্ন্যাসসংস্কারাদিকং ধারয়ন্তীতি প্রথা ॥ ৩০ ॥

তত্রাদৌ পূজায়াং আচার্য্যাদীন্ যথা,—

শ্রীকৃষ্ণ-ব্রহ্ম-দেবর্ষি-বাদরায়ণ-সংজ্ঞকান্ ।
শ্রীমধ্ব-শ্রীপদ্মনাভ-শ্রীমন্ন্ হরি-মাধবান্ ॥
অক্ষোভ্য-জয়তীর্থ-শ্রীজ্ঞানসিন্ধু-দয়ানিধীন্ ।
শ্রীবিদ্যানিধি-রাজেন্দ্র-জয়ধর্ম্মান্ ক্রমাদ্বয়ম্ ॥
পুরুষোত্তম-ব্রহ্মণ্য-ব্যাসতীর্থাংশ্চ সংস্তুমঃ ।
ততো লক্ষ্মীপতিং শ্রীমন্মাধবেন্দ্রঞ্চ ভক্তিতঃ ॥
তচ্ছিষ্যান্ শ্রীশ্বরাদ্বৈত-নিত্যানন্দান্ জগদ্গুরূন্ ।
দেবমীশ্বরশিষ্যং শ্রীচৈতন্যঞ্চ ভজামহে ॥
নিমাঞ্যাখ্যয়া যোঽসৌ বিখ্যাতঃ ক্ষিতিমণ্ডলে ।
শ্রীকৃষ্ণপ্রেমদানেন যেন নিস্তারিতং জগৎ ॥

করেন। বৈষ্ণবতা-দ্বারা দ্বিজত্ব সিদ্ধ হয়। সুতরাং ইহাদিগের অথবা পূর্ব্বে সদ্ গুরুর নিকট পঞ্চসংস্কারে দীক্ষাবিধানে বৈষ্ণবত্ব-প্রাপ্ত ব্যক্তিগণের ভবদেবভট্ট প্রভৃতির অনুমোদিত বিধানানুসারে গর্ভাধানাদি উপনয়নান্ত সংস্কার সকল সম্পাদনপূর্ব্বক তাহাদিগকে ভিক্ষুর উপযোগী সন্ন্যাস-সংস্কারাদি প্রদান করিয়া থাকেন ॥ ৩০ ॥

পূজায় সর্ব্বাগ্রে আচার্য্যবর্গের অর্চ্চন কর্ত্তব্য। শ্রীগুরুপরম্পরা যথা,—শ্রীকৃষ্ণ, ব্রহ্মা, নারদ, ব্যাসদেব, মধ্বাচার্য্য, পদ্মনাভ, নৃহরি, মাধব, অক্ষোভ্য, জয়তীর্থ, জ্ঞানসিন্ধু, দয়ানিধি, বিদ্যানিধি, রাজেন্দ্র, জয়ধর্ম্ম, পুরুষোত্তম, ব্রহ্মণ্য, ব্যাসতীর্থ, লক্ষ্মীপতি, মাধবেন্দ্রপুরী, মাধবেন্দ্রপুরীর শিষ্য ঈশ্বরপুরী, শ্রীঅদ্বৈত, শ্রীনিত্যানন্দ, ঈশ্বরপুরীর শিষ্য শ্রীচৈতন্যদেব—যিনি নিমাই-নামে জগতে বিখ্যাত এবং শ্রীকৃষ্ণ-প্রেম-বিতরণের দ্বারা জগৎকে নিস্তার করিয়াছেন।

দেবং শ্রীকৃষ্ণচৈতন্যং নিত্যানন্দং জগদ্গুরুম্ ।
শ্রীলাদ্বৈতং গদাধরং শ্রীবাসং ভক্তবর্য্যকম্ ॥
শ্রীগুরুং পূজয়িত্বা চ গৌরাঙ্গপার্ষদাংস্ততঃ ।
সংস্কারান্ কারয়েদ্ বালান্ যথাযোগ্যং সমন্ততঃ ॥৩১॥

তত্র তাবৎ প্রণবশিরস্ক-তত্তন্নাম চতুর্থ্যন্তমন্ত্রেণাদৌ গুর্ব্বাদীন্ পূজয়েৎ। যথা,—এতদাসনম্ ওঁ শ্রীগুরবে নমঃ,—ইত্যাদি-ক্রমেণ ষোড়শোপচারেণ পূজয়েৎ। (ততঃ)—ইদমাসনম্ ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ, ইদমাসনম্ ওঁ শ্রীনারায়ণায় ঋষয়ে নমঃ, এতদাসনম্ ওঁ শ্রীব্রহ্মণে নম ইত্যাদি। তদনন্তরং—(ইদমাসনং) ওঁ শ্রীকৃষ্ণ-চৈতন্যায় নম ইত্যাদি। (এবং) সর্ব্বান্ পূজয়েৎ ॥ ৩২ ॥

যথা 'স্বর্গকামোঽশ্বমেধেন যজেত, কৃষ্ণ-কেশী ব্রাহ্মণোঽগ্নিনা আদধীতেতি' বিধিবাক্যং কর্ম্মকাণ্ডাদাবপেক্ষতে, তদ্বৎ ন্যাসোঽপি বিধিবাক্যমপেক্ষতে চ।—"তদ্ যথেহ কর্ম্মচিতো লোকঃ ক্ষীয়ত এবমেবাত্র পুণ্যচিতো লোকঃ ক্ষীয়ত ইতি পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো নির্ব্বেদমায়াৎ, নাস্ত্যকৃতঃ কৃতেন"; [তেন কৃতেন কর্ম্মণা

ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্য, জগদ্গুরু শ্রীনিত্যানন্দ, শ্রীঅদ্বৈতাচার্য্য, শ্রীগদাধর, ভক্তশ্রেষ্ঠ শ্রীবাস ও শ্রীগুরুদেবের পূজা করিয়া শ্রীগৌর-পার্ষদগণের পূজা করিবে। পরে যোগ্য বালকের সকল সংস্কার করিবে ॥ ৩১ ॥

নামের আদিতে প্রণব ও পরে চতুর্থী বিভক্তি যুক্ত করিয়া ঐ মন্ত্রে সর্ব্বাগ্রে শ্রীগুরুবর্গের পূজা করিবে। যথা,—"এতদাসনম্ ওঁ শ্রীগুরবে নমঃ" ইত্যাদি ক্রমে ষোড়শোপচারে পূজা করিবে। তারপর মূলোক্ত ক্রমে শ্রীকৃষ্ণ, নারায়ণ প্রভৃতির পূজা করিবে ॥ ৩২ ॥

কর্ম্মকাণ্ড প্রভৃতিতে যেরূপ শাস্ত্রাদেশ বা বিধি-বাক্যের প্রয়োজন আছে, সন্ন্যাসেও তদ্রূপ বিধিবাক্য প্রয়োজনীয়। অতএব শ্রুতিতে এই-রূপ সন্ন্যাস-বিধি-বাক্য আছে,—'এই সংসারে কর্ম্মার্জ্জিত লোক যেরূপ ক্ষয়প্রাপ্ত হয়, তদ্রূপ পুণ্যার্জ্জিত লোকও ক্ষীণ হইয়া থাকে; এইরূপে

অকৃতং মোক্ষো নাস্তীতি ভাষ্যম্] "যদহরেব বিরজেৎ তদহরেব প্রব্রজেদিতি" চ বিধিঃ। গেহাদিবিরক্তিমান্ গুরুং প্রার্থয়েত,—ভো গুরো! সম্প্রদায়সাধ্যসাধনানুষ্ঠানপ্রাজ্ঞ! অস্মিন্ ভারতে সংসারান্মাং ত্রাহি, সন্ন্যাসং দেহীতি। অতঃ স্বমতসম্প্রদায়িসন্ন্যাসধর্ম্মসাধ্যসাধনানুষ্ঠানাপ্রাজ্ঞস্য সন্ন্যাসধর্ম্মগ্রহণসংস্কারাপ্রাজ্ঞতাৎ গৃহিগুরুণা কৃতঃ সন্ন্যাসো নিরস্তঃ ॥ ৩৩ ॥

তত্র সংস্কারা যথা,—

মুণ্ডনং প্রথমং কুর্য্যাত্তীর্থস্নানং দ্বিতীয়কম্।
তৃতীয়ং হরিমন্দির-তিলকং ভাল-শোভিতম্ ॥

কর্ম্মফল-লভ্য লোকসকলের (নশ্বরতা) পর্য্যালোচনা করিয়া ব্রাহ্মণ নির্ব্বিন্ন হইবেন। (কারণ) কৃত অর্থাৎ কর্ম্মের দ্বারা অকৃত অর্থাৎ মোক্ষ লভ্য হয় না'। 'যে দিনেই বৈরাগ্যের উদয় হইবে, সেই দিনেই প্রব্রজ্যা গ্রহণ করিবে।' গৃহাদির প্রতি বৈরাগ্যসম্পন্ন ব্যক্তি গুরুর নিকট প্রার্থনা করিবেন,—'হে গুরুদেব! সাম্প্রদায়িক সাধ্য-সাধনানুষ্ঠান-তত্ত্বে প্রাজ্ঞ! এই ভারতে (সংসারে) পতিত আমি, সংসার হইতে আমাকে ত্রাণ করুন, আমাকে সন্ন্যাস প্রদান করুন।' ইহা হইতে গৃহী গুরুর সন্ন্যাস-প্রদান নিরস্ত হইল, যেহেতু তিনি নিজইষ্ট সম্প্রদায়ের সন্ন্যাস-ধর্ম্মের সাধ্যসাধনানুষ্ঠানতত্ত্বে অনভিজ্ঞ এবং সন্ন্যাসগ্রহণে সংস্কারাদি সম্বন্ধেও অজ্ঞ।

দীক্ষাদানে শাস্ত্রোক্ত প্রকৃত যোগ্যতা থাকিলে গৃহী গুরু মন্ত্রদীক্ষা দিতে পারেন। কিন্তু যিনি সন্ন্যাসধর্ম্ম স্বয়ং কখনই অনুভব (আচরণ) করেন নাই, তিনি কিরূপে সন্ন্যাস-দীক্ষা দিতে পারেন? সন্ন্যাস-দানে গুরুর যোগ্যতা বিচার করা অতীব প্রয়োজন। শিষ্যেরও যোগ্যতা না থাকিলে গুরু তাদৃশ শিষ্যকে কখনই সন্ন্যাস প্রদান করিবেন মা ॥ ৩৩ ॥

সন্ন্যাসের সংস্কার, যথা—১। মুণ্ডন, ২। তীর্থস্নান, ৩। হরি-

চতুর্থং চন্দনৈর্গাত্রে নামমুদ্রাদিধারণম্।
পঞ্চমং কৌপীনশুদ্ধিং, ষষ্ঠং প্রাণপ্রতিষ্ঠকম্ ॥
সপ্তমং হরিদাসাদি-নামমাত্রপ্রকল্পনম্।
অষ্টমং বামকর্ণেঽগ্রে বিষ্ণুমন্ত্রস্য ধারণম্ ॥
অষ্টাদশাক্ষরস্যৈব পঞ্চপদাদিভেদিনঃ।
নবমং চাচ্যুতগোত্রস্বীকারং সর্ব্বপূজিতম্ ॥
শালগ্রামার্চ্চনং ভক্ত্যা দশমং পরিকীর্ত্তিতম্।
এতৈর্দশভিঃ সংস্কারৈর্বিষ্ণুসন্ন্যাসী বৈষ্ণবঃ ॥
তাপাদিপঞ্চসংস্কারৈর্জ্ঞাতব্যো গৃহী বৈষ্ণবঃ।
সংস্কারভেদ-সম্প্রাপ্ত্যা সংজ্ঞাভেদো ভবেদ্ দ্বয়োঃ ॥৩৪॥

তত্র প্রথমঃ সংস্কারঃ—ক্ষৌরার্থে প্রার্থনং

"মস্তকং মুণ্ডয় মুণ্ডিন্ শিখাং সংস্থাপ্য যত্নতঃ।
শ্রদ্ধা মে কৃষ্ণচৈতন্যপাদাব্জে বিক্রয়ঃ স্থিরঃ ॥

মন্দিরতিলকাদি ধারণ, ৪। গাত্রে চন্দনাদিদ্বারা হরিনাম-মুদ্রা-ধারণ, ৫। বিশুদ্ধ কৌপীন, ৬। উহার প্রাণপ্রতিষ্ঠা, ৭। হরিদাসাদিনাম গ্রহণ, ৮। বামকর্ণে পঞ্চপদী অষ্টাদশাক্ষর বিষ্ণুমন্ত্র ধারণ. ৯। সর্ব্বজনবন্দিত অচ্যুত গোত্রগ্রহণ, ১০। ভক্তিপূর্ব্বক শালগ্রামের অর্চ্চন। এই দশ সংস্কার-দ্বারা বিষ্ণুসন্ন্যাসী বৈষ্ণব এবং তাপাদি পঞ্চ সংস্কার-দ্বারা গৃহী বৈষ্ণব বলিয়া জানিবে। বৈষ্ণব একই তত্ত্ব, সংস্কারভেদেই উঁহাদের (গৃহী ও সন্ন্যাসী) নামের ভেদমাত্র।

এস্থলে দ্রষ্টব্য এই যে,—তাপ-পুণ্ড্র-নাম-মন্ত্র-যাগ—এই পাঁচটী সংস্কারের নাম—পঞ্চ-সংস্কার। গৃহী যদি সদ্‌গুরুর নিকট দীক্ষা গ্রহণ করেন, তখন তিনি ঐ পঞ্চ-সংস্কার প্রাপ্ত হন। পঞ্চসংস্কার-প্রাপ্ত পুরুষ যদি সন্ন্যাস গ্রহণ করিতে চাহেন, তখন সন্ন্যাস-গুরু ঐ ব্যক্তিকে পঞ্চ-সংস্কার প্রাপ্ত জানিয়া অবশিষ্ট পাঁচটী সংস্কার প্রদান করেন। সেই পাঁচটী সংস্কার এই—১। মুণ্ডন, ২। তীর্থস্নান, ৩। কৌপীনগ্রহণ, ৪। কৌপীনপ্রাণপ্রতিষ্ঠা, ৫। অচ্যুত-গোত্র স্বীকার ॥৩৪॥

মাতৃ-পিতৃসমাঃ সর্ব্বে বান্ধবা মে হিতৈষিণঃ।
আশীঃকুরুত তৎপাদে ভক্তিঃ স্যাদ্ভবকৃন্তনী ॥
শ্রীচৈতন্য দয়াসিন্ধো ভক্তানুগ্রহকারক!
দাসো ভবামি, গৃহ্ণাতু, পতিতং মাং সমুদ্ধর ॥"
ইত্যুক্ত্বা মুণ্ডনং কারয়েৎ ॥ ৩৫ ॥

ততো দ্বিতীয়ঃ সংস্কারঃ—তীর্থস্নানং

ততো জলাশয়ে গত্বা প্রথমমাচম্য করন্যাসমঙ্গন্যাসং প্রাণায়ামঞ্চ কৃত্বা স্নানং কুর্য্যাৎ। গুরুস্তু মন্ত্রানুচ্চার্য্য স্নানং কারয়েৎ। (ক) আচমনমাহ,—প্রথমং হস্তৌ দ্বৌ প্রক্ষাল্যাচমনং কুর্য্যাৎ। (তদ্ যথা,)—দক্ষিণহস্তে জলং সংস্থাপ্য 'ওঁ কেশবায় নমঃ' ইত্যুক্ত্বা আচম্য তজ্জলং ত্যজেৎ। 'ওঁ নারায়ণায় নমঃ' ইত্যুক্ত্বা আচম্য তদ্বৎ ত্যজেৎ। এবং 'ওঁ মাধবায় নমঃ' ইত্যুক্ত্বা আচম্য ত্যজেদেব।

প্রথম সংস্কার—ক্ষৌরপ্রার্থনা। গুরুর আশ্রমের নিকট যে নরসুন্দরকে পাওয়া যায়, তাহার নিকট এইরূপ প্রার্থনা করিতে হয়।—'হে নরসুন্দর! যত্নপূর্ব্বক শিক্ষা সংরক্ষণ করিয়া আমার মস্তক মুণ্ডন কর। শ্রীকৃষ্ণচৈতন্যের পাদপদ্মে স্থির বিক্রয় হউক,—আমার মাতৃপিতৃতুল্য হিতৈষী বান্ধবসকল আমাকে আশীর্ব্বাদ করুন শ্রীকৃষ্ণচৈতন্য চরণে আমার ভবখণ্ডিনী ভক্তি উদিত হউক। হে ভক্তানুগ্রহকারি, দয়াসিন্ধো শ্রীচৈতন্যপ্রভো! আমি তোমার দাস, আমাকে গ্রহণ কর, পতিতকে উদ্ধার কর।' এইরূপ প্রার্থনা করিয়া মুণ্ডন করাইবে ॥ ৩৫ ॥

তারপর দ্বিতীয় সংস্কার—তীর্থস্নান। মুণ্ডনের পর জলাশয়ে গিয়া আচমন, করন্যাস, অঙ্গন্যাস ও প্রাণায়াম করিয়া স্নান করিবে। আচার্য্য মন্ত্রপাঠ করাইয়া স্নান করাইবেন। (ক) আচমন প্রথমে দুই হস্ত প্রক্ষালন করিয়া আচমন করিবে। যথা,—দক্ষিণ হস্তে জল লইয়া ওঁ কেশবায় নমঃ' মন্ত্রে পান করিয়া অবশেষ ত্যাগ করিবে। পুনঃ

ততঃ 'ওঁ গোবিন্দায় নমঃ, 'ওঁ বিষ্ণবে নমঃ' ইতি দ্বাভ্যাং দ্বৌ হস্তৌ প্রক্ষাল্য, ততঃ 'ওঁ মধুসূদনায় নমঃ, ওঁ ত্রিবিক্রমায় নমঃ' ইতি দ্বাভ্যাং মুখং সংমৃজ্য, ততঃ 'ওঁ বামনায় নমঃ, 'ওঁ শ্রীধরায় নমঃ' ইতি দ্বাভ্যাং অধরৌ সংমৃজ্য, ততঃ 'ওঁ হৃষীকেশায় নমঃ' ইত্যনেন হস্তৌ পুনঃ প্রক্ষাল্য, ততঃ 'ওঁ পদ্মনাভায় নমঃ' ইত্যনেন পাদদ্বয়ং প্রক্ষাল্য, ততঃ 'ওঁ দামোদরায় নমঃ' ইত্যনেন মস্তকং সংপ্রোক্ষ্য, ততঃ 'ওঁ বাসুদেবায় নমঃ' ইত্যনেন (পঞ্চাঙ্গুল্যগ্রেণ) মুখং সংস্পৃশ্য, ততঃ 'ওঁ সঙ্কর্ষণায় নমঃ, ওঁ প্রদ্যুম্নায় নমঃ' ইতি দ্বাভ্যাং (তর্জ্জন্যাঙ্গুষ্ঠাগ্রেণ) দক্ষিণক্রমেণ নাসিকে সংস্পৃশ্য, ততঃ 'ওঁ অনিরুদ্ধায় নমঃ, ওঁ পুরুষোত্তমায় নমঃ' ইতি দ্বাভ্যাং (অনামিকাঙ্গুষ্ঠাগ্রেণ) দক্ষিণক্রমেণ নেত্রে সংস্পৃশ্য, ততঃ 'ওঁ অধোক্ষজায় নমঃ, ওঁ নৃসিংহায় নমঃ' ইতি দ্বাভ্যাং (কনিষ্ঠাঙ্গুষ্ঠেণ) দক্ষিণক্রমেণ কর্ণৌ সংস্পৃশ্য, ততঃ 'ওঁ অচ্যুতায় নমঃ' ইত্যনেন (করতলেন) নাভিং সংস্পৃশ্য, ততঃ 'ওঁ জনার্দ্দনায় নমঃ' ইত্যনেন (পঞ্চাঙ্গুল্যগ্রেণ) হৃদয়ং সংস্পৃশ্য, ততঃ 'ওঁ উপেন্দ্রায় নমঃ' ইত্যনেন (পঞ্চাঙ্গুল্যগ্রেণ)

'ওঁ নারায়ণায় নমঃ' মন্ত্রে তদ্রূপ করিবে। আবার 'ওঁ মাধবায় নমঃ' মন্ত্রেও ঐরূপ করিবে। তারপর 'ওঁ গোবিন্দায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ' বলিয়া দুই হস্ত প্রক্ষালন; 'ওঁ মধুসূদনায় নমঃ, ওঁ ত্রিবিক্রমায় নমঃ, মন্ত্রে মুখ মার্জ্জন; 'ওঁ বামনায় নমঃ, ওঁ শ্রীধরায় নমঃ' মন্ত্রে ওষ্ঠদ্বয় মার্জ্জন; ওঁ হৃষীকেশায় নমঃ' বলিয়া পুনঃ হস্তদ্বয় প্রক্ষালন; 'ওঁ পদ্মনাভায় নমঃ' বলিয়া পদদ্বয় প্রক্ষালন; 'ওঁ দামোদরায় নমঃ' মন্ত্রে মস্তক প্রোক্ষণ; 'ওঁ বাসুদেবায় নমঃ' মন্ত্রে মুখ স্পর্শ; 'ওঁ সঙ্কর্ষণায় নমঃ' ওঁ প্রদ্যুম্নায় নমঃ' বলিয়া (দক্ষিণক্রমে) নাসিকাদ্বয় স্পর্শ, 'ওঁ অনিরুদ্ধায় নমঃ, ওঁ পুরুষোত্তমায় নমঃ' বলিয়া (দক্ষিণ-ক্রমে) নেত্রদ্বয় স্পর্শ; 'ওঁ অধোক্ষজায় নমঃ, ওঁ নৃসিংহায় নমঃ' মন্ত্রে (দক্ষিণ-ক্রমে) কর্ণদ্বয় স্পর্শ; 'ওঁ অচ্যুতায় নমঃ' মন্ত্রে নাভি স্পর্শ; 'ওঁ জনার্দ্দনায় নমঃ' মন্ত্রে হৃদয় স্পর্শ;

শিরঃ সংস্পৃশ্য, ততঃ 'ওঁ হরয়ে নমঃ' ইত্যনেন দক্ষিণবাহুং সংস্পৃশ্য, ততঃ 'ওঁ কৃষ্ণায় নমঃ' ইত্যনেন বামবাহুং সংস্পৃশেৎ।

ততঃ (খ) করন্যাসং কুর্য্যাৎ, যথা—ক্লীং কৃষ্ণায় অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, গোবিন্দায় তর্জ্জনীভ্যাং স্বাহা, গোপীজন মধ্যমাভ্যাং বষট্, বল্লভায় অনামিকাভ্যাং হুং, স্বাহা কনিষ্ঠাভ্যাং ফট্।

ততঃ (গ) (ষড়্) অঙ্গন্যাসং কুর্য্যাৎ, যথা—ক্লীং হৃদয়ায় নমঃ, কৃষ্ণায় শিরসে স্বাহা, গোবিন্দায় শিখায়ৈ বষট্ গোপীজন কবচায় হুং, বল্লভায় নেত্রায় বষট্, স্বাহা অস্ত্রায় ফট্।

অথবা, প্রকারান্তরে করন্যাসাঙ্গন্যাসাবাহ। করন্যাসো যথা,—ক্লীং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ক্লীং তর্জ্জনীভ্যাং নমঃ, ক্লৈং মধ্যমাভ্যাং নমঃ, ক্লোং অনামিকাভ্যাং নমঃ, ক্লৌং কনিষ্ঠাভ্যাং নমঃ, ক্লং করতলকরপৃষ্ঠাভ্যাং নমঃ। অঙ্গন্যাসো যথা, ক্লীং উদরায় নমঃ, ক্লীং হৃদয়ায় নমঃ, ক্লুং কণ্ঠকূপায় নমঃ, ক্লৈং শিরসে স্বাহা, ক্লোং শিখায়ৈ বষট্, ক্লৌং কবচায় হুং, ক্লং করতলকরপৃষ্ঠাভ্যাং নমঃ॥

ততঃ (ঘ) প্রাণায়ামঃ। কামবীজেন প্রণবেন কুর্য্যাৎ।—ওঁ কামবীজস্য প্রজাপতি ঋষিঃ, দেবী গায়ত্রী ছন্দঃ, শ্রীকৃষ্ণচৈতন্যো দেবতা, ক-কারো বীজং, ল-কারঃ কীলকং, ঈ-কারঃ শক্তিঃ, প্রাণায়ামে বিনিয়োগঃ, [এবং ঋষ্যাদিকং স্মৃত্বা বীজমভ্যস্যেৎ।] অস্য ন্যাসঃ,—ওঁ কামবীজায় নমঃ, শিরসি প্রজাপত্যৃষয়ে নমঃ, শিখায়ৈ দেবী গায়ত্রীচ্ছন্দসে নমঃ, আস্যে শ্রীকৃষ্ণচৈতন্যদেবতায়ৈ নমঃ, হৃদি ক-কারবীজাত্মনে নমঃ, দক্ষিণকুচে ল-কারকীলকায় নমঃ,

---

'ওঁ উপেন্দ্রায় নমঃ' মন্ত্রে মস্তক স্পর্শ; 'ওঁ হরয়ে নমঃ' মন্ত্রে দক্ষিণ-বাহু স্পর্শ, 'ওঁ কৃষ্ণায় নমঃ' মন্ত্রে বামবাহু স্পর্শ করিবে।

(খ) তারপর মূলোক্তক্রমে ও মন্ত্রে করন্যাস করিবে। (গ) অনন্তর মূলোক্তক্রমেও মন্ত্রে ষড়ঙ্গন্যাস করিবে। অথবা মূলোক্ত প্রকারান্তর বিধিতে করাঙ্গন্যাস করিবেন। (ঘ) অতঃপর মূলোক্ত ক্রমে কামবীজের দ্বারা প্রাণায়াম করিবে। পুনরায় হৃদয়ে দ্বাত্রিংশ

বামকুচে ঈ-কারশক্তয়ে নমঃ হৃদি প্রাণায়ামবিনিয়োগায় নমঃ। পুনঃ হৃদি পূরকো দ্বাত্রিংশৎ, কুম্ভকশ্চতুঃষষ্টিঃ, রেচকঃ ষোড়শঃ ॥ ৩৬ ॥

ততস্তৃতীয়ঃ সংস্কারঃ—হরিমন্দিরতিলকং

ততো দ্বাদশভিঃ কুর্য্যান্নামভিঃ কেশবাদিভিঃ।
দ্বাদশাঙ্গেষু বিধিবদূর্দ্ধ্বপুণ্ড্রাণি বৈষ্ণবঃ ॥

দ্বাদশতিলকবিধিঃ পাদ্মোত্তরখণ্ডে, যথা—

ললাটে কেশবং ধ্যায়েন্নারায়ণমথোদরে।
বক্ষঃস্থলে মাধবন্তু গোবিন্দং কণ্ঠকূপকে ॥
বিষ্ণুঞ্চ দক্ষিণে কুক্ষৌ বাহৌ চ মধুসূদনম্।
ত্রিবিক্রমং কন্ধরে তু বামনং বামপার্শ্বকে ॥
শ্রীধরং বামবাহৌ তু হৃষীকেশন্তু কন্ধরে।
পৃষ্ঠে তু পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যসেৎ ॥
তৎপ্রক্ষালনতোয়ন্তু বাসুদেবায় মূর্দ্ধনি ॥

বীজসংখ্যায় পূরক, চৌষট্টি সংখ্যায় কুম্ভক এবং ষোড়শ সংখ্যায় রেচক করিবে ॥ ৩৬ ॥

তৃতীয় সংস্কারে—হরিমন্দিরতিলক করাইবে। বৈষ্ণবগণ কেশবাদি দ্বাদশ বিষ্ণুনামদ্বারা ললাটাদি দ্বাদশ অঙ্গে বিধি-অনুসারে ঊর্দ্ধ্বপুণ্ড্র ধারণ করিবে। পাদ্মোত্তরখণ্ডে দ্বাদশতিলকবিধি—'ওঁ ললাটে কেশবায় নমঃ' ইত্যাদি। আরও কথিত আছে—সকলের পক্ষেই ঊর্দ্ধ্বপুণ্ড্র ধারণ পরমবিধি। ললাট হইতে আরম্ভ করিয়া ধারণ করা বিধি। নাসিকামূল হইতে আরম্ভ করিয়া ললাটান্ত পর্য্যন্ত মৃত্তিকাদ্বারা ঊর্দ্ধ্বপুণ্ড্র করিবে। নাসিকার তিনভাগকে নাসা-মূল বলিয়া থাকে। (ভ্রূর মূল হইতে অন্তরাল অঙ্কন করিবে)। আরও—দুইটী রেখা বরাবর কেশপর্য্যন্ত অঙ্কন করিবে। রেখা-

কিঞ্চ—উর্দ্ধ্ব পুণ্ড্রং ললাটে সর্ব্বেষাং প্রথমং স্মৃতম্ ।

ললাটাদি-ক্রমেণৈব ধারণন্তু বিধীয়তে ॥
আরভ্য নাসিকামূলং ললাটান্তং লিখেন্মৃদা ॥
নাসিকায়াস্ত্রয়ো ভাগা নাসামূলং প্রচক্ষতে ॥
(সমারভ্য ভ্রূবোর্ম্মূলং অন্তরালং প্রকল্পয়েৎ) ।

তথাচ—আ-কুর্য্যাদূর্দ্ধ্ব রেখে দ্বে কুর্য্যাৎ কেশসমন্তিকে ।

তমালমূলবচ্ছিরো রেখাদ্বয়সুযোজিতম্ ॥
বামপার্শ্বে স্থিতো ব্রহ্মা দক্ষিণে তু সদাশিবঃ ।
মধ্যে বিষ্ণুং বিজানীয়াৎ তস্মান্মধ্যং ন লেপয়েৎ ॥
নাসাদিকেশপর্য্যন্তমূর্দ্ধ্ব পুণ্ড্রং সুশোভনম্ ।
মধ্যে ছিদ্রসমাযুক্তং তদ্বিদ্যাদ্ধরিমন্দিরম্ ॥
হরিমন্দিরমিত্যেবং মন্যতে তত্ত্ববিজ্জনঃ ।
পুণ্ড্রং স্যাদূর্দ্ধ্ব পুণ্ড্রং, তচ্ছাস্ত্রে বহুবিধং স্মৃতম্ ॥
অশ্বত্থপত্রসঙ্কাশং, বেণুপত্রাকৃতি তথা ।
পদ্মকুট্মলসন্নিভং, মোহনং তৃতীয়ং স্মৃতম্ ॥

মোহনমিতি কশ্চিদতিশোভনমভিপ্রেতং, কৈশ্চিন্মোহকারয়িত্বা-দ্বিরুদ্ধঞ্চেতি, দীপশিখাকারতয়া চান্যাঙ্গে পুণ্ড্রমঙ্কিতম্ ।

দ্বয়কে সুযোজিত করিয়া তমালমূলের ন্যায় শির করিবে । উর্দ্ধ্ব-পুণ্ড্রের বামপার্শ্বে ব্রহ্মা, দক্ষিণপার্শ্বে সদাশিব এবং মধ্যে বিষ্ণু আছেন । অতএব মধ্যভাগ লেপন করিবে না । নাসামূল হইতে কেশ পর্য্যন্ত দীর্ঘ, মধ্যে ছিদ্রযুক্ত, সুদৃশ্য উর্দ্ধ্বপুণ্ড্রকে 'হরিমন্দির' বলিয়া জানিবে । তত্ত্ববিদ্ ব্যক্তি ইহাকে হরিমন্দিরই বলেন । 'পুণ্ড্র'-শব্দে উর্দ্ধ্ব পুণ্ড্রই বুঝায়, শাস্ত্রে উহা বহুবিধ বলিয়া কথিত । যথা,—অশ্বত্থপত্রাকার, বংশপত্রাকার ও পদ্মকুট্মলাকার । তৃতীয় প্রকারটীকে মোহন' বলে । 'মোহন' পুণ্ড্র অতি সুন্দর বলিয়া কাহারও

অস্য চ বিষ্ণুপঞ্জরন্যাসে প্রণবপূর্ব্বকং সবিন্দ্বকারাদিদ্বাদশ-বর্ণৈঃ দ্বাদশাদিত্যৈশ্চ(১) সহিতানি কেশবাদিদ্বাদশনামানি ন্যসেৎ । যথা—(১) ওঁ অং ধাতৃসহিতায় কেশবায় নমঃ ললাটে, (২) ওঁ আং অর্য্যমাসহিতায় নারায়ণায় নমঃ উদরে, (৩) ওঁ ইং মিত্রসহিতায় মাধবায় নমঃ বক্ষসি, (৪) ওঁ ঈং বরুণসহিতায় গোবিন্দায় নমঃ কণ্ঠকূপকে, (৫) ওঁ উং অংশুসহিতায় বিষ্ণবে নমঃ দক্ষিণকুক্ষৌ, (৬) ওঁ ঊং ভগসহিতায় মধুসূদনায় নমঃ দক্ষিণবাহৌ, (৭) ওঁ ঋং বিবস্বৎসহিতায় ত্রিবিক্রমায় নমঃ দক্ষিণস্কন্ধরে, (৮) ওঁ ৠং ইন্দ্র-সহিতায় বামনায় নমঃ বামপার্শ্বকে, (৯) ওঁ ঌং পূষসহিতায় শ্রীধরায় নমঃ বামবাহৌ, (১০) ওঁ ৡং পর্জ্জন্যসহিতায় হৃষীকেশায় নমঃ বামস্কন্ধরে, (১১) ওঁ এং ত্বষ্টৃসহিতায় পদ্মনাভায় নমঃ পৃষ্ঠে, (১২) ওঁ ঐং বিষ্ণুসহিতায় দামোদরায় নমঃ কট্যাং ॥ ইতি ॥

এবং ন্যাসং সমাচর্য্য সম্প্রদায়ানুসারতঃ ।
ন্যসেৎ কিরীটমন্ত্রঞ্চ মূর্দ্ধি সর্ব্বার্থসিদ্ধয়ে ॥

তৎপ্রক্ষালনতোয়েন যথা—ওঁ কিরীট-কেয়ূর-হার-মকর-কুণ্ডল-চক্র-শঙ্খ-গদা-পদ্মহস্ত-পীতাম্বরধর-শ্রীবৎসাঙ্কিতবক্ষঃস্থল-শ্রীভূমি সহিতস্বাত্মজ্যোতির্দীপ্তিকরায় সহস্রাদিত্যতেজসে নমো নমঃ ॥ ৩৭ ॥

কাহারও অভিপ্রেত, মোহনকারী বলিয়া ইহাকে কেহ কেহ বিরুদ্ধ মনে করেন । অন্যান্য অঙ্গে দীপশিখার পুণ্ড্র অঙ্কিত করিবে ।

হরিমন্দির-তিলকের বিষ্ণুপঞ্জরন্যাসে প্রণবপূর্ব্বক, সবিন্দু দ্বাদশ-স্বরবর্ণ ও দ্বাদশ-আদিত্যনামের সহিত দ্বাদশ-কেশবাদি বিষ্ণু-নামের ন্যাস করিবে । যথা—মূলে দ্রষ্টব্য । সাম্প্রদায়িক বিধি-ক্রমে এইরূপে ন্যাস করিয়া সর্ব্বার্থসিদ্ধির জন্য মস্তকে কিরীটমন্ত্র ন্যাস করিবে । মূলোক্ত 'ওঁ কিরীট-কেয়ূর' ইত্যাদি মন্ত্র-পাঠপূর্ব্বক প্রক্ষালন জল মস্তকে দিবে ॥ ৩৭ ॥

---

(১) দ্বাদশাদিত্যাঃ,—ধাতার্যমা চ মিত্রশ্চ বরুণোঽংশুর্ভগস্তথা ।
বিবস্বানিন্দ্রঃ পূষা চ পর্জ্জন্যস্ত্বষ্টৃ বিষ্ণবঃ ॥ ইতি ॥

ততশ্চতুর্থসংস্কারঃ—নাম-মুদ্রাদিধারণম্

অত্র নামপদেন হরেকৃষ্ণাদি-হরিনামরূপমন্ত্রগ্রহণম্, তথা শ্রীহরিনামাদি-ভগবন্নাম্না নির্ম্মিতমুদ্রাদিধারণঞ্চ বিহিতম্। যদুক্তং প্রাচীনৈঃ,—

অবাপ্তপঞ্চসংস্কারো লব্ধদ্বিবিধভক্তিকঃ।
সাক্ষাৎকৃত্য হরিং তস্য ধাম্নি নিত্যং প্রমোদতে॥

পঞ্চসংস্কারা যথা,—

তাপঃ পুণ্ড্রং তথা নাম মন্ত্রো যাগশ্চ পঞ্চমঃ।
অমী হি পঞ্চসংস্কারাঃ পরমৈকান্তিহেতবঃ॥
তাপোঽত্র তপ্তচক্রাদি-মুদ্রাধারণমুচ্যতে।
তেনৈব হরিনামাদি-মুদ্রা চাপ্যুপলক্ষ্যতে॥

তথাচ স্মৃতৌ,—

হরিনামাক্ষরৈর্গাত্রমঙ্কয়েচ্চন্দনাদিভিঃ
স লোকপাবনো ভূত্বা তস্য লোকমবাপ্নুয়াৎ॥

অতঃপর চতুর্থ সংস্কারে—নাম-মুদ্রাদি-ধারণ। এইস্থলে নাম-অর্থে হরেকৃষ্ণাদি হরিনামরূপ মন্ত্র-গ্রহণ; হরিনামাদি ভগবন্নাম-নির্ম্মিত মুদ্রাধারণও বিহিত। প্রাচীন আচার্য্যগণ বলিয়াছেন, —যিনি পঞ্চসংস্কারে দীক্ষিত এবং বৈধ ও রাগানুগা দ্বিবিধ ভক্তি অর্জ্জন করিয়াছেন, তিনি শ্রীহরির সাক্ষাৎকার লাভ করতঃ তাঁহার ধামে নিত্য আনন্দ লাভ করেন। পঞ্চসংস্কার, যথা—তাপ, পুণ্ড্র, নাম, মন্ত্র, যাগ—এই পাঁচটী সংস্কার পরম একান্তিতা লাভের হেতু। এস্থলে 'তাপ' বলিতে তপ্ত চক্রাদির মুদ্রা-ধারণকে বুঝায়, ইহার দ্বারা হরিনামাদির মুদ্রাও উপলক্ষিত। স্মৃতিতে তদ্রূপ আছে—যিনি চন্দনাদিদ্বারা হরিনামাক্ষর-মুদ্রা অঙ্গে ধারণ করেন, তিনি লোকপাবন হইয়া শ্রীহরির ধাম প্রাপ্ত হন। পণ্ডিত ব্যক্তি প্রত্যহ গোপীচন্দন-দ্বারা দেহে চক্রাদি ধারণ করিবেন। ঐ সকল চক্রাদির তপ্ত মুদ্রা

শ্রীগোপীচন্দনেনৈব চক্রাদীনি বুধোঽন্বহম্।
ধারয়েচ্ছয়নাদৌ চ তপ্তানি কিল তানি হি॥
শ্রীমন্নারায়ণাখ্যস্য মন্ত্রদীক্ষেয়মীদৃশী।
মৎস্যাদীনাং তথা তত্তন্নাম্নাস্ত্রমুদ্রিকা শুভা॥
শ্রীকৃষ্ণোপাসকানন্তকার্ষ্ণানাং শীতমুদ্রিকা।
গোপীমৃদাদিনা ধার্য্যা শ্রীকৃষ্ণনাম নির্ম্মিতা॥

তাপ ইতি পাদ্মোত্তরখণ্ডাদৌ। অমী তাপাদয়ঃ সংস্কারাঃ পঞ্চ। তাপাদীন্ ব্যচষ্টে তেনেতি,—তাপাদিধারণেন' চ তপ্তচক্রাদিধৃতিং কলিমলিনমনসাং দুষ্করাং মত্বানঃ পতিতানামুদ্ধিধীর্ষুর্ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্যশ্চন্দ্রনাদিনা ভগবন্নামমুদ্রাদিধৃতিং প্রাচামপি স্বীকৃতামুপাদীক্ষৎ। সা পঞ্চসংস্কারবাক্যে তপ্তচক্রাদিধারণেনোপলক্ষিতেতি ভাবঃ। পুণ্ড্রমিতি হরিমন্দিরাদিতিলকম্। তিলকং তমালপত্র-

---

ধারণ শয়নাদি দ্বাদশীতিথিতে কর্ত্তব্য। শ্রীনারায়ণমন্ত্রে দীক্ষায় এইরূপ তপ্তমুদ্রাদি ধারণের বিধি আছে। শ্রীমৎস্যাদি অবতারগণের মন্ত্রদীক্ষাতেও সেই সকল ভগবদবতারের শুভ নাম ও অস্ত্রের মুদ্রা-ধারণ বিধি। কিন্তু শ্রীকৃষ্ণোপাসক সকল কৃষ্ণভক্তের পক্ষে গোপী-চন্দনাদির দ্বারা শ্রীকৃষ্ণনামের শীতল মুদ্রা ধারণ বিহিত।

'তাপঃ পুণ্ড্রং' ইত্যাদি বাক্য পদ্মপুরাণে উত্তর খণ্ড প্রভৃতি শাস্ত্রে দৃষ্ট হয়। এই তাপাদির নাম পঞ্চসংস্কার। 'তাপোঽত্র' ইত্যাদি শ্লোক হইতে তাপাদির ব্যাখ্যা। 'তেন' ইত্যাদি বাক্যের তাৎপর্য্য এই —তাপাদি ধারণের বিধিহেতু তপ্ত-চক্রমুদ্রাদি ধারণ কলিকলুষিতচিত্ত ব্যক্তিগণের পক্ষে দুঃসাধ্য বিচার করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্যদেব পতিতজীবের উদ্ধার-মানসে প্রাচীন আচার্য্যগণেরও স্বীকৃত চন্দনাদি-দ্বারা ভগবানের নাম-মুদ্রাদি ধারণের বিধান করিয়াছেন। ইহা পঞ্চসংস্কার-বাক্যে তপ্তচক্রাদিধারণ-শব্দে উপলক্ষিত হইয়াছে। 'পুণ্ড্র' অর্থে হরিমন্দির তিলক। হলায়ুধ বলেন,—তমালপত্রের চিত্রযুক্ত তিলকের পর্য্যায়-শব্দ বিশেষক পুণ্ড্র। যদিও শয়নাদি

চিত্রযুক্তং বিশেষকং পুণ্ড্রমিতি হলায়ুধঃ। যদ্যপি শয়নাদৌ তানি চক্রাদীনি তপ্তানীত্যুক্তং তথাপি শিষ্টাচারাভাবান্ন ব্যবহ্রিয়তে ॥ ৩৮ ॥

ততঃ পঞ্চমঃ সংস্কারঃ—কৌপীনশুদ্ধিঃ—

কৌপীনকরণপ্রমাণং যথা—তত্রৈব,

স্তনাৎ স্তনান্তরং প্রস্থং দীর্ঘন্তু কটি-বেষ্টনম্।
গ্রন্থ্যর্থং মুষ্টিযুগলং পট্টযুগবিনির্ম্মিতম্ ॥

কৌপীনস্যাধিষ্ঠাতৃদেবতামাহ,—

লজ্জারূপা ভগবতী কৌপীনং ভবতারণম্।
ডোরশ্চানন্তরূপোঽসৌ ধারণে শুভদায়কঃ ॥
ভাবভক্তিজনৈর্ধার্য্যং কৌপীনং যোনিসম্মতম্
দক্ষিণগ্রন্থিসংযুক্তং অনন্তরূপডোরকম্ ॥
চতুর্দ্দশমুষ্টিদীর্ঘং প্রস্থং প্রাদেশমাত্রকম্।
কৃত্বা তু তৎ প্রযত্নেন সংস্কারং কারয়েত্ততঃ ॥

দ্বাদশী তিথিতে তপ্তচক্রাদি ধারণ বিহিত, তথাপি অধুনা শিষ্টাচারাভাবে তাহার ব্যবহার নাই ॥ ৩৮ ॥

অনন্তর পঞ্চম সংস্কারে—কৌপীনশুদ্ধি। কৌপীন করিবার প্রমাণ, যথা উক্ত শাস্ত্রেই—দুইখণ্ড বস্ত্রে কৌপীন হয়। ইহার প্রস্থ—একস্তন হইতে অন্যস্তন পর্য্যন্ত ব্যবধানের পরিমাণ, দৈর্ঘ্য—কটি-বেষ্টন-পরিমাণ ও গ্রন্থির জন্য দুই মুষ্টি অধিক। কৌপীনের অধিষ্ঠাতৃদেবতা কথিত হইতেছে,—লজ্জারূপা ভগবতী ভবতারণ কৌপীন, অনন্তরূপী ডোর ধারণে শুভপ্রদ। ভাবভক্তির অধিকারী ব্যক্তিগণ যোনি-সম্মত দক্ষিণগ্রন্থিযুক্ত, অনন্তরূপ ডোরসহিত কৌপীন ধারণ করিবেন। চতুর্দ্দশ মুষ্টি দীর্ঘ, প্রাদেশমাত্র প্রশস্ত কৌপীন সযত্নে প্রস্তুত করিয়া উহার সংস্কার করিবে। কৌপীন পৃথিবীরূপী, ডোর—অনন্তরূপী। ব্রহ্মা, বিষ্ণু, শিব, বাসুকী, পবন, অগ্নি, চন্দ্র, শুক্র, বৃহস্পতি—কৌপীনে এই নয় দেবতা বিরাজমান। কাহারও

কৌপীনং পৃথ্বীরূপোক্তং ডোরশ্চানন্ত এব হি।
ব্রহ্মা বিষ্ণুঃ শিবশ্চৈব বাসুকী পবনোঽনলঃ ॥
সোমঃ শুক্রঃ সুরাচার্য্যঃ কৌপীনে নব দেবতাঃ।
কৈশ্চিদত্র ত্রয়ঃ প্রোক্তা ব্রহ্মাদ্যা নাপরাঃ কিল।
গ্রন্থিমধ্যে স্থিতো বিষ্ণুঃ পার্শ্বে চ ব্রহ্মরুদ্রকৌ।
বহির্বাসো বিষ্ণুশক্তিস্তয়াচ্ছাদ্যং সুযত্নতঃ ॥
এতচ্চ কৌপীনং ডোরং ম্রক্ষিতং হরিচন্দনৈঃ।
চন্দনেনাপি সংপ্রোক্ষ্য শুদ্ধ্যর্থং শোধয়েৎ পুনঃ ॥
"গঙ্গাদিসর্ব্বতীর্থানি যানি লোকগতানি তু।
কৌপীনং পরিশুধ্যন্তু সর্ব্বসিদ্ধিকরাণি ভোঃ ॥"

ঋক্‌পরিশিষ্টে বৈরাগ্যখণ্ডে চ সপরিকরং কৌপীনং নির্দ্দিষ্টং—

কৌপীনং যুগলং বাসঃ কন্থাং শীতনিবারিণীম্।
শরীরত্রাণকাম্মো বৈ সোপানৎকঃ সদা ব্রজেৎ ॥

বাসো বহির্ব্বাসঃ। শরীরত্রাণেতি—ঝুলি শিরস্যাবসনমপীতিজ্ঞেয়ম্।

'ওঁ কৌপীনশুদ্ধিমন্ত্রস্য ব্রহ্মা ঋষিঃ, অনুষ্টুপ্ ছন্দঃ, হংসো দেবতা, ব্রহ্ম বীজং, বৈষ্ণবী শক্তিঃ, কৌপীনশুদ্ধিবিধানার্থং জপে

মতে ব্রহ্মাদি দেবতাত্রয় কৌপীনে অবস্থিত, অপর দেবতাগণ নহে। গ্রন্থিমধ্যে বিষ্ণু দুই পার্শ্বে ব্রহ্মা ও রুদ্র অবস্থিত। বহির্বাস—বিষ্ণু-শক্তি, উহাদ্বারা কৌপীনকে অতিযত্নে আচ্ছাদন করিবে। এই কৌপীন ও ডোরকে হরিচন্দনে মাখিয়া শুদ্ধির জন্য চন্দনে প্রোক্ষণ করিয়া 'গঙ্গাদি-সর্ব্বতীর্থানি' ইত্যাদি মূলোক্ত মন্ত্রে পুনঃ শোধন করিবে।

ঋক্-পরিশিষ্টে বৈরাগ্যখণ্ডে সপরিকর কৌপীন নির্দ্দিষ্ট হইয়াছে,—কৌপীন, যুগল-বস্ত্র, শীতনিবারণী কন্থা (ধারণ করিবে);

বিনিয়োগঃ, ওঁ কৌপীনাধিষ্ঠাতৃ-লজ্জানন্তরূপায় নমঃ'—ইতি দশধা জপ্ত্বা, পুনঃ 'এতে গন্ধপুষ্পে ওঁ কৌপীনাধিষ্ঠাতৃলজ্জানন্তরূপায় নমঃ' ইতি সম্পূজ্য প্রতিষ্ঠাং কুর্য্যাৎ।—'ওঁ কৌপীনাধিষ্ঠাতৃদেবতে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি, ইহাবরুন্ধস্ব ইহাবরুন্ধস্ব, ইহ পরমীকুরু ইহ পরমীকুরু, ইহ কৌপীনেঽধিষ্ঠানং কুরু স্বাহা ॥'৩৯॥

ততঃ ষষ্ঠঃ সংস্কারঃ—প্রাণপ্রতিষ্ঠা

এবং সংশোধ্য তৎ সর্ব্বং প্রাণপ্রতিষ্ঠাং কারয়েৎ, ততঃ প্রাণ-প্রতিষ্ঠানন্তরং স্বেষ্টদেবেঽস্য সমর্পণম্। তৎ সর্ব্বমিত্যনেন কৌপীনাঙ্গভূত-দণ্ডাদিকমপি সংগৃহীতং, তদ্ যথা—

পালাশং বৈণবং বৈল্বং ত্রিদণ্ডমুপজীবয়েৎ।(১)
তেষামেকতরং কিম্বা বৈণং বাপি সমাচরেৎ ॥
কমণ্ডলুং তথাঽন্যদ্বা তুম্বি-কার্ষ্যাদিনির্ম্মিতম্।
এতদনাচ্ছ তৎসর্ব্বং বিপত্তৌ চ সমাচরেৎ ॥

কৌপীনাঙ্গভূতত্বাদেতেষাং শুদ্ধিঃ প্রাণপ্রতিষ্ঠা চ কৌপীনস্যেব তত্তৎকরণেনসিধ্যতীতি জ্ঞেয়ম্।

শরীর-রক্ষার্থে পাদুকা পরিধানপূর্ব্বক গমন করিবে। বাসঃ—শব্দে বহির্ব্বাস। শরীর-ত্রাণ ইত্যাদি পদ হইতে ঝুলি, শিরোবস্ত্রও বুঝিতে হইবে।

মূলোক্ত মন্ত্রে কৌপীনের পূজা প্রতিষ্ঠা করিবে ॥ ৩৯ ॥

অতঃপর ষষ্ঠসংস্কার—প্রাণপ্রতিষ্ঠা। পূর্ব্বোক্ত প্রকারে তৎ-সমস্ত সংশোধন করিয়া প্রাণপ্রতিষ্ঠা করিবে। প্রাণপ্রতিষ্ঠার পর নিজ-ইষ্টদেবে উহা সমর্পণ করিবে। 'তৎসর্ব্বং' এই পদে কৌপী-

---

১। প্রভু বলে—"যাহে সর্ব্বদেব-অধিষ্ঠান।
সে তোমার মতে কি হইল বাঁশ-খান; (চৈঃ ভাঃ অঃ ২।২২৫)
উহার বিবৃতি—গুণাবতারত্রয়ের অর্চ্চামূর্ত্তিরূপে পরম পবিত্র ত্রিদণ্ডকে চিন্ময়-বিচারে পূজ্য-বুদ্ধি করিতে হয়।

অথ প্রাণপ্রতিষ্ঠামাহ,—

'ওঁ অস্য কৌপীন-প্রাণপ্রতিষ্ঠামন্ত্রস্য পুলস্ত্য ঋষিঃ গায়ত্রী ছন্দঃ, সাবিত্রী দেবতা, কামো বীজং, বারাহী শক্তিঃ, কৌপীনপ্রতিষ্ঠা-জপে বিনিয়োগঃ, বর্ণধর্ম্মাদিবিহীনকারিণি কৌপীনেঽস্মিন্ ওঁ আং হ্রীং ক্রোং হ্রীং সর্ব্বে প্রাণাঃ সর্ব্বানীন্দ্রিয়াণি চ মহাত্মনা সুখং প্রতিষ্ঠন্তু স্বাহা'—ইতি অষ্টোত্তর-দশধা জপ্ত্বা, পশ্চাৎ 'ওঁ আং ক্রোং হ্রীং সুসিদ্ধায় কৌপীনায় এতদ্ গন্ধপুষ্পাদিকং নমোঽস্তু স্বাহা' ইতি।

কৌপীনধার্য্যাধিকারী যথা,—

বিজিতষড়্‌গুণো(১) যস্তু দম্ভহিংসাদিবর্জ্জিতঃ।
মৈত্র-কারুণ্যশীলশ্চ বিগতেচ্ছো জিতেন্দ্রিয়ঃ ॥
গৃহীতবিষ্ণুদীক্ষাকো বিষ্ণুভক্ত্যাদিসাধকঃ।
তস্মৈ দেয়ং প্রযত্নেন যাচিতে সতি সাধুভিঃ ॥

নের অঙ্গীভূত দণ্ডাদিও গ্রহণীয়। দণ্ডাদির ব্যবস্থা, যথা—পলাশ, বেণু ও বিল্ব—এই তিন প্রকারের তিনটী দণ্ডে মিলিত ত্রিদণ্ড গ্রহণ করিবে, অথবা ইহাদের যেকোন একটীর, অথবা কেবল বংশের ত্রিদণ্ড গ্রহণ করিবে। তদ্রূপ কমণ্ডলু, তুম্বি বা কাষ্ঠাদি নির্ম্মিত (জলপাত্র) গ্রহণীয়। বিপদ্‌কালে এই সমস্ত অন্যরূপও গ্রহণ করা যাইতে পারে।

কৌপীনের অঙ্গীভূত এই সকলের শুদ্ধি ও প্রাণপ্রতিষ্ঠা কৌপী-নের ন্যায় সেই সেই অনুষ্ঠানের দ্বারা সিদ্ধ হয় বলিয়া জানিবে।

অনন্তর প্রাণপ্রতিষ্ঠা।—মূলোক্ত বিধি ও মন্ত্রে কৌপীনাদির প্রাণপ্রতিষ্ঠা ও অর্চ্চন করিবে।

কৌপীনধারণে অধিকারী বিচার, যথা—যিনি ষড়্‌গুণজয়ী, দম্ভহিংসাদি শূন্য, মৈত্র ও কারুণ্যগুণে পূর্ণ, নিষ্কাম, জিতেন্দ্রিয়, বিষ্ণু-মন্ত্রে দীক্ষিত এবং ভগবদ্ভক্ত্যাদি সাধনে তৎপর, তাদৃশ ব্যক্তিকে

১। ক্ষুৎ-পিপাসে শোকমোহৌ জরামৃত্যু ষড়ূর্ময়ঃ। (ভাঃ ১১।১১।৩১ স্বামি-টীকা)।

বিপক্ষে চ—

দম্ভায় ভক্তিহীনায় শঠায় পরহিংসকে।
ন দাতব্যং ন দাতব্যং দত্তে তু ধর্ম্মনাশনম্ ॥

এতদ্বর্জ্জনবৎ দোষযুক্-কৌপীনাদিবর্জ্জনমপি কুর্য্যাৎ,—

কুৎসিতং মলিনং বাসো বর্জ্জনীয়ং বিশেষতঃ।
কষায়রহিতং বস্ত্রং বহির্ব্বাসাদিকং শুভম্ ॥

কৌপীনডোরং সূচীবেধযুক্তং কষায়িতং তন্মলিনঞ্চ বাসঃ।
এতন্ন পূতং মুনিভিঃ প্রণীতং ধৃত্বা ভবেৎ শোভনকাচিকঃ পরম্।

যদ্যপ্যত্র সন্ন্যাসার্থং দশসংস্কারণমুক্তং, তথাপি তাপাদিযাগান্তং দীক্ষাঙ্গভূতং, তদপরঞ্চ সন্ন্যাসাঙ্গভূতম্। তস্মাদেব পূর্ব্বপ্রাপ্ত-পঞ্চসংস্কারং বা তৎকালগৃহীতপঞ্চসংস্কারং বা যোগপট্টাদিকং ধারয়েৎ।

প্রার্থনাক্রমে সযত্নে কৌপীন দেওয়া যাইতে পারে। নিষেধপক্ষে—দাম্ভিক, ভক্তিহীন, শঠ, পরহিংসক ব্যক্তিকে কখনই দিবেন না, দিলে গুরুর ধর্ম্মনাশ হইবে।

কৌপীনধারী সন্ন্যাসী দুই প্রকার—বিদ্বৎ-সন্ন্যাসী ও বিবিৎসা-সন্ন্যাসী। বিজিতষড়্গুণ ইত্যাদি গুণে যিনি স্বভাব লাভ করিয়াছেন, তিনি বিদ্বৎ-সন্ন্যাসী। তাঁহার কৌপীন শ্রীসনাতন গোস্বামী ও শ্রীদাস গোস্বামীর ন্যায় অত্যন্ত সুলভ। যিনি পঞ্চসংস্কার প্রাপ্ত হইয়া সাধনক্রমে দম্ভত্যাগ, ভক্তিলাভ, সরলতা অর্জ্জন ও পরহিংসা বর্জ্জন করিতেছেন, তিনি তাঁহার বৈরাগ্যপিপাসা চরিতার্থ করিবার জন্য শাস্ত্রোক্ত এই সংস্কারক্রম গ্রহণপূর্ব্বক বিবিৎসা-সন্ন্যাসী হইয়া ক্রমোন্নতিতে পরমহংসত্বও লাভ করিতে পারেন,—ইহাই তাৎপর্য্য। অভক্ত ও অজিতেন্দ্রিয় ব্যক্তির কৌপীনগ্রহণে মহা অনর্থ উৎপন্ন হয়।

এইরূপ অনধিকারীর বর্জ্জনের ন্যায় দোষযুক্ত কৌপীনাদিও বর্জ্জনীয়। কুৎসিত মলিন বস্ত্র, কাষায়রহিত বস্ত্র এবং সুন্দর

সন্ন্যাসার্থং প্রার্থনং, যথা—

কৌপীনং ব্রহ্মনির্ম্মিতমনন্তাৎ প্রাপ্তবাংশ্ছিবঃ।
ততোঽস্মান্নারদঃ প্রাপ্তো মহাযোগী ভবেৎ স্বয়ম্ ॥
শৌনকাদি-ঋষিস্তস্মাত্ততঃ কেশবভারতী।
তস্মাৎ প্রাপ্তো গৌরচন্দ্রঃ স দদৌ ভক্তশাখিনি ॥
এবং পরম্পরাপ্রাপ্তং শাখাশাখানুভেদতঃ।
ধারয়িত্বা মহাযোগী ভবেৎ কিল ন সংশয়ঃ ॥
"মায়াতরঙ্গে সংসারে পতিতং মাং সমুদ্ধরঃ।
কৌপীনং দেহি শুদ্ধ্যর্থং ভবতাপনিবারণম্ ॥
কৌপীনগ্রহণেনাহং পূতোঽস্মীত্যচিরাদিহ।"
প্রৈষেত্যুচ্চারণাৎ পূর্ব্বং ত্যক্তং কিঞ্চিন্ন গৃহ্ণীয়াৎ ॥

বহির্ব্বাসাদি বিশেষভাবে বর্জ্জন করিবে। সূচীবিদ্ধ ও কষায়িত ডোর-কৌপীন, মলিন বস্ত্র—এই সকলকে মুনিগণ অপবিত্র বলেন। এ সকল ধারণ করিলে শোভনকাচিক (সুন্দরপোষাকধারী অভিনেতা) হইতে হয়।

যদিও এস্থলে সন্ন্যাসের নিমিত্ত দশসংস্কার বিহিত হইয়াছে, তথাপি তন্মধ্যে তাপ হইতে যাগ-পর্য্যন্ত পাঁচটী দীক্ষার অঙ্গভূত, অপর পাঁচটী সন্ন্যাসের অঙ্গভূত। অতএব পূর্ব্বে পঞ্চসংস্কারপ্রাপ্ত, অথবা সেই সময়ে পঞ্চসংস্কারপ্রাপ্ত ব্যক্তিকে যোগপট্টাদি দিবে।

সন্ন্যাসের নিমিত্ত প্রার্থনা, যথা—শ্রীসদাশিব অনন্তদেব হইতে ব্রহ্ম-নির্ম্মিত কৌপীন প্রাপ্ত হইয়াছিলেন, তাঁহার নিকট হইতে নারদ প্রাপ্ত হইয়া স্বয়ং মহাযোগী হন। তাহার পর শৌনকাদি ঋষি, তৎপরে কেশব-ভারতী প্রাপ্ত হন। শ্রীগৌরসুন্দর কেশব-ভারতী হইতে উহা প্রাপ্ত হইয়া তাঁহার ভক্তবৃক্ষকে (অর্থাৎ ভক্তগণকে) দিয়াছেন। এইরূপে শাখানুশাখাক্রমে পরম্পরাপ্রাপ্ত কৌপীন ধারণ করিয়া নিঃসন্দেহে মহাযোগী হইতে পারা যায়। "মায়াতরঙ্গময় সংসারে পতিত আমাকে উদ্ধার করুন। আমার সংশোধনের জন্য আমাকে

ইত্যুক্তদিশা 'পৈষ' ইত্যুচ্চারয়িত্বা যোগপট্টাদিকং গ্রাহয়েদেব। 'ভো গুরো! ভিক্ষূপযোগং যোগপট্টাদিকং মাং গ্রাহয়' ইতি প্রার্থিতস্তং বদেৎ—"যদ্যেবং তর্হি 'প্রৈষ' ইতি বারত্রয়ং পঠস্ব ভদ্র।" 'প্রৈষোঽস্মি' ইতি ত্রিবারমুক্ত্বা করপুটাঞ্জলীভূয় স্থিতেন তেন গুর্ব্বাদিস্বেষ্টদেবতান্তান্ সর্ব্বান্ পূজয়িত্বা,—ততঃ স্বেষ্টদেবাৎ পূর্ব্বন্যস্তং কৌপীনাদিকং সংপ্রার্থ্য, সংগ্রাহ্য, তদানীং তত্র সন্ন্যাসিনঃ স্পর্শয়িত্বা চ প্রার্থকং ধারয়েৎ।

ধারণানন্তরঞ্চ—

'ওঁ ক্লীং গোপীভাবাশ্রয়ায় স্বাহা' ইতি সন্ন্যাসমন্ত্রং দদ্যাৎ। ততঃপরং ত্রিগৃহং পঞ্চগৃহং সপ্তগৃহং বা ভিক্ষয়েৎ। ভিক্ষা যথা,—প্রথমতো গৃহিণো গৃহং গত্বা—'ভো মাতর্ভগবতি ভিক্ষাং দেহি' ইত্যুক্ত্বা ভিক্ষাং কৃত্বা প্রত্যাগত্য, প্রাপ্তং যদ্ভৈক্ষ্যং বস্তু তৎ সন্ন্যাসদাত্রে গুরবে সমর্প্য যথাবদাশ্রমধর্ম্মান্ কুর্য্যাৎ ॥ ৪০ ॥

ভবতাপনিবারক কৌপীন প্রদান করুন। কৌপীন গ্রহণ করিয়া এই সংসারে আমি অচিরে পবিত্র হই।" প্রৈষ-বাক্য উচ্চারণের পূর্ব্বে পরিত্যক্ত কোন কিছুই আর গ্রহণ করিবে না। উক্ত দিগ্‌দর্শনানুসারে গুরু প্রৈষ বাক্য উচ্চারণ করাইয়া যোগপট্টাদি ধারণ করাইবেন। "হে গুরুদেব! ভিক্ষূপযোগী যোগপট্টাদি আমাকে প্রদান করুন",—শিষ্য এইরূপ প্রার্থনা করিলে গুরু বলিবেন,—"যদি তোমার ইচ্ছা হয়, তবে হে ভদ্র! তিনবার 'প্রৈষ' বল।" শিষ্য 'প্রৈষোঽস্মি' এই বাক্য তিনবার উচ্চারণ করিয়া কৃতাঞ্জলিপুটে অবস্থান করিলে, গুরুদেব তাহার দ্বারা গুরু হইতে নিজ ইষ্টদেব পর্য্যন্ত সকলের পূজা করাইবেন। অনন্তর পূর্ব্বস্থাপিত কৌপীনাদি নিজ ইষ্টদেবের নিকট প্রার্থনা করাইয়া গ্রহণ করাইবেন এবং তত্রস্থ সন্ন্যাসীদিগকে স্পর্শ করাইয়া প্রার্থীকে পরিধান করাইবেন।

কৌপীনধারণের পর মূলোক্ত সন্ন্যাস-মন্ত্র প্রদান করিবেন। তারপর তিন, পঞ্চ বা সপ্ত গৃহে ভিক্ষা করাইবেন। ভিক্ষার বিধি—

ততঃ সপ্তমঃ সংস্কারঃ—নামকরণং

নামাত্র কথিতং সদ্ভির্হরের্ভৃত্যত্ববোধকম্।
হরিদাসাদিকমিতি কৃষ্ণদাসাদিকং তথা ॥
'নিত্যানন্দপদদ্বন্দ্বং যেষাং হৃৎকর্ণিকালয়ে।
তেষাং দাসানুদাসোঽহং, প্রসীদন্তু সদৈব হি ॥'
গুণজ্ঞব্রাহ্মণো দাসশ্চুল্লীভট্টপ্রয়োগতঃ।
দীয়তেঽস্মৈ, দাসৃ—দানে ইতি রূপং বিদুর্বুধাঃ ॥
শ্রীকৃষ্ণসেবী বিপ্রস্তু দাসাখ্যং ধারয়েৎ সুধীঃ।
সনৎকুমারতন্ত্রোক্তত্বাদত্যন্তঞ্চ শোভনম্ ॥ ৪১ ॥
ততঃ অষ্টমঃ সংস্কারঃ—বিষ্ণুমন্ত্রধারণং,
ন্যাসপ্রকরণে প্রাক্তঃ সন্ন্যাসগ্রাহকশ্চ যঃ।
যচ্ছেদষ্টাদশার্ণন্তু বামকর্ণে ভবান্তকম্ ॥

প্রথমে গৃহস্থের বাড়ীতে গিয়া 'মাতঃ ভগবতি! ভিক্ষা দিন' বলিয়া ভিক্ষা করিয়া ফিরিয়া আসিয়া ভিক্ষালব্ধ দ্রব্য সন্ন্যাসদাতা গুরুকে সমর্পণ-পূর্ব্বক সন্ন্যাসাশ্রম-ধর্ম্ম আচরণ করিবে ॥ ৪০ ॥

অনন্তর সপ্তম সংস্কার—নামকরণ। এই বিষয়ে সাধুগণ শ্রীহরির ভৃত্যত্ববোধক হরিদাস, কৃষ্ণদাস ইত্যাদি নামের উপদেশ করিয়াছেন। 'যাঁহাদের হৃদয়কর্ণিকায় শ্রীনিত্যানন্দের চরণযুগল নিত্য বিরাজিত, আমি তাঁহাদের দাসানুদাস, তাঁহারা সর্ব্বদা আমার প্রতি প্রসন্ন হউন্'—(ইহাই নামের তাৎপর্য্য)। চুল্লীভট্টের প্রয়োগানুসারে—গুণজ্ঞ ব্রাহ্মণের 'দাস'-উপাধি হয়। দাসৃ ধাতুর অর্থ—দান করা, যাহাকে দান করা যায়—এই অর্থে দাস-পদ পণ্ডিতগণ নিরূপণ করিয়াছেন। শ্রীকৃষ্ণসেবক সুধী-ব্রাহ্মণ দাস-পদবী গ্রহণ করিবেন, যেহেতু ইহা সনৎকুমার-তন্ত্রসম্মত, ইহা অতীব শোভন ॥ ৪১ ॥

তাৎপর্য্য এই—কলিকালে ব্রাহ্মণগণ ব্রহ্মের চিদ্-স্বরূপ ধারণা করিতে না পারিয়া ব্রহ্মের দাসত্ব স্বীকার করেন না। কিন্তু চিত্তত্ত্বজ্ঞ

মন্ত্রো যথা,—

"ক্লীং কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা।"

গোভীভাবাশ্রিতো মন্ত্রঃ সন্ন্যাসে শক্তিবোধকঃ।
যোন্যাকৃতিধারণেন তদ্ভাবসাধকো যতঃ ॥

'শ্রীকৃষ্ণতোষমাত্রার্থং গোপীভাবসমন্বিতম্।
এতদ্ধর্ম্মং সমাশ্রিতো' ব্রূয়াদ্বারত্রয়ং জনঃ ॥ ৪২ ॥

ততো নবমঃ সংস্কারঃ—অচ্যুতগোত্রস্বীকরণং (তচ্চ তিলকাদি-ধারণেন নির্ণেয়ং), সুসিদ্ধ আশ্রমধর্ম্মে তু সতি 'জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বাহনপেক্ষকঃ। সলিঙ্গানাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ॥ ইতি (ভাঃ ১১।১৮।২৮) বচনাৎ চতুরাশ্রমাতীতাবধূতাপরপর্য্যায়পরম-হংসো ভবেদিতি চরমঃ। 'মদ্ভক্তঃ স্বেচ্ছয়া চরে' দিত্যস্মাদপীতি। কিন্তু সামান্যবৈষ্ণবচিহ্নঞ্চ মালা-মুদ্রাতিলকাদিকং অনাপদি ন ত্যজেদেব।

ব্রাহ্মণগণ ভগবদ্ভক্তি স্বীকারপূর্ব্বক আপনাদিগকে ভগবদ্দাসত্বে অভি-ষিক্ত করেন। জীবমাত্রই কৃষ্ণদাস। সন্ন্যাসগ্রহণেও সেই দাসত্ব ব্যতীত অন্য কোন সম্পত্তি নাই।

অতঃপর অষ্টম সংস্কার—বিষ্ণুমন্ত্র-ধারণ। সন্ন্যাস-বিধিতে প্রাজ্ঞ ও সন্ন্যাস-প্রদাতা আচার্য্য শিষ্যের বামকর্ণে ভবনাশক অষ্টা-দশাক্ষর মন্ত্র প্রদান করিবেন। মন্ত্র—মূলে দ্রষ্টব্য। সন্ন্যাসে গোপীভাবাশ্রিত মন্ত্র শক্তিবোধক, যেহেতু ইহা কৌপীন-ধারণদ্বারা সেই গোপীভাব সাধন করিয়া দেয়। 'শুধু শ্রীকৃষ্ণতোষণের জন্যই আমি গোপীভাবাশ্রিত এই সন্ন্যাসধর্ম্ম আশ্রয় করিলাম'—সন্ন্যাসগ্রহণ-কারী ইহা তিনবার বলিবে ॥ ৪২ ॥

তারপর নবম সংস্কার—অচ্যুতগোত্র-স্বীকার (তাহা তিলক-মালাদি ধারণ-দ্বারা নিরূপণীয়)। সন্ন্যাসাশ্রম-ধর্ম্ম সুসিদ্ধ হইলে —'বিরক্ত জ্ঞানী অথবা নিরপেক্ষ মদ্ভক্ত আশ্রম-চিহ্ন-সহিত আশ্রম-

যজ্ঞোপবীতবৎ ধার্য্যা তুলসীকাষ্ঠমালিকা।
তুলসীমালিকোরস্কং ন স্পৃশেয়ুর্যমোদ্ভটাঃ ॥

যে কণ্ঠলগ্নতুলসী-নলিনাক্ষমালা
যে বা ললাটফলকে লসদূর্দ্ধ্ব পুণ্ড্রাঃ।
যে বাহুমূলপরিচিহ্নিতশঙ্খচক্রা-
স্তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি ॥

বিপক্ষে দোষশ্চ—

ন ধারয়ন্তি যে মালাং হৈতুকাঃ পাপবুদ্ধয়ঃ।
নরকান্ন নিবর্ত্তন্তে দগ্ধাঃ কোপাগ্নিনা হরেঃ ॥

বিশেষতো মাধ্যাহ্নাহ্নিকাদৌ হরিপূজাদাবাবশ্যকমেব পঞ্চ মালাধারণম্। যথা—

গুঞ্জা ধাত্রী চ পদ্মাক্ষং শ্যামা চ পট্টডোরিকা।
অমীভির্নির্ম্মিতাং মালামাহ্নিকে ধারয়েৎ সুধীঃ ॥ ইতি ॥

ধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক বিধি-নিষেধের অতীত হইয়া বিচরণ করেন'—এই ভাগবত-প্রমাণানুসারে চারি আশ্রমের অতীত অবধূত পরমহংস হইবে,—ইহাই চরম অবস্থা। 'আমার ভক্ত স্বেচ্ছানুসারে বিচরণ করেন'—এই প্রমাণ হইতেও উহা বিচারিত হয়। কিন্তু পরমহংসা-বস্থায়ও সর্ব্বসাধারণ বৈষ্ণবচিহ্ন মালা-মুদ্রা-তিলকাদি আপৎকাল ব্যতীত কখনও ত্যাগ করিবে না। তুলসীকাষ্ঠমালিকা যজ্ঞোপবীতের ন্যায় (নিত্য কণ্ঠে) ধারণ করা কর্ত্তব্য। যাঁহার কণ্ঠে তুলসীমালা, যমদূতগণ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। তুলসী ও পদ্মবীজের মালা যাঁহাদের কণ্ঠে লগ্ন, যাঁহাদের ললাটফলকে ঊর্দ্ধ্ব পুণ্ড্র শোভা পায়, যাঁহাদের বাহুমূল শঙ্খ-চক্র-পরিচিহ্নিত, সেই সকল বৈষ্ণব জগৎকে আশু পবিত্র করেন। বিপক্ষে দোষ এই—যে-সকল হেতু-বাদী পাপবুদ্ধি ব্যক্তি তুলসী-মালিকা ধারণ করে না, তাহারা শ্রীহরির

সন্ন্যাসধর্ম্মহীনস্তু ন পরমহংসকো ভবেৎ ।
অস্মাদ্ধর্ম্মাৎ পরো ধর্ম্মো নাস্তি সদ্বিদুষাং মতঃ ॥
স্বসুখোৎপাদিকা ভক্তির্যেষাং কৃষ্ণে ন বিদ্যতে ।
তেষাং যো ধর্ম্মসম্পন্নঃ স স্যাৎ পরমহংসকঃ ॥

কিন্তত্রৈব হরিভক্তানামচ্যুতগোত্রত্বং মুখ্যং, অন্যত্র গৌণমিত্যপি বোদ্ধব্যম্ ।

"যদ্ গোত্রমাশ্রিতেনাপি কৃতং কর্ম্ম শুভাশুভম্ ।
অধুনা তৎ পরিত্যাজ্য ভবাম্যচ্যুতগোত্রকঃ ॥
পিতৃগোত্রাদ্ যথা কন্যা স্বামিগোত্রেণ গোত্রিতা ।
তথৈবাচ্যুতগোত্রেণ ভবাম্যচ্যুতগোত্রকঃ ॥
'ওঁ অচ্যুতগোত্রায় স্বাহা' ইতি, 'অচ্যুতগোত্রোহহমস্মি' ॥"
ইতি বদেচ্চ ।

কোপাগ্নিতে দগ্ধ হইয়া নরক হইতে নিস্তার পায় না। বিশেষতঃ মধ্যাহ্নে আহ্নিকাদি-কার্য্যে ও হরিপূজাদিতে পঞ্চমালা ধারণ আবশ্যক। যথা—গুঞ্জা, ধাত্রী (আমলকী), পদ্মবীজ, তুলসী ও পট্টডোর; ইহাদের দ্বারা গ্রথিত মালা সুধী ব্যক্তি আহ্নিককালে ধারণ করিবেন। সন্ন্যাস-বিহীন ব্যক্তি কখনও পরমহংস হইতে পারেন না। সজ্জন বিজ্ঞগণের মতে সন্ন্যাসধর্ম্ম অপেক্ষা শ্রেষ্ঠধর্ম্ম আর নাই। কৃষ্ণ-পাদপদ্মে যাঁহাদের নিজ-সুখোৎপাদিকা ভক্তি নাই, তাঁহাদের মধ্যে যিনি (সন্ন্যাস) ধর্ম্মসম্পন্ন তিনিই পরমহংস হইতে পারেন। এই স্থলে হরিভক্তগণের মুখ্যতঃ অচ্যুতগোত্রত্ব, অপরের গৌণ—ইহাই বুঝিতে হইবে। "যেই গোত্রের আশ্রয়ে আমি এতাবৎকাল শুভাশুভ করিয়াছি, তাহা পরিত্যাগপূর্ব্বক এখন আমি অচ্যুতগোত্র হইলাম। কন্যা যেরূপ পিতৃগোত্র পরিত্যাগপূর্ব্বক স্বামিগোত্রে গোত্রিত হয়, তদ্রূপ আমিও, অচ্যুতগোত্রে প্রবেশপূর্ব্বক অচ্যুতগোত্রীয় হইলাম। ওঁ অচ্যুতগোত্রায় স্বাহা ওঁ অচ্যুতগোত্রোহহমস্মি"

অচ্যুতগোত্রস্য মহিমা, যথা, চতুর্থ-স্কন্ধে—

সর্ব্বত্রাস্খলিতাদেশঃ সপ্তদ্বীপৈকদণ্ডধৃক্ ।
অন্যত্র ব্রাহ্মণকুলাদন্যত্রাচ্যুগোত্রতঃ ॥ ৪৩ ॥

ততো দশমঃ সংস্কারঃ—যাগঃ (শালগ্রামার্চ্চনম্)

স হি শ্রীহরিপূজনপ্রকারঃ সর্ব্বাশ্রমগতঃ সাধারণধর্ম্ম এব। ইতি ॥ ৪৪ ॥

গৃহীতসম্প্রদায়িসন্ন্যাসবৈষ্ণবানাং পঞ্চত্বপ্রাপ্তৌ শরীরত্যাগে তু তদানীং দেহে সমাধিমন্ত্রং লিখেৎ—

'ওঁ ক্লীং শ্রীং হ্রীং শ্রীং লবণমৃদ্যুজি ভুবি শ্বভ্রে স্বাহা।'

পশ্চাত্তীর্থোদকে ভূবিবরে তদ্দেহং স্থাপয়েৎ। বিবরপরিমাণঞ্চ পাদাধিকপুরুষপরিমিতম্। দহেচ্চেৎ তৎ, তথাপি কিঞ্চিৎ তদস্থ্যাদিকং তীর্থাদৌ সমাজ-সংজ্ঞকে ভূবিবরে সংস্থাপয়েচ্চ,—'নিবাসো দ্বারকাদৌ চ গঙ্গাদেরপি সন্নিধৌ' ইত্যানুসারেণ ॥ ৪৫ ॥

ইহা বলিবে। অচ্যুতগোত্রের মহিমা ভাগবতে চতুর্থ স্কন্ধে, যথা—সপ্তদ্বীপের একমাত্র দণ্ডধারীর আদেশ ব্রাহ্মণকুল ও অচ্যুতগোত্রীয় ভিন্ন অন্য সকলের উপর অপ্রতিহত ছিল ॥ ৪৩ ॥

অনন্তর দশম সংস্কার—যাগ (শালগ্রামার্চ্চন),—শ্রীহরির অর্চ্চন যাগ। হরিপূজাবিধি সর্ব্বাশ্রমগত সাধারণ ধর্ম্মই ॥ ৪৪ ॥

সাম্প্রদায়িক-সন্ন্যাসী বৈষ্ণবের পঞ্চত্ব প্রাপ্তিতে শরীর-ত্যাগকালে দেহে তখন সমাধিমন্ত্র লিখিবে। মন্ত্র মূলে দ্রষ্টব্য। পরে 'তীর্থজলে ভূগর্ভে সেই দেহ স্থাপন করিবে। গর্ত্তের পরিমাণ পুরুষপরিমাণ হইতে এক পাদভাগ অধিক। যদি দেহ দগ্ধ করা হয়, তাহা হইলেও 'দ্বারকাদি ধামে, গঙ্গা প্রভৃতিরও সন্নিকটে বাস কর্ত্তব্য'—এতদনুসারে উহার অস্থ্যাদি তীর্থাদিতে ও সমাজনামক ভূগর্ভে সংস্থাপন করিবে ॥ ৪৫ ॥

সংস্কারদীপিকানাম্নী সন্ন্যাসার্থা সতাং মতা।
নির্ম্মিতা গৌরদাসানামেকান্তধর্ম্মসিদ্ধয়ে ॥

ইতি শ্রীগোপালভট্টগোস্বামিকৃতা সৎক্রিয়াসারদীপিকান্তর্গতা সংস্কারদীপিকা সমাপ্তা।

শ্রীগৌরদাসগণের ঐকান্তিক-ধর্ম্ম-সিদ্ধির উদ্দেশ্যে সাধুসম্মত সন্ন্যাস-বিষয়ক এই সংস্কারদীপিকা গ্রন্থ রচিত হইল।

শ্রীগোপালভট্ট গোস্বামি-কৃত সৎক্রিয়াসারদীপিকার অন্তর্গত সংস্কার-দীপিকা সমাপ্ত।

মহাভাগবত-পরমহংস ঠাকুর ভক্তিবিনোদ-কৃত বঙ্গানুবাদ সমাপ্ত।